সেও তখন গিলিয়াদের লোকেরা তাহাকে কহি
ল তুমি কি এফরায়িমীয় সে যদি কহিল যে না।
[৬] তবে তাহারা তাহাকে কহিল এখন শিবো
লেতশব্দ উচ্চারণ কর তাহাতে সে সিবোলেত
কহিল কেননা সে শুদ্ধ উচ্চারণ করিতে পারিল
না তাহাতে তাহারা তাহাকে লইয়া য়রদনের
ঘাটে হত্যা করিল এবং সে সময়ে এফরায়িমী
য়েরদের বেয়াল্লিশ হাজার লোক মারা পড়িল।

[৭] এবং য়িফতাখ্ ছয় বৎসর ব্যাপিয়া য়িশ্
রাএলের বিচার করিল পরে গিলিয়াদীয় য়িফ
তাখ্ মরিল এবং গিলিয়াদের এক নগরে পো
তা গেল।

[৮] এবং তাহার পরে বীৎলেখেমের ইব
সান য়িশ্রাএলের বিচার করিল। [৯] এবং
তাহার ত্রিশ পুত্র এবং বিদেশপ্রেরিতা তাহার
ত্রিশ কন্যা ছিল এবং সে অন্য স্থানহইতে আ
পন পুত্রেরদের জন্যে ত্রিশ কন্যা গ্রহণ করিল
এবং সে সাত বৎসর ব্যাপিয়া য়িশ্রাএলের বি
চার করিল। [১০] পরে ইবসান মরিল এবং
বীৎলেখেমে পোতা গেল।

[১১] তাহার পরে জিবূলূনীয় এলোন য়িশ্
রাএলের বিচার করিল এবং সে দশ বৎসর য়ি
শ্রাএলের বিচার করিল। [১২] পরে জিবূলূ
নীয় এলোন মরিল এবং জিবূলূনদেশস্থ আয়া
লোনে গাড়া গেল।

[১৩] তাহার পরে হিলেলের পুত্র অবদোন
নামে পিরাতোনীয় এক ব্যক্তি য়িশ্রাএলের বি
চার করিল। [১৪] এবং সত্তরি গর্দ্দভবৎসারো
হি তাহার চল্লিশ পুত্র ও ত্রিশ ভ্রাতুষ্পুত্র ছিল
এবং সে আট বৎসর য়িশ্রাএলের বিচার ক
রিল। [১৫] পরে পিরাতোনীয় হিলেলের পুত্র
অবদোন মরিল এবং অমালেকীয়েরদের পর্ব্ব
তে এফরায়িমদেশস্থ পিরাতোনে পোতা গেল।

১৩ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের সন্তানেরা য়িহুহের
দৃষ্টিতে পুনর্ব্বার কুক্রিয়া করিল তাহাতে য়িহুহ
চল্লিশ বৎসর ব্যাপিয়া তাহারদিগকে পলশ্তী
য়েরদের হস্তে অর্পণ করিলেন।

[২] এবং দানীয়েরদের বংশীয় সোরআহ্
বাসি মানোখ্ নামে এক মনুষ্য ছিল এবং তাহার
স্ত্রী বন্ধ্যা হইয়া পুত্র প্রসবিল না। [৩] পরে
য়িহুহের দূত সে স্ত্রীর নিকটে দর্শন দিয়া তাহা
কে কহিল দেখ এখন তুমি বন্ধ্যা এবং অনপত্যা
আছ কিন্তু তুমি গর্ভধারণ করিয়া এক পুত্র প্র
সব করিবা। [৪] অতএব আমি এখন তোমাকে
মিনতি করি সাবধান হও এবং কোন প্রকার
দ্রাক্ষারস বা সুরা পান করিও না এবং কোন
অশুচি বস্তু ভক্ষণ করিও না। [৫] যেহেতুক
দেখ তুমি গর্ভধারণ করিয়া পুত্র প্রসব করিবা
এবং কোন ক্ষুর তাহার মস্তকোপরি আসিবে
না কেননা সে বালক গর্ভাবধি ঈশ্বরের উদ্দেশে
নজীর হইবে এবং সে পলশ্তীয়েরদের হস্তহই
তে য়িশ্রাএলকে উদ্ধার করিতে আরম্ভ করিবে।

[৬] পরে সে স্ত্রী আসিয়া আপন স্বামিকে
কহিল যে ঈশ্বরের এক মানুষ আমার নিকটে
আসিয়াছিল এবং তাহার বদন ঈশ্বরের দূতের
বদনবৎ অত্যন্ত ভয়ঙ্কর ছিল কিন্তু সে কোথাহই
তে আইল ইহা আমি তাহাকে জিজ্ঞাসা করি
নাই এবং সেও আপন নাম আমাকে কহে
নাই। [৭] কিন্তু সে আমাকে কহিল দেখ তুমি
গর্ভধারণ করিয়া এক পুত্র প্রসব করিবা অতএব
এখন কোন প্রকার দ্রাক্ষারস কিম্বা সুরা পান
করিও না এবং কোন অশুচি বস্তু ভক্ষণ করিও
না যেহেতুক সে বালক গর্ভাবধি মরণদিবসপ
র্য্যন্ত ঈশ্বরের উদ্দেশে নজীর হইবে।

[৮] তাহাতে মানোখ্ য়িহুহের উদ্দেশে
মিনতি করিয়া কহিল হে আমার প্রভো ঈশ্বরের
যে মানুষকে আপনি প্রেরণ করিয়াছিলেন সে
আমারদের নিকটে পুনর্ব্বার আসিয়া জননীয়
বালকের প্রতি আমারদের যাহা কর্ত্তব্য তাহা আ
মারদিগকে শিক্ষা করাউক। [৯] অপর য়িহুহ
মানোখের বাক্যে কর্ণ দিলেন তাহাতে সে স্ত্রী
মাঠে বসিতেছিল এমত সময়ে ঈশ্বরের দূত পুন
র্ব্বার তাহার নিকটে আইল কিন্তু তাহার স্বামী
মানোখ্ তাহার সহিত ছিল না। [১০] পরে
সে স্ত্রী ত্বরা করিয়া দৌড়িয়া আপন স্বামিকে
দর্শাইয়া তাহাকে কহিল দেখ অন্য দিবস আ
মার নিকটে আগত মানুষ আমার নিকটে দর্শন
দিয়াছে। [১১] তাহাতে মানোখ্ উঠিয়া আ
পন স্ত্রীর পাছে২ যাইয়া সে মানুষের নিকটে
আইল এবং তাহাকে কহিল এই স্ত্রীর সহিত যে
মনুষ্য কথা কহিয়াছিল তুমি কি সে তাহাতে সে
কহিল আমি বটে। [১২] পরে মানোখ্ কহিল
এখন তোমার বাক্য সফল হউক সে বালকের
বিষয়ে আমরা কি ব্যবস্থা করিব এবং তাহার
প্রতি আমরা কি করিব। [১৩] এবং য়িহুহের
দূত মানোখকে কহিল আমি ঐ স্ত্রীকে যে সমস্ত
কহিয়াছি সে সমস্ত বিষয়ে সে সাবধান হউক।
[১৪] দ্রাক্ষালতাতে উৎপন্ন কোন কিছু সে না
খাউক এবং দ্রাক্ষারস কিম্বা সুরা পান না
করুক এবং কোন অশুচি দ্রব্য ভোজন না করুক
আমি তাহাকে যে সমস্ত আজ্ঞা করিয়াছি সে
সমস্ত সে পালন করুক।

[১৫] পরে মানোখ্ য়িহুহের দূতকে কহিল

আমি নিবেদন করি আপনার জন্যে আমরা একটি ছাগবৎস যাবৎ প্রস্তুত না করি তাবৎ আমরা আপনাকে গৌণ করাই। [১৬] তাহাতে যিহুহের দূত মানোহ্কে কহিল আপনি আমাকে গৌণ করাইলেও আমি তোমার ভক্ষ্য দ্রব্য খাইব না এবং তুমি যদি অগ্নিতে কৃত নৈবেদ্য নিবেদন কর তবে তোমার তাহা যিহুহের উদ্দেশে নিবেদন করিতে হইবে যেহেতুক সে যে যিহুহের এক দূত ইহা মানোহ্ অবগত ছিল না। [১৭] পরে মানোহ্ যিহুহের দূতকে কহিল আপনকার নাম কি যে তোমার বাক্য প্রত্যক্ষ হইলে আমরা তোমার মর্য্যাদা করি। [১৮] তাহাতে যিহুহের দূত তাহাকে কহিল তুমি কেন আমার নামবিষয়ে এমত জিজ্ঞাসা কর যেহেতুক তাহা গুপ্ত। [১৯] অতএব মানোহ্ উপকরণের সহিত একটি ছাগবৎস লইয়া যিহুহের উদ্দেশে এক পাষাণোপরি তাহা নিবেদন করিল তাহাতে ঐ দূত আশ্চর্য্যরূপ আচার করিল এবং মানোহ্ ও তাহার স্ত্রী চাহিয়া রহিল। [২০] যেহেতুক এমত হইল যখন অগ্নি শিখা যজ্ঞবেদিহইতে স্বর্গদিগে উর্দ্ধগতা হইল তখন যিহুহের দূত বেদির শিখাতে উর্দ্ধগত হইল এবং মানোহ্ ও তাহার স্ত্রী চাহিয়া দেখিল এবং মৃত্তিকাতে উবুড় হইয়া পড়িল। [২১] কিন্তু যিহুহের দূত মানোহের ও তাহার স্ত্রীর নিকটে আর দর্শন দিল না তাহাতে মানোহ্ জানিল যে সে যিহুহের এক দূতই। [২২] এবং মানোহ্ আপন স্ত্রীকে কহিল আমরা ঈশ্বরকে দেখিয়াছি তৎপ্রযুক্ত আমরা অবশ্য মরিব। [২৩] কিন্তু তাহার স্ত্রী তাহাকে কহিল যিহুহ যদি আমারদিগকে বধ করিতে ইচ্ছা করিতেন তবে তিনি আমারদের হাতহইতে অগ্নিতে কৃত নৈবেদ্য এবং উপকরণ গ্রহণ করিতেন না এবং এই সমস্ত বিষয় আমারদিগকে দর্শাইতেন না এবং এই সময়ে যেমত অবগত করাইতেছেন তেমন বিষয় আমারদিগকে কহিতেন না।

[২৪] পরে ঐ স্ত্রী পুত্র প্রসবিয়া তাহার নাম শিমশোন রাখিল এবং সে বালক বাড়িল এবং যিহুহ তাহাকে বর দিলেন। [২৫] এবং সোরাহের ও এশ্তাওলের মধ্যে দানের ছাউনিতে যিহুহের আত্মা তাহাকে কখন২ চালন করিত।

১৪ পর্ব্ব।

[১] তদনন্তর শিমশোন তিমনাত উত্তরিয়া গেল এবং তিমনাতে পলশতীয়েরদের কন্যারদের মধ্যে এক স্ত্রীকে দেখিল। [২] পরে সে ফিরিয়া আসিয়া আপন পিতামাতাকে কহিয়া বলিল পলশতীয়েরদের কন্যারদের মধ্যে আমি তিমনাতে এক স্ত্রী দেখিয়াছি অতএব আমার ভার্য্যাহওনার্থে তাহাকে এখন আনিয়া দেও। [৩] তাহাতে তাহার পিতামাতা তাহাকে কহিল তোমার ভ্রাতারদের কন্যারদের মধ্যে বা আমার সমস্ত লোকেরদের মধ্যে কি কোন স্ত্রী নাই যে তুমি অচ্ছিন্নত্বক্ পলশতীয়েরদের মধ্যে ভার্য্যা গ্রহণ করিতে যাও পরে শিমশোন আপন পিতাকে কহিল আমার নিমিত্তে তাহাকে আনাও কেননা সে আমার দৃষ্টিতে অতি তুষ্টিকারিণী। [৪] কিন্তু পলশতীয়েরদের প্রতিকূলে ছিদ্র পাওনে তাহার চেষ্টা যে যিহুহহইতে হইল ইহা তাহার পিতামাতা অবগত ছিল না কেননা সে সময়ে পলশতীয়েরা যিশ্রাএলের উপরে কর্ত্তৃত্ব করিল।

[৫] তৎকালে শিমশোন ও তাহার পিতামাতা তিমনাত উত্তরিয়া গেল এবং তিমনাতস্থ দ্রাক্ষাক্ষেত্রে পঁহুছিলে দেখ এক যুবা সিংহ তাহার নিকটে গর্জ্জিয়া উঠিল। [৬] এবং যিহুহের আত্মা তাহার উপরে মহাবলরূপে চড়িয়া আইল তাহাতে এক ছাগবৎস যেমত ছিঁড়ে সেমত সে তাহাকে ছিঁড়িল এবং তাহার হস্তে কিছু ছিল না কিন্তু সে যাহা করিয়াছিল তাহা আপন পিতামাতাকে কহিল না। [৭] পরে সে উত্তরিয়া যাইয়া ঐ স্ত্রীর সহিত কথোপকথন করিল তাহাতে সে শিমশোনের অতিশয় সন্তোষ জন্মাইল।

[৮] অপর কিছু কাল পরে সে ঐ স্ত্রী গ্রহণার্থে সেখানে গেল এবং ঐ সিংহের শব দেখিতে পথের এক পার্শ্বস্থ হইল এবং দেখ এক ঝাঁক মধুমক্ষিকা ও মধু সে সিংহের শবে ছিল। [৯] পরে সে আপনার হস্তে তাহার কিছু গ্রহণ করিয়া খাইতে২ গেল এবং আপন পিতামাতার নিকটে উপস্থিত হইয়া তাহারদিগকে কিছু দিল তাহাতে তাহারা খাইল কিন্তু সে যে ঐ মধু সিংহের শবহইতে লইয়াছিল ইহা তাহারদিগকে কহিল না।

[১০] অপর তাহার পিতা সে স্ত্রীর নিকটে উত্তরিয়া গেল এবং শিমশোন সে স্থানে ভোজ্য প্রস্তুত করিল যেহেতুক যুবা লোকেরদের তদ্রূপ ব্যবহার ছিল [১১] পরে এমত হইল তাহারা যখন তাহাকে দেখিল তখন তাহারা তাহার সহিত থাকিবার জন্যে ত্রিশ জন সহচরকে আনিল।

[১২] এবং শিমশোন তাহারদিগকে কহিল আমি এখন তোমারদের নিকটে এক হেঁয়ালি কহিব তোমরা যদি এই উৎসবের সাত দিবসের মধ্যে তাহার অনুসন্ধান করিয়া তদভিপ্রায় আ

মাকে নিশ্চিতরূপে কহিতে পার তবে আমি তোমারদিগকে ত্রিশ চাদর ও ত্রিশ য়োড়া বস্ত্র দিব। [১৩] কিন্তু তোমরা যদি তাহার অর্থ আমাকে কহিতে না পার তবে তোমরা আমাকে ত্রিশ চাদর ও ত্রিশ যোড়া বস্ত্র দিবা তাহাতে তাহারা কহিল তোমার হেয়ালি আমারদের নিকটে প্রকাশ কর আমরা তাহা শুনি [১৪] তাহাতে সে তাহারদিগকে কহিল খাদকহইতে খাদ্য এবং বলবানহইতে মিষ্টতা নির্গত হইল এবং তাহারা তিন দিবসে সে হেয়ালির অর্থ করিতে পারিল না। [১৫] অপর সপ্তম দিবসে এমত হইল তাহারা শিম্শোনের স্ত্রীকে কহিল তোমার স্বামিকে ফুসলাও যে সে ঐ হেয়ালির অভিপ্রায় আমারদের নিকটে প্রকাশ করে পাছে আমরা তোমাকে ও তোমার পিতৃপরিজনকে অগ্নিদ্বারা দগ্ধ করি আমারদের যাহা আছে তাহা গ্রহণার্থে তোমরা কি আমারদিগকে আহ্বান করিয়াছ। [১৬] তাহাতে শিম্শোনের স্ত্রী তাহার সাক্ষাৎ ক্রন্দন করিয়া তাহাকে কহিল তুমি মাত্র আমাকে ঘৃণা করিতেছ ও আমার প্রতি তোমার কিছু প্রীতি নাই আমার লোকের সন্তানেরদের প্রতি তুমি এক হেয়ালি প্রকাশ করিয়াছ এবং আমাকে কহ নাই তাহাতে সে তাহাকে কহিল দেখ আমি আপন পিতামাতাকে কহি নাই এবং আমি কি তোমাকে কহিব। [১৭] এবং তাহারদের উৎসবের সাত দিবস ব্যাপিয়া সে তাহার সাক্ষাৎ ক্রন্দন করিল পরে সপ্তম দিবসে এমত হইল সে তাহাকে কহিল কেননা সে তাহাকে বড় ব্যস্ত করিল এবং সে স্ত্রী আপন লোকেরদের সন্তানেরদের প্রতি সে হেয়ালি কহিল। [১৮] অপর সপ্তম দিবসে সূর্য্যের অস্ত যাওনের পূর্ব্বে ঐ নগরস্থ লোকেরা তাহাকে কহিল মধ্বপেক্ষা মিষ্ট কি ও সিংহাপেক্ষা বলবান কি তাহাতে সে তাহারদিগকে কহিল আমার দামড়াতে তোমরা যদি চাষ না করিতা তবে আমার হেয়ালির অনুসন্ধান পাইতা না।

[১৯] পরে য়িহুহের আত্মা তাহার উপরে আইল তাহাতে সে আশ্কিলোন যাইয়া তাহারদের ত্রিশ লোককে হনন করিয়া তাহারদের লুঠদ্রব্য গ্রহণ করিয়া হেয়ালির অর্থদায়কেরদিগকে এক২ যোড়া বস্ত্র দিল এবং তাহার ক্রোধ প্রজ্বলিত হওয়াতে সে আপন পিতার বাটীতে উঠিয়া গেল। [২০] কিন্তু শিম্শোন যে সহচরের প্রতি আত্মবন্ধুর ন্যায় আচার করিয়াছিল তাহাকে তাহার স্ত্রী দত্তা হইল।

## ১৫ পর্ব্ব।

[১] অপর কিঞ্চিৎকাল পরে এমত হইল গোমফসলের সময়ে শিমশোন এক ছাগবৎস সঙ্গে লইয়া আপন স্ত্রীকে দেখিতে গেল এবং সে কহিল আমি অন্তঃপুরে আপন স্ত্রীর নিকটে যাইব কিন্তু তাহার পিতা তাহাকে অন্তরে যাইতে দিল না। [২] এবং তাহার পিতা কহিল আমি মনে নিশ্চয় ভাবিলাম যে তুমি তাহাকে অত্যন্ত ঘৃণা করিয়াছিলা অতএব আমি তাহাকে তোমার সহচরকে দিলাম তাহার কনিষ্ঠা ভগিনী কি তদপেক্ষা সুন্দরী নয় আমি নিবেদন করি তাহার বদলে তাহাকে গ্রহণ কর।

[৩] তাহাতে শিম্শোন তাহারদের বিষয়ে কহিল আমি এখন পলশতীয়েরদের প্রতি অতুষ্টিকর কার্য্য করিলেও তাহারদের অপেক্ষা অধিক নির্দ্দোষী হইব। [৪] অতএব শিমশোন যাইয়া তিন শত খেঁক্শীয়ালীকে ধরিয়া আদপোড়া কাষ্ঠ লইয়া তাহারদিগকে লেজে২ যোগ করিয়া বাঁধিল এবং দুই লেজের মধ্যে এক২ আদপোড়া কাষ্ঠ বাঁধিল। [৫] পরে সে ঐ আদপোড়া কাষ্ঠেতে আগুন লাগাইয়া তাহারদিগকে পলশতীয়েরদের শস্যক্ষেত্রেতে ছাড়িয়া দিল তাহাতে দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষক্ষেত্রসুদ্ধ বাঁধা আটি ও অকাটা শস্য পোড়াইয়া ফেলিল।

[৬] তাহা দেখিয়া পলশতীয়েরা কহিল ইহা কে করিয়াছে তাহাতে তাহারা উত্তর দিল তিম্নাতীয়ের জামাতা শিম্শোন যেহেতুক সে তাহার স্ত্রীকে লইয়া তাহার সহচরকে দিয়াছে তাহাতে পলশতীয়েরা উঠিয়া আসিয়া তাহাকে ও তাহার পিতাকে অগ্নিতে দগ্ধ করিল।

[৭] পরে শিম্শোন তাহারদিগকে কহিল তোমরা ইহা করিয়াছ বটে তথাপি আমি তোমারদের প্রতীকার করিব তার পর আমি ক্ষান্ত হইব। [৮] পরে কাঁকালি উরুসুদ্ধ মহাহননেতে তাহারদিগকে হনন করিল তদনন্তর সে উত্তরিয়া যাইয়া এতাম শৈলচূড়োপরি বাস করিল।

[৯] ঐ সময়ে পলশতীয়েরা উঠিয়া যাইয়া য়িহুদাহে ছাউনি করিল এবং লিহীতে ব্যাপিয়া থাকিল। [১০] তাহাতে য়িহুদাহের লোকেরা কহিল তোমরা কেন আমারদের প্রতিকূলে উঠিয়া আসিয়াছ তাহাতে তাহারা উত্তর দিল যে শিম্শোন আমারদের প্রতি যেমন করিয়াছে তদনুরূপ তাহার প্রতি করিবার কারণ আমরা তাহাকে বাঁধিতে উঠিয়া আসিয়াছি। [১১] পরে য়িহুদাহের তিন সহস্র লোক এতামশৈলচূড়োপরি যাইয়া শিম্শোনকে কহিল তুমি কি জান না যে পলশতীয়েরা আমারদের কর্ত্তা আমারদের প্রতি তুমি যাহা করিয়াছ সে কি তাহাতে সে তাহারদিগকে কহিল তাহারা আমার

প্রতি যেমন করিল আমি তাহারদের প্রতি তেমন করিয়াছি। [১২] পরে তাহারা তাহাকে কহিল আমরা তোমাকে বাঁধিতে আসিয়াছি যে আমরা তোমাকে পলশতীয়েদের হস্তে অর্পণ করি তাহাতে শিম্‌শোন তাহারদিগকে কহিল তোমরা আপনারা যে আমার উপরে পড়িবা না এই বিষয়ে আমার স্থানে দিব্য কর। [১৩] তাহাতে তাহারা তাহাকে কহিল যে না কিন্তু আমরা তোমাকে শক্তরূপে বদ্ধ করিয়া তাহারদের হস্তে অর্পণ করিব কিন্তু নিশ্চয়ে আমরা তোমাকে বধ করিব না পরে তাহারা দুই নূতন রজ্জুতে তাহাকে বাঁধিয়া ঐ শৈলহইতে তাহাকে লইয়া আইল।

[১৪] অপর সে লিখীতে উপস্থিত হইলে পলশতীয়েরা তাহার প্রতিকূলে চিৎকারশব্দ করিল তৎকালে যিহুহের আত্মা অতিপ্রতাপেতে তাহার উপরে আসিয়া পড়িল তাহাতে তাহার বাহুস্থ রজ্জু অগ্নিতে দগ্ধ শণন্যায় হইল এবং তাহার হস্তহইতে ঐ বন্ধন খসিয়া পড়িল। [১৫] পরে সে গর্দ্দভের এক টাটকা হনু পাইল এবং হাত বাড়াইয়া তাহা গ্রহণ করিয়া তদ্দ্বারা এক সহস্র লোককে বধ করিল। [১৬] তাহাতে শিম্‌শোন কহিল গর্দ্দভের হনুতে ঢিপ্যাপরি ঢিপি গর্দ্দভের হনুতে আমি সহস্র লোককে হনন করিয়াছি। [১৭] অপর কথা কহা সাঙ্গ করিয়া সে ঐ হনু আপন হস্তহইতে ফেলিয়া দিয়া সে স্থানের নাম রামত লিখী রাখিল।

[১৮] পরে সে অতিতৃষ্ণাতুর হইয়া যিহুহের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল আপনি এই মহোদ্ধার আপন দাসের হাতে দিয়াছেন এবং আমি কি এখন তৃষ্ণাতে মরিয়া অচ্ছিন্নত্বকেরদের হাতে পড়িব। [১৯] কিন্তু ঈশ্বর লিখীস্থ এক অবট ফাড়িলেন তাহাতে তাহাহইতে জল নির্গত হইল পরে সে পান করিলে তাহার শ্বাস পুনরুপস্থিত হওয়াতে সে সচেতন হইল অতএব সে ঐ স্থানের নাম প্রার্থকের উণই রাখিল তদ্য পর্য্যন্ত সে স্থান লিখীতে আছে। [২০] এবং সে পলশতীয়েরদের কালে বিংশতি বৎসর যিশ্রাএলের বিচার করিল।

১৬ পর্ব্ব।

[১] তদনন্তর শিম্‌শোন অজাহেতে যাইয়া সে স্থানে এক বেশ্যাকে দেখিয়া তাহাতে উপগত হইল। [২] পরে অজ্জাহীয়েরদিগকে কহা গেল যে শিম্‌শোন এস্থানে আসিয়াছে তাহাতে তাহারা তাহাকে বেষ্টন করিয়া সমস্ত রাত্রি তাহার জন্যে নগরদ্বারে লুক্কায়িত রহিল এবং প্রাতঃকালে দিন হইলে আমরা তাহাকে হনন করিব এই কথা কহিয়া সমস্ত রাত্রি তূষ্ণীভূত হইয়া রহিল। [৩] তাহাতে শিম্‌শোন মধ্যরাত্রিপর্য্যন্ত পড়িয়া রহিল পরে মধ্যরাত্রিসময়ে উঠিয়া গলানসুদ্ধ নগরের দ্বারের কপাট ও দুই স্তম্ভ লইয়া প্রস্থান করিল এবং স্কন্ধে করিয়া খেবরোণসম্মুখস্থ এক পর্ব্বতোপরি সে সমস্ত লইয়া গেল। [৪] ঐ সময়ের পরে এমত হইল শোরেক তলভূমিনিবাসিনী দিলীলাহ্ নাম্নী এক স্ত্রীর প্রতি সে অনুরক্ত ছিল। [৫] তাহাতে পলশতীয়েরদের অধ্যক্ষেরা তাহার নিকটে আসিয়া তাহাকে কহিল তাহাকে ফুসলাও এবং তাহার অতিবাদ বল কিসেতে অবস্থিতি করে এবং আমরা কিসের দ্বারা তজ্জয়ী হইতে পারি তাহা দেখ যে তাহার ক্লেশ দেওনার্থে আমরা তাহাকে বাঁধিতে পারি এবং আমরা প্রত্যেকে তোমাকে এগার শত রূপার মুদ্রা দিব। [৬] তাহাতে দিলীলাহ্ শিম্‌শোনকে কহিল আমি তোমাকে মিনতি করি আমাকে কহ তোমার অতিশয় বল কিসেতে অবস্থিতি করে এবং তোমার ক্লেশার্থে তুমি কি দিয়া বদ্ধ হইতে পারিবা। [৭] তাহাতে শিমশোন তাহাকে কহিল কখনো শুষ্ক করা যায় নাই এমত সাতগাছা কাঁচা বেতেতে তাহারা যদি আমাকে বাঁধে তবে আমি দুর্ব্বল হইয়া অন্য মনুষ্যসদৃশ হইব। [৮] পরে পলশতীয়েরদের অধ্যক্ষেরা সাতগাছা অশুষ্ক কাঁচা বেত তাহার নিকটে আনিয়া দিল তাহাতে সে তদ্দ্বারা তাহাকে বাঁধিল। [৯] তৎকালে তাহার সহিত বর্ত্তমান কুঠরিতে লুক্কায়িত লোক ছিল তাহাতে সে তাহারদিগকে কহিল হে শিম্‌শোন পলশতীয়েরা তোমার উপরে পড়ে তাহাতে অগ্নিস্পৃষ্ট একগাছা শণসূত্র যেমন ছিঁড়া যায় তেমন সে ঐ বেত ছিঁড়িয়া ফেলিল এইহেতুক তাহার বল অজ্ঞাত ছিল। [১০] পরে দিলীলাহ্ শিম্‌শোনকে কহিল দেখ তুমি আমার প্রতি পরিহাস করিয়াছ ও আমার প্রতি মিথ্যা কথা কহিয়াছ অতএব এখন আমি তোমাকে মিনতি করি তুমি কিসের দ্বারা বদ্ধ হইতে পার ইহা আমাকে কহ। [১১] তাহাতে সে তাহাকে কহিল কার্য্যে কখনো লাগান যায় নাই এমত সাতগাছা নূতন রজ্জুতে তাহারা যদি আমাকে বাঁধে তবে আমি দুর্ব্বল হইয়া অন্য মনুষ্যসদৃশ হইব। [১২] অতএব দিলীলাহ্ নূতন রজ্জু লইয়া তদ্দ্বারা তাহাকে বাঁধিল পরে তাহাকে কহিল হে শিম্‌শোন পলশতীয়েরা তোমার উপরে পড়ে এবং কুঠরিতে বর্ত্তমান লুক্কায়িত লোক ছিল এবং সে এক সূতার ন্যায় আপন বাহুহইতে সে সকল ছিঁড়িয়া ফে

লিল। [১৩] পরে দিলীলাহ্ শিমশোনকে কহিল এপর্য্যন্ত তুমি আমাকে পরিহাস করিয়া মিথ্যা কথা কহিয়াছ তুমি কিসেতে বদ্ধ হইতে পারিবা ইহা আমাকে কহ তাহাতে সে তাহাকে কহিল তুমি যদি আমার মস্তকের সাত কেশগুচ্ছ বস্ত্রের সহিত বুন তবে তাহা হইতে পারে। [১৪] তাহাতে সে খীলের সহিত তাহা বদ্ধ করিয়া তাহাকে কহিল হে শিম্শোন পলশতীয়েরা তোমার উপরে পড়ে তাহাতে সে ভগ্ননিদ্র হইয়া বস্ত্রসুদ্ধ তাঁতের খীল লইয়া প্রস্থান করিল।

[১৫] তাহাতে সে তাহাকে কহিল তোমার মন আমার প্রতি না হইয়া তুমি কেমন করিয়া কহিতে পার যে আমি তোমাকে ভাল বাসি এ তিন বার তুমি আমাকে পরিহাস করিয়াছ এবং তোমার বৃহদ্বল কিসেতে অবস্থিতি করে ইহা আমাকে কহ নাই। [১৬] অপর এমত হইল যখন সে আপন বাক্যদ্বারা দিনে২ তাহাকে ব্যস্ত করিল এবং এমত তাহাকে ধিক্কার করিল যে তাহার চিত্ত মরণপর্য্যন্ত ব্যাকুল হইল। [১৭] তখন সে আপন সমস্ত মন তাহাকে ভাঙ্গিয়া কহিল যে আমার মস্তকোপরি ক্ষুর কখনো আইসে নাই কেননা আমার মাতার গর্ভাবধি আমি য়িহুহের উদ্দেশে নজীর আমি যদি ক্ষৌরী হই তবে আমাহইতে আমার বল যাইবে এবং আমি দুর্ব্বল হইয়া অন্য মনুষ্যসদৃশ হইব। [১৮] পরে দিলীলাহ্ যখন দেখিল যে সে আপন সমস্ত মন ভাঙ্গিয়া কহিল তখন সে প্রেরণ করিয়া এই কথা কহিয়া পলশতীয়েরদের অধ্যক্ষেরদিগকে ডাকাইল যে এই একবার আইসুন যেহেতুক সে আপন সমস্ত মন আমাকে জানাইয়াছে তাহাতে পলশতীয়েরদের অধ্যক্ষেরা তাহার নিকটে উঠিয়া আসিয়া স্বস্বহস্তে টাকা আনিল। [১৯] পরে সে আপন হাঁটুর উপরে তাহাকে নিদ্রাগত করাইয়া এক জনকে ডাকাইয়া তাহার মস্তকের সাত কেশগুচ্ছ ক্ষৌরী করাইল তাহাতে সে তাহাকে ক্লেশ দিতে লাগিল এবং তাহার বল তাহাকে ত্যাগ করিয়া গেল। [২০] পরে সে কহিল হে শিম্শোন পলশতীয়েরা তোমার উপরে পড়ে তাহাতে সে ভগ্ননিদ্র হইয়া কহিল আমি অন্যান্য সময়ের ন্যায় বাহিরে যাইয়া আপনাকে ঝাড়িব কিন্তু য়িহুহ্ যে তাহাকে ত্যাগ করিয়া গিয়াছেন ইহা সে জানিল না।

[২১] পরে পলশতীয়েরা তাহাকে লইয়া তাহার চক্ষু বাহির করিয়া তাহাকে অজ্জাহেতে আনিয়া পিত্তলের শৃঙ্খলেতে তাহাকে বদ্ধ করিল এবং সে কারাগৃহে পিষিতে লাগিল। [২২] তথাপি তাহার ক্ষৌরী হওয়ার পরে তাহার মস্তকের কেশ পুনর্ব্বার বাড়িতে লাগিল। [২৩] অপর পলশতীয়েরদের অধ্যক্ষেরা আপনারদের দেব দাগোনের নিকটে মহানৈবেদ্যনিবেদনার্থে ও আনন্দকরণার্থে আপনারদিগকে একত্র করিল যেহেতুক তাহারা কহিল আমারদের দেব আমারদের শত্রু শিম্শোনকে আমারদের হস্তগত করিয়াছে। [২৪] এবং লোকেরা তাহাকে দেখিয়া আপনারদের দেবের প্রশংসা কহিল যেহেতুক তাহারা কহিল আমারদের শত্রুকে এবং আমারদের অনেকের হননকারি আমারদের দেশনাশকর্ত্তাকে আমারদের দেব আমারদের হস্তে অর্পণ করিয়াছে [২৫] অপর এমত হইল তাহারা যখন হৃষ্টচিত্ত হইল তখন তাহারা কহিল শিম্শোনকে ডাকাও যে সে আমারদের গোচরে কৌতুক করে তাহাতে তাহারা শিম্শোনকে কারাগৃহহইতে ডাকিয়া আনিল এবং সে তাহারদের গোচরে কৌতুক করিল এবং তাহারা স্তম্ভের মধ্যস্থলে তাহাকে দাঁড় করাইল। [২৬] পরে শিম্শোন আপন হস্তধারি বালককে কহিল যে স্তম্ভোপরি ঘর নির্ভর করে সে স্তম্ভ আমাকে স্পর্শ করিতে দেও যে আমি তাহার উপরে হেলান দি। [২৭] ঐ সময়ে সে ঘর পুরুষেতে ও স্ত্রীতে পূর্ণ ছিল এবং পলশতীয়েরদের সমস্ত অধ্যক্ষেরা সে স্থানে ছিল এবং শিম্শোনের কৌতুকদর্শনকারি স্ত্রী পুরুষ সহস্র তিনেক লোক ছাতের উপরে ছিল। [২৮] পরে শিমশোন য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল হে য়িহুহ ঈশ্বর আমি আপনাকে মিনতি করি আমাকে স্মরণ করুন এবং হে ঈশ্বর আমি আপনাকে মিনতি করি এই একবারমাত্র আমাকে বলবান করুন যে আমি আপন দুই চক্ষুর্বিষয়ে পলশতীয়েরদের একেবারে প্রতীকার করিতে পারি [২৯] পরে মধ্যস্থিত যে স্তম্ভদ্বয়োপরি সে ঘরে ভর ছিল এবং যদুপরি ধৃত ছিল তাহার একটা শিম্শোন দক্ষিণ হস্তে এবং অন্য একটা বামহস্তে ধরিয়া রহিল। [৩০] পরে আমাকে পলশতীয়েরদের সহিত মরিতে দেও ইহা কহিয়া শিম্শোন আপন সমস্ত বলের সহিত হেলান দিল তাহাতে ঐ ঘর অধ্যক্ষেরদের উপরে ও তন্মধ্যস্থিত সমস্ত লোকেরদের উপরে পড়িল তাহাতে তাহার মরণকালে তৎকর্ত্তৃক হত মৃতেরা তাহার জীবনকালে হত মৃতাপেক্ষা অধিক হইল। [৩১] পরে তাহার ভ্রাতারা ও তাহার সমস্ত পিতৃবংশেরা উত্তরিয়া আসিয়া তাহাকে উঠাইয়া আনিল এবং সোরাহের ও এশতাওলের মধ্যস্থানে আপন পিতা মানোখের কবরস্থানে তাহার কবর

দিল এবং সে বিংশতি বৎসর য়িশ্রাএলের বি
চার করিল।

## ১৭ পর্ব্ব।

[১] অপর এফরায়িমপর্ব্বতীয় মীকাহ্ নামে
এক লোক ছিল। [২] এবং সে আপন মাতা
কে কহিল তোমাহইতে চুরি করা যে একাদশশত
শেকেল রূপাবিষয়ে তুমি শাপ দিয়াছিলা এবং
আমার শ্রবণে কহিয়াছিলা দেখ সে রূপা আ
মার স্থানে আছে আমি তাহা লইয়াছিলাম তা
হাতে তাহার মাতা কহিল হে আমার পুত্র তুমি
য়িহুহেতে ধন্য। [৩] পরে যখন সে ঐ এগার
শত রূপার শেকেল আপন মাতার নিকটে ফি
রিয়া দিল তখন তাহার মাতা কহিল এক খোদা
প্রতিমা এবং এক ছাঁচুয়া প্রতিমা নির্ম্মাণার্থে
আমি আমার পুত্রের নিমিত্তে আপন হস্তহইতে
সে রূপা সর্ব্বতোভাবে পবিত্র করিয়া য়িহুহকে
দিয়াছিলাম অতএব আমি এখন তাহা তোমা
কে ফিরিয়া দি। [৪] তথাপি সে আপন মাতা
কে সে রূপা ফিরিয়া দিল এবং তাহার মাতা দুই
শত শেকেল রূপা লইয়া নির্ম্মাণকর্ত্তাকে দিল
সে তাহাতে এক খোদা প্রতিমা এবং এক ছাঁচু
য়া প্রতিমা গড়িল এবং সে সকল মীকাহের
ঘরে ছিল। [৫] এবং মীকাহ নামক সে মনু
ষ্যের এক দেবমন্দির ছিল এবং সে এক এফোদ
ও এক তিরাফীম নির্ম্মাণ করিল এবং আপনার
এক পুত্রকে পবিত্র করিল তাহাতে সে তাহার
পুরোহিত হইল। [৬] সে কালে য়িশ্রাএলের
রাজা কেহ ছিল না কিন্তু স্বস্বচক্ষুর্গোচরে যাহা
ভাল লাগিল তাহা প্রত্যেকে করিল।

[৭] অপর বৈৎলেখেম য়িহুদাহ্ নগরস্থ য়ি
হুদাহ্বংশজ লৈব এক যুবা পুরুষ ছিল এবং
সে সেস্থানে প্রবাস করিত। [৮] এবং সে মা
নুষ যে কোন খানে স্থান পাইতে পারে এমত
স্থানে বাসার্থে বৈৎলেখেম য়িহুদাহ্ নগরহই
তে প্রস্থান করিয়া যাত্রা করত এফরায়িমপর্ব্বতে
মীকাহের বাটীতে আইল। [৯] এবং মী
কাহ্ তাহাকে কহিল তুমি কোথাহইতে আসি
য়াছ তাহাতে সে তাহাকে কহিল আমি বৈৎলে
খেম য়িহুদাহের এক লৈব এবং যেখানে স্থান
পাইতে পারি সে স্থানে বাসার্থে যাইতেছি।
[১০] পরে মীকাহ্ তাহাকে কহিল আমার স
হিত বাস কর এবং আমার পুরোহিত ও পিতা
হও এবং আমি সম্বৎসরে তোমাকে দশ শে
কেল রূপা এবং এক যোড়া বস্ত্র এবং তোমার
খাদ্য দ্রব্য দিব তাহাতে সে লৈব অন্তরে গেল।
[১১] এবং ঐ লৈব সে মানুষের সহিত বাস ক
রণে সম্মত হইল এবং সে যুবা পুরুষ তাহার
প্রতি আপনার এক পুত্রের ন্যায় ছিল। [১২]
পরে মীকাহ্ সে লৈবকে পবিত্র করিল এবং
সে যুবা পুরুষ তাহার পুরোহিত হইল এবং
মীকাহের বাটীতে রহিল। [১৩] তাহাতে মী
কাহ্ কহিল এখন আমি জানি যে য়িহুহ আ
মার মঙ্গল করিবেন যেহেতুক পুরোহিতনিমি
ত্তে আমার এক লৈব আছে।

## ১৮ পর্ব্ব।

[১] তৎকালে য়িশ্রাএলে কোন রাজা ছিল
না এবং সে কালে দানীয়েরদের গোষ্ঠী বাসা
র্থে আপনারদের নিমিত্তে এক অধিকার অন্বে
ষণ করিতেছিল যেহেতুক সেকালপর্য্যন্ত য়িশ্রা
এলের গোষ্ঠীরদের মধ্যে তাহারা আপনার
দের সমস্ত অধিকার পায় নাই। [২] তাহাতে
দানের সন্তানেরা আপনারদের সীমাহইতে অ
র্থাৎ সোরাহ্হইতে এবং এশতাওলহইতে আ
পনারদের গোষ্ঠীর বীর পাঁচ লোককে দেশ
দর্শনার্থে এবং তদনুসন্ধানসওনার্থে প্রেরণ ক
রিল তাহারা তাহারদিগকে কহিল যাইয়া দে
শের অনুসন্ধান লও পরে তাহারা এফরায়িমপ
র্ব্বতে পঁহুছিয়া মীকাহের ঘরে আসিয়া সে স্থা
নে প্রবাস করিল। [৩] তাহারা যখন মীকাহের
বাটীসমীপবর্ত্তী হইয়াছিল তখন তাহারা সে
লৈব যুবা মানুষের রব জানিল তাহাতে তাহারা
সে স্থানে অন্তরে যাইয়া তাহাকে কহিল তোমা
কে কেটা এ স্থানে আনিয়াছে এবং এ স্থানে
তুমি কি কার্য্য করিতেছ এবং এই স্থানে তুমি কি
পাও। [৪] তাহাতে সে তাহারদিগকে কহিল
মীকাহ্ আমার প্রতি অমুক২ করে এবং আমা
কে বেতন দিতেছে তাহাতে আমি তাহার পুরো
হিত হইয়াছি। [৫] পরে তাহারা তাহাকে ক
হিল আমরা তোমাকে নিবেদন করি ঈশ্বরের
উদ্দেশে পরামর্শ যাচ্ঞা কর যে আমারদের গন্ত
ব্য পথে মঙ্গল হইবে কি না। [৬] তাহাতে সে
পুরোহিত তাহারদিগকে কহিল কুশলে যাও তো
মারদের গন্তব্য পথ য়িহুহের গোচরে আছে।

[৭] পরে সে পাঁচ জন প্রস্থান করিয়া লাই
শে আইল এবং তন্মধ্যনিবাসি লোকেরা সী
দোনীয়েরদের রীত্যনুসারে অসাবধানপূর্ব্বক
ও নিশ্চিন্তরূপে ও নিষ্কণ্টকে বাস করে ইহা
দেখিল এবং কোন বিষয়ে তাহারদের লজ্জা
জনক কোন বিচারকর্ত্তা সে দেশে ছিল না
এবং তাহারা সীদোনীয়েরদিগহইতে দূর ছিল
এবং মনুষ্যের সহিত তাহারদের কোন ব্যব
সায় ছিল না। [৮] পরে তাহারা সোরাহে
ও এশতাওলে আপনারদের ভ্রাতারদের নিক
টে আইল এবং তাহারদের ভ্রাতারা তাহারদি

গকে কহিল যে তোমরা কি কহ। [৯] তাহাতে তাহারা কহিল আমরা তাহারদের প্রতিকূলে উঠিয়া যাই এই নিমিত্তে উঠ যেহেতুক আমরা সে দেশ দেখিয়াছি ও দেখ তাহা অত্যুত্তম এবং তোমরা কি নিশ্চেষ্ট আছ গমনবিষয়ে এবং দেশাধিকারার্থে প্রবেশকরণে অলস হইও না। [১০] তোমরা যখন যাও তখন তোমরা নিষ্কণ্টকে বাসকারি লোকেরদের নিকটে ও বৃহদ্দেশেতে পঁহুছিবা যেহেতুক ঈশ্বর তাহা তোমারদের হস্তে দিয়াছেন অর্থাৎ পৃথিবীস্থ কোন বস্তুর অভাব যে স্থানে নাই এমত স্থান।

[১১] তাহাতে সে স্থানস্থ সোরাহ্ এবং এশ্তাওলহইতে দানবংশীয় যুদ্ধাস্ত্রেতে সসজ্জ ছয় শত লোক প্রস্থান করিল। [১২] এবং তাহারা যাইয়া য়িহুদাহ্স্থ কির্য্যতয়িআরিমে ছাউনি ফেলিল অতএব তাহারা অদ্যপর্য্যন্ত সে স্থানের নাম মখ্নেহ্দান রাখিল দেখ তাহা কির্য্যতয়িআরিমের পশ্চাৎ। [১৩] পরে তাহারা সে স্থানহইতে এফরায়িমপর্ব্বতে যাইয়া মীকাহের ঘরে আইল।

[১৪] অপর লাইশদেশদর্শনার্থে গমনকারি পাঁচ জন উত্তর করিয়া আপনারদের ভ্রাতারদিগকে কহিল এ২ ঘরেতে এক এফোদ ও তিরাফীম ও এক খোদা প্রতিমা ও এক ছাঁচুয়া প্রতিমা আছে ইহা কি তোমরা জান অতএব এখন তোমারদের যাহা কর্ত্তব্য তাহা বিবেচনা কর। [১৫] তাহাতে তাহারা সে দিগে ফিরিয়া লৈব যুবা পুরুষের ঘরে অর্থাৎ মীকাহের বাটীতে আসিয়া তাহাকে বন্দনা করিল। [১৬] এবং স্বস্ব যুদ্ধাস্ত্রেতে নিযুক্ত দানসন্তানেরদের ছয় শত লোক দ্বারপ্রবেশস্থানে দাঁড়াইয়া রহিল। [১৭] পরে দেশদর্শনার্থে গমনকারি সে পাঁচ লোক উঠিয়া যাইয়া সে স্থানে প্রবেশ করিয়া সে খোদা প্রতিমা ও এফোদ ও তিরাফীম ও সে ছাঁচুয়া প্রতিমা তুলিয়া লইল এবং পুরোহিত যুদ্ধাস্ত্রেতে নিযুক্ত ছয় শত লোকেরদের সহিত ঐ দ্বার প্রবেশ স্থানে দাঁড়িয়া রহিল। [১৮] এবং ইহারা মীকাহের ঘরে যাইয়া সে খোদা প্রতিমাকে ও সে এফোদকে ও তিরাফীমকে ও ছাঁচুয়া প্রতিমাকে বাহির করিয়া আনিল তাহা দেখিয়া পুরোহিত তাহারদিগকে কহিল যে তোমরা কি করিতেছ। [১৯] তাহাতে তাহারা তাহাকে কহিল তুষ্ণীভূত হও আপনার মুখে হাত দেও এবং আমারদের সহিত যাইয়া আমারদের পিতা ও পুরোহিত হও এক জনের ঘরে পুরোহিত হওয়া তোমার ভাল বা য়িশ্রাএলের এক গোষ্ঠীর ও এক বংশের পুরোহিত হওয়া ভাল। [২০] তাহাতে পুরোহিতের হৃদয় আহ্লাদযুক্ত হইল এবং সে ঐ এফোদ ও তিরাফীম ও খোদা প্রতিমা লইয়া লোকেরদের মধ্যস্থানে প্রবিষ্ট হইল। [২১] অতএব তাহারা ফিরিয়া প্রস্থান করিল এবং বালকেরদিগকে ও পশুরদিগকে ও বাহন আপনারদের অগ্রসর করিল।

[২২] অপর তাহারা মীকাহের বাটীহইতে বহুদূর গেলে মীকাহের বাটীর নিকটস্থ বাটীর লোকেরা একত্র হইয়া দানের সন্তানেরদের লাগাইল ধরিল। [২৩] এবং তাহারা দানের সন্তানেরদের প্রতি চেঁচাইয়া কহিল তাহাতে তাহারা মুখ ফিরাইয়া মীকাহ্কে কহিল তোমার কি হইয়াছে যে তুমি এমত সমূহ সঙ্গে করিয়া আসিতেছ। [২৪] তাহাতে সে কহিল তোমরা আমার কৃত দেবেরদিগকে ও পুরোহিতকে লইয়া প্রস্থান করিয়াছ এবং আমার আর কি আছে এবং তোমার কি হইয়াছে ইহা যে তোমরা আমাকে কহিতেছ তাহা কি। [২৫] তাহাতে দানের সন্তানেরা তাহাকে কহিল আমারদের মধ্যে তোমার শব্দ শুনা না যাউক পাছে রাগি লোক তোমার উপরে দৌড়িয়া পড়ে এবং সপরিবার লোকেরদের প্রাণের সহিত তুমি আপন প্রাণ হারাও। [২৬] পরে দানের সন্তানেরা স্বপথে চলিয়া গেল এবং মীকাহ্ যখন দেখিল যে তাহারা আপনাপেক্ষা বলবান তখন সে ফিরিয়া আপন ঘরে গেল। [২৭] অপর তাহারা মীকাহ্কর্ত্তৃক কৃত দ্রব্য এবং তাহার পুরোহিতকে সঙ্গে লইয়া নিশ্চেষ্ট ও নিষ্কণ্টকে বাসকারি লোকেরদের নিকটে লাইশে আসিয়া তাহারদিগকে তলোয়ারের ধারেতে মারিয়া ফেলিল এবং সে নগর অগ্নিতে দগ্ধ করিল। [২৮] এবং কোন উদ্ধারকর্ত্তা ছিল না যেহেতুক সে নগর সীদোনহইতে দূর ছিল এবং মনুষ্যের সহিত তাহারদের কোন ব্যবহার ছিল না এবং তাহা বীৎরিখোবের নিকটস্থ তলভূমিতে ছিল পরে তাহারা এক নগর গ্রন্থন করিয়া তন্মধ্যে বাস করিল। [২৯] এবং য়িশ্রাএলেতে জাত আপনারদের পিতৃদানের নামানুসারে তাহারা তাহার নাম দান রাখিল কিন্তু প্রথমে সে নগরের নাম লাইশ ছিল।

[৩০] অপর দানের সন্তানেরা সে খোদা প্রতিমা স্থাপন করিল এবং তদ্দেশের বন্দিত্ব দিবসপর্য্যন্ত মনশেহের পুত্র গেরশোমের পুত্র য়োনাতান এবং তাহার সন্তান দানগোষ্ঠার পুরোহিত ছিল। [৩১] এবং শীলোহে ঈশ্বরের মন্দির যাবৎ ছিল তত্তাবৎকাল তাহারা

মীকাহেতে কৃত খোদা প্রতিমা আপনারদের নি
মিত্তে স্থাপন করিয়া রাখিল।

১৯ পর্ব্ব।

[১] অপর তৎকালে য়িশ্রাএলে কোন রা
জা না হওয়ার সময়ে এমত হইল এফরায়িমপ
র্ব্বতপার্শ্ববাসি এক জন লৈব ছিল সে বীৎলে
খেম য়িহুদাহহইতে এক উপপত্নী গ্রহণ ক
রিল। [২] পরে তাহার উপপত্নী তাহার প্রা
তিকূল্যে বেশ্যাচার করিল এবং তাহাকে ছা
ড়িয়া বীৎলেখেম য়িহুদাহে আপন পিতার
বাটীতে যাইয়া পূর্ণ চারি মাস সেস্থানে রহি
ল। [৩] পরে তাহার সহিত প্রীতিপূর্ব্বক
বাক্যকওনার্থে এবং তাহাকে ফিরিয়া আনি
বার নিমিত্তে তাহার পতি উঠিয়া আপন দাস
কে ও দুই গাধা সঙ্গে লইয়া তাহার পাছে২
গেল এবং সে তাহাকে আপন পিতার ঘরে
আনিল এবং সে যুবতির পিতা তাহাকে দেখি
য়া তাহার সহিত সাক্ষাৎকরণে আহ্লাদিত
ছিল। [৪] এবং তাহার শ্বশুর ঐ যুবতীর
পিতা তাহাকে রাখিল তাহাতে সে তাহার স
হিত তিন দিবস বাস করিল তৎপ্রযুক্ত তাহারা
ভোজনপান করিয়া সে স্থানে প্রবাস করিল।
[৫] অপর চতুর্থ দিবসে এমত হইল তাহারা প্র
ত্যূষে উঠিলে সে প্রস্থানার্থে উঠিল এবং সে ক
ন্যার পিতা আপন জামাতাকে কহিল কিঞ্চিৎ
রুটি খাইয়া আপন অন্তঃকরণ সুস্থির কর পরে
স্বপথে চলিয়া যাও। [৬] তাহাতে তাহারা
উপবিষ্ট হইল এবং দুই জনে বসিয়া একত্র ভো
জনপান করিল কেননা সে যুবতীর পিতা সে
মনুষ্যকে কহিয়াছিল যে আমি নিবেদন করি
আপনি সুস্থির হউন এবং সমস্ত রাত্রি গৌণ ক
রুন এবং আপনার চিত্ত হৃষ্ট হউক। [৭] অ
পর সে পুরুষ প্রস্থান করিবার নিমিত্তে উঠিলে
তাহার শ্বশুর তাহাকে ব্যস্ত করিল তাহাতে সে
সেস্থানে পুনর্ব্বার প্রবাস করিল। [৮] পরে
পঞ্চম দিবসে সে পুরুষ প্রস্থানার্থে প্রত্যূষে উ
ঠিল এবং সে কন্যার পিতা তাহাকে কহিল আ
মি মিনতি করি আপন অন্তঃকরণ সুস্থির করুন
তাহাতে দিনাবসানপর্য্যন্ত তাহারা সে স্থানে
রহিল এবং তাহারা দুই জনে ভোজন ক
রিল। [৯] পরে সে পুরুষ ও তাহার উপপত্নী
ও তাহার দাস যখন প্রস্থানার্থে উঠিয়া দাঁড়াই
ল তখন তাহার শ্বশুর সে কন্যার পিতা তাহাকে
কহিল দেখ এখন দিবসাবসান হইতেছে আমি
আপনাকে মিনতি করি সমস্ত রাত্রি এস্থানে
গৌণ করুন দেখ দিবসাবসান হইতেছে আপ
নার অন্তঃকরণ হৃষ্ট হইবার নিমিত্তে এই স্থানে
প্রবাস করুন এবং কল্য স্বগৃহে গমনার্থে প্র
ত্যূষে পথে অগ্রসর হউন। [১০] তথাপি সে
লোক সে রাত্রি গৌণ করণে সম্মত ছিল না
কিন্তু উঠিয়া প্রস্থান করিয়া য়িবূসের অর্থাৎ য়ি
রূশালমের সম্মুখে আসিয়া পঁহুছিল এবং জীন
বাঁধা দুই গাধা এবং তাহার উপপত্নী তাহার
সহিত ছিল। [১১] তাহারা য়িবূসের সম্মুখে
পঁহুছিলে প্রায় দিবাবসান হইল তাহাতে সে
দাস আপন কর্ত্তাকে কহিল আমি আপনাকে
নিবেদন করি আইসুন আমরা য়িবূসীয়েরদের
এ নগরে প্রবেশ করিয়া তাহাতে প্রবাস করি।
[১২] তাহাতে তাহার কর্ত্তা তাহাকে কহিল য়িশ্
রাএলের সন্তানব্যতিরিক্ত বিদেশীয়েরদের নগ
রে আমরা এইস্থানে ফিরিয়া প্রবেশ করিব না
আমরা গিবিআহে পার হইয়া যাইব। [১৩]
অপর সে আপন দাসকে কহিল আইস সমস্ত
রাত্রি প্রবাসার্থে আমরা গিবিআহে বা রামাহে
এ দুই স্থানের এক স্থানে যাই। [১৪] তাহা
তে তাহারা অগ্রসর হইয়া স্বপথে গমন করিল
এবং বেন্যামিনের অধিকারস্থ গিবিআহ নিকটে
সূর্য্য অস্ত হইল। [১৫] অতএব গিবিআহে
তে যাইয়া প্রবাসকরণার্থে তাহারা একপার্শ্ব
হইয়া সেস্থানে গেল পরে প্রবিষ্ট হইয়া সে ঐ
নগরের এক মার্গেতে বসিল যেহেতুক বাসাদে
ওনার্থে কেহ তাহারদিগকে আপনার বাটীতে
গ্রহণ করিল না।

[১৬] অপর দেখ সন্ধ্যাকালে এক বৃদ্ধ মানুষ
আপন কর্ম্ম ছাড়িয়া ক্ষেত্রহইতে আইল সেও
এফরায়িমপর্ব্বতের ছিল এবং সে গিবিআহে
প্রবাস করিল কিন্তু সেস্থানীয় লোক বেন্যামি
নীয়। [১৭] পরে ঊর্দ্ধদৃষ্টি করিয়া সে নগরমা
র্গেতে এক পথিককে দেখিল তাহাতে সে বৃদ্ধ
মানুষ কহিল তুমি কোথায় যাইতেছ এবং কো
থাহইতে আসিয়াছ। [১৮] তাহাতে সে তাহাকে
কহিল আমরা বীৎলেখেম য়িহুদাহহইতে এফ
রায়িমপর্ব্বতপার্শ্ব যাইতেছি আমি সে স্থানের
লোক এবং বীৎলেখেম য়িহুদাহে গিয়াছিলাম
কিন্তু এখন আমি য়িহুহের মন্দিরে যাইতেছি
এবং কেহ আমাকে ঘরে গ্রহণ করে না। [১৯]
তথাপি আমারদের গাধারদের জন্যে বিচালি
ও দানা আছে এবং আমার জন্যে ও আপন
কার দাসীর জন্যে ও আপনকার দাসেরদের অ
নুসঙ্গি যুবা পুরুষের জন্যেও রুটি ও দ্রাক্ষারস
আছে কোন দ্রব্যের অভাব নাই। [২০] তা
হাতে সে বৃদ্ধ মানুষ কহিল তোমার শান্তি হউক
কিন্তু তোমার সমস্ত প্রয়োজন আমার ভার হউ
ক মাত্র মার্গেতে প্রবাস করিও না [২১] তা

ছাতে সে তাহাকে আপন ঘরে আনিল এবং
গাধারদিগকে বিচালী দিল পরে তাহারা পা ধু
ইয়া ভোজন পান করিল।

[২২] অপর তাহারা আপন২ চিত্তে আহ্লা
দ করিতেছিল এমত সময়ে দেখ ঐ নগরস্থ লো
কেরা অর্থাৎ দুশ্চরিত্র কতকগুলিন লোক সে
ঘরের চতুষপার্শ্বে বেষ্টন করিয়া দ্বারে আঘাত
করিল এবং ঘরের কর্ত্তা সে বৃদ্ধ মানুষকে কহিল
তোমার ঘরে যে মানুষ আসিয়াছিল তাহাকে
বাহির করিয়া আন যে আমরা তাহার পরিচয়
লই। [২৩] তাহাতে ঘরের কর্ত্তা সে মানুষ বা
হির হইয়া তাহারদের নিকটে যাইয়া কহিল
হে আমার ভ্রাতারা না না আমি তোমারদিগকে
নিবেদন করি এ দুষ্টরূপে আচরণ করিও না এ
মানুষ আমার ঘরে অতিথি হইয়াছে এপ্রযুক্ত এ
মুর্খতা করিও না। [২৪] দেখ আমার অনূঢ়া
কন্যা ও তাহার উপপত্নী আমি তাহারদিগকে
এইক্ষণে বাহির করিয়া আনি এবং তোমরা তা
হারদিগকে খাটো কর এবং তোমারদের মনে
যেমন ভাল লয় তেমন তাহারদের প্রতি কর
কিন্তু এ মানুষের প্রতি এমত দুষ্ট ক্রিয়া করিও
না। [২৫] কিন্তু সে মনুষ্যেরা তাহার কথায় কর্ণ
দিল না তাহাতে সে মানুষ আপন উপপত্নীকে
লইয়া তাহারদের নিকটে বাহির করিয়া আনি
ল এবং তাহারা তাহাতে উপগত হইল এবং
প্রভাত না হওয়াপর্য্যন্ত সমস্ত রাত্রি তাহার অপ
যশঃ করিল এবং অরুণোদয়ারম্ভ হইলে তাহারা
তাহাকে ছাড়িয়া দিল। [২৬] পরে সে স্ত্রী
অরুণোদয়সময়ে আসিয়া আলো না হওয়াপ
র্য্যন্ত আপন পতির প্রবাসদায়ি মনুষ্যের ঘর দ্বা
রের নিকটে পড়িয়া রহিল। [২৭] পরে প্রাতঃ
কালে তাহার পতি উঠিয়া ঘরের দ্বার খুলিল
এবং প্রস্থান করিবার জন্যে বাহির হইল এবং
দেখ তাহার উপপত্নী ঐ স্ত্রী ঘরের দ্বারনিকটে
পড়িয়া আছে এবং তাহার হাত গোবরাটোপ
রি ছিল। [২৮] তাহাতে সে তাহাকে কহিল উঠ
আমরা যাই কিন্তু কেহ উত্তর দিল না পরে সে
মানুষ এক গর্দ্দভোপরি তাহাকে চড়াইল এবং
উঠিয়া আপন স্থানে চলিয়া গেল।

[২৯] অপর সে আপন বাটীতে আসিয়া
এক ছুরিকা গ্রহণ করিয়া আপন উপপত্নীকে
ধরিয়া তাহার অস্থিসুদ্ধ তাহাকে দ্বাদশ খণ্ড ক
রিয়া য়িশ্রাএলের তাবৎ সীমায় পাঠাইয়া
দিল। [৩০] অপর এই মত হইল তদ্দর্শনকারি
সকলে কহিল য়িশ্রাএলের সন্তানেরা মিসর
দেশহইতে বাহির হইয়া আইসনদিবসাবধি
অদ্যপর্য্যন্ত এমন কোন ক্রিয়া কৃতা বা দৃষ্টা হয়
নাই এতদ্বিষয়ে বিবেচনা করিয়া পরামর্শ লও
য়ানন্তর কহন।

২০ পর্ব্ব।

[১] অপর য়িশ্রাএলের তাবৎ সন্তানেরা বা
হির হইল এবং গিলিআদদেশস্থ দানাবধি বী
এরশেবআপর্য্যন্তই মণ্ডলী এক মানুষের ন্যায়
মিস্পেহে য়িহুহের সাক্ষাৎ একত্র হইল। [২]
এবং তাবল্লোকের অর্থাৎ য়িশ্রাএলের তাবৎ
গোষ্ঠীর প্রধানেরা বিশেষতঃ চারি শত সহস্র
তলোআরধারি পদাতিক ঈশ্বরের লোকেরদের
সভামধ্যে আপনারদিগকে উপস্থিত করিল।
[৩] ঐ সময়ে বেন্যামিনের সন্তানেরা শুনিয়াছি
ল যে য়িশ্রাএলের সন্তানেরা মিস্পেহে উঠিয়া
গিয়াছে পরে য়িশ্রাএলের সন্তানেরা কহিল ক
হ এ দুষ্টতা কেমন করিয়া হইয়াছিল। [৪]
তাহাতে ঐ হতা স্ত্রীর স্বামী ঐ লৈব উত্তর করিয়া
কহিল আমি প্রবাস করিবার নিমিত্তে বেন্যামি
নাধিকার গিবিআহে আসিয়াছিলাম অর্থাৎ আ
মি এবং আমার উপপত্নী। [৫] এবং গিবি
আহের লোক আমার প্রতিকূলে উঠিল এবং
রাত্রিকালে সে ঘরের চতুর্দ্দিগে আমাকে বেষ্টন
করিয়া আমার বধ করণে মনস্থ করিয়াছিল এবং
আমার উপপত্নীকে বলাৎকার করিয়াছে তাহা
তে সে মরিয়াছে। [৬] পরে আমি আপন উপ
পত্নীকে লইয়া তাহাকে খণ্ড২ করিয়া কাটিয়া
য়িশ্রাএলের অধিকারদেশসর্ব্বত্র পাঠাইয়াছি
যেহেতুক তাহারা য়িশ্রাএলে লম্পটতা এবং
মূর্খতা করিয়াছে। [৭] দেখ আপনারা সকলে
য়িশ্রাএলের সন্তান এ বিষয়ে আপনারদের
পরামর্শ ও যুক্তি দেউন।

[৮] তাহাতে সকল মনুষ্যেরা এক জনের ন্যা
য় উঠিয়া কহিল আমারদের কোন কেহ আপন
তাম্বুতে যাইব না এবং কোন কেহ আপন ঘরে
ফিরিয়া যাইবে না। [৯] কিন্তু এইক্ষণে আমরা
গিবিআহে যে কার্য্য করিব তাহা এই আমরা গু
লিবাঁটদ্বারা তাহার প্রতিকূলে উঠিয়া যাইব।
[১০] এবং লোকেরদের জন্যে খাদ্য দ্রব্য আন
য়নার্থে আমরা য়িশ্রাএলগোষ্ঠীর সর্ব্বত্র এক
শত লোকের মধ্যহইতে দশ এবং সহস্রের মধ্য
হইতে এক শত এবং দশ সহস্রের মধ্যহইতে
এক সহস্র লোক গ্রহণ করিব যে তাহারা যখন
বেন্যামিনস্থ গিবিআহে আইসে তখন য়িশ্রা
এলে কৃত তাহারদের তাবন্মূর্খতানুসারে করে।
[১১] তাহাতে য়িশ্রাএলের সমস্ত লোক এক
মানুষের ন্যায় যুক্ত হইয়া সে নগরের প্রতিকূলে
একত্র হইল।

[১২] পরে য়িশ্রাএলের গোষ্ঠীরা বেন্যামিন

গোষ্ঠীর সর্ব্বত্র লোক প্রেরণ করিয়া এ কথা ক
হিল যে তোমারদের মধ্যে কৃতা এ দুষ্টতা কি।
[১৩] অতএব গিবিআহ্‌বাসি ঐ লোকেরদিগকে
অর্থাৎ অত্যাচারিরদিগকে অর্পণ কর যে আম
রা তাহারদিগকে বধ করিয়া য়িশ্‌রাএলহইতে
দোষ অন্তর করি কিন্তু বেন্যামিনের সন্তানেরা
আপন ভ্রাতা য়িশ্‌রাএলের সন্তানেরদের কথায়
অবধান করিল না। [১৪] পরে বেন্যামিনের
সন্তানেরা য়িশ্‌রাএলের সন্তানেরদের সহিত
যুদ্ধকরণার্থে সকল নগরহইতে বাহির হইয়া গি
বিআহে একত্র হইল। [১৫] এবং ঐ সময়ে
গিবিআহ্‌বাসি গণিত সাত শত মনোনীত লোক
ছাড়া সমস্ত নগরহইতে নির্গত বেন্যামিনের সন্তা
নেরা ছাব্বিশ সহস্র তলোআরধারি লোক গণিত
হইল। [১৬] ঐ সমস্ত লোকের মধ্যে বামহস্ত
ব্যবসায়ি সাত শত মনোনীত লোক ছিল তা
হারদের প্রত্যেকে এক কেশ অন্তর না পড়ে এ
মত চিলঝুটিতে প্রস্তর চালন করিতে পারিত।
[১৭] এবং বেন্যামিনছাড়া য়িশ্‌রাএলের তলো
আরধারি চারি শত সহস্র লোক গণিত হইল ই
হারা সকলে যোদ্ধা ছিল।

[১৮] পরে য়িশ্‌রাএলের সন্তানেরা উঠিয়া
ঈশ্বরের মন্দিরে গেল এবং ঈশ্বরের স্থানে পরা
মর্শ প্রার্থনা করিয়া কহিল বেন্যামিনের সন্তা
নেরদের সহিত যুদ্ধ করিবার নিমিত্তে আমার
দের মধ্যে কে প্রথমে যাইবে তাহাতে য়িহুহ ক
হিলেন য়িহুদাহ্ প্রথম। [১৯] অনন্তর য়িশ্‌রা
এলের সন্তানেরা প্রাতঃকালে উঠিয়া গিবিআ
হের সম্মুখে ছাউনি করিল। [২০] পরে য়িশ্‌
রাএলের লোক বেন্যামিনের সহিত যুদ্ধ করি
তে বাহির হইয়া গেল এবং গিবিআহে তাহার
দের সহিত যুদ্ধ করিবার নিমিত্তে য়িশ্‌রাএলের
লোক আপনারদিগকে ব্যূহস্থ করিল। [২১]
তাহাতে বেন্যামিনের সন্তানেরা গিবিআহ্‌হই
তে বাহির হইয়া আসিয়া সে দিবসে য়িশ্‌রাএ
লীয়েরদের বাইশ হাজার লোককে ভূমির সম
পতিত করিয়া সংহার করিল।

[২২] অপর লোকেরা অর্থাৎ য়িশ্‌রাএলের
লোক আপনারদিগকে আশ্বাস দিয়া প্রথম দিব
সে যে স্থানে ব্যূহ করিয়াছিল পুনর্ব্বার সে স্থা
নে ব্যূহ করিল। [২৩] পরে য়িশ্‌রাএলের সন্তা
নেরা উঠিয়া যাইয়া সন্ধ্যাকালপর্য্যন্ত য়িহুহের
সম্মুখে ক্রন্দন করিল এবং এ কথা কহিয়া য়ি
হুহের নিকটে পরামর্শ প্রার্থনা করিয়া কহিল
আপন ভ্রাতা বেন্যামিনের সন্তানেরদের সহিত
আমি কি যুদ্ধ করিতে পুনর্ব্বার যাইব তাহাতে
য়িহুহ কহিলেন তাহার প্রতিকূলে যাও। [২৪]
পরে য়িশ্‌রাএলের সন্তনেরা দ্বিতীয় দিব সে
বেন্যামিনের সন্তানেরদের প্রতিকূলে নিকটে উ
পস্থিত হইল। [২৫] তাহাতে বেন্যামিন দ্বি
তীয় দিবসে তাহারদের প্রতিকূলে গিবিআহ্‌হই
তে নির্গত হইয়া য়িশ্‌রাএলের সন্তানেরদের আ
ঠার হাজার লোককে পুনর্ব্বার ভূমিসম পতিত
করিয়া সংহার করিল সে সকলে তলোআর
ধারী।

[২৬] অপর য়িশ্‌রাএলের তাবৎ সন্তান এবং
সমস্ত লোক যাইয়া ঈশ্বরের মন্দিরে উপস্থিত
হইল এবং ক্রন্দন করত সেস্থানে য়িহুহের সম্মু
খে বসিয়া রহিল এবং সে দিবস সন্ধ্যাপর্য্যন্ত
উপবাস করিল এবং হোম এবং স্বস্ত্যয়ননৈবেদ্য
য়িহুহের উদ্দেশে নিবেদন করিল। [২৭] এবং
সে কালে য়িহুহের নিয়মসিন্দুক সেস্থানে ছিল।
[২৮] এবং আহরোণের পুত্র এলিএজেরের
পুত্র পিনিখাস্ সেকালে তাহার সম্মুখে দাঁড়া
ইল অতএব য়িশ্‌রাএলের সন্তানেরা য়িহুহকে
এ কথা কহিয়া জিজ্ঞাসা করিল যে আপন ভ্রা
তা বেন্যামিনের সহিত যুদ্ধ করিতে আমি কি এখ
নও আরবার যাইব বা ক্ষান্ত হইব তাহাতে য়ি
হুহ কহিলেন যাও যেহেতুক কল্য আমি তাহার
দিগকে তোমার হস্তে অর্পণ করিব। [২৯]
অপর য়িশ্‌রাএল গিবিআহের চতুর্দ্দিগে লুক্কা
য়িত লোক নিযুক্ত করিল। [৩০] পরে তৃতীয়
দিবসে য়িশ্‌রাএলের সন্তানেরা বেন্যামিনের স
ন্তানেরদের প্রতিকূলে উঠিয়া গেল এবং পূর্ব্ব
রীতীক্রমে গিবিআহের প্রতিকূলে আপনারদি
গকে ব্যূহস্থ করিল। [৩১] এবং বেন্যামিনের
সন্তানেরা লোকেরদের প্রতিকূলে বাহির হইয়া
গেল এবং নগরহইতে আকৃষ্ট হইল এবং
পূর্ব্বকার মত তাহারা রাজপথে লোকেরদের
অর্থাৎ য়িশ্‌রাএলের জন ত্রিশেক লোকেরদের
আঘাতকরণে এবং হত্যাকরণে আরম্ভ করিল
ঐ এক পথ ঈশ্বরের মন্দিরে যায় এবং অন্য
পথ মাঠস্থ গিবিআহে যায়। [৩২] তাহাতে
বেন্যামিনের সন্তানেরা কহিল তাহারা আমার
দের সম্মুখে পূর্ব্বমত মারা পড়িতেছে কিন্তু
য়িশ্‌রাএলের সন্তানেরা কহিল আমরা পলাই
এবং নগরহইতে তাহারদিগকে রাজমার্গে আক
র্ষণ করি। [৩৩] পরে য়িশ্‌রাএলের তাবল্লোক
স্বস্বস্থানহইতে উঠিয়া বআলতামারে আপ
নারদিগকে ব্যূহস্থ করিল এবং য়িশ্‌রাএলের লু
ক্কায়িত লোকেরা স্বস্বস্থানহইতে অর্থাৎ গি
বিআহ্‌মাঠহইতে নির্গত হইয়া বাহির হইল।
[৩৪] এবং গিবিআহের প্রতিকূলে তাবৎ য়িশ্‌রা
এলহইতে দশসহস্র মনোনীত লোক বাহির

হইয়া আইল এবং সংগ্রাম ঘোরতর ছিল কিন্তু
বিপদ যে তাহারদের নিকটে ইহা তাহারা জা
নিল না। [৩৫] এবং য়িহুহ য়িশ্রাএলের স
ম্মুখে বেন্যামিনকে প্রহার করিলেন এবং য়িশ্রা
এলের সন্তানেরা সেই দিবসে বেন্যামিনের পঁচি
শ হাজার একশত জনকে সংহার করিল ঐ সক
লে তলোআরধারী ছিল। [৩৬] তাহাতে বে
ন্যামিনের সন্তানেরা দেখিল যে হত হইয়াছি
যেহেতুক য়িশ্রাএলের লোকেরা বেন্যামিনের
সম্মুখে পলায়ন করিল কেননা গিবিআহ্‌সমী
পস্থিত লুক্কায়িত লোকেরদিগেতে তাহারা প্রত্যা
য় করিল। [৩৭] পরে ঐ লুক্কায়িত লোকেরা
ত্বরা করিয়া গিবিআহুপরি দৌড়িয়া পড়িল এ
বং ঐ লুক্কায়িত লোক অগ্রসর হইয়া তলো
আরের ধারেতে তাবন্নগর প্রহার করিল। [৩৮]
অপর য়িশ্রাএলের লোকেরদের এবং ঐ লু
ক্কায়িত লোকেরদের মধ্যে এক নিয়মিত চিহ্ন
ছিল যে তাহারা সধূম মহাগ্নিশিখা নগরহইতে
নির্গতা করায়। [৩৯] পরে য়িশ্রাএলের লো
কেরা সংগ্রামে পশ্চাৎ হটিয়া গেলে বেন্যামিন
য়িশ্রাএলের লোকেরদের জন ত্রিশেককে মা
রিতে ও বধ করিতে লাগিল যেহেতুক তাহারা
কহিল যে প্রথম যুদ্ধেতে যেমন তেমন তাহারা
নিশ্চয়ে আমারদের সম্মুখে মারা পড়িতেছে।
[৪০] কিন্তু ধূম স্তম্ভস্বরূপ যখন অগ্নিশিখা নগর
হইতে ঊর্দ্ধগতা হইতে লাগিল তখন বেন্যামিনী
য়েরা আপনারদের পশ্চাৎ চাহিয়া দেখিল তা
হাতে দেখ সে নগরের ধূম স্বর্গপ্রতি ঊর্দ্ধগামী হ
ইতে লাগিল। [৪১] পরে য়িশ্রাএলের লোক
পুনর্ব্বার ফিরিয়া দাঁড়াইলে বেন্যামিনের লোক চ
মৎকৃত হইল কেননা তাহারা দেখিল যে আমার
দের উপরি অমঙ্গল উপস্থিত হইয়াছে। [৪২]
অতএব তাহারা য়িশ্রাএলের সম্মুখে অরণ্যের
পথের দিগে ফিরিল কিন্তু সংগ্রাম তাহারদের লা
গাইল পাইল এবং নগরহইতে আগতেরদিগকে
ও তাহারা তাহারদের সামিলে সংহার করিল।
[৪৩] তাহারা বেন্যামিনীয়েরদিগকে চতুর্দ্দপার্শ্বে
বেষ্টন করিয়া তাহারদিগকে তাড়িয়া লইয়া যাই
য়া গিবিআহ্‌সম্মুখে সূর্য্যোদয়দিগে স্বচ্ছন্দপূর্ব্ব
ক দলিয়া ফেলিল। [৪৪] তাহাতে বেন্যামিনের
আঠার হাজার লোক পড়িল সেই সকলে যুদ্ধ
বীর ছিল। [৪৫] পরে তাহারা অরণ্যের দিগে
ফিরিয়া রিমোণ নামে শৈলে পলাইয়া গেল
এবং তাহারা রাজমার্গে তাহারদের পাঁচসহস্র
লোককে কুড়াইয়া পাইল পরে গিদোমপর্য্যন্ত তা
হারদের পাছে২ অতিবেগপূর্ব্বক তাড়িয়া যাই
য়া তাহারদের আর দুই হাজার লোককে হনন
করিল। [৪৬] তাহাতে সে দিবসে বেন্যামিনের
পতিত সকলে পঁচিশ হাজার তলোআরধারি
লোক ঐ সকলে যুদ্ধবীর। [৪৭] কিন্তু ছয়শত
লোক ফিরিয়া অরণ্যে রিমোণশৈলপর্য্যন্ত পলা
ইয়া গেল এবং রিমোণশৈলে চারি মাস বাস
করিল। [৪৮] পরে য়িশ্রাএলের লোক পুন
র্ব্বার ফিরিয়া বেন্যামিনের সন্তানেরদের উপরে
পড়িয়া পশুরদিগকে যেমন তেমন নগরস্থ লো
কেরদিগকে এবং হস্তে পতিত সকলকে তলো
আরের ধারেতে হনন করিল এবং যে২ নগরে
তে তাহারা উপস্থিত হইল সে সকল আগুন
দিয়া জ্বালাইয়া দিল।

## ২১ পর্ব্ব।

[১] অপর আমারদের মধ্যে কোন কেহ
ভার্য্যার্থে আপন কন্যা বেন্যামিনকে দিবে না
ইহা কহিয়া য়িশ্রাএলের লোক মিস্‌পেহে দিব্য
করিয়াছিল। [২] তাহাতে লোকেরা ঈশ্বরের
মন্দিরে আসিয়া ঈশ্বরের সম্মুখে সে স্থানে সন্ধ্যা
পর্য্যন্ত রহিল এবং উচ্চৈঃস্বরে মহাবিলাপ করি
য়া কহিল [৩] হে য়িহুহ য়িশ্রাএলের ঈশ্বর য়ি
শ্রাএলের মধ্যে ইহা কেন ঘটিয়াছে যে য়িশ্রা
এলমধ্যে অদ্য এক গোষ্ঠীর অভাব হয়। [৪]
অপর পরদিবসে এই মত হইল লোকেরা প্রত্যূ
ষে উঠিয়া সে স্থানে যজ্ঞবেদি গাঁথিয়া হোম ও
স্বস্ত্যয়ননৈবেদ্য নিবেদন করিল। [৫] এবং
য়িশ্রাএলের সন্তানেরা কহিল য়িশ্রাএলের তা
বৎ গোষ্ঠীরদের মধ্যে মণ্ডলীর সহিত য়িহুহের
নিকটে যে না আইল সে কে যেহেতুক মিস্‌পে
হে য়িহুহের নিকটে অনাগমনকারি লোকের বি
ষয়ে তাহারা এ কথা কহিয়া মহাদিব্য করিয়াছি
ল যে সে অবশ্য বধ করা যাইবে। [৬] এবং
য়িশ্রাএলের সন্তানেরা আপনারদের ভ্রাতা
বেন্যামিনের বিষয়ে অনুতাপ করিয়া কহিল য়ি
শ্রাএলহইতে অদ্য এক গোষ্ঠী উচ্ছিন্ন হইয়া
ছে। [৭] ভার্য্যার্থে আমরা আপনারদের কন্যা
তাহারদিগকে দিব না ইহা কহিয়া আমরা য়িহু
হের নাম লইয়া দিব্য করিয়াছি অতএব অবশি
ষ্টেরদের ভার্য্যাদেওনার্থে আমরা কি করিব।
[৮] তাহাতে তাহারা কহিল মিস্‌পেহে য়িহু
হের নিকটে যে না আইল য়িশ্রাএলের গোষ্ঠী
রদের মধ্যে এমন কে আছে এবং দেখ য়াবেশ
গিলিআদহইতে কোন কেহ ছাউনিস্থানে সভা
তে আইল না। [৯] যেহেতুক লোকেরা গণা
গিয়াছিল এবং দেখ য়াবেশ গিলিআদনিবাসি
রদের কেহ সেস্থানে ছিল না। [১০] তাহাতে
মণ্ডলী সর্ব্বাপেক্ষা বলবান লোকেরদের মধ্য
হইতে বার হাজার লোক সে স্থানে প্রেরণ করিল

এবং তাহারদিগকে আজ্ঞা করিয়া কহিল যে তোমরা যাইয়া স্ত্রীবালকসুদ্ধ য়াবেশ গিলিআদবাসিদিগকে তলোআরের ধারেতে প্রহার কর [১১] এবং তোমরা এ কার্য্য করিবা প্রত্যেক পুরুষকে এবং পুরুষাভিগতা প্রত্যেক স্ত্রীকে তোমরা নিঃশেষরূপে নষ্ট করিবা। [১২] এবং তাহারা য়াবেশ গিলিআদবাসিরদের মধ্যে কোন পুরুষের সহিত শয়নদ্বারা অনবগতপুরুষা চারিশত যুবতী কন্যা পাইল এবং কনআনদেশস্থ শীলোস্থিত ছাউনিতে তাহারা তাহারদিগকে আনিল। [১৩] পরে তাবন্মণ্ডলী রিমোণশৈলস্থ বেন্যামিনের সন্তানেরদের সহিত কথা কহিতে এবং তাহারদের সহিত শান্তিপূর্ব্বক কথা কহিতে লোক প্রেরণ করিল। [১৪] তাহাতে সে সময়ে বেন্যামিন পুনর্ব্বার আইল এবং তাহারা য়াবেশগিলিআদস্থ যে স্ত্রীরদিগকে বাঁচাইয়া রাখিয়াছিল তাহারদের মধ্যহইতে তাহারদিগকে ভার্য্যা দিল তথাপি তাহারা তাহারদের নিমিত্তে প্রচুরা ছিল না। [১৫] এবং বেন্যামিন বিষয়ে লোকেরা অনুতাপ করিল যেহেতুক য়িহুহ য়িশ্রাএলের গোষ্ঠীরদের মধ্যে ফাঁক করিয়াছিলেন।

[১৬] অপর মণ্ডলীর প্রাচীনেরা কহিল বেন্যামিনের মধ্যহইতে স্ত্রীলোকের সংহারহওনপ্রযুক্ত অবশিষ্টেরদের ভার্য্যানিমিত্তে আমরা কি করিব। [১৭] তাহাতে তাহারা কহিল য়িশ্রাএলহইতে এক গোষ্ঠী যে উচ্ছিন্ন না হয় এই জন্যে বেন্যামিনের জীবৎ লোকেরদের অধিকার দেওয়া কর্ত্তব্য। [১৮] কিন্তু আমারদের কন্যারদের মধ্যহইতে তাহারদের ভার্য্যা দেওয়া কর্ত্তব্য নয় কেননা য়িশ্রাএলের সন্তানেরা দিব্য করিয়া কহিয়াছে বেন্যামিনকে যে জন কন্যা দেয় সে শাপগ্রস্ত। [১৯] পরে তাহারা কহিল দেখ বীৎএলের উত্তরদিগে বীৎএলহইতে শিকেমে গমনকারি পথের পূর্ব্বদিগে এবং লিবোনাহের দক্ষিণদিগে য়িহুহের এক বার্ষিক উৎসব শীলোহ্মধ্যে আছে। [২০] তাহাতে তাহারা বেন্যামিনের সন্তানেরদিগকে আজ্ঞা করিয়া কহিল যে যাইয়া দ্রাক্ষাক্ষেত্রে লুক্কায়িত থাক। [২১] এবং নিরীক্ষণ করিয়া দেখ শীলোহের কন্যারা যদি নৃত্যদলে নৃত্য করিতে বাহির হইয়া আইসে তবে তোমরা দ্রাক্ষাক্ষেত্রহইতে নির্গত হইয়া প্রত্যেকে শীলোহের কন্যারদের মধ্যহইতে আপন২ ভার্য্যা ধরিয়া বেন্যামিনদেশে প্রস্থান কর। [২২] পরে এমত হইবে তাহারদের পিতা কিম্বা তাহারদের ভ্রাতা নিবেদন করিতে যদি আমারদের নিকটে আইসে তবে আমরা তাহারদিগকে কহিব আমারদের জন্যে তোমরা তাহারদের প্রতি কৃপাবান হও যেহেতুক যুদ্ধসময়ে আমরা এক২ জনের ভার্য্যা বাচাঁইয়া রাখিলাম না কেননা তোমরা এই সময়ে তাহারদিগকে দেও নাই যে তোমরা অপরাধী হইবা। [২৩] পরে বেন্যামিনের সন্তানেরা সেমত করিয়া স্বস্বসংখ্যানুসারে নর্ত্তনকারিণী ধৃতা স্ত্রীরদের মধ্যহইতে ভার্য্যা গ্রহণ করিল পরে তাহারা আপন২ অধিকারে ফিরিয়া যাইয়া নগরসমস্ত সারিয়া তন্মধ্যে বাস করিল। [২৪] পরে য়িশ্রাএলের সন্তানেরা সে সময়ে সে স্থানহইতে প্রত্যেকে আপন২ গোষ্ঠীতে ও আপন২ পরিজনেতে প্রস্থান করিল এবং সে স্থানহইতে প্রত্যেকে বাহির হইয়া আপন২ অধিকারে গেল। [২৫] ঐ কালে য়িশ্রাএলের রাজা কেহ ছিল না প্রত্যেক জন আপন চক্ষুতে যাহা ভাল দেখিল তাহা করিল।

# রূতাখ্যপুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] তদনন্তর এইমত হইল বিচারকর্ত্তারদের প্রভুত্বকালে দেশে দুর্ভিক্ষ ছিল তাহাতে বাৎলেখেময়িহুদাহের এক মানুষ মোআবদেশে প্রবাস করিতে গেল অর্থাৎ সে ও তাহার স্ত্রী ও তাহার দুই পুত্র। [২] এবং সে মানুষের নাম এলীমেলেক এবং তাহার স্ত্রীর নাম নাওমী এবং তাহার দুই পুত্রের নাম মখ্লোন ও কিলিওন সকলে বীৎলেখেময়িহুদাহবাসি এফরাতীয় ছিল এবং তাহারা মোআবদেশে আসিয়া সে স্থানে অবস্থিতি করিল। [৩] পরে নাওমীর স্বামী

এলীমেলেক মরিল তাহাতে সে ও তাহার দুই
পুত্র অবশিষ্ট রহিল। [৪] এবং তাহারা মো
আবীয়া স্ত্রীরদের মধ্যহইতে ভার্য্যাগ্রহণ করিল
একের নাম অর্পাহ্ এবং অন্যের নাম রূত এবং
তাহারা বৎসরদশেক সে স্থানে বাস করিল।
[৫] পরে মখ্লোন ও কিলিওন এই উভয়েও ম
রিল তাহাতে সে স্ত্রী আপন দুই পুত্র ও স্বামি
হীনা হইল।

[৬] অপর সে স্ত্রী আপন পুত্রবধূরদিগকে
সঙ্গে করিয়া মোআবদেশহইতে গমনার্থে উঠি
ল যেহেতুক য়িহুহ ভক্ষ্যদ্রব্যদেওনেতে আপন
লোকেরদিগকে অনুগ্রহ করিয়াছিলেন ইহা সে
মোআবদেশে থাকিয়া শুনিতে পাইয়াছিল।
[৭] অতএব সে আপন দুই পুত্রবধূকে সঙ্গে ক
রিয়া স্বস্থিতিস্থানহইতে নির্গমন করিল এবং য়িহু
দাহ্দেশে ফিরিয়া যাওনার্থে তাহারা পথে অগ্র
সর হইল। [৮] তৎকালে নাওমী আপন দুই
পুত্রবধূকে কহিল তোমরা দুই জন আপন২ মা
তার বাটীতে ফিরিয়া যাও এবং মৃতের প্রতি ও
আমার প্রতি তোমরা যেরূপ স্নেহ করিয়াছ তদ
নুযায়ী য়িহুহ তোমারদের প্রতি স্নেহপূর্ব্বক আ
চার করুন। [৯] য়িহুহ তোমারদের প্রতি করুন
যে তোমরা উভয়ে আপন২ স্বামির বাটীতে বি
শ্রাম পাও পরে সে তাহারদিগকে চুম্বন করিল
এবং তাহারা উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল। [১০]
অপর তাহারা তাহাকে কহিল আপনার সহিত
আপনকার লোকের নিকটে আমরা অবশ্য ফি
রিয়া যাইব। [১১] তাহাতে নাওমী কহিল হে
আমার কন্যারা তোমরা আমার সহিত কেন যা
ইবা ফিরিয়া যাও এখনও কি আমার গর্ভে স
ন্তান আছে যে তাহারা তোমারদের স্বামী হই
বে। [১২] হে আমার কন্যারা পুনর্ব্বার ফিরি
য়া যাও যেহেতুক স্বামিগ্রহণার্থে আমি অধিকব
য়স্কা আছি আমি যদি কহি যে আমার ভরসা আ
ছে অদ্য রাত্রিও যদি আমার স্বামী হয় এবং
পুত্রও প্রসব করি। [১৩] তবে তাহারদের বড়
না হওয়াপর্য্যন্ত তোমরা কি তাহারদের অপে
ক্ষায় থাকিবা তোমরা কি স্বামিগ্রহণবিষয়ে নি
বৃত্তা হইয়া তাহারদের অপেক্ষায় থাকিবা হে
আমার কন্যারা তাহা নয় তোমারদের বিষয়ে
আমার বড় শোক হইয়াছে যে য়িহুহের হাত
আমার প্রতিকূলে নির্গত হইয়াছে।

[১৪] পরে তাহারা উচ্চৈঃস্বরে শব্দ করিয়া
পুনর্ব্বার ক্রন্দন করিল এবং অর্পাহ্ আপন শা
শুড়ীকে চুম্বন করিল কিন্তু রূত তাহার সহিত লা
গিয়া রহিল। [১৫] পরে সে কহিল দেখ তো
মার যা আপন লোকেরদের নিকটে ও আপন
দেবেরদের নিকটে ফিরিয়া গিয়াছে আপন
যার পাছে২ তুমিও ফিরিয়া যাও। [১৬] তা
হাতে রূত কহিল আপনাকে ছাড়িয়া যাওনে
কিম্বা আপনার পশ্চাদ্বর্ত্তিনী হওন বিষয়ে নিবৃত্ত
হওনে আমাকে মিনতি করিও না যেহেতুক আ
পনি যে স্থানে যান সে স্থানে আমি যাইব এবং
আপনি যে স্থানে প্রবাস করেন সে স্থানে আমি
ও প্রবাস করিব আপনকার লোকই আমার লো
ক এবং আপনকার ঈশ্বরই আমার ঈশ্বর। [১৭]
আপনি যে স্থানে মরেন আমিও সে স্থানে ম
রিব এবং সে স্থানে আমি গাড়া যাইব মৃত্যুব্য
তিরেকে কোন কিছু যদি তোমাকে ও আমাকে
ভিন্ন করে তবে য়িহুহ তদনুরূপ এবং ততোধিক
আমার প্রতি করুন। [১৮] সে যখন দেখিল
যে তাহার সহিত গমনে সে স্থিরমনস্কা হইল ত
খন সে তাহার সহিত কথাকহনে ত্যাগ করিল।

[১৯] অতএব বীৎলেখেমে উপস্থিত না হও
য়াপর্য্যন্ত তাহারা দুই জনে চলিল পরে তাহারা
বীৎলেখেমে উপস্থিত হইলে এই মত হইল তা
বন্নগরস্থেরা তাহারদের বিষয়ে চালিত হইল
এবং তাহারা কহিল ইনি কি নাওমী। [২০]
তাহাতে সে তাহারদিগকে কহিল আমাকে না
ওমী বলিয়া ডাকিও না কিন্তু মারা বলিয়া ডাক
কেননা সর্ব্বশক্তিমান আমার প্রতি অতিকটুরূ
পে আচরণ করিয়াছেন। [২১] আমি পরিপূ
র্ণা হইয়া বাহির হইয়া গিয়াছিলাম এবং য়ি
হুহ আমাকে শূন্যহস্তে পুনর্ব্বার বাটীতে আনি
য়াছেন অতএব য়িহুহ আমার প্রতিকূলে প্রমাণ
দেওনহেতুক এবং সর্ব্বশক্তিমান আমাকে দুঃখা
ন্বিতাকরণহেতুক তোমরা কেন আমাকে নাওমী
বলিয়া ডাক। [২২] অতএব নাওমী ও মোআব
দেশহইতে তাহার সহিত আগমনকারিণী তা
হার পুত্রবধূ মোআবীয়া রূত ফিরিয়া আইল
এবং যবফসলকাটনের আরম্ভে তাহারা বীৎ
লেখেমে আসিয়া উপস্থিত হইল।

২ পর্ব্ব।

[১] অপর নাওমীর স্বামির এলীমেলেকের বং
শীয় অতিশয় ধনাঢ্য এক জ্ঞাতি ছিল এবং তা
হার নাম বোঅজ। [২] পরে মোআবীয়া রূত
নাওমীকে কহিল আমাকে এইক্ষণে ক্ষেত্রে যাই
তে দিউন এবং যাঁহার দৃষ্টিতে অনুগ্রহ পাই তাঁ
হার পাছে২ শস্যের শিশ কুড়াই তাহাতে সে তা
কে কহিল হে আমার কন্যে যাও। [৩] তাহা
তে সে যাইয়া শস্যচ্ছেদকেরদের পাছে২ আ
সিয়া কুড়াইতে লাগিল এবং তাহার ভাগ্যক্রমে
সে এলীমেলেকের জ্ঞাতি বোঅজের অধিকারস্থ
এক ক্ষেত্রে উপস্থিতা হইল।

[৪] পরে দেখ বোঅজ বীৎলেখেমহইতে আসিয়া শস্যচ্ছেদকেরদিগকে কহিল য়িহুহ তোমারদের সহবর্ত্তী হউন তাহাতে তাহারা উত্তর করিল য়িহুহ আপনাকে আশীর্ব্বাদ করুন। [৫] পরে বোঅজ শস্যচ্ছেদকেরদের উপরে কর্ত্তৃরূপ নিযুক্ত আপন ভৃত্যাকে কহিল এ কন্যাটী কাহার [৬] তাহাতে শস্যচ্ছেদকোপরি নিযুক্ত দাস উত্তর করিয়া কহিল যে মোআবদেশহইতে নাওমীর সহিত আগতা মোআবীয় কন্যা। [৭] এবং সে কহিল আমি আপনারদিগকে মিনতি করি শস্যচ্ছেদকেরদের পাছে২ আটির মধ্যে২ আমাকে কুড়াইতে এবং সংগ্রহ করিতে দিউন অতএব ঘরে কিঞ্চিৎকাল অবস্থিতি ছাড়া সে আসিয়া প্রাতঃকালাবধি এইক্ষণপর্য্যন্ত এ স্থানে রহিয়াছে। [৮] অপর বোঅজ রূতকে কহিল হে আমার কন্যে তুমি কি অবধান কর না অন্য ক্ষেত্রে কুড়াইতে যাইও না এবং এ স্থানহইতে ও যাইও না কিন্তু এই স্থানে আমার দাসীরদের সহিত লাগিয়া থাক। [৯] তাহারা যে ক্ষেত্রের শস্য কাটে সে ক্ষেত্রের প্রতি তোমার দৃষ্টি হউক এবং তাহারদের পাছে২ যাও তাহারা যে তোমাকে স্পর্শ না করে এই আজ্ঞা আমি কি যুবারদিগকে দি নাই এবং তুমি যখন তৃষিতা হও তখন পাত্রের নিকটে যাইয়া যুবা লোককর্ত্তৃক তোলা পানীয় পান কর। [১০] তাহাতে সে উবুড় হইয়া ভূমিতে পড়িয়া তাহাকে কহিল আপনি যে আমার পরিচয় লন এমত অনুগ্রহ আমি তোমার দৃষ্টিতে কেন পাইয়াছি যেহেতুক আমি বিদেশিনী। [১১] তাহাতে বোঅজ প্রত্যুত্তর করিয়া তাহাকে কহিল তোমার স্বামির মরণের পরে তুমি আপন শাশুড়ির প্রতি যে প্রকার ব্যবহার করিয়াছ সে সমস্ত এবং আপন মাতাপিতা ও আপন জন্মদেশ ত্যাগ করিয়া পূর্ব্বে তোমাকর্ত্তৃক অনবগত লোকেরদের নিকটে আসিয়াছ ইহাও নিঃশেষরূপে আমার প্রতি জানান গিয়াছে। [১২] য়িহুহ তোমার ক্রিয়ার প্রতিফল দিউন এবং য়িশ্রাএলের যে ঈশ্বর য়িহুহের পক্ষের নীচে তুমি আশ্রয় লইতে আসিয়াছ তাঁহাহইতে সম্পূর্ণ প্রতিফল তোমাকে দত্ত হউক। [১৩] তাহাতে সে কহিল হে আমার প্রভু আপনকার দৃষ্টিতে আমি অনুগ্রহ পাই যেহেতুক আপনি আমাকে সান্ত্বনা করিয়াছেন এবং আমি আপনকার দাসীরদের তুল্যা না হইলেও আপনি আপন দাসীর প্রতি প্রীতিপূর্ব্বক কথা কহিয়াছেন। [১৪] পরে বোঅজ তাহাকে কহিল ভোজনসময়ে তুমি এই স্থানে আসিয়া রুটি ভোজন কর এবং আপন টুকরা সিরকাতে ডুবাও তাহাতে সে শস্যচ্ছেদকেরদের পার্শ্বে বসিল এবং সে তাহাকে ভাজা শস্য টানিয়া দিল তাহাতে সে ভোজন করিয়া তৃপ্তা হইল এবং অবশিষ্ট রাখিল। [১৫] পরে সে কুড়াইতে উঠিলে বোঅজ আপন যুবা লোকেরদিগকে আজ্ঞা দিয়া কহিল আটির মধ্যেও তাহাকে কুড়াইতে দেও এবং তাহাকে নিন্দা করিও না। [১৬] এবং আটিরও কতক২ তাহার জন্যে পড়িতে দেও যে সে তাহা কুড়ায় এবং তাহাকে অনুযোগ করিও না। [১৭] তাহাতে সে সন্ধ্যাপর্য্যন্ত সে ক্ষেত্রেতে কুড়াইল পরে আপন সঞ্চিত শস্য মাড়িল তাহাতে তাহা প্রায় এক এফাহ্ যব ইল।

[১৮] পরে সে তাহা তুলিয়া নগরে গেল এবং যাহা কুড়াইয়াছিল তাহা তাহার শাশুড়ী দেখিল পরে পরিতৃপ্তাহওনান্তর তৎকর্ত্তৃক রক্ষিত অবশিষ্ট সে বাহির করিয়া তাহাকে দিল। [১৯] পরে তাহার শাশুড়ী তাহাকে কহিল অদ্য তুমি কোথায় কুড়াইয়াছ ও কোথায় কর্ম্ম করিয়াছ যিনি তোমার প্রতি কৃপাবলোকন করিলেন তিনি ধন্য হউন এবং যাহার সহিত কর্ম্ম করিয়াছিল তাহা সে আপন শাশুড়ীকে জানাইয়া কহিল যে মানুষের সহিত আমি অদ্য কর্ম্ম করিয়াছি তাহার নাম বোঅজ। [২০] তাহাতে নাওমী আপন পুত্রবধূকে কহিল জীবতেরদের ও মৃতেরদের প্রতি আপন অনুগ্রহ নিবৃত্ত না করিয়াছেন যে য়িহুহ তৎকর্ত্তৃক তিনি বরপ্রাপ্ত হউন পরে নাওমী তাহাকে কহিল সে মানুষ আমারদের নিকটসম্পর্কীয় আমারদের অতিনিকটস্থ কটুম্বেরদের মধ্যে এক জন। [২১] পরে মোআবীয়া রূত কহিল তিনি আমাকে ইহাও কহিলেন যে আমার সমস্ত ফসলকাটনসমাপ্তি না হওয়াপর্য্যন্ত তুমি আমার যুবালোকেরদের নিকটে লাগিয়া থাকিবা। [২২] তাহাতে নাওমী আপন পুত্রবধূ রূতকে কহিল হে আমার কন্যে তাঁহার যুবতীরদের সহিত তোমার বাহিরে যাওয়া ভাল যে তাহারা অন্য কোন ক্ষেত্রে তোমাকে না পায় [২৩] অতএব যবের ও গোমের ফসলসমাপ্তি না হওয়াপর্য্যন্ত সে বোঅজের যুবতীরদের নিকটে লাগিয়া রহিল এবং আপন শাশুড়ীর সহিত বাস করিল।

## ৩ পর্ব্ব।

[১] অপর তাহার শাশুড়ী নাওমী তাহাকে কহিল হে আমার কন্যে তোমার মঙ্গল হয় এনিমিত্তে আমি কি তোমার জন্যে বিশ্রাম চেষ্টা করিব না। [২] এবং যে বোঅজের দাসীরদের সহিত তুমি ছিলা তিনি কি এখন আমারদের

জ্ঞাতিমধ্যে নহেন দেখ তিনি অদ্যরাত্রি খামারে
যব ঝাড়িবেন। [৩] অতএব এখন আপনি স্নান
কর এবং তৈলমর্দ্দন কর এবং আপন বস্ত্র গা
য়ে দেও এবং খামারে উত্তরিয়া যাও কিন্তু সে
মানুষ ভোজনপান করা সাঙ্গ না করিলে আপ
নার পরিচয় দিও না। [৪] এবং এই মত হই
বে তিনি যখন শয়ন করেন তখন তুমি তাঁহার
শয়নস্থান ঠিকানা করিয়া রাখিবা পরে তুমি
অন্তরে যাইয়া তাহার চরণ অনাবৃত করিয়া শ
য়ন করিবা তাহাতে তিনি তোমার কর্ত্তব্য তোমা
কে কহিবেন। [৫] তাহাতে সে তাহাকে কহিল
আপনি যে সমস্ত কহেন সে সমস্ত আমি ক
রিব।

[৬] অপর সে খামারে উত্তীর্ণা হইয়া আপ
ন শাশুড়ীকর্ত্তৃক কথিত তাবদ্বাক্যানুসারে করিল।
[৭] পরে বোঅজ ভোজনপান করিলে এবং তা
হার অন্তঃকরণ হৃষ্ট হইলে সে শস্যরাশির এক
মুড়ায় শয়ন করিতে গেল এবং সে শনৈঃ২ আ
সিয়া তাহার চরণ অনাবৃত করিয়া শয়ন করিল।
[৮] অপর মধ্যরাত্রি ঐ মানুষ ভীত হইয়া পা
র্শ্বপরীবর্ত্তন করিল এবং দেখ তাহার চরণসমী
পে এক স্ত্রী পড়িয়া আছে। [৯] পরে সে ক
হিল তুমি কে তাহাতে সে উত্তর করিল আমি
আপনকার দাসী রূত অতএব আপন বস্ত্রের
আঁচলা আপন দাসীর উপরে বিস্তীর্ণ করুন যে
হেতুক আপনি নিকটস্থ জ্ঞাতি। [১০] তাহা
তে সে কহিল হে আমার কন্যে তুমি য়িহুহেতে
ধন্যা কেননা ধনবান দরিদ্রাদি যুব পুরুষের প
শ্চাদ্বর্ত্তিনী না হওয়াতে তুমি প্রথমাবস্থাপেক্ষা
শেষাবস্থায় অধিক প্রীতি দর্শাইয়াছ। [১১]
অতএব এখন হে আমার কন্যে ভীত হইও না
তোমার প্রয়োজনার্হ সমস্ত আমি তোমার জন্যে
করিব কেননা আমার লোকের তাবন্নগরস্থেরা
জানে যে তুমি সাধ্বী স্ত্রী। [১২] সম্প্রতি আমি
যে তোমার নিকটস্থ জ্ঞাতি ইহা সত্য কিন্তু আমা
হইতে নিকট সম্পর্কীয় অন্য এক জ্ঞাতি আছে।
[১৩] অদ্যরাত্রি অবস্থিতি কর এবং প্রাতঃকা
লে এমত হইবে তিনি যদি তোমার প্রতি জ্ঞাতির
কর্ত্তব্য কর্ম্ম করেন তবে বিলক্ষণ তিনি জ্ঞাতির
কর্ত্তব্য কর্ম্ম করুন কিন্তু তিনি যদি তোমার প্রতি
জ্ঞাতির কর্ত্তব্য কর্ম্ম না করেন তবে য়িহুহ জীবৎ
হইলে আমি তোমার প্রতি জ্ঞাতির কর্ত্তব্য কর্ম্ম
করিব প্রাতঃকালপর্য্যন্ত শয়ন কর।

[১৪] তাহাতে সে তাহার চরণসমীপে প্রাতঃ
কালপর্য্যন্ত শুইয়া রহিল এবং এক জন অন্য
কে চিনিতে পারে এমত সময়ের পূর্ব্বে সে উঠিল
এবং সে কহিল স্ত্রী যে খামারে আসিয়াছিল
ইহা প্রচার না হউক। [১৫] সে আরো কহিল
তোমার গায়ের চাদর আনিয়া পাত পরে সে
তাহা পাতিলে সে ছয় পরিমাণ যব মাপিল
এবং তাহার উপরে ধরিয়া দিল পরে সে নগরে
গেল। [১৬] অপর সে আপন শাশুড়ির নিক
টে আইলে সে কহিল হে আমার কন্যে তুমি কে
তাহাতে সে ঐ মনুষ্যকর্ত্তৃক আপনার প্রতি কৃত
তাবৎ কার্য্য তাহাকে জানাইল। [১৭] এবং
সে বলিল যে তিনি এ ছয় পরিমাণ যব আমাকে
দিয়াছেন যেহেতুক তিনি আমাকে কহিলেন
আপন শাশুড়ীর নিকটে রিক্তহস্তে যাইও না।
[১৮] পরে সে কহিল হে আমার কন্যে এ বিষ
য়ের যাহা ঘটিবে ইহা তুমি যাবৎ অবগত না হও
তাবৎ তূষ্ণীভূতা হইয়া বসিয়া থাক যেহেতুক
সে মানুষ অদ্য এই বিষয় সমাপ্ত না করিয়া নি
রস্ত হইবে না।

## ৪ পর্ব্ব।

[১] অপর বোঅজ নগরদ্বারে যাইয়া সে স্থা
নে বসিয়া রহিল এবং দেখ বোঅজ যে জ্ঞাতির
বিষয়ে কহিয়াছিল সে ঐ পথ হইয়া আইল তা
হাকে বোঅজ কহিল হে অমুক ফিরুন এ স্থানে
বসুন তাহাতে সে পথপার্শ্ব হইয়া সেস্থানে ব
সিল। [২] পরে সে নগরের প্রাচীনেরদের
মধ্যহইতে দশ লোক গ্রহণ করিয়া কহিল আপ
নারা এই স্থানে বসুন তাহাতে তাহারা বসিল।
[৩] পরে সে ঐ জ্ঞাতিকে কহিল মোআবদেশ
হইতে পুনরাগতা নাওমী আমারদের ভ্রাতা এ
লীমেলেকের কতক ভূমি বিক্রয় করিতেছে। [৪]
তাহাতে এ কথা কহিয়া আমি তোমাকে জানা
ইতে মনস্থ করিলাম যে নগরবাসিরদের ও আ
মার লোকেরদের প্রাচীনেরদের গোচরে তাহা
ক্রয় করুন আপনি যদি তাহা মোচন করেন
তবে মোচন করুন কিন্তু যদি আপনি মোচন না
করেন তবে আমার জ্ঞানার্থে আমাকে কহুন যে
হেতুক আপনাব্যতিরেকে মোচন করিবার আর
কেহ নাই এবং আমি আপনকার পরে তাহা
তে সে কহিল আমি মুক্ত করিব। [৫] অপর
বোঅজ কহিল আপনি যে দিবসে নাওমীর স্থা
নে সে ক্ষেত্র ক্রয় করেন সে দিবস মৃতের নাম
তাহার অধিকারে উৎপাদন করিবার নিমিত্তে
আপনাকে ঐ ক্ষেত্র মোআবীয়া রূতের স্থানেও
ক্রয় করিতে হইবে।

[৬] তাহাতে ঐ জ্ঞাতি কহিল আমি আপ
নার জন্যে তাহা মুক্ত করিতে পারি না পাছে
আমি আপন অধিকার নষ্ট করি আমার অধি
কার তুমি আপনার নিমিত্তে মুক্ত কর কেননা
আমি মুক্ত করিতে পারি না। [৭] অপর

পূর্ব্বকালে সর্ব্বকার্য্য স্থৈর্য্যার্থে মোচনবিষয়ে এবং স্বত্বপরিবর্ত্তনবিষয়ে য়িশ্রাএলের মধ্যে এই এক ব্যবহার ছিল মানুষ আপন পাদুকা খুলিয়া আপন প্রতিবাসিকে দিত এবং এই কার্য্য য়িশ্রাএলের মধ্যে সাক্ষ্যস্বরূপ ছিল। [৮] অতএব ঐ জ্ঞাতি বোআজকে কহিল আপনার কারণ ক্রয় করুন তাহাতে সে আপন পাদুকা খুলিল। [৯] পরে বোআজ সে প্রাচীনেরদিগকে ও সমস্ত লোকেরদিগকে কহিল এলীমেলেকের যত ছিল ও কিলিওনের ও মখ্লোনের সমস্ত আমি যে নাওমীর স্থানে ক্রয় করিয়াছি ইহার সাক্ষী তোমরা। [১০] আরো মৃতের নাম তাহার অধিকারে উৎপাদনার্থে আমি আপন ভার্য্যাহওনার্থে মখ্লোনের ভার্য্যা মোআবীয়া রূতকে ক্রয় করিয়াছি যে মৃতের নাম আপনার ভ্রাতারদের মধ্যহইতে ও আপন স্থানের দ্বারহইতে উচ্ছিন্ন না হয় অদ্য তোমরা সাক্ষী। [১১] তাহাতে দ্বারবর্ত্তি সমস্ত লোক ও প্রাচীনেরা কহিল আমরাই সাক্ষী আপনার গৃহে আগমনকারিণী স্ত্রীকে য়িহুহ য়িশ্রাএলের বাটী গ্রন্থনকারিণী রাখেল ও লেআহ্নাম্নী স্ত্রীদ্বয়ের মত করুন এবং আপনি এফ্রাতাহে যোগ্যরূপে আচার করুন এবং বীৎলেখেমে সুখ্যাতিবিশিষ্ট হউন। [১২] এবং এই যুবতী স্ত্রীর গর্ব্ভে য়িহুহকর্ত্তৃক তোমাকে দানীয় বংশোৎপন্ন তামারের গর্ব্ভেতে য়িহুদাহের ঔরসে জনিত ফারেসের বংশের ন্যায় আপনকার বংশ হউক।

[১৩] অতএব বোআজ রূতকে গ্রহণ করিল এবং সে তাহার ভার্য্যা হইল পরে সে তাহাতে উপগত হইলে য়িহুহ তাহাকে গর্ব্ভধারণশক্তি দিলেন তাহাতে সে এক পুত্র প্রসবিল। [১৪] অপর স্ত্রীরা নাওমীকে কহিল য়িশ্রাএলে আপন নাম যে সুখ্যাতিবিশিষ্ট হয় এই জন্যে অদ্য তোমাকে জ্ঞাতিহীন রাখেন নাই যে য়িহুহ তিনি ধন্য। [১৫] এবং সে বালক তোমার প্রতি পুনঃপ্রাণদাতা এবং তোমার বৃদ্ধাবস্থার প্রতিপালক হইবে যেহেতুক তোমাকে প্রেমকারিণী ও তোমার প্রতি সাত পুত্রহইতেও উত্তমা আপনার পুত্রবধূ তাহাকে প্রসবিয়াছে। [১৬] পরে নাওমী সে বালককে গ্রহণ করিয়া আপন বক্ষস্থলে রাখিল এবং তাহার ধাত্রী হইল। [১৭] এবং নাওমীর এক পুত্র জন্মিয়াছে তাহার প্রতিবাসিনী স্ত্রীরা এই কথা কহিয়া তাহার এক নাম দিল পরে তাহারা তাহার নাম ওবেদ রাখিল সে দাউদের পিতা য়িশির পিতা।

[১৮] অপর ফারেসের বংশাবলি এই ফারেস্ খেস্রোণকে জন্ম দিল। [১৯] এবং খেস্রোণ রামকে জন্ম দিল এবং রাম অমীনাদাবকে জন্ম দিল। [২০] এবং অমীনাদাব নখ্শোনকে জন্ম দিল এবং নখ্শোন শালমোনকে জন্ম দিল। [২১] এবং শালমোন বোআজকে জন্ম দিল এবং বোআজ ওবেদকে জন্ম দিল। [২২] এবং ওবেদ য়িশিকে জন্ম দিল এবং য়িশি দাউদকে জন্ম দিল।

# শিমূএলের প্রথম পুস্তক এতাবতা রাজাবল্যাখ্য প্রথম পুস্তক।

## ১ প্রথম পর্ব্ব।

[১] অনন্তর এফ্রায়িমপর্ব্বতস্থ রামাতয়িম সোফীমবাসি এলকানাহ্নামে এক জন এফ্রাতীয় ছিল সে সুফের পুত্র তোখূর পুত্র এলীহুর পুত্র য়িরোখামের পুত্র। [২] এবং তাহার দুই স্ত্রী ছিল তাহারদের এক জনের নাম খনাহ্ এবং অন্যের নাম পিনিনাহ্ এবং পিনিনাহের সন্তান ছিল কিন্তু খনাহের সন্তান ছিল না। [৩] এবং ঐ মানুষ পূজা করিবার নিমিত্তে ও শীলোহেতে সৈন্যের য়িহুহের উদ্দেশে যজ্ঞ করিবার নিমিত্তে বৎসর২ আপন নগরহইতে যাইত এবং য়িহুহের যাজক এলীর দুই পুত্র খোফনী ও ফিনিখাস সেস্থানে ছিল।

[৪] অপর এলকানাহের যজ্ঞকরণসময়ে সে আপন ভার্য্যা পিনিনাহ্কে ও তাহার সমস্ত পুত্র কন্যারদিগকে অংশ দিল। [৫] কিন্তু খনাহ্কে সে এক শ্রেষ্ঠাংশ দিল কেননা সে খনাহ্কে প্রেম করিল কিন্তু য়িহুহ তাহার গর্ব্ভ বদ্ধ করিয়াছিলেন। [৬] এবং য়িহুহ তাহার গর্ব্ভ বদ্ধকরণপ্রযুক্ত তাহার সপত্নী তাহাকে ব্যস্তকরণার্থে তাহাকে অতিশয় ক্রুদ্ধা করাইল। [৭] এবং

য়িহুহের ঘরে তাহার গমনকালে সপত্নী বৎসরং তদনুসারে করণপ্রযুক্ত তাহাকে ক্রুদ্ধা করিত্ত অতএব সে ক্রন্দন করিল এবং আহার গ্রহণ করিল না। [৮] তাহাতে তাহার স্বামী এলকানাহ্ তাহাকে কহিল হে খনাহ তুমি কেন ক্রন্দন করিতেছ এবং আহার গ্রহণ কর না কেন এবং তোমার অন্তঃকরণ শোকান্বিত কেন তোমার প্রতি আমি কি দশপুত্রহইতে উত্তম নই।

[৯] অপর তাহারা শীলোহেতে ভোজনপান করিলে খনাহ্ উঠিয়া দাঁড়াইল ঐ সময়ে এলী যাজক য়িহুহের মন্দিরের এক স্তম্ভনিকটে এক আসনোপরি বসিয়াছিল। [১০] এবং সে তিক্তমনা হইয়া য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল এবং অতিশয় বিলাপ করিল। [১১] অপর সে এক মানত মানিয়া কহিল হে সৈন্যের য়িহুহ আপনি আপন দাসীর দুঃখোপরি যদি নিশ্চয় দৃষ্টিপাত করিয়া আমাকে স্মরণ করেন এবং আপন দাসীকে বিস্মরণ না করেন কিন্তু আপন দাসীকে পুত্রসন্তান দেন তবে তাহার তাবদায়ু আমি তাহাকে য়িহুহের উদ্দেশে নিবেদন করিব এবং কোন ক্ষুর তাহার মস্তকোপরি আসিবে না।

[১২] অপর এই মত হইল সে য়িহুহের সম্মুখে প্রার্থনা করিতেছিল ইতিমধ্যে এলী তাহার মুখের প্রতি চাহিয়া রহিল। [১৩] খনাহ্ মনে২ কথা কহিতেছিল মাত্র তাহার ওষ্ঠাধর লড়িল কিন্তু তাহার শব্দ শুনা যায় নাই তাহাতে এলী ভাবিল যে সে মত্তা। [১৪] তাহাতে এলী তাহাকে কহিল তুমি কতক্ষণ মত্তা হইয়া থাকিবা তোমার দ্রাক্ষারস তোমাহইতে অন্তর কর। [১৫] তাহাতে খনাহ্ উত্তর করিয়া কহিল হে আমার প্রভো তা নয় আমি দুঃখিমনস্কা স্ত্রী আমি দ্রাক্ষারস কিম্বা সুরাপান করি নাই কিন্তু য়িহুহের উদ্দেশে আপন প্রাণ ঢালিয়া ফেলিয়াছি। [১৬] আপন দাসীকে দুশ্চরিত্রা কন্যাস্বরূপা জ্ঞান না করুন যেহেতুক আমার প্রার্থনার ও শোকের বাহুল্যহইতে আমি এ অবধি কথা কহিয়াছি। [১৭] তাহাতে এলী উত্তর করিয়া কহিল কুশলে যাও এবং য়িশরাএলের ঈশ্বরের উদ্দেশে তুমি যাহা প্রার্থনা করিয়াছ তাহা তিনি তোমাকে দেউন। [১৮] পরে সে কহিল আপনকার দৃষ্টিতে আপন দাসী অনুগ্রহপ্রাপ্তা হউক পরে ঐ স্ত্রী চলিয়া যাইয়া ভোজন করিল এবং তাহার বদন আর বিষণ্ণ হইল না।

[১৯] অপর তাহারা প্রত্যূষে উঠিয়া য়িহুহের সম্মুখে ভজনকরণানন্তর ফিরিয়া রামাহে আপন বাটীতে আইল পরে এলকানাহ্ আপন ভার্য্যা খনাহেতে উপগত হইল এবং য়িহুহ তাহাকে স্মরণ করিলেন। [২০] অতএব এমত হইল খনাহের গর্ভধারণকালানুক্রমে সে পুত্র প্রসব করিয়া তাহার নাম শিমূএল রাখিল যেহেতুক য়িহুহের স্থানে আমি তাহাকে যাচ্ঞা করিয়াছি। [২১] পরে এলকানাহ্নামে সে মানুষ সপরিবারে য়িহুহের উদ্দেশে বার্ষিক বলিদান এবং মানত নিবেদন করিতে গেল। [২২] কিন্তু খনাহ্ গেল না কেননা সে আপন স্বামিকে কহিল বালকের স্তনপান ত্যাগ না হওয়াপর্য্যন্ত আমি যাইব না কিন্তু তখন য়িহুহের সাক্ষাৎ দৃষ্টহওনার্থে এবং সে স্থানে সদা বাসার্থে আমি তাহাকে আনিব। [২৩] তাহাতে তাহার স্বামী এলকানাহ্ তাহাকে কহিল যাহা উত্তম বোধ হয় তাহা কর তাহাকে স্তনপানত্যাগ না করাণপর্য্যন্ত গৌণ কর মাত্র য়িহুহ আপন বাক্য স্থির করুন তাহাতে সে স্ত্রী রহিয়া গেল এবং যেপর্য্যন্ত বালককে স্তনপানত্যাগ না করাইল সেপর্য্যন্ত তাহাকে স্তনপান করাইল।

[২৪] অপর তাহাকে স্তনপানত্যাগ করাইলে সে তিন বলদ ও এক একাহ্ সূজি ও এক পাত্র দ্রাক্ষারসসুদ্ধ তাহাকে লইয়া শীলোহেতে য়িহুহের মন্দিরে আনিল এবং সে বালক অল্প বয়স্ক ছিল। [২৫] পরে তাহারা এক বলদ মারিয়া বালককে এলীর নিকটে আনিল। [২৬] পরে সে কহিল হে আমার প্রভো আপনকার প্রাণ জীবৎ আছে হে আমার প্রভো য়িহুহের উদ্দেশে যে স্ত্রী এস্থানে তোমার সম্মুখে প্রার্থনা করিতেং দাঁড়াইয়া রহিয়াছিল সেই আমি। [২৭] এই বালকের নিমিত্তে আমি প্রার্থনা করিয়াছিলাম এবং য়িহুহের উদ্দেশে আমার যাচিত বস্তু তিনি আমাকে দিয়াছেন। [২৮] তন্নিমিত্তে আমি তাহাকে ঋণরূপ য়িহুহকে দিয়াছি তাহার যাবজ্জীবন সে ঋণরূপ য়িহুহের উদ্দেশে দত্ত হইবেই পরে সে সেই স্থানে য়িহুহের ভজনা করিল।

## ২ পর্ব্ব।

[১] পরে খনাহ্ প্রার্থনা করিয়া কহিল আমার হৃদয় য়িহুহেতে আনন্দ করে আমার শৃঙ্গ য়িহুহেতে উচ্চীভূত হইয়াছে আমার মুখ আমার শত্রুরদের উপরে বর্দ্ধিত হইয়াছে যেহেতুক আপনকার পরিত্রাণে আমি আনন্দ করি। [২] য়িহুহের সদৃশ পবিত্র কেহ নাই কেননা তোমাব্যতিরেকে অন্য কেহ নাই এবং আমারদের ঈশ্বরসদৃশ অন্য কোন শৈল নাই। [৩] এতদ্রূপ অতিশয় অহঙ্কারপূর্ব্বক আর কথা কহিও না তোমারদের মুখহইতে গর্ব্ব নির্গত না হউক যেহেতুক য়িহু

হই সজ্ঞান ঈশ্বর এবং ক্রিয়ার তৌল তৎকর্ত্তৃক
হয়। [৪] পরাক্রান্ত লোকেরদের ধনুক ভগ্ন
হইয়াছে এবং উছোটগ্রস্তেরা বলেতে বদ্ধকটি
হইয়াছে। [৫] পরিতৃপ্তেরা খাদ্য দ্রব্যার্থে আ
পনারদিগকে ঠিকা দিয়াছে এবং ক্ষুধিতেরা বি
রত হইয়াছে তাহাতে বন্ধ্যা সপ্তকে জন্ম দিয়াছে
এবং অনেক সন্তানবিশিষ্টা দুর্ব্বলা হইয়াছে।
[৬] য়িহুহ মারেন ও সজীব করেন তিনি কবরে
আনান এবং উপরে উঠান। [৭] য়িহুহ দরি
দ্র করেন এবং ধনী করেন তিনি নামান এবং
উঠান। [৮] অধ্যক্ষেরদের মধ্যে স্থাপনার্থে
এবং মাহাত্ম্যরূপ সিংহাসনাধিকারি করণার্থে
তিনি ধূলিহইতে দরিদ্রেরদিগকে এবং সারটি
পিহইতে ভিক্ষুককে উঠান যেহেতুক পৃথিবীর
স্তম্ভ য়িহুহের এবং তিনি তদুপরি জগৎস্থাপন
করিয়াছেন। [৯] তিনি আপন সাধুরদের পা
রক্ষা করিবেন এবং দুষ্টেরা অন্ধকারে তুষ্ণী
ভূত হইয়া রহিবে যেহেতুক বলেতে কোন মনু
ষ্য জয়ী হইবে না। [১০] য়িহুহের বৈরিরা
খণ্ড২রূপে ভগ্ন হইবে স্বর্গে থাকিয়া তিনি তা
হারদের উপরে মেঘগর্জন করাইবেন য়িহুহ পৃ
থিবীর পরিসীমার বিচার করিবেন এবং তিনি
আপন রাজাকে বলপ্রদান করিবেন এবং স্বাভি
ষিক্তের শৃঙ্গবর্দ্ধন করিবেন। [১১] পরে এল
কানাহ্ রামাহে আপন ঘরে গেল এবং সে বা
লক এলীযাজকের সাক্ষাৎ য়িহুহের উদ্দেশে
সেবা করিল।

[১২] অপর এলীর পুত্রেরা দুশ্চরিত্র মনুষ্য
ছিল তাহারা য়িহুহকে জানিল না। [১৩] এবং
লোকেরদের সহিত যাজকের এ ব্যবহার ছিল
কোন লোক নৈবেদ্য নিবেদন করিলে মাংস পা
কসময়ে যাজকের দাস ত্রিশূল হাতে করিয়া আ
সিত [১৪] এবং সে কড়াইতে কিম্বা বহুগুণাতে
কিম্বা হাঁড়িতে তাহা চালাইত ত্রিশূলেতে যত উঠি
ত সে সকল যাজক আপনার কারণ লইত এতদ্রূ
পে শীলাহেতে আগত তাবৎ য়িশ্রাএলীয়ের
দের প্রতি তাহারা করিত। [১৫] আরো চরবি
পোড়াইবার পূর্ব্বে যাজকের দাস আসিয়া যজ
মানকে কহিত যাজকের কারণ সেকনার্থে মাং
স দেও কেননা তিনি তোমার স্থানে জলে পক্ব
মাংস লইবেন না কিন্তু কাঁচা। [১৬] এবং
কোন মনুষ্য তাহাকে যদি কহিত যে কিছু ব্যা
জে চরবি পোড়াইতে তাহারা ত্রুটি না করুক প
রে আপন মনোবাঞ্ছানুসারে গ্রহণ কর তবে সে
তাহাকে উত্তর দিত কিন্তু তুই এখন দিবি নতুবা
বলদ্বারা আমি লইব। [১৭] তাহাতে ঐ যুব
লোকেরদের পাপ য়িহুহের সাক্ষাৎ অতিবড়
ছিল যেহেতুক লোকেরা য়িহুহের নিবেদন ঘৃ
ণা করিল।

[১৮] কিন্তু শিমুএল বালক হইয়া কাপড়েতে
নির্ম্মিত এফোদ পরিধান করিয়া য়িহুহের সম্মু
খে সেবা করিত। [১৯] আরো তাহার মাতা
যে সময়ে আপন স্বামির সঙ্গে বার্ষিক নৈবেদ্য
নিবেদনার্থে আসিত সে সময়ে বৎসর২ সে এক
ক্ষুদ্র অঙ্গরাখা নির্ম্মাণ করিয়া তাহার নিকটে
আনিত।

[২০] এবং এলী এলকানাহকে ও তাহার
ভার্য্যাকে আশীর্ব্বাদ করিয়া কহিল য়িহুহের উ
দ্দেশে দত্ত ঋণের পরিবর্ত্তে য়িহুহ এই স্ত্রীতে
উৎপন্ন সন্তান তোমাকে দিউন পরে তাহারা
আপন বাটীতে চলিয়া গেল। [২১] তদনন্তর
য়িহুহ খনাহের উপরে দৃষ্টিপাত করিলেন তা
হাতে সে গর্ভধারণ করিয়া তিন পুত্র ও দুই ক
ন্যা প্রসবিল এবং শিমুএলবালক য়িহুহের সম্মু
খে বাড়িতে লাগিল।

[২২] ঐ সময়ে এলী অতিশয় বৃদ্ধ ছিল এবং
সমস্ত য়িশ্রাএলের প্রতি আপন পুত্রেরা যাহা২
করিত এবং মণ্ডল্যাবাসদ্বারনিকটে সমাগত স্ত্রী
লোকেরদের সহিত তাহারা যে প্রকার সংসর্গ
করিত এই সমস্ত শুনিল। [২৩] তাহাতে সে তা
হারদিগকে কহিল তোমরা কেন এ প্রকার ক্রিয়া
কর কেননা এ সমস্ত লোকের প্রতি কৃত তোমার
দের মন্দ ক্রিয়ার বিষয়ে আমি শুনি। [২৪] হে
আমার পুত্রেরা না না কেননা আমাকর্ত্তৃক শ্রুত
সমাচার ভাল নয় তোমরা য়িহুহের লোকেরদি
গকে আজ্ঞালংঘন করাইতেছ। [২৫] এক জন
যদি আর এক জনের প্রতিকূলে পাপ করে তবে
বিচারকর্ত্তা তাহার বিচার করিবেন কিন্তু মনুষ্য
যদি য়িহুহের প্রতিকূলে পাপ করে তবে তাহার
জন্যে কে মিনতি করিবে তথাপি তাহারা আপন
পিতার বাক্যে অবধান করিল না যেহেতুক য়ি
হুহ তাহারদিগকে মারিয়াই ফেলিবেন। [২৬]
অপর শিমুএলবালক উত্তর২ বাড়িল এবং য়িহু
হের ও মানুষের গোচরে অনুগ্রহপ্রাপ্ত হইল।

[২৭] অপর ঈশ্বরের এক লোক এলীর নিকটে
আসিয়া কহিল য়িহুহ এ কথা কহেন তোমার
পিতৃবংশ যে কালে মিস্রদেশে ফরওহের বাটী
তে ছিল তখন আমি কি প্রত্যক্ষরূপে তাহারদের
নিকটে দর্শন দিলাম। [২৮] এবং আমার
যজ্ঞবেদ্যুপরি নিবেদন করিতে ও সুগন্ধি পোড়া
ইতে ও আমার সাক্ষাৎ এফোদপরিতে আমার
যাজক হওনার্থে আমি য়িশ্রাএলের তাবৎ
গোষ্ঠীহইতে কি তাহাকে পসন্দ করিলাম এবং
আমি তোমার পিতৃবংশকে য়িশ্রাএলের সন্তা

নেরদের হোম সমস্ত কি দিয়াছিলাম। [২৯]
অতএব আমি আপন আবাসে যে বলিদান ও
নৈবেদ্য দিতে আজ্ঞা করিয়াছি তোমরা কেন
তদুপরি লাথি মার এবং আমার লোক য়িশ্রা
এলের সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ নৈবেদ্যের দ্বারা আপ
নারদিগকে পুষ্টকরণার্থে আমাপেক্ষা আপন
পুত্রেরদিগকে আদর করিতেছ। [৩০] অতএব
য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ কহেন তোমার ও
তোমার পিতৃবংশ আমার সম্মুখে সর্ব্বদা গতি
করিবে ইহা আমি নিশ্চয় কহিয়াছিলাম কিন্তু
এখন য়িহুহ কহেন তাহা আমাহইতে দূর
হউক যেহেতুক আমার মর্য্যাদাকারিরদিগকে
আমি মর্য্যাদা করিব এবং আমার তুচ্ছকারিরা
হতমর্য্যাদ হইবে। [৩১] দেখ আমি তোমার
বাহু ও তোমার পিতৃবংশের বাহু যে কালে এ
মত কাটিয়া ফেলিব যে তোমার বংশে বৃদ্ধ মা
নুষ না থাকে এমত কাল আসিতেছে। [৩২]
এবং আমার আবাসেতে অর্থাৎ ঈশ্বরকর্ত্তৃক
য়িশ্রাএলকে দত্ত সকলেতে তুমি শত্রু দেখিবা
এবং তোমার বংশে বৃদ্ধ মানুষ কখন হইবে
না। [৩৩] এবং আমার যজ্ঞবেদীহইতে তো
মার যে মনুষ্যকে আমি ছেদন করিব না সে তো
মার চক্ষুঃক্ষয়ার্থে ও তোমার অন্তঃকরণে শোক
জননার্থে হইবে এবং তোমার বংশস্থ তাবদুৎ
পন্ন যৌবনাবস্থায় মরিবে। [৩৪] এবং তো
মার দুই পুত্র খোফনীর ও ফিনিখাসের উপরে
যাহা ঘটিবে তাহা তোমার প্রতি এক চিহ্নস্বরূপ
হইবে তাহারা দুই জনে এক দিবসে মরিবে।
[৩৫] এবং আমি আপনার অন্তঃকরণস্থ ও মনঃ
স্থানুসারে কর্ম্মকারি এক জন বিশ্বস্ত যাজককে
আপনার কারণ উৎপন্ন করিব এবং আমি তা
হার এক দৃঢ় বাটী গাঁথিব এবং সে সদাকাল
আমার অভিষিক্তের সম্মুখে গতি করিবে।
[৩৬] এবং এমত হইবে তোমার বংশস্থ প্রত্যেক
অবশিষ্ট জন আসিয়া একটী রৌপ্যমুদ্রার নিমি
ত্তে ও এক টুকরা রুটির নিমিত্তে তাহার স্থানে
উপাসনা করিয়া কহিবে আমি মিনতি করি আমি
এক টুকরা রুটি খাইতে পাই এই জন্যে আমা
কে কোন এক যাজকপদে নিযুক্ত করুন।

## ৩ পর্ব্ব।

[১] অপর শিমূএলবালক এলীর সম্মুখে য়ি
হুহের উদ্দেশে সেবা করিল এবং ঐ কালে য়িহু
হের বাক্য দুর্লভ ছিল কোন প্রত্যক্ষ দর্শন ছিল
না। [২] পরে ঐ সময়ে এমত হইল এলী আ
পন স্থানে শয়ন করিলে এবং দৃষ্টিকরণে অক্ষম
এমত তাহার চক্ষুঃ ক্ষীণদৃষ্টি হইল। [৩] এবং
ঈশ্বরের সিন্দুকাস্থিতিস্থানে য়িহুহের মন্দিরের
মধ্যস্থিত ঈশ্বরের প্রদীপ নির্ব্বাণের পূর্ব্বে শিমূ
এল শয়ন করিলে। [৪] য়িহুহ শিমূএলকে ডাকি
লেন তাহাতে সে উত্তর করিল যে আমি এইস্থা
নে। [৫] পরে সে এলীর নিকটে দৌড়িয়া যাই
য়া কহিল আমি এই স্থানে যেহেতুক আপনি
আমাকে ডাকিয়াছেন তাহাতে সে কহিল আমি
ডাকি নাই পুনর্ব্বার শয়ন কর অতএব সে যাই
য়া শুইয়া রহিল। [৬] অপর য়িহুহ আরবার
ডাকিলেন হে শিমূএল তাহাতে শিমূএল উঠিয়া
এলীর নিকটে যাইয়া কহিল আমি এই স্থানে
যেহেতুক আপনি আমাকে ডাকিয়াছেন তাহা
তে সে উত্তর করিয়া কহিল হে আমার পুত্র আমি
ডাকি নাই পুনর্ব্বার শয়ন কর। [৭] তৎকালে
শিমূএল য়িহুহকে অবগত ছিল না এবং ঐ সম
য়ে য়িহুহের বাক্যও তাহার নিকটে প্রকাশিত
ছিল না। [৮] অপর য়িহুহ পুনশ্চ তৃতীয়বার
শিমূএলকে ডাকিলেন তাহাতে সে উঠিয়া এলীর
নিকটে যাইয়া কহিল আমি এই স্থানে যেহে
তুক আপনি আমাকে ডাকিয়াছেন তাহাতে য়ি
হুহ যে ঐ বালককে ডাকিয়াছিলেন ইহা এলী
অবগত হইল। [৯] অতএব এলী শিমূএলকে
কহিল যাইয়া শুইয়া থাক এবং এমত হইবে
তিনি যদি তোমাকে ডাকেন তবে তুমি কহিবা
হে য়িহুহ কহুন যেহেতুক আপনকার দাস শ্র
বণ করিতেছে তাহাতে শিমূএল যাইয়া স্বস্থানে
শুইয়া রহিল [১০] অপর য়িহুহ আসিয়া দ
ণ্ডায়মান হইয়া অন্যান্য সময়ের ন্যায় ডাকিয়া
কহিলেন হে শিমূএল হে শিমূএল তাহাতে শিমূ
এল উত্তর করিল যে কহুন যেহেতুক আপনকার
দাস শুনিতেছে।

[১১] অপর য়িহুহ শিমূএলকে কহিলেন দেখ
আমি য়িশ্রাএলে এক কার্য্য করিব তাহাতে
তৎশ্রবণকারি প্রত্যেকের কর্ণ ঝন২ করিবে। [১২]
সে সময়ে আমাকর্ত্তৃক এলীর বংশবিষয়ে কথি
ত তাবদ্বিষয় আমি এলীর প্রতিকূলে নিষ্পন্ন ক
রিব আমি যখন আরম্ভ করি তখন সাঙ্গও করি
ব। [১৩] যেহেতুক তৎকর্ত্তৃক অবগত অধর্ম্ম
হেতুক আমি সদাকাল তাহার বংশের দণ্ড দিব
এই কথা আমি তাহাকে কহিয়াছি কেননা তা
হার পুত্রেরা আপনারদিগকে অধম করিল
এবং সে তাহারদিগকে নিষেধ করিল না। [১৪]
এবং তৎপ্রযুক্ত আমি এলীর বংশপ্রতি দিব্য ক
রিয়াছি যে এলীর বংশের অধর্ম্ম বলিদানেতে
বা নৈবেদ্যেতে কখন পরিষ্কৃত হইবে না।

[১৫] অপর শিমূএল প্রাতঃকালপর্য্যন্ত শুইয়া
রহিল পরে য়িহুহের মন্দিরের দ্বার খুলিল এবং
এলীর নিকটে ঐ দর্শনবিষয় প্রকাশকরণে শি

মুএল ভীত ছিল। [১৬] পরে এলী শিমুএল
কে ডাকিয়া কহিল হে আমার পুত্র শিমুএল
তাহাতে সে উত্তর করিল আমি এই স্থানে।
[১৭] পরে সে কহিল য়িহুহ যে বিষয় তোমার
নিকটে প্রকাশ করিয়াছেন তাহা কি আমি মিনতি
করি তাহা আমাহইতে গোপন করিও না ঈশ্বর
যে সমস্ত বিষয় তোমাকে কহিয়াছেন তাহার
কোন বিষয় তুমি যদি আমাহইতে গোপন কর
তবে ঈশ্বর তদনুসারে এবং ততোধিকও তোমার
প্রতি করুন। [১৮] তাহাতে শিমূএল তাহাকে
সমস্তই কহিয়া দিল এবং তাহাহইতে কিছু গো
পন করিল না তাহাতে সে কহিল তাঁহার দৃষ্টি
তে যাহা ভদ্র তাহা তিনি আমার প্রতি করুন।

[১৯] অপর শিমুএল বাড়িল এবং য়িহুহ
তাহার সহিত ছিলেন এবং তাহার কোন বাক্য
মৃত্তিকাতে পড়িতে দিলেন না। [২০] এবং দা
নাবধি বিএরশেবআপর্য্যন্তই তাবৎ য়িশ্রাএল
জানিল যে শিমূএল য়িহুহের আচার্য্যরূপ নি
যুক্ত হইয়াছিল। [২১] অপর য়িহুহ শীলো
হেতে পুনর্ব্বার দর্শন দিলেন যেহেতুক য়িহু
হের বাক্যদ্বারা য়িহুহ শীলোহেতে আপনাকে
শিমুএলের নিকটে প্রকাশমান করিলেন।

৪ পর্ব্ব।

[১] অনন্তর শিমুএলের বাক্য তাবৎ য়িশ্রাএ
লের নিকটে আইল ঐ সময়ে য়িশরাএল পলশ
তীয়েরদের সহিত সংগ্রামার্থে বাহির হইয়া এ
বেনএজেরে ছাউনি ফেলিল এবং পলশতীয়েরা
অফেকে ছাউনি ফেলিল। [২] অপর পলশ
তীয়েরা য়িশ্রাএলের প্রতিকূলে ব্যূহ করিল
এবং সংগ্রাম আরম্ভ হইলে য়িশ্রাএল পলশ
তীয়েরদের সম্মুখে মারা পড়িল তাহাতে তা
হারা মাঠে সৈন্যের হাজারচারেক লোক হনন
করিল।

[৩] অপর লোকেরা ছাউনিতে আইলে য়ি
শ্রাএলের প্রাচীনেরা কহিল পলশতীয়েরদের
সম্মুখে য়িহুহ অদ্য কেন আমারদিগকে মারি
য়াছেন আমরা শীলোহ্‌হইতে আপনারদের নি
কটে য়িহুহের নিয়মসিন্দুক আনি যে তাহা আ
মারদের মধ্যে উপস্থিত হইয়া আমারদের শত্রু
রদের হস্তহইতে আমারদিগকে উদ্ধার করে। [৪]
অতএব কিরুবমধ্যবাসি সৈন্যের য়িহুহের নিয়ম
সিন্দুক শীলোহ্‌হইতে আনয়নার্থে লোকেরা সে
স্থানে লোককে প্রেরণ করিল এবং খোফনী ও
ফিনিখাস নামে এলীর দুই পুত্র সেস্থানে ঈশ্ব
রের নিয়মসিন্দুকের সহিত ছিল। [৫] পরে য়ি
হুহের নিয়মসিন্দুক ছাউনিতে উপস্থিত হইলে
তাবৎ য়িশ্রাএল এমত মহাসিংহনাদ করিল যে
পৃথিবী প্রতিধ্বনি করিল। [৬] পরে পলশতীয়ে
রা যখন ঐ সিংহনাদের ধ্বনি শুনিল তখন তা
হারা কহিল এবরীয়েরদের ছাউনিতে এ যে মহা
সিংহনাদ তাহা কি পরে তাহারা অবগত হইল
যে য়িহুহের নিয়মসিন্দূক ছাউনিতে আসিয়া
ছে। [৭] তাহাতে পলশতীয়েরা ভীত হইল
যেহেতুক তাহারা কহিল ঈশ্বর ছাউনিতে আ
সিয়াছেন এবং তাহারা কহিল হায় আমারদের
কেননা ইহার পূর্ব্বে এমত কার্য্য হয় নাই। [৮]
হায় আমারদের এই পরাক্রমি ঈশ্বরেরদের হস্ত
হইতে আমারদিগকে কে উদ্ধার করিবে অরণ্য
স্থ তাবদাঘাতদ্বারা মিসরীয়েরদিগকে প্রহারকা
রি ঈশ্বরেরা ইহারা। [৯] হে পলশতীয়েরা ব
লবান হইয়া আপনারদিগকে মনুষ্যবৎ দর্শাও
যে এবরিরা যেমত তোমারদের দাস হইয়াছিল
তেমন তোমরা তাহারদের দাস না হও আপনা
রদিগকে মনুষ্যেরদের ন্যায় দর্শাইয়া যুদ্ধ কর।

[১০] তাহাতে পলশতীয়েরা যুদ্ধ করিল এ
বং য়িশ্রাএল মারা পড়িল এবং তাহারা প্রতি
জন আপন২ তাম্বুতে পলাইল এবং মহাহনন
হইয়াছিল যেহেতুক য়িশ্রাএলের ত্রিশ হাজার
পদাতিক মারা পড়িল। [১১] এবং ঈশ্বরের
সিন্দূকও শত্রুকর্ত্তৃক ধৃত হইয়াছিল এবং এলীর
দুই পুত্র খোফনী ও ফিনিখাস হত হইল।

[১২] অপর বেন্যামিনীয় এক মনুষ্য ছিন্নবস্ত্র
হইয়া এবং মস্তকে ধূলি দিয়া সৈন্যহইতে দৌ
ড়িয়া সেই দিবসে শীলোহেতে আসিয়া পঁহু
ছিল। [১৩] পরে সে উপস্থিত হইলে দেখ এলী
প্রতীক্ষা করত পথপার্শ্বে আসনে বসিয়া রহি
য়াছিল কেননা ঈশ্বরের সিন্দূকের জন্যে তাহার
অন্তঃকরণ কম্পমান ছিল পরে সে মানুষ নগরে
আসিয়া সম্বাদ দিলে তাবন্নগর হাহাকার শব্দ
করিয়া উঠিল। [১৪] পরে এলী সে হাহাকার
শব্দের ধ্বনি শুনিয়া কহিল এই কোলাহল শব্দ
কি তাহাতে সে মানুষ ত্বরা করিয়া আসিয়া এ
লীকে বলিল। [১৫] ঐ কালে এলী আটানব্বই
বৎসরবয়স্ক ছিল এবং তাহার চক্ষুঃ ক্ষীণদৃষ্টি
ছিল তাহাতে সে দেখিতে পাইল না। [১৬]
এবং সে মানুষ এলীকে কহিল সৈন্যহইতে আ
গমনকারি লোক আমি অদ্য সৈন্যহইতে পলা
য়ন করিয়া আসিয়াছি তাহাতে সে কহিল হে আ
মার পুত্র সে স্থানে কি হইয়াছে। [১৭] তাহাতে
ঐ দূত উত্তর করিয়া কহিল য়িশ্রাএল পলশতী
য়েরদের সম্মুখহইতে পলাইয়াছে এবং লো
কেরদের মধ্যেও মহাহনন হইয়াছে এবং খো
ফনী ও ফিনিখাসনামে আপনকার দুই পুত্রও
মরিয়াছে এবং ঈশ্বরের সিন্দুক ধরা পড়িয়াছে।

[১৮] অপর এই মত হইল যখন সে লোক ঈশ্ব
রের সিন্দুকের নাম কহিল তখন সে পশ্চাদ্দিগ
হইয়া আসনহইতে দ্বারপার্শ্বে পড়িল তাহাতে
তাহার গলাভঙ্গেতে সে মরিল যেহেতুক সে বৃদ্ধ
ও স্থূলকায় মানুষ ছিল এবং সে চল্লিশ বৎসর
য়িশ্রাএলের বিচার করিয়াছিল ।
[১৯] এবং তাহার পুত্রবধূ ফিনিখাসের স্ত্রী
অন্তরাপত্যা হইয়া নিকটপ্রসবা ছিল এবং ঈশ্ব
রের সিন্দুক ধরা পড়িয়াছে এবং আপন শ্বশুর
ও আপন স্বামী মরিয়াছে এই সমাচার ঐ স্ত্রী
যখন পাইল তখন সে হেঁট হইয়া প্রসবিল কে
ননা তাহার প্রসববেদনা উপস্থিত হইয়াছিল ।
[২০] এবং তাহার মরণকালে সমীপবর্ত্তিনী দ
ণ্ডায়মানা স্ত্রীরা তাহাকে কহিল ভয় নাই যেহে
তুক তুমি পুত্রসন্তান প্রসবিয়াছ কিন্তু সে উত্তর
দিল না এবং তাহাতে কিছু মনোযোগ করিল
না । [২১] পরে য়িশ্রাএলহইতে মহিমা অপ
গত হইয়াছে ইহা কহিয়া ঐ স্ত্রী সে বালকের
নাম অইকাবোদ রাখিল যেহেতুক ঈশ্বরের সি
ন্দুক ধরা পড়িয়াছিল এবং আপনার শ্বশুর ও
স্বামী মরিয়াছিল । [২২] এবং সে কহিল মহি
মা য়িশ্রাএলহইতে প্রস্থান করিয়াছে কেননা
ঈশ্বরের সিন্দুক ধরা পড়িয়াছে ।

৫ পর্ব্ব ।

[১] অপর পলশতীয়েরা ঈশ্বরের সিন্দুক লই
য়া এবেনএজেরহইতে আশ্দোদে আনিল ।
[২] পরে পলশতীয়েরা ঈশ্বরের সিন্দুক আক্র
মণ করিয়া তাহা দাগোনের মন্দিরে আনিয়া দা
গোনের নিকটে স্থাপন করিল ।
[৩] অপর পরদিবসে আশ্দোদের লোকেরা
প্রত্যূষে উঠিলে দেখ দাগোন য়িহুহের সিন্দুকস
ম্মুখে উবুড় হইয়া মৃত্তিকায় পড়িয়া রহিয়াছে
তাহাতে তাহারা দাগোনকে লইয়া পুনর্ব্বার
স্বস্থানে স্থাপন করিল । [৪] অপর তৎপর দিব
সে যখন তাহারা প্রত্যূষে উঠিল তখন দেখ দা
গোন য়িহুহের সিন্দুকসম্মুখে উবুড় হইয়া মৃত্তি
কাতে পড়িয়া রহিয়াছে এবং দাগোনের মস্তক
ও তাহার দুই হাত গোবরাটে ছিন্ন হইয়াছিল
মাত্র দাগোনের ধড় অবশিষ্ট ছিল । [৫] তৎ
প্রযুক্ত দাগোনের পুরোহিতেরা বা দাগোনের
মন্দিরে আগমনকারি কোন কেহ আশ্দোদস্থ
দাগোনের গোবরাটে অদ্যপর্য্যন্ত পা দেয় না ।
[৬] কিন্তু আশ্দোদস্থ লোকেরদের উপরে য়িহু
হের হস্ত ভারি ছিল তাহাতে তিনি তাহারদিগ
কে সংহার করিলেন এবং তাহারদিগকে অ
র্থাৎ আশ্দোদকে এবং তৎসীমাকে অর্শো
রোগদ্বারা প্রহার করিলেন । [৭] অপর তাহা
তদ্রূপ আশ্দোদস্থ লোকেরা ইহা দেখিয়া কহি
ল য়িশ্রাএলের ঈশ্বরের সিন্দুক আমারদের স
হিত বাস করিবে না কেননা আমারদের উপরে
এবং আমারদের দাগোনদেবের উপরে তাহার
হস্ত অতিশয় পীড়াদায়ক আছে । [৮] অতএব
তাহারা প্রেরণ করিয়া আপনারদের নিকটে প
লশতীয়েরদের সমস্ত অধ্যক্ষেরদিগকে একত্র
করিয়া কহিল য়িশ্রাএলের ঈশ্বরের সিন্দুক লই
য়া আমরা কি করিব তাহাতে তাহারা উত্তর করি
য়া কহিল য়িশ্রাএলের ঈশ্বরের সিন্দুক গাতে চা
লিত হউক তাহাতে তাহারা য়িশ্রাএলের ঈশ্ব
রের সিন্দুক সে স্থানে লইয়া গেল । [৯] অ
পর এই মত হইল তাহারা তাহা চালন করাই
লে য়িহুহের হস্ত অতিশয় সংহাররূপে ঐ নগ
রের প্রতিকূলে হইয়াছিল তাহাতে তিনি নগ
রস্থ লোকেরদিগকে কি বড় কি ছোট প্রহার করি
লেন এবং তাহারদের গোপনীয় স্থানে অর্শো
রোগ হইয়াছিল । [১০] অতএব তাহারা ঈশ্ব
রের সিন্দুক এক্রোণে পাঠাইয়া দিল তাহাতে
এই মত হইল ঈশ্বরের সিন্দুক এক্রোণে উপস্থিত
হইলে এক্রোণীয়েরা চেঁচাইয়া কহিল আমার
দিগকে ও আমারদের লোকেরদিগকে মারি
বার জন্যে তাহারা য়িশ্রাএলের ঈশ্বরের সিন্দুক
আমারদের এস্থানে আনিয়াছে । [১১] তাহাতে
তাহারা প্রেরণ করিয়া পলশতীয়েরদের তাবদধ্য
ক্ষেরদিগকে একত্র করিয়া কহিল য়িশ্রাএলের
ঈশ্বরের সিন্দুক এস্থানহইতে চালন কর এবং তা
হা আপন স্থানে যাউক যে তাহা আমারদিগকে
ও আমারদের লোকেরদিগকে বিনাশ না করে
কেননা নগরের সর্ব্বত্র মহাঘোর বিনাশ হইতে
লাগিল ঈশ্বরের হস্ত সেস্থানে অতিভারী ছিল ।
[১২] এবং যে মনুষ্যেরা মরিল না তাহারা অ
র্শোতে আহত ছিল এবং নগরের ধ্বনি স্বর্গপ্রতি
ঊর্দ্ধগামী হইল ।

৬ পর্ব্ব ।

[১] অপর য়িহুহের সিন্দুক পলশতীয়েরদের
দেশে সাত মাস ছিল । [২] পরে পলশতীয়ে
রা পুরোহিতেরদিগকে ও গণকেরদিগকে ডাকা
ইয়া কহিল আমরা য়িহুহের সিন্দুক লইয়া কি
করিব আমারদিগকে কহ আমরা কিসের সহিত
তাহা স্বস্থানে পাঠাইয়া দিব । [৩] তাহাতে
তাহারা কহিল তোমরা য়িশ্রাএলের ঈশ্বরের
সিন্দুক যদি এস্থানহইতে পাঠাইয়া দেও তবে
তাহা শূন্য পাঠাইও না কিন্তু কোন প্রকারে
আজ্ঞোল্লংঘনদোষনিমিত্তক নৈবেদ্য দিয়া তা
হা ফিরিয়া পাঠাইয়া দেও তাহাতে তোমরা
সুস্থ হইবা এবং তোমারদিগহইতে তাঁহার হস্ত

কেন পুনর্ব্বার আকৃষ্ট হয় না ইহা তোমারদের
নিকটে বিজ্ঞপ্ত হইবে। [৪] তাহাতে তাহারা
কহিল আমরা আজ্ঞোল্লংঘনদোষনিমিত্তক যে
নৈবেদ্য তাঁহার নিকটে ফিরিয়া পাঠাইয়া দিব
তাহা কি তাহারা উত্তর করিল পলশতীয়েরদের
অধ্যক্ষেরদের সঙ্খ্যানুসারে পাঁচ স্বর্ণার্শ ও পাঁচ
স্বর্ণমুষিক যেহেতুক তোমারদের সকলের উপ
রে ও তোমারদের অধ্যক্ষেরদের উপরে একই
আঘাত ছিল। [৫] অতএব তোমরা তোমার
দের অর্শের ও দেশনাশকারি তোমারদের মু
ষিকেরদের প্রতিমা নির্ম্মাণ করিবা এবং তোম
রা য়িশরাএলের ঈশ্বরের উদ্দেশে মাহাত্ম্য স্বী
কার করিবা হইতে পারে যে তিনি তোমারদের
উপর ও তোমারদের দেবেরদের উপর ও তো
মারদের দেশোপরি আপন হস্ত লঘুভার করি
বেন। [৬] অতএব মিসরীয়েরা ও ফরওহ্ আ
পনারদের অন্তঃকরণ যদ্রূপ কঠিন করিল তদ্রূপ
তোমরা কেন আপনারদের অন্তঃকরণ কঠিন ক
রিবা তিনি যখন তাহারদের মধ্যে অত্যাশ্চর্য্যরূ
পে আচার করিলেন তখন কি তাহারা লোকের
দিগকে ছাড়িয়া দেয় নাই তাহাতে তাহারা প্র
স্থান করিল। [৭] অতএব সম্প্রতি এক নূতন শ
কট নির্ম্মাণ কর এবং যোঁয়ালি যাহারদের উপ
রে কখন আইসে নাই এমত দুইটী দুগ্ধবতী
গাভী লইয়া শকটেতে যুড় এবং তাহারদিগহই
তে বাছুর লইয়া ঘরে আন। [৮] পরে য়িহু
হের সিন্দুক লইয়া শকটোপরি দেও এবং আ
জ্ঞোল্লংঘনদোষনিমিত্তক তাহার উদ্দেশে পুন
র্দেয় স্বর্ণের রত্ন তাহার পার্শ্বে অন্য এক সিন্দু
কেতে রাখ পরে গমনার্থে তাহা বিদায় কর।
[৯] এবং দেখ সে যদি আপন সীমার পথ হই
য়া বীৎশেমেশে যায় তবে তিনি আমারদের এ
মহা অমঙ্গল করিয়াছেন কিন্তু যদি না তবে আ
মরা জানিব যে আমারদিগকে আঘাতকারি হস্ত
তাঁহার নয় কিন্তু আমারদের প্রতি দৈবঘটনা
ঘটিয়াছে।

[১০] অপর ঐ লোকেরা সে মত করিল এবং
দুগ্ধবতী দুই গাভী গ্রহণ করিয়া শকটেতে যু
ড়িল এবং তাহারদের বাছুরেরদিগকে ঘরে বন্ধ
করিয়া রাখিল। [১১] এবং তাহারা য়িহুহের
সিন্দুক এবং স্বর্ণমূষিক এবং তাহারদের অর্শঃ
প্রতিমাধারি সিন্দুক লইয়া শকটোপরি দিল।
[১২] পরে সে গাভী বীৎশেমেশের পথ প্রতি
গামি সরল পথ ধরিল এবং ডাক ছাড়িতে২
রাজমার্গ হইয়া চলিয়া গেল এবং দক্ষিণে
বামে ফিরিল না এবং পলশতীয়েরদের অধ্য
ক্ষেরা বীৎশেমেশের সীমাপর্য্যন্ত তাহারদের
পাছে২ গেল। [১৩] ঐ সময়ে বীৎশেমেশবা
সিরা তলভূমিতে আপন গোমফসল কাটিতে
ছিল এবং তাহারা ঊর্দ্ধদৃষ্টিকরাতে সিন্দুক দে
খিতে পাইল এবং তর্দ্দশনে আহ্লাদিত হইল।
[১৪] পরে ঐ শকট বীৎশেমেশীয় য়িহোশুআর
ক্ষেত্রে আসিয়া পঁহুছিল এবং এক মহাপ্রস্তর
ধারি স্থানে স্থগিত হইল পরে তাহারা সে শক
টের কাষ্ঠ চিরিয়া সে গাভীরদিগকে হোমরূপে
য়িহুহের উদ্দেশে নিবেদন করিল। [১৫] এবং
লেবিরা য়িহুহের সিন্দুক এবং স্বর্ণ রত্নধারি
তৎসমীপস্থ সিন্দুক নামাইয়া সে মহাপ্রস্তরো
পরি রাখিল এবং বীৎশেমেশের লোকেরা সেই
দিবসে য়িহুহের উদ্দেশে হোম এবং নৈবদ্য নি
বেদন করিল। [১৬] পরে পলশতীয়েরদের
পাঁচ অধ্যক্ষ তাহা দেখিয়া সে দিবসে এক্রোণে
ফিরিয়া আইল। [১৭] এবং আজ্ঞাতিক্রমদো
ষপ্রযুক্ত য়িহুহের উদ্দেশে পলশতীয়েরা নৈবে
দ্যার্থ যে স্বর্ণার্শঃ ফিরিয়া দিল তাহা এই আশ্
দোদের জন্যে এক অজাহের জন্যে এক অশকি
লোনের জন্যে এক গাতের জন্যে এক এক্রোণের
জন্যে এক। [১৮] এবং বীৎশেমেশীয় য়িহোশু
আর ক্ষেত্রস্থিত অদ্যপর্য্যন্ত বর্ত্তমান যৎপ্রস্তরো
পরি তাহারা য়িহুহের সিন্দুক রাখিয়াছিল আ
বেল নামে তন্মহাপ্রস্তরপর্য্যন্তই পাঁচ অধ্যক্ষের
দের অধিকারসম্বন্ধীয় বেষ্টিত নগর এবং জান
পদীয় গ্রামসুদ্ধ পলশতীয়েরদের তাবন্নগর সং
খ্যানুসারে স্বর্ণমুষিক।

[১৯] অপর বীৎশেমেশের লোকেরা য়িহু
হের সিন্দুকমধ্যে চাহিয়া দেখনপ্রযুক্ত তিনি
তাহারদিগকে মারিলেন অর্থাৎ তিনি লোকের
দের মধ্যে পঞ্চাশ হাজার সত্তর জনকে মারিলেন
তাহাতে লোকেরা বিলাপ করিল যেহেতুক য়ি
হুহ মহাহননেতে লোকেরদিগকে হনন করিয়া
ছিলেন। [২০] তাহাতে বীৎশেমেশের লোকে
রা কহিল এই পবিত্র য়িহুহ ঈশ্বরের সম্মুখে কে
দাঁড়াইতে পারে এবং আমারদিগহইতে তিনি
কাহার স্থানে উঠিয়া যাইবেন।

[২১] পরে তাহারা কির্য্যৎয়িআরিমনিবাসি
রদের নিকটে দূত প্রেরণ করিয়া কহিল পলশতী
য়েরা য়িহুহের সিন্দুক পুনর্ব্বার ফিরিয়া আনি
য়াছে তোমরা আসিয়া আপনারদের নিকটে
তাহা লইয়া যাও।

## ৭ পর্ব্ব।

[১] পরে কির্য্যৎয়িআরিমের লোকেরা আসি
য়া য়িহুহের সিন্দুক উঠাইয়া গিরিস্থিত অবীনা
দাবের ঘরে আনিল এবং য়িহুহের সিন্দুক রক্ষা
র্থে তাহার পুত্র এলীএজেরকে পবিত্র করিল।

[২] অপর এই মত হইল কির্য্যৎয়িআরিমে সি
ন্দুকের অবস্থিতি দীর্ঘকাল ছিল যেহেতুক তাহা
বিংশতি বৎসরথাকিল এবং য়িশ্রাএলের তা
বদ্বংশ য়িহুহের উদ্দেশে বিলাপ করিল ।

[৩] অপর শিমূএল য়িশ্রাএলের তাবদ্বংশ্য
কে এই কথা কহিল তোমরা যদি আপন সমস্ত
অন্তঃকরণের সহিত য়িহুহের প্রতি ফির তবে
অন্য দেবেরদিগকে এবং অশতারোতকে আ
পনারদের মধ্যহইতে দূর কর এবং য়িহুহের
উদ্দেশে আপনারদের অন্তঃকরণ প্রস্তুত কর এ
বং মাত্র তাঁহার সেবা কর এবং তিনি পলশতী
য়েরদের হাতহইতে তোমারদিগকে নিস্তার করি
বেন । [৪] তাহাতে য়িশ্রাএলের সন্তানেরা
বআলিমকে ও অশতারোতকে দূর করিয়া কে
বল য়িহুহের সেবা করিল । [৫] পরে শিমূএল
কহিল সমস্ত য়িশ্রাএলকে মিস্পাহে একত্র কর
এবং আমি য়িহুহের উদ্দেশে তোমারদের জ
ন্যে প্রার্থনা করিব । [৬] তাহাতে তাহারা মি
স্পাহে সমারোহী হইয়া জল তুলিয়া য়িহুহের
সম্মুখে ঢালিয়া সে দিবস উপবাস করিয়া সেস্থা
নে কহিল যে আমরা য়িহুহের প্রতিকূলে পাপ
করিয়াছি এবং শিমূএল য়িশ্রাএলের সন্তানের
দের বিচার মিস্পাহে করিল ।

[৭] অপর য়িশ্রাএলের সন্তানেরা মিস্পাহে
একত্র হইয়াছে পলশতীয়েরা ইহা শুনিলে প
লশতীয়েরদের অধ্যক্ষেরা য়িশ্রাএলের প্রতিকূ
লে উঠিয়া গেল এবং য়িশ্রাএলের সন্তানেরা
তাহা শুনিয়া পলশতীয়েরদের বিষয়ে ভীত হ
ইল । [৮] তাহাতে য়িশ্রাএলের সন্তানেরা শিমূ
এলকে কহিল য়িহুহ আমারদের ঈশ্বরের উদ্দে
শে প্রার্থনা করণে বিরত না হও যে তিনি আ
মারদিগকে পলশতীয়েরদের হাতহইতে মুক্ত ক
রেন ।

[৯] অপর শিমূএল দুগ্ধপায়ি এক মেষবাচ্চা
গ্রহণ করিয়া তাহা সমুচা হোমরূপে য়িহুহের
উদ্দেশে নিবেদন করিল পরে শিমূএল য়িশ্রাএ
লের নিমিত্তে য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল
তাহাতে য়িহুহ তাহার প্রার্থনা শুনিলেন । [১০]
অপর শিমূএল হোম করিতেছিল এ সময়ে
পলশতীয়েরা য়িশ্রাএলের সহিত যুদ্ধ করণা
র্থে সমীপবর্ত্তী হইল কিন্তু ঐ দিবসে য়িহুহ
মেঘের মহাগর্জ্জনদ্বারা পলশতীয়েরদের উপরে
গর্জ্জন করাতে তাহারদিগকে ছিন্নভিন্ন করিলেন
তাহাতে তাহারা য়িশ্রাএলের সম্মুখে মারা প
ড়িল । [১১] পরে য়িশ্রাএলের লোক মিস্পাহ্
হইতে নির্গত হইয়া পলশতীয়েরদের পাছেং
তাড়াইয়া যাইয়া তাহারদিগকে বৈৎকারের
নামোপর্য্যন্ত প্রহার করিল । [১২] পরে শিমূএল
এক প্রস্তর গ্রহণ করিয়া মিস্পাহের এবং শে
নের মধ্যস্থানে স্থাপন করিয়া এইপর্য্যন্ত য়িহুহ
আমারদের উপকার করিয়াছেন এই কথা কহি
য়া তাহার নাম এবেনএজের রাখিল ।

[১৩] ঐ রীতিক্রমে পলশতীয়েরা পরাজিত
হইল তাহাতে তাহারা য়িশ্রাএলের সীমাতে
আর আইল না এবং শিমূএলের আয়ুর তাব
দ্দিবস য়িহুহের হস্ত পলশতীয়েরদের প্রতিকূলে
ছিল । [১৪] এবং পলশতীয়েরা য়িশ্রাএলহই
তে যে সমস্ত নগর হরণ করিয়া লইয়াছিল সে
সমস্ত এক্রোণাবধি গাতপর্য্যন্ত য়িশ্রাএলকে
ফিরিয়া দেওয়া গেল এবং তাহার সমস্ত সীমা
য়িশ্রাএল পলশতীয়েরদের হস্তহইতে মুক্ত ক
রিল এবং য়িশ্রাএলের ও অমোরীয়েরদের
অরণ্য ছিল ।

[১৫] এবং শিমূএল আপন যাবদায়ু য়িশ্
রাএলের বিচার করিল । [১৬] এবং বৎসরং
পরিভ্রমণানুক্রমে সে বৈৎএলে ও গিলগালে
ও মিস্পাহে যাইয়া সে সমস্ত স্থানে য়িশ্রাএ
লের বিচার করিল । [১৭] এবং তাহার প্রত্যা
গমন রামাহেতে কেননা সেস্থানে তাহার বাটী
এবং সেইস্থানে সে য়িশ্রাএলের বিচার করিল
এবং সেইস্থানে সে য়িহুহের উদ্দেশে এক যজ্ঞ
বেদি নির্ম্মাণ করিল ।

## ৮ পর্ব্ব ।

[১] তদনন্তর শিমূএল বৃদ্ধ হইলে এমত হইল
সে আপন পুত্রেরদিগকে য়িশ্রাএলোপরি বি
চারপদে নিযুক্ত করিল । [২] তাহার প্রথম পু
ত্রের নাম য়োএল এবং তাহার দ্বিতীয় পুত্রের
নাম আবিয়াহ তাহারা বিএরশেবআতে বিচার
কর্ত্তা ছিল । [৩] এবং তাহার পুত্রেরা তাহার
পথে চলিল না কিন্তু লোভানুগামী হইয়া ঘুস
লইল এবং বিচারেতে অন্যায় করিল । [৪]
তাহাতে য়িশ্রাএলের সমস্ত প্রাচীনেরা একত্র
হইয়া রামাহে শিমূএলের নিকটে আইল । [৫]
এবং তাহাকে কহিল দেখ তুমি বৃদ্ধ হইয়াছ
এবং তোমার পুত্রেরা তোমার পথে চলে না
অতএব অন্য সমস্ত দেশীয়েরদের মত আমার
দের বিচার করিবার নিমিত্তে আমারদের এক
রাজা কর ।

[৬] কিন্তু আমারদের বিচার করিবার নিমিত্তে
আমারদিগকে এক রাজা দেও তাহারদের এ ক
থা কহনসময়ে ঐ বিষয় শিমূএলের গোচরে অস
ন্তোষকর ছিল অতএব শিমূএল য়িহুহের উদ্দে
শে প্রার্থনা করিল । [৭] তাহাতে য়িহুহ শিমূ
এলকে কহিলেন এ লোককর্ত্তৃক তোমার নিকটে

কথিত তাবদ্বাক্যেতে তাহারদের কথায় কর্ণ দেও
যেহেতুক তাহারা তোমাকে ত্যাগ না করিয়া
আমাকে ত্যাগ করিয়াছে যে আমি তাহারদের
উপরে প্রভুত্ব না করি। [৮] আমি তাহারদিগ
কে যে দিবস মিসরহইতে বাহির করিয়া আনি
লাম সে দিবসাবধি অদ্যপর্য্যন্তই তাহারা যে ক্রি
য়ার দ্বারা আমাকে ত্যাগ করিয়াছে এবং অন্য
দেবেরদের সেবা করিয়াছে সে তাবৎ ক্রিয়ানু
সারে তাহারা তোমার প্রতিও করিতেছে। [৯]
অতএব এখন তাহারদের কথায় কর্ণ দেও কিন্তু
তথাপি তাহারদের নিকটে অতিদৃঢ়রূপে আপন
অসম্মতি জানাইয়া তাহারদের উপরে কর্ত্তৃত্বকা
রি রাজার রীতি তাহারদিগকে জানাও।

[১০] পরে শিমুএলের স্থানে রাজযাচনকারি
লোকেরদের নিকটে সে য়িহুহের তাবদ্বাক্য ক
হিল। [১১] এবং বলিল তোমারদের উপরে
কর্ত্তৃত্বকারি রাজার রীতি এই২ মত হইবে সে
তোমারদের পুত্রেরদিগকে লইয়া আপন রথের
জন্যে ও অশ্বারূঢ় হইবার নিমিত্তে আপনার জ
ন্যে নিযুক্ত করিবে এবং কেহ২ তাহার রথের
অগ্রে২ দৌড়িবে। [১২] এবং সে আপনার
জন্যে সহস্রপতি এবং পঞ্চাশপতি নিযুক্ত
করিয়া আপন ভূমি কৃষি করিবার নিমিত্তে ও
আপন ফসল কাটিবার নিমিত্তে এবং আপন
যুদ্ধাস্ত্র ও রথের সজ্জা নির্ম্মাণ করিবার নিমিত্তে
তাহারদিগকে নিরূপণ করিবে। [১৩] এবং
মোদককারিণী এবং পাচিকা এবং ভর্জ্জিকা
হইবার নিমিত্তে সে তোমারদের কন্যারদিগ
কে গ্রহণ করিবে। [১৪] এবং তোমারদের
ক্ষেত্র ও তোমারদের দ্রাক্ষাক্ষেত্র ও জিতবৃক্ষ
ক্ষেত্র অর্থাৎ তাহারদের সর্ব্বাপেক্ষা উত্তম সে
লইয়া আপন দাসেরদিগকে দিবে। [১৫]
এবং সে তোমারদের বীজের ও তোমারদের দ্রা
ক্ষাক্ষেত্রের দশমাংশ লইয়া আপন অনুচরপ
তিরদিগকে ও আপন দাসেরদিগকে দিবে।
[১৬] এবং সে তোমারদের দাসেরদিগকে ও
তোমারদের দাসীরদিগকে এবং তোমার সর্ব্বা
পেক্ষা উত্তম যুবা পুরুষেরদিগকে এবং তোমার
দের গর্দ্দভেরদিগকে লইয়া আপন কার্য্যে নি
যুক্ত করিবে। [১৭] সে তোমারদের মেষেরদের
দশমাংশও গ্রহণ করিবে এবং তোমরা তাহার
দাস হইবা। [১৮] এবং তোমরা যে রাজা মনো
নীত করিয়াছ তোমারদের সে রাজাপ্রযুক্ত তো
মরা সে দিবসে ক্রন্দন করিবা কিন্তু সে দিবসে
য়িহুহ তোমারদের বাক্য শুনিবেন না।

[১৯] তথাপি লোকেরা শিমুএলের বাক্য মা
ননে অসম্মত হইয়া কহিল যে না না কিন্তু আ
মরা আপনারদের উপরি কর্ত্তৃত্বকারি রাজা ক
রিব। [২০] যে আমরা অন্য২ দেশীয়েরদের
মত হই এবং আমারদের রাজা আমারদের বি
চার করেন এবং আমারদের অগ্রগামী হইয়া
বাহির হইয়া যুদ্ধ করেন। [২১] পরে শিমূএল
লোকেরদের সমস্ত বাক্য শ্রবণ করিয়া য়িহুহের
কর্ণে পুনর্নিবেদন করিল। [২২] তাহাতে য়িহুহ
শিমূএলকে কহিলেন তাহারদের কথায় কর্ণ দে
ও এবং তাহারদের এক রাজা নিযুক্ত কর পরে
শিমূএল য়িশরাএলীয় লোকেরদিগকে কহিল
তোমরা প্রত্যেকে আপন২ নগরে যাও।

৯ পর্ব্ব।

[১] ঐ কালে অফীখার পুত্র বিকোরতের
পুত্র সিরোরের পুত্র আবীএলের পুত্র বেন্যামি
ন গোষ্ঠীয় কীশ নামে মহাবীর্য্যবান এক বেন্যা
মিনীয় ছিল। [২] এবং শাউল নামে অতিম
নোহর সুন্দর যুব পুরুষ তাহার এক পুত্র ছিল
এবং য়িশরাএলের সন্তানেরদের মধ্যে তদপেক্ষা
বিলক্ষণপুরুষ ছিল না স্কন্ধাবধি সে অন্য সমস্ত
লোকহইতে উচ্চ ছিল। [৩] তৎকালে শাউলের
পিতা কীশের গর্দ্দভ হারাইয়াছিল তাহাতে
কীশ আপন পুত্র শাউলকে কহিল এক জন
দাসকে এইক্ষণে সঙ্গে লও এবং উঠিয়া গর্দ্দভের
অন্বেষণে যাও। [৪] তাহাতে সে এফরায়িম
পর্ব্বতমধ্য হইয়া ভ্রমণ করিয়া শালীশাহদেশ
দিয়া গতি করিল কিন্তু তাহারা তাহারদের উদ্দে
শ পাইল না পরে তাহারা শঅলীমদেশ হই
য়া গমন করিল কিন্তু গর্দ্দভ নাই তদনন্তর সে
বেন্যামিনীয়েরদের দেশ দিয়া গতি করিল কিন্তু
তাহারা তাহারদিগকে পাইল না। [৫] অপর
তাহারা সুফদেশে আসিয়া পঁহুছিলে শাউল
আপন সঙ্গি দাসকে কহিল আইস আমরা ফি
রিয়া যাই পাছে গর্দ্দভের জন্যে আমার পিতা
চিন্তা ত্যাগ করিয়া আমারদের বিষয়ে চিন্তা
করেন। [৬] তাহাতে সে তাহাকে কহিল দেখ
এখন এ নগরে ঈশ্বরের এক লোক আছেন তিনি
অতিমান্য মানুষ তৎকর্ত্তৃক কথিত সমস্ত নিশ্চয়ে
সম্পূর্ণ হয় আইস আমরা এখন সেস্থানে যাই
হইতে পারে যে তিনি আমারদের গন্তব্য পথ
দেখাইতে পারিবেন। [৭] তাহাতে শাউল
আপন দাসকে কহিল কিন্তু দেখ আমরা যদি
যাই তবে সে মানুষের নিকটে আমরা কি আ
নিব যেহেতুক আমারদের পাত্রস্থ ভক্ষ্য দ্রব্য
ফুরিয়াছে এবং ঈশ্বরের মানুষের নিকটে আন
য়নার্থে উপঢৌকন নাই আমারদের কি আছে
[৮] তাহাতে ঐ দাস পুনর্ব্বার শাউলকে উত্তর
দিয়া কহিল দেখ এখানে আমার হস্তে এক শে

কেল রূপার চতুর্থাংশ আছে আমারদের পথ দর্শানার্থে আমি তাহা ঈশ্বরের মানুষকে দিব। [৯] পূর্ব্বকালে মনুষ্য যখন ঈশ্বরের নিকটে জিজ্ঞাসা করিতে যাইত তখন সে এতদ্রূপ কহিত আইস আমরা প্রদর্শকের নিকটে যাই যেহেতুক আচার্য্য পূর্ব্বকালে প্রদর্শক বলিয়া প্রসিদ্ধ ছিলেন। [১০] তাহাতে শাউল আপন দাসকে কহিল বিলক্ষণ কহিয়াছ আইস আমরা যাই তাহাতে তাহারা ঈশ্বরমানুষের নিবাসনগরে গেল।

[১১] অপর নগরে যাইতে তাহারা গিরি আরোহণ করিতেছিল ইতিমধ্যে জলতোলনার্থে বহির্গামিনী কতকগুলিন যুবতি কন্যারদিগকে পাইয়া তাহারা কহিল প্রদর্শক কি এস্থানে আছেন। [১২] তাহাতে তাহারা তাহারদিগকে উত্তর করিয়া কহিল তিনি আছেন দেখ তোমারদের অগ্রে২ যাইতেছেন অতএব এখন ত্বরা করিয়া চল যেহেতুক তিনি অদ্য নগরে আসিয়াছেন কেননা উচ্চস্থানোপরি অদ্য লোকেরদের এক যজ্ঞ হইবে। [১৩] তোমরা নগরমধ্যে প্রবেশ করিবা মাত্রে ভোজনার্থে উচ্চ স্থানোপরি তাঁহার গমনের পূর্ব্বে অদ্য তাঁহার উদ্দেশ পাইবা যেহেতুক তিনি না আইলে লোকেরা ভোজন করিবে না কেননা তিনি যজ্ঞবস্তুর আশীর্ব্বাদ দেন তাহার পর নিমন্ত্রিতেরা ভোজন করে অতএব এই ক্ষণে উঠিয়া যাও কেননা এই বেলা অনুমানে তোমরা তাহার উদ্দেশ পাইবা। [১৪] তাহাতে তাহারা যাইয়া নগরে উপস্থিত হইলে দেখ উচ্চ স্থানে গমনার্থে শিমুএল তাহারদের সম্মুখে নির্গত হইল।

[১৫] অপর শাউল উপস্থিতহওনের পূর্ব্বদিবসে য়িহুহ শিমুএলের কর্ণে এই কথা কহিয়াছিলেন। [১৬] কল্য এ সময় অনুমানে আমি বেন্যামিনদেশহইতে এক জন তোমার নিকটে প্রেরণ করিব এবং সে আমার লোকেরদিগকে পলশতীয়েরদের হস্তহইতে রক্ষা করে এই নিমিত্তে তুমি তাহাকে আমার য়িশরাএললোকোপরি সেনাপতিপদে অভিষিক্ত করিবা যেহেতুক আমার লোকেরদের আর্ত্তস্বর আমার নিকটে পঁহুছনপ্রযুক্ত আমি তাহারদের উপরে দৃষ্টিপাত করিয়াছি। [১৭] অপর শিমুএল যখন শাউলকে দেখিল তখন য়িহুহ তাহাকে কহিলেন যে মানুষের বিষয়ে আমি তোমাকে কহিয়াছি তাহাকে দেখ সে আমার লোকেরদের উপরে কর্ত্তৃত্ব করিবে। [১৮] অপর শাউল দ্বারমধ্যে শিমুএলের নিকটে উপস্থিত হইয়া কহিল আমি মিনতি করি প্রদর্শকের ঘর কোথায় আমাকে কহন [১৯] তাহাতে শিমুএল উত্তর করিয়া শাউলকে কহিল আমিই প্রদর্শক আমার অগ্রে২ উচ্চ স্থানে যাও কেননা তোমরা অদ্য আমার সহিত ভোজন করিবা এবং কল্য আমি তোমাকে বিদায় করিব এবং তোমার অন্তঃকরণস্থ সমস্ত তোমাকে কহিব। [২০] এবং তিন দিবস গতে তোমার যে২ গর্দ্দভ হারাইয়াছিল তাহারদের উপরে আপন মন রাখিও না যেহেতুক সেগুলিন পাওয়া গিয়াছে এবং তাবৎ য়িশরাএলের বাঞ্ছা কাহার উপরি তাহা কি তোমার উপরি ও তোমার তাবৎপিতৃবংশোপরি নয়। [২১] তাহাতে শাউল প্রত্যুত্তর করিয়া কহিল আমি কি য়িশরাএলবংশীয় সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র বেন্যামিনীয় নই এবং বেন্যামিনীয় গোষ্ঠীর মধ্যে আমার বংশ কি সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র নয় অতএব আপনি কেন আমাকে এমত কহেন। [২২] পরে শিমুএল শাউলকে ও তাহার দাসকে লইয়া তাহারদিগকে ভোজনশালায় উপস্থিত করিল এবং অনুমান নিমন্ত্রিত ত্রিশ জনের মধ্যে তাহারদিগকে সর্ব্বাপেক্ষা উত্তম স্থানে বসাইল। [২৩] পরে শিমুএল পাচককে কহিল আপনার নিকটে তুলিয়া রাখ এ কথা কহিয়া আমি যে অংশ তোমাকে দিয়াছিলাম তাহা আন। [২৪] তাহাতে পাচক স্কন্ধ এবং তদুপরি যাহা ছিল তাহা তুলিয়া শাউলের সম্মুখে দিল এবং শিমুএল কহিল দেখ এ অবশিষ্ট আপন সম্মুখে রাখিয়া ভোজন কর যেহেতুক যে সময়ে আমি কহিয়াছিলাম আমি যে লোকেরদিগকে নিমন্ত্রণ করিয়াছি সে সময়াবধি করিয়া তাহা তোমার জন্যে রাখা গিয়াছে তাহাতে সে দিবস শাউল শিমুএলের সহিত ভোজন করিল।

[২৫] অপর তাহারা উচ্চ স্থানহইতে নগরে নামিয়া আইলে শিমুএল ঘরের ছাতের উপরে শাউলের সহিত কথোপকথন করিল। [২৬] পরে তাহারা প্রত্যুষে উঠিল এবং এমত হইল অরুণোদয়কালে শিমুএল শাউলকে ঘরের ছাতের উপরে ডাকিয়া কহিল উঠ যে আমি তোমাকে বিদায় করি তাহাতে শাউল উঠিল এবং সে ও শিমুএল দুই জনে বাহিরে গেল। [২৭] পরে তাহারা নগরের প্রান্তভাগে গমন করিতেছিল ইতোমধ্যে শিমুএল শাউলকে কহিল দাসকে আমারদের অগ্রে যাইতে কহ তাহাতে সে অগ্রে চলিল কিন্তু তুমি কিছুকাল দাঁড়াও যে আমি তোমাকে য়িহুহের বাক্য জানাই।

## ১০ পর্ব্ব।

[১] অপর শিমুএল তৈলের এক পাত্র লইয়া তাহার মস্তকোপরি ঢালিল পরে তাহাকে চুম্বন



গ ২

করিয়া কহিল য়িহুহ আপন অধিকারোপরি
তোমাকে সেনাপতিরূপে অভিষিক্ত করিয়াছেন
এতৎপ্রযুক্ত কি ইহা নয়। [২] অদ্য তুমি যখন
আমার নিকটহইতে প্রস্থান করিবা তখন বেন্যা
মিনের সীমাস্থিত সেলসখস্থ রাখেলের কবরের
নিকটে দুই জনকে পাইবা এবং তাহারা তোমা
কে কহিবে যে গাধারদের অন্বেষণে তুমি গিয়া
ছিলা তাহারা পাওয়া গিয়াছে এবং দেখ তো
মার পিতা গাধাবিষয়ক ভাবনা ত্যাগ করিয়া
আমি আপনার পুত্রের জন্যে কি করিব এই কথা
কহিয়া তোমার বিষয়ে শোক করিতেছে। [৩]
পরে তুমি সেস্থানহইতে অগ্রসর হইয়া তাবোর
মাঠে আসিবা এবং সে স্থানে তিন ছাগবৎসবা
হক এক জন এবং তিন রুটিবাহক এক জন এবং
এক কুঁপা মদিরাবাহক অন্য এক জন এই রীতিক্র
মে বৈৎএলে ঈশ্বরের নিকটে গমনকারি তিন জন
তোমার সহিত মিলিবে। [৪] এবং তাহারা তো
মাকে নমস্কার করিবে এবং তোমাকে দুই রুটি
দিবে সে গুলিন তুমি তাহারদের হস্তহইতে গ্রহণ
করিবা। [৫] তাহার পরে তুমি পলশতীয়ের
দের থানা যে স্থানে আছে ঈশ্বরের সে গিরিতে
আসিবা পরে এমত হইবে তুমি সেস্থানে নগরে
পঁহুছিলে নবল ও তবল ও বংশী ও বীণা সম্মু
খে করিয়া উচ্চ স্থানহইতে নামিয়া আগমনকারি
এক দল আচার্য্যের সহিত তোমার সাক্ষাৎ হই
বে এবং তাহারা আচার্য্যবাক্য কহিবে। [৬]
এবং য়িহুহের আত্মা তোমার উপরে আসিবে
এবং তুমি তাহারদের সহিত আচার্য্যবাক্য কহি
বা এবং অন্য প্রকার মনুষ্যেতে পরিবৃত হইবা।
[৭] এবং এই লক্ষণসমস্ত তোমাকে ঘটিলে এ
মত হউক তুমি আপন উপস্থিত প্রয়োজনানুসারে
করিবা যেহেতুক য়িহুহ তোমার সহবর্ত্তী আ
ছেন। [৮] পরে তুমি আমার অগ্রে২ গিলগালে
উত্তরিয়া যাইবা এবং দেখ হোমার্থে এবং স্বস্ত্য
য়ননৈবেদ্য নিবেদনার্থে আমি তোমার নিকটে
আসিব এবং তোমার নিকটে আসিয়া তোমার
কর্ত্তব্য যাবৎ না জানাই তাবৎ তুমি সপ্ত দিবস
গৌণ করিবা।

[৯] তপর এমত হইল সে শিমুএলের নিকটহ
ইতে যাইবার নিমিত্তে পৃষ্ঠ ফিরাইলে ঈশ্বর তাহা
কে অন্য মন দিলেন এবং সে দিবসে ঐ সমস্ত ল
ক্ষণ প্রত্যক্ষ হইল। [১০] পরে তাহারা সেস্থানে
গিরিতে পঁহুছিলে দেখ আচার্য্যের এক দল তা
হার সহিত মিলিল এবং য়িহুহের আত্মা তাহার
উপরে আইল তাহাতে সে তাহারদের মধ্যে আ
চার্য্যবাক্য কহিল। [১১] অপর এমত হইল পূ
র্ব্বে তাহার সহিত পরিচিত তাবল্লোকেরা যখন
দেখিল যে দেখ সে আচার্য্যেরদের মধ্যে আচা
র্য্যবাক্য কহিতেছে তখন ঐ লোকেরা পরস্পর
কহিল কীশের পুত্রের যাহা ঘটিয়াছে তাহা
কি শাউল কি আচার্য্যেরদের মধ্যে। [১২] পরে
তত্রস্থ এক জন উত্তর করিয়া কহিল কিন্তু তাহার
পিতা কে অতএব তাহা কাহিনী হইয়া গেল যে
শাউল কি আচার্য্যেরদের মধ্যে। [১৩] পরে
সে আচার্য্যবাক্যকহা সাঙ্গ করিলে উচ্চ স্থানে
আইল।

[১৪] তদনন্তর শাউলের মাতুল তাহাকে ও
তাহার দাসকে কহিল তোমরা কোথায় গিয়াছি
লা তাহাতে সে কহিল গাধারদের অন্বেষণে
পরে যখন আমরা দেখিলাম যে তাহারা কোন
স্থানে নাই তখন আমরা শিমুএলের নিকটে আ
ইলাম। [১৫] পরে শাউলের মাতুল তাহাকে
কহিল আমি তোমাকে মিনতি করি শিমুএল তো
মাকে যাহা কহিয়াছিলেন তাহা আমাকে কহ।
[১৬] তাহাতে শাউল আপন মাতুলকে কহিল
তিনি আমারদিগকে স্পষ্টরূপে কহিলেন যে গা
ধা পাওয়া গিয়াছে কিন্তু রাজ্যবিষয়ক যে কথা
শিমুএল কহিল তাহা সে তাহাকে কহিল না।

[১৭] অপর শিমুএল লোকেরদিগকে মিস্পে
হে য়িহুহের নিকটে এক স্থানে ডাকাইয়া য়িশ্
রাএলের সন্তানেরদিগকে কহিল [১৮] য়িশ্রাএ
লের ঈশ্বর য়িহুহ এমত কহেন আমি য়িশ্রাএল
কে মিসরহইতে বাহির করিয়া আনিলাম এবং
মিসরীয়েরদের হস্তহইতে এবং সমস্ত রাজ্যস্থের
দের হস্তহইতে এবং তোমারদের উপদ্রবকারির
দের হস্তহইতে তোমারদিগকে উদ্ধার করিলাম।
[১৯] এবং তোমারদের সমস্ত দুর্দশাহইতে ও
তোমারদের দুর্গতিহইতে তোমারদিগকে স্বয়ংই
উদ্ধারকারি তোমারদের ঈশ্বরকে তোমরা অদ্য
ত্যাগ করিয়াছ এবং তোমরা তাঁহাকে কহিয়াছ
যে না কিন্তু আমারদের উপরে এক রাজা নিযুক্ত
কর অতএব তোমরা এখন স্বস্বগোষ্ঠ্যনুক্রমে এবং
স্বস্ব সহস্র২ অনুক্রমে আপনারদিগকে য়িহুহের
নিকটে উপস্থিত কর। [২০] পরে শিমুএল য়িশ্
রাএলের সমস্ত গোষ্ঠীরদিগকে নিকটে আনাই
লে বেন্যামিনের গোষ্ঠী ধরা পড়িল। [২১] পরে
সে বেন্যামিনের গোষ্ঠীকে স্বস্ববংশানুক্রমে নিক
টে গমন করাইলে মাত্রির বংশ ধরা পড়িল এবং
কীশের পুত্র শাউল ধরা পড়িল এবং যখন তা
হারা তাহার অন্বেষণ করিল তখন তাহার উদ্দে
শ পাওয়া গেল না। [২২] অতএব তাহারা য়ি
হুহের নিকটে আরো জিজ্ঞাসা করিল যে সে জন
এখনও কি এ স্থানে আসিবে তাহাতে য়িহুহ প্র
ত্যুত্তর করিলেন যে দেখ সামগ্রীর মধ্যে সে আপ

নাকে গোপন করিয়াছে। [২৩] পরে তাহারা
দৌড়িয়া সে স্থানহইতে তাহাকে আনিল এবং
যখন লোকেরদের মধ্যে সে দাঁড়াইল তখন স্কন্ধা
বধি উর্দ্ধে সে অন্য সমস্ত লোকাপেক্ষা উচ্চ হইল।
[২৪] পরে শিমুএল সমস্ত লোককে কহিল য়ি
হুহ যাহাকে মনোনীত করিয়াছেন তাহাকে
দেখ যে তাবল্লোকের মধ্যে তাহার তুল্য কেহ
নাই তাহাতে সমস্ত লোক চিৎকার করিয়া কহিল
রাজা চিরজীবী হউন। [২৫] পরে শিমুএল
রাজ্যের রীতি লোকেরদিগকে কহিয়া দিল এবং
তাহা পুস্তকে লিখিয়া য়িহুহের সাক্ষাৎ থুইল
পরে শিমূএল সমস্ত লোকেরদিগকে অর্থাৎ প্র
ত্যেক জনকে আপন২ বাটীতে বিদায় করিল।
[২৬] অপর শাউলও গিবিআহে আপন
ঘরে চলিয়া গেল এবং ঈশ্বর যাহারদের অন্তঃক
রণ স্পর্শ করিয়াছিলেন এমত লোকেরদের এক
দল তাহার সহিত গেল। [২৭] কিন্তু দুশ্চরিত্র
লোকেরা কহিল এই মানুষ আমারদিগকে কিরূ
পে রক্ষা করিবে এবং তাহারা তাহাকে তুচ্ছ ক
রিয়া কোন উপঢৌকন তাহার জন্যে আনিল না
কিন্তু সে তূষ্ণীভূত হইয়া রহিল।

## ১১ পৰ্ব্ব।

[১] অপর অমোনীয় নাখাশ আসিয়া য়াবে
শগিলিআদের সম্মুখে ছাউনি ফেলিল তাহাতে
য়াবেশের সমস্ত লোক নাখাশকে কহিল যে
আমারদের সহিত সন্ধি কর তাহাতে আমরা তো
মার সেবা করিব। [২] পরে অমোনীয় নাখাশ
তাহারদিগকে উত্তর দিল আমি তোমারদের সমস্ত
দক্ষিণ চক্ষু বাহির করি এবং তাহা অপমানস্বরূ
প তাবৎ য়িশ্রাএলের উপরে থুই ইহাতে স্বীকৃত
হইলে আমি তোমারদের সহিত সন্ধি করিব।
[৩] তাহাতে য়াবেশের প্রাচীনেরা তাহাকে কহি
ল আমরা য়িশ্রাএলের তাবৎ সীমায় দূত প্রে
রণ করি এই জন্যে আমারদিগকে সাত দিবস
ক্ষমা কর তাহার পর আমারদিগকে রক্ষা করি
তে যদি কোন মনুষ্য না থাকে তবে আমরা বা
হির হইয়া তোমার নিকটে আসিব।
[৪] অপর ঐ দূতেরা শাউলের বাসস্থান গিবি
আহে আসিয়া লোকেরদের শ্রবণে সে সমাচার
কহিল তাহাতে সমস্ত লোক উচ্চৈঃস্বরে রোদন
করিল। [৫] এবং দেখ শাউল পালের পা
ছে২ ক্ষেত্রহইতে আইল এবং শাউল কহিল
লোকেরদের কি হইয়াছে যে তাহারা রোদন ক
রে তাহাতে তাহারা য়াবেশের লোকেরদের সমা
চার তাহাকে কহিয়া দিল। [৬] পরে শাউল ঐ
সমাচার শুনিলে ঈশ্বরের আত্মা তাহার উপরে
আইল তাহাতে তাহার ক্রোধ অতিশয় প্রজ্বলিত
হইল। [৭] পরে সে এক যোড়া বলদ লইয়া
খণ্ড২ করিল এবং যে জন শাউলের ও শিমু
এলের পাছে বাহির হইয়া না আইসে তাহার
বলদের প্রতি এইরূপ করা যাইবে এই কথা
কহিয়া দূতেরদের হস্তদ্বারা সে সকল য়িশ্রাএ
লের সীমার সর্ব্বত্র প্রেরণ করিল তাহাতে লো
কেরদের উপরে ঈশ্বরের ভয় পড়াতে তাহারা এ
কই সম্মতিপূর্ব্বক বাহির হইয়া আইল। [৮]
পরে বেজেকে সে যখন তাহারদিগকে গণনা
করিল তখন য়িশ্রাএলের সন্তানেরা তিন লক্ষ
ও য়িহুদাহের লোকেরা ত্রিশ সহস্র ছিল। [৯]
অপর আগত দূতেরদিগকে তাহারা কহিল য়া
বেশগিলিআদের লোকেরদিগকে তোমরা এরূপ
কহিবা কল্য রৌদ্র প্রখর হওনসময়ে তোমরা
উপকার পাইবা পরে দূতেরা আসিয়া য়াবেশের
লোকেরদিগকে জানাইল তাহাতে তাহারা আ
হ্লাদিত হইল। [১০] অতএব য়াবেশের লো
কেরা কহিল যে কল্য আমরা তোমারদের নিক
টে বাহির হইয়া আসিব এবং তোমারদের যা
হা ভাল বোধ হয় সে সমস্ত আমারদের প্রতি
কর। [১১] অপর পর দিবসে এই মত হইল
শাউল লোকেরদিগকে তিন দল করিল এবং তা
হারা প্রভাতের প্রহরে সৈন্যের মধ্যে প্রবিষ্ট হইয়া
দিবসের প্রচণ্ড রৌদ্র না হওয়াপর্য্যন্ত অমোনীয়ের
দিগকে হনন করিল পরে এমত হইল অবশিষ্টে
রা এমত ছড়িয়া পড়িল যে তাহারদের দুই জন
একস্থানে রহিল না।
[১২] পরে লোকেরা শিমুএলকে কহিল শাউল
কি আমারদের উপরে প্রভুত্ব করিবে এতদ্বাক্যবা
দি লোক কে তাহারদিগকে আন যে আমরা তা
হারদিগকে বধ করি। [১৩] তাহাতে শাউল ক
হিল অদ্য কাহারো বধ হইবে না কেননা য়িহুহ
অদ্য য়িশ্রাএলের মধ্যে উদ্ধার নিষ্পন্ন করিয়া
ছেন। [১৪] পরে শিমুএল লোকেরদিগকে ক
হিল যে আইস আমরা গিলগালে যাই এবং
সে স্থানে রাজাভিষেক পুনর্ব্বার করি। [১৫] তা
হাতে সমস্ত লোক গিলগালে গেল এবং সে স্থা
নে গিলগালে তাহারা য়িহুহের সাক্ষাৎ শাউল
কে রাজা করিল এবং সে স্থানে তাহারা য়িহুহের
সাক্ষাৎ স্বস্ত্যয়ননৈবেদ্য নিবেদন করিল এবং
সে স্থানে শাউল ও য়িশ্রাএলের তাবল্লোক মহা
হ্লাদ করিল।

## ১২ পৰ্ব্ব।

[১] অপর শিমুএল তাবৎ য়িশ্রাএলকে
কহিল দেখ তোমরা যে সমস্ত আমাকে কহিয়া
ছিলা সে সকলেতে আমি তোমারদের কথায়
অবধান করিয়াছি এবং তোমারদের উপরে এক

রাজা অভিষিক্ত করিয়াছি। [২] এবং এখন দেখ সে রাজা তোমারদের সম্মুখে গতায়াত করে এবং আমি বৃদ্ধ ও পক্বকেশ হইয়াছি এবং দেখ আমার পুত্রেরা তোমারদের সহিত এবং আমি বালককালাবধি অদ্যপর্য্যন্ত তোমারদের সাক্ষাৎ যাতায়াত করিয়াছি। [৩] দেখ আমি এস্থানে আছি আমি কাহার গরু লইয়াছি বা আমি কাহার গাধা লইয়াছি বা আমি কাহার অন্যায় করিয়াছি বা আমি কাহাকে ক্লেশ দিয়াছি কিম্বা ঘুষদ্বারা আমার চক্ষু অন্ধ হয় এমত কাহার হস্তহইতে আমি কিছু গ্রহণ করিয়াছি য়িহুহের সাক্ষাৎ ও তাঁহার অভিষিক্তের সাক্ষাৎ আমার প্রতিকূলে সাক্ষ্য দেও এবং আমি তাহা তোমারদিগকে ফিরিয়া দিব। [৪] তাহাতে তাহারা কহিল আপনি আমারদের অন্যায় করেন নাই এবং আমারদিগকে ক্লেশ দেন নাই এবং কোন কাহার হস্তহইতে আপনি কিছু গ্রহণ করেন নাই। [৫] পরে সে তাহারদিগকে কহিল য়িহুহ তোমারদের প্রতিকূলে সাক্ষী আছেন এবং তাঁহার অভিষিক্ত অদ্য সাক্ষী আছে যে তোমরা আমার হস্তে কিছু পাও নাই তাহাতে তাহারা উত্তর করিল তাঁহারাই সাক্ষী।

[৬] অপর শিমূএল লোকেরদিগকে কহিল য়িহুহ মোশহকে ও আহোরণকে পদস্থ করিলেন এবং তোমারদের পিতৃলোকেরদিগকে মিসরদেশহইতে বাহির করিয়া আনিলেন। [৭] অতএব তোমরা এইক্ষণে দাঁড়াও যে তোমারদের প্রতি ও তোমারদের পিতৃলোকেরদের প্রতি য়িহুহকর্ত্তৃক কৃত তাঁহার সমস্ত যথার্থ ক্রিয়াবিষয়ক বিচার আমি য়িহুহের সাক্ষাৎ তোমারদের সহিত করি। [৮] য়অ্যাকুব যখন মিসরে আসিয়াছিল এবং তোমারদের পিতৃলোকেরা য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল তখন য়িহুহ মিসরহইতে তোমারদের পিতৃলোকেরদিগকে আনয়নকারি এবং এস্থানে তাহারদিগকে বাসকারয়িতা মোশহকে এবং আহরোণকে প্রেরণ করিলেন। [৯] এবং যখন তাহারা আপনারদের ঈশ্বর য়িহুহকে বিস্মৃত হইল তখন তিনি খাসোরের সৈন্যের সেনাপতি সীসিরার হস্তে এবং পলশ্তীয়েরদের হস্তে এবং মোআবের রাজার হস্তে তাহারদিগকে বিক্রয় করিলেন এবং তাহারা তাহারদের সহিত যুদ্ধ করিল। [১০] পরে তাহারা য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিয়া কহিল আমরা পাপ করিয়াছি যেহেতুক আমরা য়িহুহকে ত্যাগ করিয়াছি ও বআলেরদের ও অশ্তারোতের সেবা করিয়াছি কিন্তু এখন আমারদিগকে আমারদের শত্রুরদের হস্তহইতে উদ্ধার করুন তাহাতে আমরা আপনকার সেবা করিব। [১১] পরে য়িহুহ য়িরুব্বআলকে ও বিদানকে ও য়িফতখকে ও শিমুএলকে প্রেরণ করিয়া তোমারদের চতুর্দ্দিকস্থ শত্রুরদের হস্তহইতে তোমারদিগকে মুক্ত করিলেন তাহাতে তোমরা নিরাপদে বাস করিলা। [১২] অপর অম্মোনের সন্তানেরদের রাজা নাখাশ তোমারদের প্রতিকূলে বাহির হইয়া আসিয়াছে ইহা যখন তোমরা দেখিলা তখন ঈশ্বর য়িহুহ তোমারদের রাজা থাকিতেও তোমরা আমাকে কহিলা না না কিন্তু এক রাজা আমারদের উপরে কর্ত্তৃত্ব করিবে। [১৩] অতএব এখন তোমাকর্ত্তৃক মনোনীত এবং বাঞ্ছিত রাজাকে দেখ এবং দেখ য়িহুহ তোমারদের উপরে এক রাজা নিযুক্ত করিয়াছেন। [১৪] তোমরা যদি য়িহুহকে ভয় করিবা এবং তাঁহার সেবা করিবা এবং তাঁহার বাক্য মানিবা এবং য়িহুহের আজ্ঞাপ্রতিকূলে অতিক্রম না করিবা তবে তোমরা ও তোমারদের উপরে কর্ত্তৃত্বকারি রাজাও তোমারদের ঈশ্বর য়িহুহের অনুবর্ত্তী হইয়া থাকিবে। [১৫] কিন্তু তোমরা যদি য়িহুহের বাক্য না মান কিন্তু য়িহুহের আজ্ঞাপ্রাতিকূল্যে অতিক্রম কর তবে য়িহুহের হস্ত তোমারদের পিতৃলোকেরদের প্রতিকূলে যে মত ছিল সেমত তোমারদের প্রতিকূলে হইবে।

[১৬] অতএব এখন দাঁড়াও এবং যে মহাকার্য্য য়িহুহ তোমারদের চক্ষুর্গোচরে করিবেন তাহা দেখ। [১৭] অদ্য কি গোমফসলসময় নয় আমি য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিব তাহাতে তিনি মেঘগর্জ্জন এবং বৃষ্টি প্রেরণ করিবেন যে তোমরা জান এবং দেখ যে আপনারদের জন্যে রাজপ্রার্থনাকরণে তোমারদের কৃত দুষ্টতা অতিবড়। [১৮] পরে শিমূএল য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল এবং য়িহুহ সে দিবসে মেঘগর্জ্জন ও বৃষ্টি প্রেরণ করিলেন তাহাতে সমস্ত লোক য়িহুহকে ও শিমুএলকে অতিশয় ভয় করিল। [১৯] পরে সমস্ত লোকেরা শিমূএলকে কহিল আপন দাসেরদের নিমিত্তে আপন ঈশ্বর য়িহুহের উদ্দেশে প্রার্থনা করুন যে আমরা না মরি যেহেতুক আমারদের অন্য সমস্ত পাপের উপরে আমরা রাজপ্রার্থনাদোষ সঞ্চত করিয়াছি।

[২০] অপর শিমুএল লোকেরদিগকে কহিল ভয় করিও না তোমরা এ সমস্ত দুষ্টতা করিয়াছ বটে তথাপি য়িহুহের পশ্চাদ্বর্ত্তি হওনবিষয়ে পরাবৃত্ত হইও না কিন্তু আপনারদের তাবদন্তঃকরণের সহিত য়িহুহের সেবা কর। [২১] এবং তোমরা একপার্শ্ব হইও না কেননা তাহা করিলে

তোমরা অনর্থক অথচ নিস্তার করিতে অশক্ত
নিরর্থকবিষয়ের পশ্চাদ্গামী হইবা যেহেতুক সে
সকল নিরর্থক। [২২] কেননা আপন মহানাম
হেতুক য়িহুহ আপন লোকেরদিগকে ত্যাগ করি
বেন না যেহেতুক য়িহুহ তোমারদিগকে আপন
লোক করিতে সন্তুষ্ট আছেন। [২৩] কিন্তু আ
মার বিষয়ে যাহা হউক তোমারদের কারণ প্রার্থ
না করা ত্যাগকরণেতে আমি যে য়িহুহের প্রতিকূ
লে পাপ করি ইহা না হউক কিন্তু আমি তোমার
দিগকে ভদ্র এবং যথার্থ পথ শিক্ষা করাইব।
[২৪] মাত্র য়িহুহকে ভয় কর এবং আপনার
দের সমস্ত অন্তঃকরণের সহিত সত্যরূপে তাঁহার
সেবা কর যেহেতুক তিনি আমারদের জন্যে যে
মহাকার্য্য করিয়াছেন তাহা অনুধাবন কর।
[২৫] কিন্তু তোমরা এখনো যদি পাপ করিবা
তবে তোমারদের সংহার হইবে অর্থাৎ তো
মারদের ও তোমারদের রাজার।

১৩ পর্ব্ব।

[১] শাউল এক বৎসর রাজ্য করিল পরে য়িশ্
রাএলের উপরে দুই বৎসর রাজ্য করিলে [২] শা
উল আপনার কারণ য়িশ্রাএলের তিন সহস্র
মনুষ্য নিযুক্ত করিল তাহারদের মধ্যে দুই সহস্র
মিকমাশে ও বীৎএলপর্ব্বতে শাউলের সহিত র
হিল এবং বেন্যামিনস্থ গিবিআহের মধ্যে এক স
হস্র য়োনাতানের সহিত রহিল এবং অন্য সমস্ত
লোকেরদিগকে সে আপন২ তাম্বুতে বিদায়
করিল। [৩] পরে য়োনাতান গেবাতে স্থিত
পলশ্তীয়েরদের থানা মারিল এবং পলশ্
তীয়েরা তাহা শুনিল তাহাতে শাউল দেশের
সর্ব্বত্র তূরী বাজাইয়া কহিল যে এবরীয়েরা শু
নুক। [৪] এবং শাউল যে পলশ্তীয়েরদের এক
থানা মারিয়াছিল এবং য়িশ্রাএল পলশ্তী
য়েরদের নিকটে যে অতিঘৃণার্হ ছিল ইহা তাবৎ
য়িশ্রাএল শুনিতে পাইল পরে লোকেরা শাউ
লের পাছে গিলগালে সমাগত হইল।

[৫] অপর পলশ্তীয়েরা য়িশ্রাএলের সহি
ত যুদ্ধ করিতে আপনারদিগকে অর্থাৎ ত্রিশ
সহস্র রথ ও ছয় সহস্র অশ্বারূঢ়কে ও সমুদ্র
তীরস্থ বালীর ন্যায় লোকেরদিগকে একত্র করিল
এবং তাহারা আসিয়া বীৎআবেনের পূর্ব্ব
দিক্স্থ মিক্মাশে ছাউনি ফেলিল। [৬] য়িশ্
রাএললোকেরা যখন দেখিল যে আমরা বিপদ্
গ্রস্ত হইয়াছি কেননা লোকেরা ক্লেশান্বিত ছিল
তখন লোকেরা গুহায় ও ঝোপে ও শৈলে ও
উচ্চ স্থানে ও গর্ত্তে আপনারদিগকে গোপন করি
ল। [৭] এবং এবরীয়েরদের কেহ২ য়রদনপার
হইয়া গাদের ও গিলিআদের দেশে গেল কিন্তু
শাউল সেপর্য্যন্ত গিলগালে রহিল এবং সমস্ত
লোক কম্পমান হইয়া তাহার পশ্চাবর্ত্তী হইয়া
চলিল।

[৮] অপর শিমূএলকর্ত্তৃক নিরূপিত কালানু
সারে সে সাত দিবস গৌণ করিল কিন্তু শিমূএল
গিলগালে আইল না এবং লোকেরা তাহার নি
কটহইতে ছড়িয়া পড়িল। [৯] পরে শাউল ক
হিল আমার নিকটে এই স্থানে এক হব্য এবং
স্বস্ত্যয়ননৈবেদ্য আন তাহাতে সে ঐ হোম নিবে
দন করিল। [১০] অপর এমত হইল সে হোম
করা সাঙ্গ করিবামাত্র দেখ শিমূএল উপস্থিত
হইল তাহাতে শাউল তাহাকে নমস্কার করিবার
জন্যে তাহার সহিত সাক্ষাৎ করিতে বাহিরে
গেল।

[১১] পরে শিমূএল কহিল তুমি কি করিয়াছ
তাহাতে শাউল কহিল আমি দেখিলাম যে লো
কেরা আমার নিকটহইতে ছড়িয়া পড়িয়াছে
এবং আপনি নিরূপিত দিবসের মধ্যে আইলেন
না এবং পলশ্তীয়েরা মিকমাশে একত্র হইল।
[১২] অতএব আমি কহিলাম পলশ্তীয়েরা এ
খন গিলগালে আমার উপরে আসিয়া পড়িবে
এবং আমি য়িহুহের উদ্দেশে প্রার্থনা করি নাই
তৎপ্রযুক্ত আমি আপনার উপরে বল করিয়া
হোম করিয়াছি। [১৩] তাহাতে শিমূএল শাউল
কে কহিল তুমি বাতুল কার্য্য করিয়াছ তোমার
ঈশ্বর য়িহুহকর্ত্তৃক আমাকে দত্ত আজ্ঞা তুমি পা
লন কর নাই তাহা করিলে য়িহুহ তোমার রাজ্য
য়িশ্রাএলোপরি সদা স্থির করিতেন। [১৪] কিন্তু
এখন তোমার রাজ্য স্থায়ী হইবে না য়িহুহ আ
পন মানসানুযায়ি এক জনের উদ্দেশ করিয়াছেন
এবং য়িহুহ আপন লোকেরদের উপরে তাহাকে
সেনাপতি নিযুক্ত করিয়াছেন যেহেতুক য়িহুহ
তোমাকে যাহা আজ্ঞা করিয়াছেন তাহা তুমি পা
লন কর নাই। [১৫] অপর শিমূএল উঠিয়া গিল
গালহইতে বেন্যামিনস্থ গিবিআহে প্রস্থান করিল
এবং যে লোক শাউলের সহিত বর্ত্তমান ছিল
তাহারদিগকে সে গণনা করিল জন শছয়েক।
[১৬] এবং শাউল ও তাহার পুত্র য়োনাতান
ও তাহারদের সহবর্ত্তি লোকেরা বেন্যামিনস্থ
গিবিআহে রহিল কিন্তু পলশ্তীয়েরা মিকমাশে
ছাউনি করিল।

[১৭] অপর নাশকেরা তিন দল হইয়া পলশ্
তীয়েরদের ছাউনিহইতে নির্গত হইল এক দল
ওফরাহ্পথগামী হইয়া শূআলদেশে গেল।
[১৮] এবং অন্য এক দল বীৎখোরোণের পথপ্রতি
ফিরিল এবং আর এক দল সিবোইম মাঠাভিমুখ
সীমার পথ ধরিয়া অরণ্যপ্রতি ফিরিয়া গেল।

[১৯] তৎকালে য়িশ্রাএলের তাবদ্দেশে কো
ন কর্ম্মকার পাওয়া গেল না কেননা পলশ্তীয়ে
রা কহিল পাছে য়িশ্রাএলীয়েরা আপনারদের
নিমিত্তে তলোবার বা শল্য নির্ম্মাণ করে। [২০]
কিন্তু সমস্ত য়িশ্রাএলীয়েরা প্রত্যেক জন আপন২
ফাল বা ছুরিকা বা কুড়ালি বা কোদালি শান
দিতে পলশ্তীয়েরদের নিকটে যাইত। [২১]
তথাচ কোদালি ও ছুরিকা ও শল্য ও কুড়ালি
এবং অঙ্কুশ তীক্ষ্ণ করিবার নিমিত্তে তাহারদের
একটী উখা ছিল। [২২] তৎপ্রযুক্ত এমত হইল
যুদ্ধসময়ে শাউলের ও য়োনাতানের সহবর্ত্তি
লোকেরদের কোন কাহার হাতে তলোবার বা
শল্য পাওয়া গেল না কিন্তু শাউলের ও তাহার
পুত্র য়োনাতানের হাতে পাওয়া গেল। [২৩]
পরে পলশ্তীয়েরদের থানার লোকেরা মিক্মা
শস্থ ঘাটে বাহির হইয়া গেল।

## ১৪ পর্ব্ব।

[১] অপর এক দিবসে এমত হইল শাউলের
পুত্র য়োনাতান আপন অস্ত্রবাহক যুবা পুরুষকে
কহিল আইস আমরা ওপারস্থ পলশ্তীয়েরদের
থানায় পার হইয়া যাই কিন্তু সে আপন পিতা
কে জানাইল না। [২] এবং শাউল গিবিআ
হের প্রান্তভাগে মিগ্রোণস্থ এক দাড়িম্ব বৃক্ষের নী
চে রহিল এবং তাহার সহবর্ত্তি লোক জন শ
ছয়েক ছিল। [৩] এবং এলীর পুত্র ফিনিখা
সের পুত্র অইকাবোদের ভ্রাতা আখীটূবের
পুত্র শালোহ্বাসি এফোদপরিধায়ি আখি
য়াহ্ নামে য়িহুহের যাজক এবং য়োনাতান যে
বাহির হইয়া গিয়াছে ইহা লোকেরা অবগত
ছিল না।

[৪] অপর পলশ্তীয়েরদের থানায় য়োনা
তান যে ঘাট হইয়া যাওনে চেষ্টা করিয়াছিল
সে ঘাটের মধ্যস্থলে একপার্শ্বে ধারযুক্ত এক
শৈল এবং অন্যপার্শ্বে ধারযুক্ত অন্য এক শৈল
ছিল একের নাম বোসেস্ এবং অন্যের নাম
সেনেহ্। [৫] একের অগ্রভাগ মিকমাশাভি
মুখ উত্তরদিগে এবং অন্য গিবিআহাভিমুখ
দক্ষিণ দিগে ছিল। [৬] পরে য়োনাতান
আপন অস্ত্রবাহক যুবপুরুষকে কহিল আইস
আমরা পার হইয়া অচ্ছিন্নত্বকেরদের থানায়
যাই হইতে পারে যে য়িহুহ আমারদের জন্যে
কার্য্য করিবেন কেননা অনেকের দ্বারা বা অ
ল্পের দ্বারা উদ্ধারকরণে য়িহুহের কোন আটক
নাই [৭] তাহাতে তাহার অস্ত্রবাহক তাহা
কে কহিল আপনকার মনে যাহা লয় সে সকল
করুন আপনি ফিরুন দেখ আমি আপনকার
অন্তঃকরণের বাঞ্ছানুসারে আপনকার সহিত
আছি। [৮] তাহাতে য়োনাতান কহিল দেখ
আমরা পার হইয়া এ লোকেরদের নিকটে যাই
য়া আপনারদিগকে তাহারদের নিকটে প্রকাশ
করিব। [৯] তাহারা যদি আমারদিগকে কহে
যে আমরা যাবৎ তোমারদের স্থানে না আইসি
তাবৎ থাক তবে আমরা আপনারদের স্থানে
থাকিব এবং তাহারদের নিকটে উঠিয়া যাইব
না। [১০] কিন্তু তাহারা যদি কহে যে আমার
দের এ স্থানে উঠিয়া আইস তবে আমরা যাইব
যেহেতুক য়িহুহ তাহারদিগকে আমারদের
হস্তে অর্পণ করিয়াছেন এবং ইহা আমারদের
চিহ্ন হইবে। [১১] পরে তাহারা দুই জনে প
লশ্তীয়েরদের থানার নিকটে আপনারদিগকে
প্রকাশ করিল তাহাতে পলশ্তীয়েরা কহিল দেখ
এবরীয়েরা আপনারদিগকে যে২ গর্ত্তেতে গো
পন করিয়াছিল তাহার মধ্যহইতে নির্গত হই
তেছে। [১২] পরে থানার লোকেরা য়োনাতা
নকে ও তাহার অস্ত্রবাহককে প্রত্যুত্তর করিয়া
কহিল আমারদের এস্থানে আইস এবং আমরা
তোমারদিগকে এক বিষয় দেখাইব তাহাতে য়ো
নাতান আপন অস্ত্রবাহককে কহিল আমার
পশ্চাৎ উঠিয়া আইস কেননা য়িহুহ তাহারদিগ
কে য়িশ্রাএলের হস্তগত করিয়াছেন। [১৩]
পরে য়োনাতান আপন হাতে পায়ে উপরে চ
ড়িল এবং তাহার অস্ত্রবাহক তাহার পশ্চাৎ
চড়িল তাহাতে তাহারা য়োনাতানের অগ্রে২ পড়ি
তে লাগিল এবং তাহার অস্ত্রবাহক তাহার প
শ্চাৎ২ হনন করিতে২ চলিল। [১৪] এবং য়ো
নাতানের ও তাহার অস্ত্রবাহকের যে প্রথম
হনন তাহা অনুমানে এক যোড়া বলদের চাস
যোগ্য বিঘাখানেক ভূমির মধ্যে প্রায় বিংশতি
লোক ছিল। [১৫] তাহাতে সৈন্যস্থলে এবং ক্ষে
ত্রে এবং সমস্ত লোকেরদের মধ্যে কম্প হইল থা
নার লোকেরা এবং লুঠকেরাও কাঁপিল এবং
পৃথিবী কম্পমানা হইল তাহাতে তাহা মহাকম্প
হইল। [১৬] এবং বেন্যামিনস্থ গিবিআহ্স্থিত
শাউলের প্রহরিরা চাহিয়া দেখিল এবং দেখ জন
তা গলিয়া যাইতেছে এবং তাহারা মারিয়া ফে
লিতে২ চলিল। [১৭] সে সময়ে শাউল আপন
সহবর্ত্তি লোকেরদিগকে কহিল এখন গণনা কর
এবং দেখ আমারদের নিকটহইতে কে গিয়াছে
পরে তাহারা গণনা করিলে দেখ য়োনাতান ও
তাহার অস্ত্রবাহক নাই। [১৮] পরে শাউল অখি
য়াহ্কে কহিল ঈশ্বরের সিন্দূক এ স্থানে আন
যেহেতুক এ সময়ে ঈশ্বরের সিন্দূক য়িশ্রাএলের
সন্তানেরদের সহিত ছিল।

[১৯] অপর এমত হইল শাউল যাজকের সহিত

কথা কহিতেছিল ইত্যবসরে পলশ্‌তীয়েরদের সৈ
ন্যস্থলস্থ কোলাহল উত্তরোত্তর বাড়িতে লাগিল
তাহাতে শাউল যাজককে কহিল আপন হস্ত নি
বৃত্ত কর। [২০] পরে শাউল ও তাহার সমভিব্যা
হারি সমস্ত লোক সমারোহী হইয়া সংগ্রামে আ
ইল এবং দেখ প্রতিজনের তলোবার আপন২
পক্ষীয়েরদের প্রতিকূলে ছিল তাহাতে মহামারা
মারি হইল। [২১] আরো তৎকালের পূর্ব্বে চ
তুর্দ্দিক্‌স্থ দেশহইতে পলশ্‌তীয়েরদের সহিত ছা
উনিতে গমনকারি তাহারদের অনুসঙ্গি এব্রীয়ে
রাও শাউলের ও য়োনাতানের সঙ্গে য়িশ্‌রাএলী
য়েরদের পক্ষ হইবার কারণ ফিরিল। [২২] তদ্ভিন্ন
এফরায়িমপর্ব্বতে আপনারদিগকে গোপনকারি
য়িশ্‌রাএলের সমস্ত লোকেরাও পলশ্‌তীয়েরদের
পলায়নসমাচার শুনিয়া তাহারদের পাছে২ ঘন২
চলিয়া আইল। [২৩] তদ্রীতিক্রমে য়িহুহ ঐ দি
বস য়িশ্‌রাএলের নিস্তার করিলেন এবং সংগ্রাম
বীৎআবেনে পার হইয়া গেল।

[২৪] এবং ঐ দিবস য়িশ্‌রাএলের লোকেরা ক্লে
শান্বিত হইল কেননা শাউল এ কথা কহিয়া লো
কেরদিগকে দিব্য করাইয়াছিল আমি আপন শ
ত্রুরদের প্রতীকার করি এনিমিত্তে সায়ংকালের
পূর্ব্বে অন্নগ্রহণকারি লোক শপ্ত তাহাতে লো
কেরদের কোন কেহ ভক্ষ্য আস্বাদন করিল না।
[২৫] পরে দেশস্থ সকলে এক অরণ্যে উপস্থিত
হইল এবং মৃত্তিকার উপরে মধু ছিল। [২৬]
এবং লোকেরা সে অরণ্যে আইলে দেখ মধু বি
ন্দু২ ক্ষরিল কিন্তু কেহ আপন মুখে হাত দিল না
কেননা লোকেরা ঐ শপথেতে ভীত ছিল। [২৭]
কিন্তু আপন পিতা শপথদ্বারা লোকেরদিগকে যে
কালে আজ্ঞা করিল তাহা য়োনাতান শুনে নাই
অতএব সে আপন হস্তস্থ দণ্ডাগ্র বাড়াইয়া এক
মধুর চাকে ডুবাইল পরে আপন হাত মুখে দিল
তাহাতে তাহার চক্ষুঃ প্রসন্ন হইল। [২৮] তৎকা
লে লোকেরদের মধ্যে এক জন উত্তর করিয়া ক
হিল আপনার পিতা শপথ করিয়া লোকেরদিগ
কে দৃঢ়রূপে আজ্ঞা করিয়া কহিয়াছেন যে অদ্য
অন্নগ্রহণকারি লোক শপ্ত এবং লোকেরা ক্লান্ত
ছিল। [২৯] পরে য়োনাতান কহিল আমার পি
তা দেশকে ক্লেশান্বিত করিয়াছেন আমি তোমার
দিগকে মিনতি করি যে দেখ এ মধুর যৎকিঞ্চিৎ
আস্বাদন করাতে আমার চক্ষু কেমন প্রসন্ন হই
য়াছে। [৩০] কি পুন লোকেরা শত্রুরদের
স্থানে প্রাপ্ত স্বত্বলুঠদ্রব্য অদ্য যদি স্বচ্ছন্দপূর্ব্বক
ভোজন করিত তবে কি পলশ্‌তীয়েরদের মধ্যে
এইক্ষণে তদপেক্ষা মহাহনন হইত না।

[৩১] পরে ঐ দিবসে তাহারা মিক্‌মাশাবধি
আয়ালোনপর্য্যন্ত পলশ্‌তীয়েরদিগকে মারিল তা
হাতে লোকেরা অতিক্লান্ত হইল। [৩২] এবং
লোকেরা লুঠদ্রব্যোপরি দৌড়িয়া মেষ গরু বাছুর
ধরিয়া মৃত্তিকার উপরি হনন করিল এবং লোকে
রা রক্তসুদ্ধ খাইতে লাগিল।

[৩৩] অপর তাহারা শাউলকে অবগত করাই
য়া কহিল দেখ লোকেরা রক্তসুদ্ধ খাওয়াতে য়ি
হুহের প্রতিকূলে পাপ করিতেছে তাহাতে সে ক
হিল তোমরা অতিক্রম করিয়াছ আমার নিকটে
অদ্য এক বৃহৎ প্রস্তর গড়াইয়া আন। [৩৪] পরে
শাউল কহিল আপনারদিগকে লোকেরদের ম
ধ্যে ছড়াইয়া তাহারদিগকে কহ প্রত্যেক জন এই
স্থানে আপন২ গরু ও প্রত্যেক জন আপন২ মেষ
আমার নিকটে আনিয়া এস্থানে মারিয়া খাউক
এবং রক্তসুদ্ধ খাওনদ্বারা য়িহুহের প্রতিকূলে
পাপ করিও না তাহাতে প্রত্যেক জন আপন২ গরু
সেই রাত্রিতে সঙ্গে করিয়া আনিয়া সেস্থানে মা
রিল। [৩৫] এবং শাউল য়িহুহের উদ্দেশে
এক যজ্ঞবেদি গাঁথিল য়িহুহের উদ্দেশে গ্রন্থিত
ঐ বেদি তাহার প্রথম বেদি হইল।

[৩৬] অপর শাউল কহিল আইস আমরা রা
ত্রিকালে পলশ্‌তীয়েরদের পাছে২ যাইয়া অরু
ণোদয় না হওয়াপর্য্যন্ত তাহারদিগকে নষ্ট করি
এবং তাহারদের মধ্যে এক জনকেও বাঁচাইয়া না
রাখি তাহাতে তাহারা কহিল আপনকার প্রতি
যাহা ভাল লাগে তাহা করুন পরে যাজক কহিল
আইস আমরা এস্থানে য়িহুহের নিকটবর্ত্তী হই।
[৩৭] অপর শাউল ঈশ্বরের উদ্দেশে পরামর্শ প্রা
র্থনা করিল যে আমি কি পলশ্‌তীয়েরদের প
শ্চাৎ যাইব আপনি কি তাহারদিগকে য়িশ্‌রাএ
লের হস্তগত করিবেন কিন্তু ঐ দিবস তিনি তাহা
কে উত্তর দিলেন না। [৩৮] পরে শাউল কহিল
হে লোকেরদের প্রধানেরা তোমরা সকলে নিকট
বর্ত্তী হও এবং অদ্য কৃত এ পাপ কোন বিষয়ে
হইয়াছে তাহা অবগত হও এবং দেখ। [৩৯]
যেহেতুক য়িশ্‌রাএলোদ্ধারকারি য়িহুহ জীবৎ
হইলে তাহা যদি আমার পুত্র য়োনাতানেতে
হয় তবে সে অবশ্য মরিবে কিন্তু তাবল্লোকের
দের মধ্যে এক মনুষ্যও তাহাকে উত্তর দিল না।
[৪০] পরে সে তাবৎ য়িশ্‌রাএলকে কহিল তোম
রা এক পক্ষ হও এবং আমি ও আমার পুত্র য়ো
নাতান অন্য পক্ষ হইব তাহাতে লোকেরা শাউ
লকে কহিল আপনাকে যাহা ভাল লাগে তাহা
করুন। [৪১] অতএব শাউল য়িশ্‌রাএলের ঈ
শ্বর য়িহুহকে কহিল যথার্থ বাঁট দিউন তাহাতে
শাউল এবং য়োনাতান ধরা পড়িল কিন্তু লো
কেরা বাঁচিয়া গেল। [৪২] পরে শাউল কহিল

আমার ও আমার পুত্র য়োনাতানের মধ্যে বাঁট
ফেল তাহাতে য়োনাতান ধরা পড়িল। [৪৩]
অপর শাউল য়োনাতানকে কহিল তুমি কি করি
য়াছ আমাকে কহ তাহাতে য়োনাতান তাহাকে
অবগত করাইয়া কহিল আমি আপন হস্তস্থ দ
ণ্ডাগ্রদ্বারা অল্প মধু আস্বাদনমাত্র করিলাম
এবং দেখ আমার মরিতে হইবে। [৪৪] তাহা
তে শাউল উত্তর করিল ঈশ্বর তদ্রূপ এবং ততো
ধিকও করুন যেহেতুক হে য়োনাতান তুমি অব
শ্য মরিবা। [৪৫] তাহাতে লোকেরা শাউলকে
কহিল য়িশ্রাএলের মধ্যে এ মহানিস্তারনিষ্পা
দক য়োনাতান কি মরিবে তাহা না হউক য়ি
হুহ জীবৎ হইলে তাহার মস্তকের এক কেশ ও
মৃত্তিকাতে পড়িবে না কেননা অদ্য তিনি ঈশ্বরের
সহিত কর্ম্মসাধন করিয়াছেন এতদ্রূপে লোকেরা
য়োনাতানকে রক্ষা করিল তাহাতে সে মরিল না।
[৪৬] পরে শাউল পলশতীয়েরদের পশ্চাৎ২ গ
মনে ক্ষান্ত হইয়া চলিয়া গেল এবং পলশতীয়ে
রা স্বস্বস্থানে গেল।

[৪৭] এ রীতিক্রমে শাউল য়িশ্রাএলের রাজ্য
গ্রহণ করিয়া সর্ব্বদিগে আপন সমস্ত শত্রুরদের
সহিত যুদ্ধ করিল বিশেষতঃ মোআবের ও অ
মোনের সন্তানেরদের ও এদামের ও সোবাখের
রাজারদের ও পলশতীয়েরদের সহিত এবং যে
কোনদিগে সে আপনাকে ফিরাইল সে দিগে
তাহারদিগকে ক্লিষ্ট করিল। [৪৮] পরে সৈন্য
সংগ্রহ করিয়া সে অমালেকীয়েরদিগকে প্রহার
করিল এবং য়িশ্রাএলকে নাশকারিরদের হস্ত
হইতে উদ্ধার করিল।

[৪৯] অপর য়োনাতান ও য়িসূঈ ও মলকিশূ
অ৷ শাউলের পুত্র ছিল এবং তাহার দুই কন্যার
নাম এই অর্থাৎ প্রথম জাতার নাম মেরব এবং
কনিষ্ঠার নাম মীকাল। [৫০] এবং শাউলের
ভার্য্যার নাম অখীনোআম সে অখীমআসের
কন্যা এবং তাহার সৈন্যের সেনাপতির নাম আ
বনের সে শাউলের খুড়া নেরের পুত্র। [৫১]
এবং কীশ শাউলের পিতা এবং আবনেরের
পিতা নের অবীএলের পুত্র। [৫২] এবং শা
উলের তাবৎকাল পলশতীয়েরদের সহিত ঘোর
তর যুদ্ধ ছিল এবং শাউল কোন বলবান মনু
ষ্যকে বা যুদ্ধবীরকে দেখিয়া তাহাকে আপ
নার নিকটে গ্রহণ করিত।

## ১৫ পর্ব্ব।

[১] অপর শিমূএল শাউলকে কহিল য়িহুহ আ
পন লোকেরদের উপরে অর্থাৎ য়িশ্রাএলের
উপরে তোমাকে রাজপদে অভিষিক্ত করিতে আ
মাকে প্রেরণ করিলেন অতএব এখন তুমি য়িহু
হের বাক্যের শব্দেতে অবধান কর। [২] সৈন্যের
য়িহুহ এ কথা কহেন য়িশ্রাএলের প্রতি অমালে
কের কৃত কার্য্য আমি স্মরণ করি মিসরহইতে সে
যখন বাহির হইয়া আইল তখন পথে সে যেরূ
পে তাহার জন্যে লুক্কায়িত হইয়া রহিয়াছিল।
[৩] এখন যাও অমালেককে প্রহার কর এবং
তাহারদের সর্ব্বত্র নিঃশেষরূপে সংহার কর এ
বং তাহারদিগকে ক্ষমা করিও না কিন্তু পুরুষ স্ত্রী
বালক স্তনপায়ি বালক গরু মেষ উট গর্দ্দভ সক
লকে হনন কর। [৪] অপর শাউল লোকেরদি
গকে সমারোহ করিয়া টিলাইমে তাহারদিগকে
গণনা করিল অর্থাৎ দুই লক্ষ পদাতিক এবং য়ি
হুদাহের দশসহস্র লোক। [৫] পরে শাউল
অমালেকের এক নগরে আইল এবং তলভূমি
তে লুক্কায়িত হইয়া রহিল।

[৬] এবং শাউল কেনীয়েরদিগকে কহিল
যাও প্রস্থান কর অমালেকীয়েরদের মধ্যহইতে
চলিয়া যাও পাছে তাহারদের সহিত আমি তো
মারদিগকে সংহার করি যেহেতুক মিসরহইতে
য়িশ্রাএলের সন্তানেরদের বাহির হইয়া আইস
নকালে তোমরা তাহারদের সকলের প্রতি প্রীতি
দর্শাইয়াছিলা তাহাতে কেনীয়েরা অমালেকী
য়েরদের মধ্যহইতে প্রস্থান করিল। [৭] পরে
শাউল খবীলাহ্ অবধি মিসরসম্মুখস্থ শূরে পঁহু
ছনস্থানপর্য্যন্ত অমালেকীয়েরদিগকে মারিল।
[৮] এবং সে অমালেকীয়েরদের অগগরাজাকে
জীবৎ ধরিল এবং তলোবারের ধারেতে সমস্ত
লোকেরদিগকে সংহার করিল। [৯] কিন্তু শাউ
ল এবং লোকেরা অগগকে ও মেষেরদের ও গ
রুরদের ও পুষ্ট পশুরদের ও মেষশাবকেরদের ও
উত্তমসকলের উত্তমতর রক্ষণ করিল এবং সে সক
ল নিঃশেষরূপে সংহার করিল না কিন্তু মন্দ ও
অকর্ম্মণ্য প্রত্যেক দ্রব্যকে তাহারা নিঃশেষরূপে
সংহার করিল।

[১০] অপর এই বাক্যবাদি য়িহুহের বচন
শিমূএলের নিকটে উপস্থিত হইল। [১১] শাউ
লকে রাজাকরণেতে আমার অনুতাপ জন্মিয়াছে
যেহেতুক সে আমার পশ্চাদ্বর্ত্তিহওনবিষয়ে বি
মুখ হইয়াছে এবং আমার আজ্ঞা প্রতিপালন
করে নাই ইহাতে শিমূএল শোকান্বিত হইল এ
বং সে সমস্ত রাত্রি য়িহুহের উদ্দেশে প্রার্থনা
করিল। [১২] অপর প্রভাতে শাউল শিমূএলের
সঙ্গে দেখা করিতে প্রত্যূষে উঠিলে শিমূএলকে
কহা গেল যে শাউল করমেলে আসিয়াছিল এ
বং দেখ সে এক স্থান স্থাপন করিয়া গিয়াছে
এবং প্রস্থান করিয়া গিলগালে চলিয়া গিয়াছে।
[১৩] পরে শিমূএল শাউলের নিকটে আইল

এবং শাউল তাহাকে কহিল আপনি য়িহুহেতে
আশীঃপ্রাপ্ত আমি য়িহুহের আজ্ঞাপালন করি
য়াছি । [১৪] তাহাতে শিমুএল কহিল তবে আ
মার কর্ণে মেষেরদের যে শব্দ এবং গরুরদের যে
ডাক আমি শুনিতেছি তাহার অর্থ কি । [১৫]
তাহাতে শাউল কহিল তাহারা অমালেকীয়েরদি
গহইতে তাহা আনিয়াছে যেহেতুক আপনকার
ঈশ্বর য়িহুহের উদ্দেশে নিবেদনার্থে লোকেরা
মেষের ও গরুর উত্তমতরকে রক্ষা করিয়াছে এবং
অবশিষ্ট সকলকে আমরা নিঃশেষরূপে নষ্ট ক
রিয়াছি । [১৬] পরে শিমুএল শাউলকে কহিল
তিষ্ঠ এবং য়িহুহ গত রাত্রি আমাকে যাহা কহি
য়াছেন তাহা আমি তোমাকে কহিব তাহাতে
সে তাহাকে কহিল কহুন । [১৭] পরে শিমুএল
কহিল তুমি যখন আপন দৃষ্টিতে ক্ষুদ্র ছিলা ত
খন কি তুমি য়িশ্রাএলের গোষ্ঠীরদের প্রধান
করা গেলা না এবং য়িহুহ তোমাকে য়িশ্রাএ
লের উপরে রাজ্যাভিষিক্ত করিলেন । [১৮] এবং
য়িহুহ তোমাকে এক যাত্রায় প্রেরণ করিয়া কহি
লেন যাও এবং পাপিরদিগকে অর্থাৎ অমালে
কীয়েরদিগকে নিঃশেষরূপে নষ্ট কর এবং তাহা
রদের সংহার না হওয়াপর্য্যন্ত তাহারদের সহিত
যুদ্ধ কর । [১৯] অতএব তুমি য়িহুহের বাক্য কেন
মান নাই কিন্তু লুঠের উপরে দৌড়িয়া পড়িয়াছ
এবং য়িহুহের দৃষ্টিতে মন্দ কার্য্য করিয়াছ ।
[২০] তাহাতে শাউল শিমুএলকে কহিল বটে
আমি য়িহুহের বাক্য মানিয়াছি এবং য়িহুহ যে
পথে আমাকে প্রেরণ করিলেন সে পথে গিয়াছি
এবং অমালেকের রাজা অগগকে আনিয়াছি ও
অমালেকীয়েরদিগকে নিঃশেষরূপে সংহার ক
রিয়াছি । [২১] কিন্তু গিলগালে য়িহুহ তো
মার ঈশ্বরের উদ্দেশে নিবেদনার্থে লোকেরা নিঃ
শেষরূপে নাশ্য দ্রব্যের শ্রেষ্ঠ অর্থাৎ মেষ ও গরু
লুঠহইতে গ্রহণ করিয়াছে । [২২] তাহাতে শি
মুএল কহিল য়িহুহের বাক্যমাননে যেমন তেম
ন কি হোমেতে ও বলিদানেতে য়িহুহ তুষ্ট হন
দেখ বল্যপেক্ষা আজ্ঞাপালন এবং মেষের চর
বিঅপেক্ষা বাক্যাবধান উত্তম । [২৩] যেহেতুক
আজ্ঞাতিক্রম ডাইনপনা পাপস্বরূপ এবং এক
গুঁয়ামি অধর্ম্ম ও দেবপূজাস্বরূপ তুমি য়িহুহের
বাক্য ত্যাগ করিয়াছ এপ্রযুক্ত তিনি তোমাকে রা
জাহওনবিষয়ে ত্যাগ করিয়াছেন ।

[২৪] পরে শাউল শিমুএলকে কহিল আমি
পাপ করিয়াছি যেহেতুক লোকেরদিগকে ভয়
করাতে ও তাহারদের কথায় অবধান করাতে
আমি য়িহুহের আজ্ঞা ও আপনকার বাক্য লং
ঘন করিয়াছি । [২৫] অতএব এখন আমি তো
মাকে মিনতি করি আমার পাপ ক্ষমা কর এবং
আমার সহিত ফির যে আমি য়িহুহের ভজনা
করি । [২৬] তাহাতে শিমুএল শাউলকে কহিল
আমি তোমার সহিত ফিরিয়া যাইব না কেননা
তুমি য়িহুহের বাক্য ত্যাগ করিয়াছ এবং তিনি
য়িশ্রাএলোপরি রাজাহওনবিষয়ে তোমাকে
ত্যাগ করিয়াছেন । [২৭] পরে শিমুএল প্রস্থান
করিবার কারণ ফিরিতেছিল ইতিমধ্যে শাউল তা
হার বস্ত্রাগ্র ধরাতে তাহা ছিঁড়িল । [২৮] তাহা
তে শিমুএল তাহাকে কহিল য়িহুহ অদ্য তো
মাহইতে য়িশ্রাএলের রাজ্য কাড়িয়া লইয়া
ছেন এবং তোমাহইতে উত্তম তোমার এক প্রতি
বাসিকে দিয়াছেন । [২৯] এবং য়িশ্রাএলের
শক্তিস্বরূপ মিথ্যা কথা কহিবেন না ও অনুতাপ
করিবেন না যেহেতুক তিনি মানুষ নহেন যে তি
নি অনুতাপ করিবেন । [৩০] তাহাতে সে কহি
ল আমি পাপ করিয়াছি আমি মিনতি করি আ
মার লোকেরদের প্রাচীনেরদের সম্মুখে ও য়িশ্
রাএলের সম্মুখে আমাকে এখন সম্মান কর
এবং আমার সহিত পুনর্ব্বার ফির যে আমি
য়িহুহ আপনকার ঈশ্বরের ভজনা করি । [৩১]
তাহাতে শিমুএল শাউলের পশ্চাৎ পুনর্ব্বার
ফিরিয়া গেল এবং শাউল য়িহুহের ভজনা ক
রিল ।

[৩২] পরে শিমূএল কহিল তোমার এস্থানে
আমার নিকটে অমালেকীয়েরদের রাজা অগগ
কে আন তাহাতে অগগ তাহার নিকটে কোমল
রূপে আইল পরে অগগ কহিল নিশ্চয়ে মরণের
তিক্ততা গত হইয়াছে । [৩৩] এবং শিমুএল ক
হিল তোমার তলোআর স্ত্রীলোকেরদিগকে যে
মন সন্ততিশূন্যা করিয়াছে তেমন স্ত্রীরদের মধ্যে
তোমার মাতা সন্তানহীনা হইবে পরে শিমুএল
গিলগালে য়িহুহের সাক্ষাৎ অগগকে কাটিয়া
খণ্ড২ করিল ।

[৩৪] পরে শিমুএল রামাহে গেল এবং শাউ
ল আপন বাটীতে শাউলের গিবিআহে গেল ।
[৩৫] এবং শাউলের মরণদিবসপর্য্যন্ত শিমূএল
তাহাকে দেখিতে আর আইল না তথাপি শিমূ
এল শাউলের জন্যে শোক করিল এবং য়িহুহ
যে শাউলকে য়িশ্রাএলোপরি রাজা করিয়াছি
লেন ইহাতে অনুতাপ করিলেন ।

১৬ পর্ব্ব ।

[১] অপর য়িহুহ শিমুএলকে কহিলেন তুমি
শাউলের নিমিত্তে কত কাল শোক করিবা যেহে
তুক আমি তাহাকে য়িশ্রাএলোপরি রাজাহও
নবিষয়ে ত্যাগ করিয়াছি তোমার শৃঙ্গ তৈলেতে
পূর্ণ করিয়া যাও আমি তোমাকে বৈৎলেহেমীয়

য়িশির নিকটে পাঠাইব কেননা তাহার পুত্রের
দের মধ্যে আমি আপনার জন্যে এক জন রাজা
প্রস্তুত করিয়াছি। [২] তাহাতে শিমুএল কহিল
আমি কি প্রকারে যাইতে পারি শাউল যদি শুনে
তবে সে আমাকে মারিয়া ফেলিবে পরে য়িহুহ
কহিলেন এক বকনা আপনার সহিত লও এবং
কহ আমি য়িহুহের উদ্দেশে যজ্ঞ করিতে আসি
য়াছি। [৩] এবং যজ্ঞের নিমিত্তে য়িশিকে নিমন্ত্রণ
কর তাহাতে তোমার কর্ত্তব্য আমি তোমাকে জা
নাইব এবং আমি যাহার নাম তোমাকে কহিব
তাহাকে তুমি অভিষিক্ত করিবা। [৪] পরে
শিমুএল য়িহুহকর্ত্তৃক আজ্ঞপ্ত ক্রিয়া করিয়া বীৎ
লেখেমে আইল এবং নগরের প্রাচীনেরা তা
হার আইসনেতে কম্পমানা হইয়া কহিল আপ
নি কি কুশলপূর্ব্বক আসিতেছেন। [৫] তাহাতে
সে কহিল কুশলপূর্ব্বক আমি য়িহুহের উদ্দেশে
যজ্ঞ করিতে আসিয়াছি আপনারদগকে পবিত্র
করিয়া আমার সহিত যজ্ঞেতে আইস পরে সে
য়িশিকে ও তাহার পুত্রেরদিগকে পবিত্র করিয়া
তাহারদিগকে যজ্ঞেতে ডাকিল।

[৬] অপর এমত হইল তাহারা আইলে সে
এলীআবের উপরে দৃষ্টি করিয়া কহিল নিশ্চয়ে
য়িহুহের অভিষিক্ত তাঁহার গোচরে। [৭] কিন্তু
য়িহুহ শিমূএলকে কহিলেন তাহার বদনোপরি
কিম্বা তাহার দৈর্ঘ্যোপরি দৃষ্টি করিও না কেননা
আমি তাহাকে অগ্রাহ্য করিয়াছি যেহেতুক মনু
ষ্য যেমন দেখে য়িহুহ তেমন দেখেন না কেননা
মনুষ্য বাহ্য রূপ দেখে কিন্তু য়িহুহ অন্তঃকরণ
দেখেন। [৮] পরে য়িশি আবীনাদাবকে ডাকা
ইয়া তাহাকে শিমূএলের সম্মুখ দিয়া গতি করা
ইল তাহাতে সে কহিল য়িহুহ ইহাকেও মনো
নীত করেন নাই। [৯] পরে য়িশি শিমাহ্কে
সম্মুখ দিয়া গতি করাইল তাহাতে সে কহিল য়ি
হুহ ইহাকেও মনোনীত করেন নাই। [১০] পু
নশ্চ য়িশি আপন সাত পুত্রকে শিমুএলের সম্মু
খ দিয়া গতি করাইল তাহাতে শিমূএল য়িশিকে
কহিল য়িহুহ ইহারদিগকে মনোনীত করেন
নাই। [১১] পরে শিমুএল য়িশিকে কহিল তো
মার সমস্ত সন্তান কি এই স্থানে আছে তাহাতে
সে কহিল কনিষ্ঠ এখনও অবশিষ্ট আছে এবং
দেখ সে মেষ চরাইতেছে তাহাতে শিমুএল য়ি
শিকে কহিল পাঠাইয়া তাহাকে আনাও কেননা
সে এস্থানে যাবৎ না আইসে তাবৎ আমরা বসি
ব না। [১২] পরে সে পাঠাইয়া তাহাকে অন্ত
রে আনাইল সে ঈষদ্রক্তবর্ণ ও সর্ব্বপ্রকার সুবদন
ও সুদৃশ্য ছিল এবং য়িহুহ কহিলেন উঠ তাহার
অভিষেক কর কেননা এই সে। [১৩] তাহাতে
শিমুএল তৈলশৃঙ্গ লইয়া তাহার ভ্রাতারদের
মধ্যে তাহার অভিষেক করিল তাহাতে সে দিব
সাবধি করিয়া য়িহুহের আত্মা দাউদের উপরে
আইল পরে শিমুএল উঠিয়া রামাহে গেল।

[১৪] কিন্তু য়িহুহের আত্মা শাউলহইতে
প্রস্থান করিল এবং য়িহুহের নিকটহইতে আ
গত এক দুষ্টাত্মা তাহাকে ক্লিষ্ট করিল। [১৫]
তাহাতে শাউলের দাসেরা তাহাকে কহিল দেখ
এখন ঈশ্বরের নিকটহইতে আগত এক দুষ্ট আ
ত্মা আপনাকে ক্লিষ্ট করে। [১৬] আমারদের
প্রভু বীণাবাজানে দক্ষ এক জনকে অন্বেষণ করি
তে আপন নিকটবর্ত্তি দাসেরদিগকে এইক্ষণে
আজ্ঞা করুন এবং এমত হইবে ঈশ্বরের নিকটহই
তে আগত দুষ্টাত্মা যখন আপনকার উপরে আ
ইসে তখন সে হস্তদ্বারা বাজাইবে তাহাতে আ
পনি ভাল হইবেন। [১৭] তাহাতে শাউল আ
পন দাসেরদিগকে কহিল এক জন নিপুণ বাদ্য
কর আমার জন্যে অন্বেষণ করিয়া আন এবং
আমার নিকটে আন। [১৮] অপর এক জন
দাস প্রত্যুত্তর করিয়া কহিল দেখ বাজানেতে নি
পুণ মহাবীর ও যোদ্ধা ও বিষয়ে পরিণামদর্শী
ও রূপবান বীৎলেখেমীয় য়িশির এক পুত্রকে
আমি দেখিয়াছি এবং য়িহুহ তাহার সহবর্ত্তী
আছেন।

[১৯] অতএব শাউল য়িশির নিকটে দূত প্রে
রণ করিয়া কহিল মেষের সহিত তোমার যে পুত্র
দাউদ আছে তাহাকে আমার নিকটে প্রেরণ
কর। [২০] তাহাতে য়িশি রুটি ও এক পাত্র দ্রা
ক্ষারস ও এক ছাগবৎসসুদ্ধ এক গাধা আপন
পুত্র দাউদের দ্বারা শাউলের নিকটে পাঠাইয়া
দিল। [২১] পরে দাউদ শাউলের নিকটে আ
সিয়া তাহার সম্মুখে দাঁড়াইল এবং সে তাহাকে
অতিশয় প্রেম করিল তাহাতে সে তাহার অস্ত্র
বাহক হইল। [২২] পরে শাউল য়িশির নিকটে
পাঠাইয়া কহিল আমি তোমাকে মিনতি করি দা
উদকে আমার সম্মুখে দাঁড়াইতে দেও কেননা
সে আমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়াছে। [২৩]
অপর এমত হইল ঈশ্বরের নিকটহইতে আগত
আত্মা যখন শাউলের উপরে আইল তখন দা
উদ বীণা গ্রহণ করিয়া আপন হস্তদ্বারা বাজাইত
এতদ্রূপে শাউল আপ্যায়িত হইয়া সুস্থ হইত
এবং দুষ্টাত্মা তাহাকে ত্যাগ করিয়া যাইত।

## ১৭ পর্ব্ব।

[১] অপর পলেশ্তীয়েরা সংগ্রামার্থে আপ
নারদের সৈন্যেরদিগকে একত্র করিয়া য়িহুদাহ্
অধিকারস্থ শোকোহে সমারোহী হইয়া শো
কোহের ও অজেকাহের মধ্যে এফেসদম্মীমে স্থা

উনি ফেলিল। [২] এবং শাউল ও য়িশ্রাএ
লের লোকেরা সমারোহী হইয়া এলাহের তল
ভূমিসমীপে ছাউনি ফেলিয়া পলশ্তীয়েরদের
প্রতিকূলে ব্যূহ করিল। [৩] এবং পলশ্তীয়ে
রা একদিগে এক পর্ব্বতোপরি দাঁড়াইল এবং
য়িশ্রাএল অন্য দিগে এক পর্ব্বতোপরি দাঁড়া
ইল এবং তাহারদের মধ্যে এক তলভূমি ছিল।

[৪] অপর ছয় হাত এক বিঘত দীর্ঘ গাতীয়
গোলিয়াত নামে এক জন বীর পলশ্তীয়েরদের
ছাউনিহইতে বাহির হইল। [৫] এবং তাহার
মস্তকোপরি পিত্তলের এক টোপর এবং সে ব
র্ম্মেতে সজ্জিত ছিল এবং ঐ বর্ম্মের পরিমাণ প
ঞ্চসহস্র শেকেল পিতল। [৬] এবং তাহার পাদে
পিত্তলের মোজা এবং তাহার স্কন্ধমধ্যে পিত্ত
লের ফলক [৭] এবং তাহার শল্যের দণ্ড তাঁতির
নরাজের মত ও তাহার শল্যের ফাল ছয়শত শে
কেল লৌহ এবং ফলকধারি এক জন তাহার অ
গ্রে২ চলিল। [৮] পরে সে দাঁড়াইয়া য়িশ্রাএ
লের সৈন্যেরদিগকে ডাকিয়া কহিল তোরা সং
গ্রাম করণার্থে কেন বাহির হইয়া আসিয়া
ছিস আমি কি এক জন পশ্লতীয় নই এবং
তোরা কি শাউলের দাস নহিস তোরা আপনার
দের জন্যে এক লোক বাছিয়া ল এবং সে
আমার স্থানে আইসুক। [৯] সে যদি আমার
সহিত যুদ্ধ করিয়া আমাকে মারিতে পারে তবে
আমরা তোরদের দাস হইব কিন্তু আমি যদি
তারে পরাস্ত করিয়া তাকে মারি তবে তোরা
আমারদের দাস হইয়া আমারদের সেবা করি
বি। [১০] পরে ঐ পলশ্তীয় কহিল আমি
অদ্য য়িশ্রাএলের সৈন্যরদিগকে আস্পর্দ্ধা করি
আমাকে এক লোক দেও যে আমরা পরস্পর
যুদ্ধ করি। [১১] শাউল ও সমস্ত য়িশ্রাএল ঐ
পলশ্তীয়ের সে বাক্য শুনিলে তাহারা নিরাশ
এবং অতিশয় ভীত হইল।

[১২] অপর বীৎলেখেম য়িহুদাহ্স্থ যে এফ
রায়িমীয়ের নাম য়িশি তাহার পুত্র দাউদ ছিল
এবং তাহার অষ্ট পুত্র ছিল এবং শাউলের সম
য়ে ঐ মনুষ্য লোকেরদের মধ্যে বৃদ্ধ মনুষ্যরূপে
মান্য ছিল। [১৩] এবং য়িশির তিন জেষ্ঠ পুত্র
যাইয়া শাউলের পাছে২ সংগ্রামে গেল এবং
সংগ্রামগামি তাহার তিন পুত্রের নাম এই২
জ্যেষ্ঠ এলীআব তাহার পরে আবীনাদাব ও তৃ
তীয় শমাহ্। [১৪] এবং দাউদ কনিষ্ঠ ছিল
এবং জ্যেষ্ঠ তিন জন শাউলের অনুগামী ছিল।
[১৫] কিন্তু দাউদ যাইয়া আপন পিতার মেষের
দিগকে বীৎলেখেমে চরাণার্থে শাউলের নিকট
হইতে ফিরিয়া আইল। [১৬] এবং এ পলশ্
তীয় প্রাতঃকালে ও সন্ধ্যাকালে নিকটে আসিয়া
চল্লিশ দিবস ব্যাপিয়া আপনাকে দর্শাইল।
[১৭] অপর য়িশি আপন পুত্র দাউদকে কহিল
তুমি এইক্ষণে আপন ভ্রাতারদের নিমিত্তে এই
ভাজা শস্য এক এফাহ্ এবং এ দশ রুটি লইয়া
সৈন্যস্থলস্থ আপন ভ্রাতারদের নিকটে দৌড়িয়া
যাও। [১৮] এবং এ দশ পনীর তাহারদের
সহস্রপতির নিকটে লইয়া যাও এবং দেখ তো
মার ভ্রাতারা কেমন অবস্থায় আছে এবং তা
হারদের বন্ধক লও। [১৯] এ সময়ে শাউল ও
তাহারা এবং য়িশ্রাএলের সমস্ত লোক এলাহ্
তলভূমিতে পলশ্তীয়েরদের সহিত যুদ্ধ করিতে
ছিল।

[২০] পরে দাউদ প্রত্যূষে উঠিয়া মেষেরদিগ
কে এক জন রাখালের হস্তে রাখিয়া য়িশি তাহা
কে যেমন আজ্ঞা করিয়াছিল তেমন লইয়া চলি
য়া গেল এবং সৈন্য যে সময়ে রণে বাহির হইয়া
যাইতেছিল এবং সংগ্রামার্থে সিংহনাদ করিতে
ছিল সে সময়ে পরিখার নিকটে উপস্থিত হইল।
[২১] যেহেতুক য়িশ্রাএল ও পলশ্তীয়েরা সৈ
ন্যের অভিমুখ সৈন্য এইক্রমে ব্যূহস্থ হইয়াছি
ল। [২২] পরে দাউদ বাহনরক্ষকের হাতে আ
পন বাহন রাখিয়া সৈন্যের মধ্যে দৌড়িয়া গেল
এবং আসিয়া আপন ভ্রাতারদিগকে বন্দনা
করিল। [২৩] এবং সে তাহারদের সহিত কথা
কহিতেছে ইতোমধ্যে দেখ গাতের পলশ্তীয়
গোলিয়াত নামে বীর পলশ্তীয়েরদের সৈন্যের
দের মধ্যহইতে বাহির হইয়া আসিয়া সেই বা
ক্যানুযায়ি কথা কহিল তাহাতে দাউদ শুনিল।
[২৪] এবং য়িশ্রাএলের তাবল্লোক ঐ মানুষ
কে দেখিলে তাহার নিকটহইতে পলাইল এবং
অতিশয় ভীত হইল। [২৫] পরে য়িশ্রাএলের
লোকেরা কহিল এ যে মনুষ্য আসিয়াছে তোম
রা কি তাহাকে দেখিয়াছ নিশ্চয়ে য়িশ্রাএলের
স্পর্দ্ধা করিতে সে আসিয়াছে এবং এমত হইবে
যে লোক তাহাকে বধ করে তাহাকে রাজা
মহাধনেতে ধনবান করিবেন এবং আপন কন্যা
তাহাকে দান করিবেন এবং য়িশ্রাএলের মধ্যে
তাহার পিতৃবংশ মুক্ত করিবেন। [২৬] পরে
দাউদ আপন সমীপে দণ্ডায়মান লোকেরদিগ
কে কহিল এ পলশ্তীয়কে হনন করিয়া য়িশ্রা
এলহইতে অপমান খণ্ডনকারি লোকের প্রতি কি
করা যাইবে যেহেতুক অচ্ছিন্নত্বক্ ঐ পলশ্
তীয় কে যে সে জীবৎ ঈশ্বরের সৈন্যেরদের আ
স্পর্দ্ধা করে। [২৭] তাহাতে লোকেরা ইহা কহি
য়া এই রীতিক্রমে তাহাকে উত্তর দিল তাহাকে
হননকারি লোকের প্রতি এই মত করা যাইবে।

[২৮] এবং সে যখন ঐ মনুষ্যেরদের সহিত
কথা কহিতেছিল তখন তাহার জেষ্ঠ ভ্রাতা এলী
আব শুনিল তাহাতে এলীআবের ক্রোধ দাউ
দের প্রতিকূলে প্রজ্বলিত হওয়াতে সে কহিল তুই
এস্থানে কেন আইলি এবং ঐ অল্প মেষ অর
ণ্যে কাহার সহিত রাখিয়া আসিয়াছিস আমি
তোর অহঙ্কার ও তোর অন্তঃকরণের দুষ্টতা জা
নি কেননা যুদ্ধ দেখিবার নিমিত্তে তুই আসিয়া
ছিস। [২৯] তাহাতে দাউদ কহিল এখন আ
মি কি করিয়াছি কারণ কি নাই।

[৩০] পরে সে তাহাকে ছাড়িয়া অন্য এক
লোকের প্রতি ফিরিয়া তদ্রীত্যনুক্রমে কথা কহিল
তাহাতে লোকেরা তাহাকে পুনর্ব্বার পূর্ব্বরীত্য
নুক্রমে উত্তর দিল। [৩১] এবং দাউদেতে উক্ত
বাক্য শ্রুত হইলে তাহারা তাহা শাউলের গোচ
রে কহিল তাহাতে সে তাহাকে আনিতে পাঠা
ইল।

[৩২] পরে দাউদ শাউলকে কহিল তার বিষ
য়ে কোন মনুষ্যের অন্তঃকরণ নিরাশ না হউক
আপনকার দাস যাইয়া ঐ পলশতীয়ের সহিত
যুদ্ধ করিবে। [৩৩] তাহাতে শাউল দাউদকে
কহিল তুমি ঐ পলশতীয়ের সহিত যুদ্ধার্থে তা
হার প্রতিকূলে যাওনে সমর্থ নও যেহেতুক তুমি
যুবা এবং সে যুবকালাবধি যোদ্ধা। [৩৪] তা
হাতে দাউদ শাউলকে কহিল আপনকার দাস
আপন পিতার মেষ চরাইতেছিল তাহার মধ্যে
এক সিংহ ও এক ভল্লূক আসিয়া পালের মধ্যহ
ইতে এক মেষবৎস ধরিয়া লইল। [৩৫] এবং
আমি তাহার পাছে২ যাইয়া তাহাকে মারিয়া
তাহার মুখহইতে তাহা উদ্ধার করিলাম পরে
সে আমার প্রতিকূলে উঠিলে আমি তাহার দা
ড়ি ধরিয়া তাহাকে আঘাত করিয়া মারিয়া ফে
লিলাম। [৩৬] আপনকার দাস সে সিংহ ও
সে ভালূক এই উভয়কে মারিয়া ফেলিল এবং
অচ্ছিন্নত্বক্ এ পলশতীয় জীবৎ ঈশ্বরের সৈন্যের
দের আস্পর্দ্ধা করণপ্রযুক্ত তাহারদের একের মত
হইবে। [৩৭] দাউদ আরো কহিল ঐ সিংহের
এবং ঐ ভালূকের পাঞ্জাহইতে উদ্ধারকারি য়ি
হুহ আমাকে এ পলশতীয়ের হস্তহইতে উদ্ধার
করিবেন তাহাতে শাউল দাউদকে কহিল যাও
এবং য়িহুহ তোমার সহবর্ত্তী হউন।

[৩৮] পরে শাউল আপন সজ্জাতে দাউদকে
সসজ্জ করিল এবং তাহার মস্তকোপরি এক পি
ত্তলের টোপর দিল এবং এক বর্ম্মেতেও তাহা
কে সসজ্জ করিল। [৩৯] পরে দাউদ আপন
সাজের উপরে আপন তলোআর বাঁধিল এবং
গমনে উপক্রম করিল যেহেতুক সে তাহার প
রীক্ষা করে নাই পরে দাউদ শাউলকে কহিল
ইহা লইয়া আমি যাইতে পারি না কেননা আমি
তাহার পরীক্ষা করি নাই অতএব দাউদ তাহা
খুলিয়া রাখিল। [৪০] পরে সে আপন যষ্টি
হস্তে গ্রহণ করিয়া এবং খালের মধ্যহইতে পাঁচ
চিক্কণ প্রস্তর বাছিয়া লইয়া আপন সহবর্ত্তী
এক রাখালের এক ঝুলিতে অর্থাৎ এক থগলি
তে থুইল এবং তাহার ঢিলঝুঁটি তাহার হস্তে
ছিল। [৪১] পরে সে ঐ পলশতীয়ের নিকটে
গেল অপর ঐ পলশতীয় আগে বাড়িয়া দাউ
দের নিকটবর্ত্তী হইল এবং ফলকবাহি মানুষ
তাহার অগ্রে২ চলিল। [৪২] পরে ঐ পলশতীয়
এদিগ ওদিগ দেখিয়া দাউদকে দেখিতে পাইলে
সে তাহাকে তুচ্ছজ্ঞান করিল কেননা সেই যুবা
ও ঈষদ্রক্তবর্ণ ও সুন্দরবদন ছিল। [৪৩] পরে ঐ
পলশতীয় দাউদকে কহিল আমি কি কুক্কুর যে
তুই দণ্ড সঙ্গে করিয়া আমার নিকটে আসিতে
ছিস এবং সে পলশতীয় আপন দেবেরদের নাম
লইয়া দাউদকে শাপ দিল। [৪৪] পরে ঐ প
লশতীয় দাউদকে কহিল আমার এস্থানে আয়
আমি তোর মাংস শূন্যের পক্ষিরদিগকে ও মা
ঠের পশুরদিগকে দিব। [৪৫] তাহাতে দাউদ
ঐ পলশতীয়কে কহিল তুমি তলোআর ও শল্য
ও ঢাল লইয়া আমার নিকটে আসিতেছ কিন্তু
আমি তোমাকর্ত্তৃক স্পর্দ্ধান্বিত সৈন্যের য়িহুহ য়ি
শ্রাএলের সৈন্যেরদের ঈশ্বরের নামে তোমার
নিকটে আসিতেছি। [৪৬] অদ্য য়িহুহ তোমা
কে আমার হস্তগত করিবেন এবং আমি তোমা
কে মারিব ও তোমার মস্তক তোমার ধড়হইতে
পৃথক্ করিব এবং পলশতীয়েরদের সৈন্যেরদের
শব আমি অদ্য আকাশের পক্ষিরদিগকে ও পৃ
থিবীর বন্য পশুরদিগকে দিব যে পৃথিবীর তাব
লোক জানে যে য়িশ্রাএলের ঈশ্বর আছেন।
[৪৭] এবং এই সমস্ত সভা জানিবে যে য়িহুহ ত
লোআরেতে বা শল্যেতে রক্ষা করেন না যেহে
তুক সংগ্রাম য়িহুহের এবং তিনি তোমারদিগকে
আমারদের হস্তে অর্পণ করিবেন। [৪৮] অপর
এমত হইল ঐ পলশতীয় যখন উঠিয়া দাউদের
সহিত মিলিতে অভিগমন করিল তখন দাউদ ত্বরা
করিয়া ঐ পলশতীয়ের সহিত মিলনার্থে সৈন্যের
প্রতি দৌড়িল। [৪৯] পরে দাউদ আপন ঝুলি
তে আপন হাত দিয়া তাহাহইতে এক প্রস্তর
বাহির করিয়া ঢিল ঝুঁটিতে পাক দিয়া ঐ পলশতী
য়ের কপালে এমত মারিল যে সে প্রস্তর তাহার
কপালে বসিয়া গেল তাহাতে সে ভূমিতে অধো
মুখ হইয়া পড়িল। [৫০] ঐ রীতিক্রমে দাউদ
ঢিলঝুঁটির ও প্রস্তরদ্বারা ঐ পলশতীয়ের উপরে

জয়ী হইল এবং ঐ পলশ্তীয়কে মারিয়া বধ
করিল কিন্তু দাউদের হস্তে কোন তলোআর ছিল
না। [৫১] অতএব দাউদ দৌড়িয়া ঐ পলশ্তী
য়ের উপরে দাঁড়াইয়া তাহার তলোআর গ্রহণ
করিয়া তাহা কোষহইতে টানিয়া বাহির করিল
এবং তাহাকে মারিয়া তদ্দ্বারা তাহার শিরশ্ছে
দন করিল পরে যখন পলশ্তীয়েরা দেখিল
যে আমারদের বীর মরিয়াছে তখন তাহারা প
লাইল।

[৫২] অপর য়িশ্রাএলের লোকেরা ও য়িহু
দাহের লোকেরা উঠিয়া চীৎকারশব্দ করিয়া তল
ভূমিতে আইসনপর্য্যন্ত ও এক্রোণের দ্বারপর্য্যন্ত
পলশ্তীয়েরদের পাছে২ তাড়াইয়া গেল তাহা
তে পলশ্তীয়েরদের আহত লোকেরা শঅরয়ি
মের পথে গাত ও এক্রোণপর্য্যন্ত পড়িল। [৫৩]
পরে য়িশ্রাএলের সন্তানেরা পলশ্তীয়েরদের
পাছে তাড়াইয়া যাওনহইতে ফিরিয়া আইল
এবং তাহারা তাহারদের তাম্বু নষ্ট করিল। [৫৪]
পরে দাউদ ঐ পলশ্তীয়ের মস্তক লইয়া য়িরুশা
লমে আনিল কিন্তু আপনার সাজ আপন তাম্বু
তে রাখিল।

[৫৫] অপর শাউল যখন দাউদকে ঐ পলশ্
তীয়ের প্রতিকূলে নির্গমন করিতে দেখিল তখন
সে আপন সৈন্যের সেনাপতি আবনেরকে ক
হিল হে আবনের এ যুবপুরুষ কাহার পুত্র তা
হাতে আবনের কহিল হে মহারাজ আপনি জী
বৎ আছেন আমি কহিতে পারি না। [৫৬] পরে
রাজা কহিল তুমি জিজ্ঞাসা কর এ ফটক্যা কাহার
ছেলিয়া। [৫৭] অপর দাউদ পলশ্তীয়ের হনন
হইতে ফিরিয়া আসিতেছে ইতোমধ্যে আবনের
পলশ্তীয়ের মস্তকহস্ত তাহাকে লইয়া শাউলের
সাক্ষাৎ উপস্থিত করিল। [৫৮] পরে শাউল
তাহাকে কহিল হে যুবপুরুষ তুমি কাহার পুত্র
তাহাতে দাউদ উত্তর করিল আমি আপনকার
দাস বীৎলেখেমীয় য়িশির পুত্র।

## ১৮ পর্ব্ব।

[১] অপর এমত হইল সে শাউলের সহিত
কথাকহন সমাপ্ত করিলে য়োনাতানের প্রাণ
দাউদের প্রাণে সংলগ্ন হইল তাহাতে য়োনাতান
তাহাকে আপন প্রাণের তুল্য প্রেম করিল। [২]
এবং শাউল সে দিবসে তাহাকে লইয়া তাহার
পিতার বাটীতে তাহাকে আর যাইতে দিল না।
[৩] ঐ সময়ে য়োনাতান ও দাউদ এক নিয়ম ক
রিল কেনমা সে আপন প্রাণের তুল্য তাহাকে
প্রেম করিল। [৪] পরে য়োনাতান আপন গাত্রস্থ
বস্ত্র খুলিয়া তাহা ও আপন তলোআর ও ধনুক
কটিবন্ধপর্য্যন্ত আপন পরিধেয় দাউদকে দিল।
[৫] অপর শাউল যেং স্থানে দাউদকে প্রে
রণ করিল সেং স্থানে সে গেল এবং জ্ঞানপূর্ব্ব
ক আচরণ করিল তাহাতে শাউল তাহাকে যো
দ্ধারদের উপরে নিযুক্ত করিল এবং সে সমস্ত
লোকেরদের সম্মুখে ও শাউলের ভৃত্যেরদের স
ম্মুখে গ্রাহ্য ছিল। [৬] অপর এমত হইল দা
উদ যখন পলশ্তীয়কে হনন করিয়া ফিরিয়া আ
সিতেছিল তখন তাহারদের আগমনকালে স্ত্রী
লোকেরা নৃত্য ও গীত করত তবল ও আনন্দ ও
বাদ্যযন্ত্রসহকারে শাউলরাজাকে ভেটনার্থে য়িশ্
রাএলের তাবন্নগরমধ্যহইতে বাহির হইয়া আ
ইল। [৭] এবং বাদ্যকরণসময়ে স্ত্রীলোকেরা
পরস্পর প্রত্যুত্তর করিয়া কহিল শাউল সহস্রসহ
স্রেরদিগকে এবং দাউদ অযুতঅযুতেরদিগকে
হনন করিয়াছে। [৮] তাহাতে শাউল অতিক্রুদ্ধ
হইল এবং ঐ বাক্য তাহাকে অসন্তুষ্ট করিল
এবং সে কহিল তাহারা দাউদকে অযুতের এবং
আমাকে সহস্রের হনন বিষয়ে প্রশংসা করিয়া
ছে এবং রাজ্যব্যতিরেকে সে অধিক কি পাই
তে পারে। [৯] তাহাতে তদ্দিবসাবধি শাউল
দাউদের প্রতি দৃষ্টি রাখিল।

[১০] অপর পরদিবসে এমত হইল ঈশ্বরের
নিকটহইতে আগত দুষ্টাত্মা শাউলের উপর চ
ড়িয়া আইল তাহাতে সে ঘরের মধ্যে আচার্য্য
বাক্য কহিল এবং দাউদ অন্য সময়ের রীতিক্র
মে হস্তদ্বারা বাদ্য করিল এবং শাউলের হাতে
এক শল্য ছিল। [১১] তাহাতে শাউল সে শল্য
ফেলিয়া মারিল কেননা সে কহিল আমি দাউদ
কে ভিত্তির সঙ্গে গাঁথিব এবং দাউদ দুইবার শা
উলের নিকটহইতে সরিয়া গেল।

[১২] অপর শাউল দাউদপ্রযুক্ত ভীত হইল
যেহেতুক য়িহুহ তাহার সহবর্ত্তী ছিলেন এবং
শাউলকে ত্যাগ করিয়া গিয়াছিলেন। [১৩]
অতএব শাউল আপনার নিকটহইতে তাহাকে
পদান্তর করিয়া সহস্রপতি করিল তাহাতে সে
লোকেরদের অগ্রগামী হইয়া বাহিরে ভিতরে
গমনাগমন করিল। [১৪] এবং দাউদ আপন
সমস্ত পথে জ্ঞানপূর্ব্বক আচরণ করিল এবং য়ি
হুহ তাহার সহিত ছিলেন। [১৫] অতএব শা
উল যখন দেখিল যে সে অতিশয় জ্ঞানপূর্ব্বক
আচরণ করিতেছে তখন সে তাহার বিষয়ে ভীত
হইল। [১৬] কিন্তু তাবৎ য়িশ্রাএল ও য়িহু
দাহ্ দাউদকে প্রেম করিল যেহেতুক সে তাহার
দের অগ্রগামী হইয়া বাহিরে ভিতরে গমনাগমন
করিত।

[১৭] অপর শাউল দাউদকে কহিল মেরব
নাম্নী আমার জ্যেষ্ঠা কন্যাকে দেখ তাহাকে

আমি তোমাকে ভার্য্যার্থে দিব মাত্র তুমি আমার
জন্যে বলবান হইয়া য়িহুহের নিমিত্তে সংগ্রাম্
কর যেহেতুক শাউল কহিল আমার হস্ত তাহার
উপরে না হউক কিন্তু পলশ্তীয়েরদের হস্ত তা
হার উপরে হউক। [১৮] তাহাতে দাউদ শাউ
লকে কহিল আমি কে এবং আমার জীবন বা কি
এবং য়িশ্রাএলের মধ্যে আমার পিতৃবংশ কি
যে আমি রাজজামাতা হইব। [১৯] কিন্তু যে স
ময়ে শাউলের কন্যা মেরব দাউদকে দাতব্যা ছি
ল সে সময়ে এমত হইল সে মিখোলাতীয় অদ
রীএলকে ভার্য্যার্থে দত্তা হইল।

[২০] অপর শাউলের কন্যা মীকাল দাউদকে
প্রেম করিল তাহাতে তাহারা শাউলকে কহিয়া
দিল এবং ঐ বিষয়েতে সে অতিসন্তুষ্ট ছিল।
[২১] পরে শাউল কহিল আমি তাহাকে তাহা
রে দিব যে সে তাহার প্রতি ঁাদ হয় এবং পলশ
তীয়েরদের হাত তাহার প্রতিকূল হয় তন্নেতুক
শাউল দাউদকে কহিল দুয়ের মধ্য একের দ্বারা
অদ্য তুমি আমার জামাতা হইবা।

[২২] পরে শাউল আপন দাসেরদিগকে আ
জ্ঞা করিয়া কহিল নিভৃতেতে দাউদের সহিত আ
লাপ কর এবং কহ যে দেখ রাজা তোমাতে স
ন্তুষ্ট আছেন এবং তাঁহার সমস্ত দাস তোমাকে
প্রেম করে অতএব এখন রাজজামাতা হও। [২৩]
অপর শাউলের দাসেরা ঐ বাক্য দাউদের কর্ণ
গোচরে কহিল তাহাতে দাউদ কহিল আমি দরিদ্র
মানুষ এবং অল্পমান্য অতএব রাজজামতা হ
ওয়া কি তোমারদের গোচরে লঘু বিষয় বোধ
হয়। [২৪] পরে শাউলের দাসেরা নিবেদন
করিল যে দাউদ এইরূপে কহিল। [২৫] তাহা
তে শাউল কহিল তোমরা দাউদকে কহিবা যে
রাজা কোন পণ চাহেন না মাত্র রাজার শত্রুরদের
প্রতীকারার্থে পলশ্তীয়েরদের এক শত মেঢ্রাগ্র
ত্বক্ কিন্তু দাউদকে পলশ্তীয়েরদের হস্তদ্বারা
মারণে শাউলের মনস্থ ছিল। [২৬] পরে যখন
তাহার দাসেরা ঐ কথা দাউদকে কহিল তখন
রাজজামাতা হওনে দাউদের বড় সন্তোষ হইল
এবং দিবস পূর্ণ হয় নাই। [২৭] অতএ
ব দাউদ উঠিয়া সে ও তাহার লোক যাইয়া পল
শ্তীয়েরদের দুই শত জনকে মারিল এবং দাউদ
তাহারদের মেঢ্রাগ্রত্বক্ আনিয়া রাজার জামাতা
হইবার নিমিত্তে তাহা পূর্ণসংখ্যাপূর্ব্বক রাজা
কে দিল তাহাতে শাউল তাহাকে ভার্য্যার্থে আ
পন কন্যা মীকালকে দিল।

[২৮] এবং শাউল দেখিল এবং অবগত হইল
যে য়িহুহ দাউদের সহিত আছেন এবং শাউ
লের কন্যা মীকাল তাহাকে প্রেম করিল। [২৯]
তাহাতে শাউল দাউদের বিষয়ে আরো ভীত
হইল এবং শাউল দাউদের বদ্ধবৈরী হইল।
[৩০] পরে পলশ্তীয়েরদের অধ্যক্ষেরা নির্গত
হইলে এমত হইল দাউদ শাউলের সমস্ত দাসা
পেক্ষা জ্ঞানপূর্ব্বক আচরণ করিল তাহাতে তা
হার নাম বহুমান্য ছিল।

## ১৯ পর্ব্ব।

[১] অপর শাউল আপন পুত্র য়োনাতানকে
ও আপন সমস্ত দাসেরদিগকে কহিল যে দাউদ
কে বধ কর। [২] কিন্তু দাউদেতে শাউলের পুত্র
য়োনাতানের বড় সন্তোষ ছিল তাহাতে য়োনা
তান দাউদকে কহিয়া দিল যে আমার পিতা শা
উল তোমাকে বধ করিতে চেষ্টা করেন অতএব
আমি এখন তোমাকে মিনতি করি প্রাতঃকালপ
র্য্যন্ত তুমি আপনাকে সাবধানে রাখ এবং গুপ্ত
স্থানে থাকিয়া আপনাকে গোপন কর। [৩]
এবং তুমি যে মাঠে থাক সেস্থানে আমি বাহির
হইয়া যাইয়া আপন পিতার পার্শ্বে দাঁড়াইয়া
তোমার বিষয়ে আপন পিতার সহিত পরামর্শ
করিব এবং আমি যাহা দেখি তাহা তোমাকে
কহিয়া দিব।

[৪] পরে য়োনাতান আপন পিতা শাউলের
নিকটে দাউদের বিষয়ে উত্তম কথা কহিয়া তা
হাকে বলিল রাজা আপন দাস দাউদের প্রতি
কূলে পাপ না করুন কেননা সে আপনকার বি
পরীতে পাপ করে নাই এবং আপনকার প্রতি
তাহার ক্রিয়া অত্যুত্তম। [৫] যেহেতুক সে আ
পন প্রাণ আপন হাতে করিয়া পলশ্তীয়কে মা
রিল এবং য়িহুহ তাবৎ য়িশ্রাএলের নিমিত্তে
মহানিস্তার করিলেন আপনি তাহা দেখিয়া আ
হ্লাদ করিয়াছিলেন অতএব দাউদকে অকারণ
বধকরাতে আপনি নির্দ্দোষি রক্তের প্রতিকূলে
কেন পাপ করিবেন। [৬] তাহাতে শাউল য়ো
নাতানের বাক্যে অবধান করিয়া শপথ করিয়া
কহিল য়িহুহ জীবৎ হইলে সে মারা যাইবে
না। [৭] পরে য়োনাতান দাউদকে ডাকাইল
এবং য়োনাতান ঐ সমস্ত বিষয় তাহাকে জানা
ইল এবং য়োনাতান দাউদকে শাউলের নিক
টে আনিল তাহাতে সে পূর্ব্বকালীয় রীত্যনুক্র
মে তাহার সাক্ষাৎ রহিল।

[৮] তদনন্তর যুদ্ধ পুনর্ব্বার হইল তাহাতে দা
উদ নির্গত হইয়া পলশ্তীয়েরদের সহিত যুদ্ধ
দিয়া মহাহননেতে তাহারদিগকে মারিল এবং
তাহারা তাহার সম্মুখহইতে পলাইল। [৯]
পরে শাউল শৈল্যহস্ত হইয়া যে সময়ে আপন
ঘরে বসিয়া রহিয়াছিল সে সময়ে য়িহুহের নিক
টহইতে আগত দুষ্টাত্মা তাহার উপরে আইল

তাহাতে দাউদ হস্তদ্বারা বাদ্য করিল। [১০] এবং
শাউল শল্য দিয়া ভিত্তিসঙ্গে দাউদকে গাঁথিয়া
ফেলিতে চেষ্টা করিল কিন্তু সে শাউলের গোচর
হইতে ছুটিয়া যাওয়াতে সে ঐ শল্য দেওয়ালে
ফেলিয়া মারিল তাহাতে দাউদ সে রাত্রি পলা
ইয়া বাঁচিল। [১১] এবং শাউল দাউদের
চৌকিদেওনার্থে এবং তাহাকে প্রাতঃকালে বধ
করণার্থে তাহার ঘরে দূতপ্রেরণ করিল এবং
দাউদের ভার্য্যা মীকাল তাহাকে কহিল আপনি
অদ্য রাত্রি যদি আপন প্রাণ রক্ষা না করেন তবে
কল্য মারা পড়িবেন।

[১২] অতএব মীকাল দাউদকে এক ঝরকা
দিয়া নামাইয়া দিল তাহাতে সে যাইয়া পলাই
য়া বাঁচিল। [১৩] পরে মীকাল এক প্রতিমা ল
ইয়া শয্যাতে শোয়াইল এবং ছাগলোমের
এক বালিশ তাহার মস্তকে দিয়া বস্ত্রে তাহা ঢা
কিল। [১৪] পরে শাউল যখন দাউদকে ধ
রিতে দূতপ্রেরণ করিল তখন সে কহিল উনি পী
ড়িত আছেন। [১৫] অপর শাউল দাউদকে
দেখিবার নিমিত্তে সে দূতেরদিগকে পুনর্ব্বার প্রে
রণ করিয়া কহিল তাহাকে খাটে করিয়া আমার
নিকটে আন যে আমি তাহাকে বধ করি। [১৬]
পরে দূতেরা অন্তরে আইলে দেখ খাটে এক প্র
তিমা ও তাহার মস্তকের জন্যে ছাগলোমের এক
বালিশ। [১৭] তাহাতে শাউল মীকালকে ক
হিল তুমি কেন আমাকে এমত প্রতারণা করি
য়াছ এবং আমার শত্রুকে এড়িয়া দিয়াছ তা
হাতে সে পলাইয়াছে পরে মীকাল শাউলকে
উত্তর দিল যে সে আমাকে কহিল আমাকে যাই
তে দেও আমি কেন তোমাকে বধ করিব।

[১৮] অতএব দাউদ পলাইল এবং মুক্ত হই
য়া রামাহে শিমূএলের নিকটে আসিয়া শাউল
কর্ত্তৃক তাহার প্রতি কৃত সমস্ত কহিয়া দিল পরে
সে ও শিমূএল যাইয়া নায়োতে বসতি করিল।
[১৯] পরে শাউলের নিকট কথিত হইল যে
দেখ দাউদ রামাহস্থ নায়োতে আছে। [২০]
তাহাতে শাউল দাউদকে ধরিতে দূতপ্রেরণ ক
রিল এবং তাহারা আচার্য্যসমূহকে যখন আচা
র্য্যবাক্য কহিতে এবং তাহারদের উপরে নিযুক্ত
শিমূএলকে দণ্ডায়মান দেখিল তখন ঈশ্বরের
আত্মা শাউলের দূতেরদের উপরে আইসনে
তে তাহারাও আচার্য্যবাক্য কহিল। [২১]
পরে সে বিষয় শাউলের নিকটে কথিত হইলে
সে অন্য দূতেরদিগকে প্রেরণ করিল এবং তাহা
রাও আচার্য্যবাক্য কহিল পরে শাউল পুনশ্চ
তৃতীয়বার দূতপ্রেরণ করিল এবং তাহারাও আ
চার্য্যবাক্য কহিল। [২২] তৎপরে সেও রামা
হে যাইয়া শেকুস্থ এক বড় কূপনিকটে পঁহুছিল
পরে সে জিজ্ঞাসা করিয়া কহিল শিমূএল ও দা
উদ কোথায় তাহাতে কেহ কহিল দেখ রামাহস্থ
নায়োতে। [২৩] পরে সে সেস্থানে রামাহস্থ
নায়োতে গেল এবং ঈশ্বরের আত্মা তাহারও
উপরে আইল তাহাতে সে রামাহস্থ নায়োতে
পঁহুছনপর্য্যন্ত গমনকালে আচার্য্যবাক্য কহিল।
[২৪] এবং সেও আপন বস্ত্র খুলিয়া রাখিল
এবং ঐ রীতিক্রমে শিমূএলের সম্মুখে আচার্য্য
বাক্য কহিল এবং সে সমস্ত দিবারাত্রি উলঙ্গ
হইয়া শুইয়া রহিল অতএব লোকেরা কহে শা
উলও কি আচার্য্যেরদের মধ্যে।

## ২০ পর্ব্ব।

[১] অপর দাউদ রামাহস্থ নায়োতহইতে প
লাইয়া আসিয়া য়োনাতানের সাক্ষাৎ কহিল
আমি কি করিয়াছি আমার অপরাধ কি এবং
তোমার পিতার সাক্ষাৎ আমার পাপ কি যে
তিনি আমার প্রাণ লইতে চেষ্টা করেন। [২]
তাহাতে সে তাহাকে কহিল তাহা না হউক তুমি
মরিবা না দেখ আমার পিতা আমাকে অবগত
করাণব্যতিরেকে বৃহৎ বা ক্ষুদ্র কিছু করিবেন
না অতএব আমার পিতা এ বিষয় কেন আমাহ
ইতে গোপন করিবেন তাহা নয়। [৩] এবং দা
উদ আরো দিব্য করিয়া কহিল তোমার পিতা
নিশ্চয়ে জানেন যে আমি তোমার দৃষ্টিতে অনু
গ্রহ পাইয়াছি অতএব তিনি কহেন য়োনাতান
পাছে দুঃখিত হয় এ কারণ সে এ বিষয়ে অব
গত না হউক কিন্তু সত্য যিহুহ জীবৎ হইলে
এবং তোমার প্রাণ জীবৎ হইলে আমার ও মৃ
ত্যুর মধ্যে এক পাদবিক্ষেপমাত্র আছে। [৪]
তাহাতে য়োনাতান দাউদকে কহিল তোমার
প্রাণ যাহা বাঞ্ছা করে তাহাই আমি তোমার জ
ন্যে করিব। [৫] পরে দাউদ য়োনাতানকে ক
হিল যে দেখ কল্য অমাবস্যা এবং রাজার সহি
ত আমার ভোজন করার ত্রুটি উচিত নয় কিন্তু
আমাকে যাইতে দেও যে আমি তৃতীয় দিনের
সায়ংকালপর্য্যন্ত আপনাকে ক্ষেত্রে গোপন
করি। [৬] তোমার পিতা যদি কোন প্রকারে
আমার স্থান শূন্য দেখে তবে কহ যে দাউদ
আপন নগর বীৎলেখেমে দৌড়িয়া যাইবার
নিমিত্তে আমার নিকটে অতিশয় প্রার্থনা ক
রিল কেননা সে স্থানে সমস্ত পরিজনের জন্যে বা
র্ষিক এক যজ্ঞ আছে। [৭] তিনি যদি কহেন যে
ভাল তবে তোমার দাসের মঙ্গল হইবে কিন্তু তি
নি যদি মহাক্রুদ্ধ হন তবে নিশ্চয়ে জান যে তৎ
কর্ত্তৃক অমঙ্গল স্থিরীকৃত হইয়াছে। [৮] অত
এব তুমি আপন দাসের প্রতি প্রীত্যাচারপূর্ব্বক

করিবা কেননা তুমি আপনার সহিত আমাকে
য়িহুহের এক নিয়মেতে বদ্ধ করিয়াছ কিন্তু আ
মার মধ্যে যদি অধর্ম্ম থাকে তবে আপনি আ
মাকে বধ করুন যেহেতুক আপনি আমাকে
আপনার পিতার নিকটে কেন আনাইবেন।
[৯] তাহাতে য়োনাতান কহিল তাহা তোমার
মনহইতে দূর হউক কেননা যদি আমি নিশ্চয়
জানিতাম যে তোমার উপরে অমঙ্গলের আগ
মন আমার পিতাকর্ত্তৃক স্থির হইয়াছে তবে কি
আমি তাহা তোমাকে কহিতাম না। [১০] তা
হাতে দাউদ য়োনাতানকে কহিল আমাকে কে
কহিবে বা তোমার পিতা যদি তোমাকে কটু
প্রত্যুত্তর করেন তবে কি।

[১১] পরে য়োনাতান দাউদকে কহিল আইস
আমরা মাঠে বাহির হইয়া যাই তাহাতে তাহা
রা দুই জনে মাঠে বাহির হইয়া গেল। [১২]
পরে য়োনাতান দাউদকে কহিল হে য়িহুহ য়িশ
রাএলের ঈশ্বর আমি কল্য কোন সময়ে কিম্বা প
রশু আমার পিতার মনের অনুসন্ধান লইলে দেখ
দাউদের প্রতি যদি মঙ্গল থাকে এবং আমি তো
মার নিকটে তখন না পাঠাই এবং না জানাই।
[১৩] তবে য়িহুহ তাহা ও ততোধিক য়োনাতা
নের প্রতি করুন কিন্তু যদি তোমার মন্দ করিতে
আমার পিতার মনস্থ হয় তবে আমি তাহা তো
মাকে জানাইব এবং তোমারে বিদায় করিব যে
তুমি কুশলপূর্ব্বক যাও এবং য়িহুহ যেমন আ
মার পিতার সহবর্ত্তী হইয়াছেন তেমন তোমার
সহবর্ত্তী হউন। [১৪] এবং এখন আমি যাবৎ
জীবৎ থাকি তাবন্মাত্র তুমি আমাকে য়িহুহের
কৃপা দর্শাইবা না যে আমি না মরি। [১৫] কিন্তু
সদাকাল ব্যাপিয়াও তুমি আমার বংশহইতে
আপন কৃপা উচ্ছিন্ন করিবা না য়িহুহ দাউদের
শত্রুরদের প্রত্যেক জনকে পৃথিবীর মুখহইতে য
খন উচ্ছিন্ন করিবেন তখনও না। [১৬] ঐরূপে
য়োনাতান দাউদের বংশের সহিত নিয়ম করিয়া
কহিল যে য়িহুহ দাউদের শত্রুরদের হস্তহইতেই
তাহার প্রতিফল চাউন। [১৭] পরে য়োনাতান
দাউদকে প্রেম করণপ্রযুক্ত সে পুনর্ব্বার তাহাকে
শপথ করাইল যেহেতুক সে আপনার প্রাণের
সদৃশ তাহাকে প্রেম করিল। [১৮] অপর য়ো
নাতান দাউদকে কহিল কল্য আমাবস্যা এবং
তোমার স্থান শূন্য হইবে কেননা বিদ্যমান হওনে
তোমার ত্রুটি হইবে। [১৯] পরে তিন দিবস থা
কিয়া তুমি শীঘ্র করিয়া উত্তরিয়া যাও এবং ঐ
কার্য্যের সময়ে তুমি যে স্থানে আপনাকে গো
পন করিয়াছিলা সে স্থানে আসিয়া এসেল না
মে প্রস্তরের নিকটে থাক। [২০] এবং আমি
লক্ষ্য মারিবার ছল করিয়া তিন তীর পার্শ্বে ক্ষে
পণ করিব। [২১] পরে দেখ আমি এ কথা ক
হিয়া এক বালককে পাঠাইয়া দিব যে যাও তীর
খুজ আমি যদি বিশেষরূপে সে বালককে কহি
যে দেখ তীর তোমার এপার্শ্বে তুলিয়া লও তখন
তুমি আইস যেহেতুক য়িহুহ জীবৎ হইলে তো
মার মঙ্গল আছে ও ভেতব্য কিছু নাই। [২২]
কিন্তু আমি যদি ঐ যুবব্যক্তিকে কহি দেখ তীর
তোমার অগ্রে তবে চলিয়া যাও যেহেতুক য়িহুহ
তোমাকে যাইতে কহিয়াছেন। [২৩] কিন্তু তো
মাতে এবং আমাতে কথিত বাক্যবিষয়ে দেখ
য়িহুহ সদা তোমার ও আমার মধ্যবর্ত্তী হউন।

[২৪] অতএব দাউদ আপনাকে ক্ষেত্রে গো
পন করিল এবং অমাবস্যা হইলে রাজা ভোজ
নে বসিল। [২৫] এবং অন্য সময়ানুসারে রা
জা আপন আসনে বসিল অর্থাৎ ভিত্তিনিকটস্থ
এক আসনে পরে য়োনাতান উঠিল এবং অা
বনের শাউলের পার্শ্বে বসিল কিন্তু দাউদের
স্থান শূন্য ছিল। [২৬] তথাচ সে দিবস শাউল
কিছু কহিল না যেহেতুক সে ভাবিল তাহার
কিছু ঘটিয়াছে সে শুচি নয় নিশ্চয় সে শুচি নয়।
[২৭] অপর এমত হইল পরদিবসে অর্থাৎ মা
সের দ্বিতীয় দিবসে দাউদের স্থান শূন্য ছিল।
তাহাতে শাউল আপন পুত্র য়োনাতানকে ক
হিল য়িশির পুত্র কল্য বা অদ্য ভোজনে আই
সে না কেন। [২৮] পরে য়োনাতান শাউলকে
উত্তর করিল যে দাউদ বৈৎলেখেমে যাওন জন্যে
আমার নিকটে অতিশয় প্রার্থনা করিয়া কহিল।
[২৯] আমি মিনতি করি আমাকে যাইতে দিউন
কেননা নগরে আমারদের পরিজনের এক যজ্ঞ
হইবে এবং আমার ভ্রাতা আমাকে যাইতে আ
জ্ঞা করিয়াছেন অতএব এখন যদি আমি আপন
কার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়াছি তবে আমি মিন
তি করি আমি যাই ও আপন ভ্রাতারদিগকে দে
খি এতৎপ্রযুক্ত সে রাজার মেজে আইসে নাই।
[৩০] তাহাতে শাউলের ক্রোধ য়োনাতানের
উপরে প্রজ্বলিতহওয়াতে সে তাহাকে কহিল হে
বিপথগামিনী অনাজ্ঞাবর্ত্তিনীর পুত্র আমি কি
জানি না যে তুমি আপন ব্যাকুলতার কারণ এবং
আপন মাতার উলঙ্গতার ব্যাকুলতার কারণ য়ি
শির পুত্রকে মনোনীত করিয়াছ। [৩১] যেহে
তুক য়িশির পুত্র যত কাল ভূম্যুপরি বাঁচে তত
কাল তুমি কিম্বা তোমার রাজ্য স্থাপিত হইবে
না অতএব এখন প্রেরণ করিয়া তাহাকে আমার
নিকটে আনাও কেননা সে অবশ্য মরিবে।
[৩২] তাহাতে য়োনাতান আপন পিতা শাউল
কে প্রত্যুত্তর করিয়া কহিল তাহার বধ কি জন্যে

হইবে সে কি করিয়াছে। [৩৩] পরে শাউল
তাহাকে মারিবার কারণ তাহাকে লক্ষ্য করিয়া
এক শল্য ফেলিয়া দিল তাহাতে য়োনাতান অ
বগত হইল যে দাউদের বধ আপন পিতা নি
শ্চয় করিয়াছিল। [৩৪] অতএব য়োনাতান মহা
ক্রুদ্ধ হইয়া মঞ্চহইতে উঠিয়া মাসের দ্বিতীয় দিব
সে কিছু আহারগ্রহণ করিল না যেহেতুক সে
দাউদের বিষয়ে শোকান্বিত ছিল কেননা তা
হার পিতা তাহার অপমান করিয়াছিল।

[৩৫] অপর প্রাতঃকালে এমত হইল য়োনা
তান দাউদের সহিত যে সময় নিরূপণ করিয়াছি
ল সে সময়ে সে এক ছোট বালক সঙ্গে করিয়া
বাহিরে ক্ষেত্রে গেল। [৩৬] পরে সে ঐ বাল
ককে কহিল দৌড় আমি যে২ তীর ক্ষেপণ করি
সে সকল এখন খুঁজিয়া আন তাহাতে ঐ বালক
দৌড়িতেছে ইতোমধ্যে সে এক তীর তাহার
অগ্রে চালাইল। [৩৭] পরে সে বালক য়োনা
তানেতে নিক্ষিপ্ত তীরের স্থানে পঁহুছিলে য়োনা
তান বালককে ডাকিয়া কহিল তীর কি তোমার
অগ্রে নাই। [৩৮] এবং য়োনাতান বালককে
ডাকিয়া কহিল শীঘ্র ত্বরা কর থাকিও না তাহা
তে য়োনাতানের বালক তীর সংগ্রহ করিয়া
আপন কর্ত্তার নিকটে আইল। [৩৯] কিন্তু
ঐ বালক কিছুই জানিল না কেবল য়োনাতান
এবং দাউদ সে বিষয় অবগত ছিল। [৪০] পরে
য়োনাতান আপন ধনুকতীরইত্যাদি আপন
বালককে দিয়া তাহাকে কহিল যাও নগরে লই
য়া যাও।

[৪১] ঐ বালক যাবামাত্রে দাউদ দক্ষিণদিক্
স্থ এক স্থানহইতে উঠিয়া উবুড় হইয়া পড়িল এ
বং তিনবার দণ্ডবৎ করিল পরে তাহারা পরস্পর
চুম্বন করিল এবং দাউদ যাবৎ না জিতিল তাবৎ
পরস্পর ক্রন্দন করিল। [৪২] পরে য়োনাতান
দাউদকে কহিল কুশলে যাও যেহেতুক আমরা
দুই জনে য়িহুহের নাম লইয়া দিব্য করিয়া ক
হিয়াছি য়িহুহ আমার ও তোমার মধ্যে এবং
আমার বংশের ও তোমার বংশের মধ্যে সদা
থাকুন পরে সে উঠিয়া প্রস্থান করিল এবং য়ো
নাতান নগরে গেল।

## ২১ পর্ব্ব।

[১] অপর দাউদ নোবে আখীমেলেক যাজক
নিকটে আইল তাহাতে দাউদ আসিয়া মিল
নেতে আখীমেলেক ভীত হইয়া তাহাকে কহিল
তুমি একা এবং তোমার সহিত কেহ নাই কেন।
[২] তাহাতে দাউদ আখীমেলেক যাজককে
কহিল রাজা আমাকে এক কার্য্য করিতে আজ্ঞা
করিয়াছেন এবং আমাকে কহিয়াছেন আমি
যে কার্য্যে তোমাকে প্রেরণ করি এবং যাহা আ
মি তোমাকে আজ্ঞা করিয়াছি তদ্বিষয়ের কিছু
কোন কেহ না জানুক এবং আমি অমুক২ স্থানে
লোক নিযুক্ত করিয়াছি। [৩] অতএব এখন তো
মার হস্তগত কি আছে পাঁচ রুটি কিম্বা যাহা উ
পস্থিত তাহা আমার হাতে দেও। [৪] তাহাতে
যাজক দাউদকে উত্তর করিয়া কহিল কোন সা
মান্য রুটি আমার হাতে নাই কিন্তু পবিত্র রুটি
আছে নিদানে যদি যুবপুরুষেরা স্ত্রীর উপগমন
হইতে আপনারদিগকে রাখিয়াছে। [৫] তাহা
তে দাউদ যাজককে প্রত্যুত্তর করিয়া কহিল আ
মার নির্গতহওনাবধি অনুমেয় এ তিন দিবস স্ত্রী
নিশ্চয়ে আমারদের নিকটহইতে স্বতন্ত্র রাখা গি
য়াছে এবং যুবপুরুষেরদের পাত্র পবিত্র আছে
এবং ঐ রুটি অদ্য পাত্রে পবিত্রীকৃত হইয়া থা
কিলেও এক প্রকারে সামান্য হইয়াছে। [৬]
তাহাতে যাজক তাহাকে পবিত্র রুটি দিল যেহে
তুক লইয়া যাওনদিবসে তপ্ত রুটি দিবার নিমি
ত্তে য়িহুহের সম্মুখহইতে নীত দৃষ্টিভোগরুটি
ব্যতিরেক অন্য রুটি সে স্থানে ছিল না। [৭]
অপর ঐ দিবস শাউলের দাসেরদের এক জন
য়িহুহের সাক্ষাৎ আটক হইয়াছিল এবং তা
হার নাম দোএগ সেই এদোমীয় ও শাউলের
পশুপালকেরদের প্রধান।

[৮] অপর দাউদ আখীমেলেককে কহিল এ
স্থানে তোমার হস্তে তলোআর বা শল্য নাই যে
হেতুক আমি আপন সহিত আপন তলোআর
বা অস্ত্র আনি নাই কেননা রাজার কার্য্যে শীঘ্র
তাপ্রয়োজন। [৯] তাহাতে যাজক কহিল দেখ
এলাহ্তলভূমিতে তোমাকর্ত্তৃক হত পলশ্তীয়
গোলিআতের তলোআর বস্ত্রেতে জড়িত হইয়া
এফোদের পশ্চাদ্দিগে আছে তাহা যদি লইতে
চাহ লও যেহেতুক তদ্ব্যতিরেকে এস্থানে অন্য
নাই তাহাতে দাউদ কহিল তাহার তুল্য অন্য
নাই তাহা আমাকে দেও।

[১০] অপর দাউদ উঠিয়া শাউলের ভয়প্রযুক্ত
সে দিবসে পলাইয়া গাতের রাজা আকীশের নি
কটে গেল। [১১] তাহাতে আকীশের দাসেরা
তাহাকে কহিল এ কি দেশের রাজা দাউদ নয়
শাউল সহস্রসহস্রেরদিগ মারিয়াছেন ও দাউদ
অযুত অযুতেরদিগকে মারিয়াছেন এ কথা
কহিয়া তাহারা নৃত্যেতে কি পরস্পর গান করে
নাই। [১২] এবং দাউদ ঐ সকল কথা অন্তঃ
করণে তুলিয়া রাখিল এবং গাতের রাজা আ
কীশপ্রযুক্ত অতিশয় ভীত হইল। [১৩] তা
হাতে সে তাহারদের সাক্ষাৎ আচারান্তর করিয়া
তাহারদের হাতে বাতুলের ছল করিয়া দ্বারের

কপাটে আঁচড় পাড়িল এবং আপন দাড়ির
উপরে থুথু করিতে দিল। [১৪] তাহাতে আ
কীশ আপন দাসেরদিগকে কহিল দেখ এ মা
নুষ ক্ষিপ্ত হইয়াছে অতএব তোমরা কেন তাহা
কে আমার নিকটে আনিয়াছ। [১৫] আমার
কি ক্ষেপারদের প্রয়োজন আছে যে তোমরা ই
হাকে আমার সাক্ষাৎ বাতুলতা প্রকাশ করিতে
আনিয়াছ এই কি আমার ঘরে আসিবে।

২২ পর্ব্ব।

[১] অতএব দাউদ সেস্থানহইতে প্রস্থান করি
য়া অদূলাম গুহাতে পঁহুছিল পরে তাহার ভ্রা
তারা ও তাহার পিতৃপরিবারেরা তাহা শুনিয়া সে
স্থানে তাহার নিকটে গেল। [২] এবং দায়
গ্রস্ত ও ঋণগ্রস্ত ও অসন্তুষ্ট প্রতিজন তাহার নিক
টে একত্র হইল তাহাতে সে তাহারদের সেনাপ
তি হইল এইরূপে শচারেক লোক তাহার সহিত
হইল।

[৩] পরে দাউদ সেস্থানহইতে মোআবের মি
স্‌পেহে গেল এবং মোআবের রাজাকে কহিল
আমি মিনতি করি ঈশ্বর আমার জন্যে যাহা ক
রিবেন ইহা আমার অবগত না হওনপর্য্যন্ত
আমার পিতামাতাকে আসিয়া তোমার নিকটে
থাকিতে দেও। [৪] তাহাতে সে তাহারদিগকে
মোআবের রাজার সাক্ষাৎ আনিল এবং দাউদ
যাবৎ দুর্গে রহিল তাবৎ তাহারা তাহার সহিত
বাস করিল।

[৫] অপর গাদ নামে আচার্য্য দাউদকে কহি
ল দুর্গে থাকিও না প্রস্থান করিয়া য়িহুদাহ্‌দে
শে যাও তাহাতে দাউদ প্রস্থান করিয়া খারেতের
বনে আইল।

[৬] ঐ সময়ে শাউল গিবিআহে রামাহ্‌স্থ
এক বৃক্ষের তলে শল্যহস্ত হইয়া ও তাহার সমস্ত
দাস তাহার চতুর্দ্দিগে দণ্ডায়মান হইয়া অবস্থি
তি করিল তাহাতে শাউল যখন শুনিল যে দাউ
দের ও তাহার সমভিব্যাহারিরদের উদ্দেশ পাও
য়া গিয়াছিল। [৭] তখন শাউল আপন চতু
র্দ্দিক্‌স্থ দণ্ডায়মান দাসেরদিগকে কহিল হে বে
ন্যামিনীয়েরা তোমরা অবধান কর য়িশির পুত্র
কি তোমারদের প্রত্যেক জনকে ক্ষেত্র ও দ্রাক্ষা
ক্ষেত্র দিবে এবং তোমারদের সমস্তকে সহস্রপ
তি ও শতপতি করিবে। [৮] যে তোমরা সকলে
আমার প্রতিকূলে ঐক্য করিয়াছ এবং আমার
পুত্র যে য়িশির পুত্রের সহিত নিয়ম করিয়াছে
ইহা কেহ আমাকে জানায় নাই এবং তোমার
দের মধ্যে কেহ আমার জন্যে শোকান্বিত হয়
নাই বা আমার পুত্র যে অদ্যের ন্যায় আমার
প্রতিকূলে লুক্কায়িত থাকনবিষয়ে আমার দা
সের প্রবৃত্তি লওয়াইয়াছে এ বিষয় আমাকে
কেহ অবগত করে নাই।

[৯] তাহাতে শাউলের দাসোপরি নিযুক্ত এ
দোমীয় দোএগ উত্তর করিয়া কহিল আমি য়ি
শির পুত্রকে আখীটূবের পুত্র আখীমেলে
কের নিকটে নোবে আসিতে দেখিলাম। [১০]
এবং সে তাহার নিমিত্তে য়িহুহের স্থানে জিজ্ঞা
সা করিল এবং তাহাকে খাদ্য দ্রব্য দিল এবং
পলশ্‌তীয় গোলীআতের তলোআর তাহাকে
দিল। [১১] তাহাতে রাজা আখীটূবের পুত্র
আখীমেলেক যাজককে ও তাহার তাবৎ পিতৃ
বংশ্যেরদিগকে অর্থাৎ নোববাসি যাজকেরদিগ
কে ডাকাইতে পাঠাইল তাহাতে তাহারা সক
লে রাজার নিকটে আইল। [১২] পরে শাউল
কহিল হে আখীটূবের পুত্র অবধান কর তা
হাতে সে উত্তর করিল হে আমার প্রভু আমি
এই স্থানে। [১৩] পরে শাউল তাহাকে কহিল
তুমি য়িশির পুত্রকে রুটি ও তলোআর দেওনে
তে এবং তাহার জন্যে ঈশ্বরের উদ্দেশে জিজ্ঞা
সাকরণেতে কেন আমার প্রতিকূলে যুক্তি করি
য়াছ অর্থাৎ তুমি ও য়িশির পুত্র যে সে আজি
কার মত লুক্কায়িত থাকিবার নিমিত্তে আমার
বিপরীতে উঠে। [১৪] তাহাতে আখীমেলেক রা
জাকে উত্তর দিয়া কহিল এবং আপনকার আজ্ঞা
তে গমনোদ্যত এবং আপনকার বাটীতে সম্ভ্রান্ত
রাজার জামাতা দাউদের মত আপনকার তাব
দ্দাসেরদের মধ্যে কে বিশ্বস্ত আছে। [১৫] আমি
কি সে সময়ে ঈশ্বরের স্থানে তাহার নিমিত্তে জিজ্ঞা
সা করিতে আরম্ভ করিয়াছিলাম তাহা আমাহই
তে অন্তর হউক মহারাজ আপন দাসের কিম্বা
আমার তাবৎ পিতৃবংশের কিছু দোষ না দিউন
যেহেতুক আপনকার দাস এতাবদ্বিষয়ে ন্যূনা
ধিক কিছু অবগত ছিল না। [১৬] পরে রাজা
কহিল হে আখীমেলেক তুমি অবশ্য মারা যাই
বা অর্থাৎ তুমি ও তোমার তাবৎ পিতৃবংশ।

[১৭] অপর রাজা আপন চতুর্দ্দিক্‌স্থ দণ্ডায়
মান পদাতিকেরদিগকে কহিল ফিরিয়া য়িহু
হের যাজকেরদিগকে মার যেহেতুক তাহারদের
হস্তও দাউদের সহিত এবং সে যখন পলাইল
তখন তাহারা অবগত হইয়াও আমাকে জানা
ইল না কিন্তু য়িহুহের যাজকেরদের উপরে পড়
নবিষয়ে রাজার দাসেরা স্বহস্ত বিস্তারকরণে স
ম্মত ছিল না। [১৮] পরে রাজা দোএগকে ক
হিল তুমি ফিরিয়া যাজকেরদের উপরে পড় তাহা
তে এদোমীয় দোএগ ফিরিয়া যাজকেরদের উপ
রে পড়িল এবং সেই দিবসে কার্পাসি বস্ত্রনির্ম্মি
ত এফোদ পরিধায়ি পঁচাশী জনকে বধ করিল।

[১৯] এবং যাজকেরদের নগর নোবও সে
তলোআরের ধারেতে মারিল অর্থাৎ পুরুষ স্ত্রী
বালক ও স্তনপায়ি বালক এবং গরু গাধা মেষ
ইত্যাদি তলোআরের ধারেতে মারিল।
[২০] অপর আবিয়াতর নামে আখীটূবের
পুত্র আখীমেলেকের এক পুত্র বাঁচিয়া দাউদের
পশ্চাৎ পলাইয়া গেল। [২১] এবং ঐ আবি
য়াতর দাউদকে জানাইল যে শাউল য়িহুহের
যাজকেরদিগকে বধ করিয়াছে। [২২] তাহাতে
দাউদ আবিয়াতরকে কহিল যে দিবস এদোমীয়
দোএগ সেস্থানে ছিল তখন আমি জানিলাম
যে সে নিশ্চয় শাউলকে কহিবে আমি তোমার
পিতৃবংশের তাবল্লোকেরদের বধের কারণ হই
য়াছি। [২৩] তুমি আমার সহিত থাক ভীত
হইও না যেহেতুক আমার প্রাণান্বেষী তোমার
প্রাণ লইতে চেষ্টা করে কিন্তু আমার সহিত থা
কিলে তুমি সুরক্ষণে থাকিবা।

২৩ পর্ব্ব।

[১] অপর তাহারা দাউদকে কহিল যে দেখ
পলশ্‌তীয়েরা কিঈলাহের সহিত যুদ্ধ করে এবং
খামারের শস্য হরণ করে। [২] অতএব দাউদ এ
কথা কহিয়া য়িহুহের উদ্দেশে জিজ্ঞাসা করিল
আমি কি যাইয়া এ পলশ্‌তীয়েরদিগকে প্রহার
করিব তাহাতে য়িহুহ দাউদকে কহিলেন যাও
এবং পলশ্‌তীয়েরদিগকে প্রহার করিয়া কিঈলা
হের রক্ষা কর। [৩] পরে দাউদের লোক তা
হাকে কহিল দেখ আমরা এস্থানে য়িহুদাহ্‌দে
শে ভীত আছি পলশ্‌তীয়েরদের সৈন্যের প্রতি
কুলে কিঈলাহে গেলে পুনঃ কি হইব। [৪]
তাহাতে দাউদ য়িহুহের উদ্দেশে পুনর্ব্বার জি
জ্ঞাসা করিল এবং য়িহুহ তাহাকে প্রত্যুত্তর করি
য়া কহিলেন যে উঠ কিঈলাহে যাও কেননা
আমি পলশ্‌তীয়েরদিগকে তোমার হস্তে অর্পণ
করিব। [৫] তৎপ্রযুক্ত দাউদ ও তাহার লোক
কিঈলাহে যাইয়া পলশ্‌তীয়েরদের সহিত যুদ্ধ
করিল এবং তাহারদের পশুহরণ করিয়া মহাহ
ননেতে তাহারদিগকে মারিল ঐ রীতিক্রমে দা
উদ কিঈলাহ্‌বাসিরদিগকে নিস্তার করিল। [৬]
অপর এমত হইল আখীমেলেকের পুত্র আবি
য়াতর যখন দাউদের নিকটে কিঈলাহে পলাই
য়া আইল তখন সে এক এফোদ হস্তে করিয়া
আইল।
[৭] পরে শাউলকে কহা গেল যে দাউদ কি
ঈলাহে আসিয়াছে তাহাতে শাউল কহিল যে
ঈশ্বর তাহাকে আমার হস্তে অর্পণ করিয়াছেন
যেহেতুক দ্বার ও গলানযুক্ত নগরে প্রবেশ করা
তে সে অবরুদ্ধ হইয়াছে। [৮] পরে দাউদকে
ও তাহার লোকেরদিগকে অবরোধকরণের কা
রণ কিঈলাহে গমনার্থে শাউল সমস্ত লোকের
দিগকে যুদ্ধের জন্যে সমারোহীহওনার্থে ডা
কিল।
[৯] অপর দাউদ অবগত ছিল যে শাউল গুপ্ত
রূপে তাহার প্রতিকূলে হিংসাচার করিল তাহা
তে সে আবিয়াতর যাজককে কহিল এফোদ এস্থা
নে আন। [১০] পরে দাউদ কহিল হে য়িহুহ
য়িশ্‌রাএলের ঈশ্বর আপনকার দাস নিঃসন্দেহে
শুনিয়াছে যে শাউল মদ্ধেতুক নগর নষ্ট করণা
র্থে কিঈলাহে আসিতে চেষ্টা করিতেছে। [১১]
কিঈলাহের লোক কি আমাকে তাহার হস্তে অ
র্পণ করিবে আপনকার দাস যেমত শুনিয়াছে
সেমত কি শাউল আসিবে হে য়িহুহ য়িশ্‌রাএ
লের ঈশ্বর আমি নিবেদন করি আপন দাসকে
কহুন তাহাতে য়িহুহ কহিলেন সে আসিবে।
[১২] পরে দাউদ কহিল কিঈলাহের লোক কি
আমাকে ও আমার লোকেরদিগকে শাউলের
হস্তে অর্পণ করিবে তাহাতে য়িহুহ কহিলেন
তাহারা অর্পণ করিবে।
[১৩] অপর দাউদ এবং জন শছয়েক তা
হার লোক উঠিয়া কিঈলাহ্‌হইতে প্রস্থান করিয়া
যে কোন স্থানে যাইতে পারিল সেই স্থানে
গেল পরে শাউলের নিকটে কথিত হইল যে দা
উদ কিঈলাহ্‌হইতে পলাইয়াছে তাহাতে সে যা
ওনে ক্ষমা দিল। [১৪] পরে দাউদ অরণ্যে দুরা
ক্রম স্থানে রহিল এবং জীফারণ্যস্থ এক পর্ব্বতে
থাকিল এবং শাউল প্রতিদিবস তাহার অন্বেষণ
করিল কিন্তু ঈশ্বর তাহাকে তাহার হস্তে অর্পণ
করিলেন না। [১৫] অপর দাউদ দেখিল যে
শাউল তাহার প্রাণের চেষ্টায় বাহির হইয়া আ
সিয়াছে এবং দাউদ জীফারণ্যস্থ এক বনে
ছিল। [১৬] পরে শাউলের পুত্র য়োনাতান
উঠিয়া দাউদের নিকটে ঐ বনে যাইয়া ঈশ্বরাবিষ
য়ে তাহার হস্ত সবল করিল। [১৭] এবং সে তা
হাকে কহিল ভীত হইও না কেননা আমার পি
তা শাউলের হস্ত তোমার উদ্দেশ পাইবে না এ
বং তুমি য়িশ্‌রাএলোপরি রাজা হইবা এবং আ
মি তোমার দ্বিতীয় হইব এবং ইহা আমার পি
তা শাউলও অবগত আছেন। [১৮] পরে তা
হারা দুই জনে য়িহুহের সম্মুখে নির্দ্ধারণ করিল
এবং দাউদ বনে রহিল কিন্তু য়োনাতান আপন
ঘরে গেল।
[১৯] অপর জীফীয়েরা গিবিআহে শাউলের
নিকটে আসিয়া কহিল দাউদ কি অরণ্যের মধ্যে
য়িশীমোনের দক্ষিণদিক্‌স্থ খকীলাহ্‌গিরিতে দু
রাক্রম স্থানে আমারদের নিকটে আপনাকে

গোপন করে না। [২০] অতএব হে মহারাজ আ
গমনের জন্যে আপনকার অন্তঃকরণের তাবদ্বা
ঞ্ছানুসারে আইসুন এবং তাহাকে মহারাজের
হস্তে অর্পণ করাই আমারদের কার্য্য। [২১] তা
হাতে শাউল কহিল য়িহুহেতে তোমরা ধন্য
কেননা তোমরা আমার উপরে কৃপা করিয়াছ।
[২২] আমি মিনতি করি তোমরা যাইয়া আরো
প্রস্তুত কর এবং তাহার লুক্কান স্থান কোথায়
এবং সেস্থানে তাহাকে কে দেখিয়াছে ইহার
তত্ত্ব লও এবং দেখ যেহেতুক আমার নিকটে
কথিত আছে যে সে অতিচতুরতারূপে আচরণ
করে। [২৩] অতএব দেখ এবং সে আপনা
কে যেং স্থানে লুকায় সে সমস্ত লুকাইবার
স্থানের সন্ধান লও পরে নিশ্চয় সমাচার লইয়া
আমার স্থানে পুনর্ব্বার আইস তাহাতে আমি
তোমারদের সহিত যাইব এবং এমত হইবে সে
যদি দেশে থাকে তবে য়িহুদাহের সহস্রেরদের
সর্ব্বত্র আমি তাহার অন্বেষণ করিব। [২৪] তা
হাতে তাহারা উঠিয়া শাউলের পূর্ব্বে জীফে
গেল কিন্তু দাউদ ও তাহার লোক য়িশীমোনের
দক্ষিণদিকস্থ মাঠে মাওনারণ্যে ছিল। [২৫]
পরে শাউল ও তাহার লোক তাহার তত্ত্বে গেল
এবং তাহারা দাউদকে কহিয়া দিল তাহাতে
সে এক শৈলে আসিয়া মাওনারণ্যে রহিল প
রে শাউল শুনিয়া মাওনারণ্যে দাউদের পা
ছেং তাড়াইয়া গেল। [২৬] এবং শাউল প
র্ব্বতের একপার্শ্বে এবং দাউদ ও তাহার লোক
পর্ব্বতের অন্যপার্শ্বে গেল পরে দাউদ শাউলের
ভয়েতে স্থানান্তরহওনে ত্বরা করিল যেহেতুক
দাউদকে ও তাহার লোকেরদিগকে ধরিবার কা
রণ শাউল ও তাহার লোক তাহারদিগকে বে
ষ্টন করিয়া রহিল।

[২৭] কিন্তু শাউলের নিকটে এক দূত আসি
য়া কহিল আপনি শীঘ্র করিয়া আইসুন যেহে
তুক পলশ্তীয়েরা দেশে চড়াউ করিয়াছে।
[২৮] তাহাতে শাউল দাউদের পাছেং গমনবি
ষয়ে ফিরিয়া পলশ্তীয়েরদের প্রতিকূলে গেল
তদ্ধেতুক তাহারা সেস্থানের নাম সেলত্যহম্মখ্
লিকোত রাখিল।

[২৯] পরে দাউদ সে স্থানহইতে যাইয়া এন
গেদিস্থ দুর্গে বাস করিল।

## ২৪ পর্ব্ব।

[১] পরে এমত হইল শাউল পলশ্তীয়ের
দের পশ্চাদ্গমনহইতে ফিরিয়া আইলে তাহার
নিকটে কথিত হইল যে দেখ দাউদ এনগেদির
অরণ্যে আছে। [২] তাহাতে শাউল সমস্ত য়িশ
রাএলহইতে তিন সহস্র মনোনীত লোক লইয়া
বনছাগলের পর্ব্বতোপরি দাউদের ও তাহার লো
কেরদের অন্বেষণে গেল। [৩] পরে সে পথস্থ
মেষবাথানে পঁহুছিল সেস্থানে এক গুহা তাহা
তে শাউল আপন পা ঢাকিবার কারণ তন্মধ্যে
প্রবেশ করিল এবং দাউদ ও তাহার লোক
সে গুহার আশপাশে রহিল। [৪] পরে দা
উদের লোক তাহাকে কহিল দেখ য়িহুহ যে
দিবসের বিষয়ে তোমাকে কহিলেন যে তুমি
আপনার মনোবাঞ্ছানুসারে আপন শত্রুর প্রতি
করিবার কারণ আমি তাহাকে তোমার হস্তগত
করিব সে দিবস উপস্থিত হইয়াছে তাহাতে দা
উদ উঠিয়া গোপনে শাউলের বস্ত্রাগ্র কাটিয়া
ফেলিল। [৫] পরে এমত হইল শাউলের ব
স্ত্রাগ্রচ্ছেদনপ্রযুক্ত দাউদের অন্তঃকরণ তাহাকে
আঘাত করিল। [৬] তাহাতে সে আপন লো
কেরদিগকে কহিল আমি যে আপন প্রভু য়িহু
হের অভিষিক্তের প্রতি এ কর্ম্ম করি অর্থাৎ আ
পন হাত যে তাহার প্রতিকূলে বিস্তার করি ইহা
না হউক যেহেতুক তিনি য়িহুহেতে অভিষিক্ত।
[৭] অতএব দাউদ ঐ কথা কহিয়া আপন
দাসেরদিগকে বারণ করিল এবং শাউলের প্রতি
কূলে তাহারদিগকে উঠিতে দিল না কিন্তু শাউল
গুহার মধ্যহইতে নির্গত হইয়া স্বপথে চলিয়া
গেল।

[৮] তাহার পরে দাউদও উঠিয়া গুহাহইতে নি
র্গত শাউলের পাছে ডাকিয়া কহিল হে আমার
প্রভু মহারাজ তাহাতে শাউল আপন পশ্চাৎ
ফিরিয়া দেখিলে দাউদ ভূম্পৃষ্ঠমুখ হইয়া প্রণাম
করিল। [৯] পরে দাউদ শাউলকে কহিল
দেখ দাউদ আপনকার হিংসা চেষ্টা করে মনু
ষ্যের এমত বাক্য আপনি কেন শুনেন। [১০]
দেখ য়িহুহ অদ্য গুহাতে তোমাকে আমার
হস্তে যেরূপ অর্পণ করিলেন তাহা আপনকার
চক্ষু অদ্য দেখিয়াছে এবং কেহ আপনাকে
বধ করিতে কহিল কিন্তু আমি আপনাকে ক্ষমা
করিলাম এবং আমি কহিলাম আমি আপন
প্রভুর প্রতিকূলে আপন হস্ত বিস্তার করিব না
যেহেতুক তিনি য়িহুহের অভিষিক্ত। [১১]
আরো হে আমার পিতঃ দৃষ্টি করুন আপন
কার বস্ত্রাগ্র আমার হস্তে দর্শন করুন যেহেতুক
আপনকার বস্ত্রাগ্র কাটিয়াও যে আমি আপ
নাকে বধ করি নাই ইহাতে আপনি অবগত
হউন এবং দেখুন যে আমার হাতে দোষ বা
অতিক্রম নাই এবং আমি আপনকার প্রতিকূ
লে পাপ করি নাই তথাচ আমার প্রাণধরণার্থে
আপনি তাহা তাড়াইয়া বেড়াইতেছেন। [১২]
য়িহুহ আমার ও আপনকার মধ্যে বিচার ক

রূপ এবং য়িহুহ আমার বিষয়ে আপনকার প্র
তীকার করুন কিন্তু আমার হস্ত আপনকার উ
পরে হইবে না। [১৩] প্রাচীনেরদের নীতিবাক্য
যেমন কহে দুষ্টেরদিগহইতে দুষ্টতা নির্গতা হয়
কিন্তু আমার হস্ত আপনকার উপরে হইবে না।
[১৪] য়িশ্রাএলের রাজা কাহার পাছে বাহির
হইয়া আসিয়াছেন আপনি কাহার পাছে তা
ড়াইয়া আসিতেছেন কি মৃত কুক্কুরের পাছে কি
অস্তীর পাছে। [১৫] অতএব য়িহুহ বিচার
কর্ত্তা হইয়া আমার ও আপনকার বিষয়ে বি
চার করুন এবং দৃষ্টিপাত করিয়া আমার পক্ষ
বাদী হইয়া আমাকে আপনকার হস্তহইতে উ
দ্ধার করুন।

[১৬] অপর এই মত হইল দাউদ শাউলকে
ঐ বাক্যকথনে সমাপ্ত করিলে শাউল কহিল হে
আমার পুত্র দাউদ এ কি তোমার রব তাহাতে
শাউল উচ্চ শব্দ করিয়া ক্রন্দন করিল। [১৭]
পরে সে দাউদকে কহিল তুমি আমাপেক্ষা ধা
র্ম্মিক কেননা তুমি আমার প্রতি মঙ্গল প্রতি
ফল দিয়াছ কিন্তু আমি তোমার প্রতি অমঙ্গল
রূপ প্রতিফল দিয়াছি। [১৮] এবং তুমি যে
আমার প্রতি ভদ্র আচরণ করিয়াছ ইহা তুমি
অদ্য দর্শাইয়াছ যেহেতুক যখন য়িহুহ আমা
কে তোমার হস্তে তর্পণ করিলেন তখন তুমি
আমাকে হত্যা করিলা না। [১৯] কেননা ম
নুষ্য আপন শত্রুকে পাইয়া কি তাহাকে মঙ্গল
পূর্ব্বক যাইতে দেয় অতএব অদ্য তুমি আমার
প্রতি যাহা করিয়াছ তদ্ধেতুক য়িহুহ তোমাকে
মঙ্গলরূপ প্রতিফল দিউন। [২০] এবং এখন
দেখ আমি বিলক্ষণরূপে জানি যে তুমি নিশ্চয়ে
রাজা হইবা এবং য়িশ্রাএলের রাজ্য তোমার
হস্তে স্থির হইবে। [২১] অতএব য়িহুহের নাম
লইয়া এখন আমার স্থানে দিব্য কর যে তুমি
আমার পরে আমার বংশ উচ্ছিন্ন করিবা না এ
বং আমার পিতৃবংশহইতে আমার নাম বি
নাশ করিবা না। [২২] তাহাতে দাউদ শাউ
লের নিকটে শপথ করিল পরে শাউল ঘরে
গেল কিন্তু দাউদও তাহার লোক দুর্গে উঠিয়া
গেল।

## ২৫ পর্ব্ব।

[১] অপর শিমুএল মরিল তাহাতে সমস্ত য়িশ
রাএলীয়েরা একত্র হইয়া তাহার জন্যে শোক
করিল এবং রামাহস্থ তাহার বাটীতে তাহার
কবর দিল পরে দাউদ উঠিয়া পারাণারণ্যে
গেল। [২] অপর করমেলে অধিকারধারি এক
মনুষ্য মাওনে ছিল এবং সে মানুষ অতিম
হান তাহার তিন সহস্র মেষ ও এক সহস্র অজা
ছিল এবং সে করমেলে আপন মেষের লোম
কাটিতেছিল। [৩] ঐ মানুষের নাম নাবাল
ও তাহার ভার্য্যার নাম আবিগাইল সে স্ত্রী বিল
ক্ষণ বুদ্ধিমতী ও সুবদনা কিন্তু সে পুরুষ রাগী ও
অসৎক্রিয়াকারী এবং সে কালেবের বংশ
জাত।

[৪] অপর দাউদ অরণ্যে শুনিল যে নাবাল
আপন মেষের লোম কাটিতেছে। [৫] তাহা
তে দাউদ দশ যুবপুরুষকে প্রেরণ করিল এবং
দাউদ সে যুবারদিগকে কহিল তোমরা করমে
লে নাবালের নিকটে যাও এবং আমার নামে
তাহাকে নমস্কার কর। [৬] এবং সে সুখ
জীবিকে এমত কহিবা আপনকার মঙ্গল ও আ
পনকার ঘরের মঙ্গল ও আপনকার সর্ব্বস্বের
মঙ্গল হউক। [৭] এবং এখন আমি শুনিয়া
ছি যে আপনকার লোমচ্ছেদক আছে এখন
আমারদের সহিত আপনকার যে২ রাখাল
ছিল আমরা তাহারদের হিংসা করি নাই এবং
করমেলে বাস তাবৎকাল তাহারদের কিছু হা
রায় নাই। [৮] আপনকার যুবারদিগকে জি
জ্ঞাসা করুন তাহাতে তাহারা আপনাকে কহি
বে অতএব যুবারা আপনকার দৃষ্টিতে অনুগ্রহ
পাউক কেননা আমরা ভদ্র দিবসে আসিয়াছি
আমি মিনতি করি আপনকার হস্তপ্রাপ্ত যাহা
তাহা আপনার দাসেরদিগকে ও আপনার
পুত্র দাউদকে দিউন। [৯] দাউদের যুবপুরু
ষেরা উপস্থিত হইয়া দাউদের নামে ঐ তাবদ্বা
ক্যানুসারে নাবালকে কহিয়া দিল পরে নিবৃত্ত
হইল।

[১০] অপর নাবাল দাউদের দাসেরদিগকে
উত্তর করিয়া কহিল দাউদ কে এবং য়িশির
পুত্র কে আপন২ কর্ত্তাকে ছাড়িয়া যায় এ কা
লে এমত অনেক ভৃত্য আছে। [১১] অতএব
আমি কি আপনার রুটি জল এবং আপনার
লোমচ্ছেদকেরদের জন্যে যে পশু মারিয়াছি
তাহা লইয়া অজ্ঞাতস্থানস্থ কোথাকার লোকের
দিগকে দিব। [১২] পরে দাউদের যুবপুরুষেরা
ফিরিয়া গেল এবং পুনর্ব্বার আসিয়া তাহাকে
সে সমস্ত বাক্য কহিয়া দিল। [১৩] তাহাতে দা
উদ আপন লোকেরদিগকে কহিল প্রত্যেক জনে
আপন২ তলোআর বাঁধ তাহাতে তাহারা প্র
ত্যেক জন আপন২ তলোআর বাঁধিল এবং দাউ
দের পশ্চাৎ২ প্রায় চারিশত মনুষ্য গেল এবং
দুই শত সংস্থানের সহিত রহিল।

[১৪] কিন্তু যুবপুরুষেরদের মধ্যে এক জন এ
কথা কহিয়া নাবালের ভার্য্যা আবিগাইলকে

জানাইল যে দেখ আমারদের কর্ত্তাকে নমস্কার
করিতে দাউদ অরণ্যহইতে দূত প্রেরণ করিল এ
বং সে তাহারদের নিন্দা করিল। [১৫] কিন্তু
সে লোক আমারদের বড় উপকারী ছিল এবং
মাঠে বাসকালে তাহারদের সহিত আমারদের
পরিচয়ের তাবৎ সময়ে আমারদের কিছু হিং
সা হয় নাই এবং আমরা কিছুই হারাই নাই।
[১৬] আমরা মেষরক্ষা করত তাহারদের নিক
টে যত কাল বাস করিলাম সে সকল সময়ে তা
হারা দিবারাত্রি আমারদের প্রাচীরস্বরূপ ছিল।
[১৭] অতএব এখন অবগত হউন এবং আপ
নার কর্ত্তব্য বিবেচনা করুন যেহেতুক আমার
দের কর্ত্তার ও তাহার সমস্ত পরিজনের প্রতিকূ
লে মন্দ স্থির করা গিয়াছে কেননা সে এমত দু
শ্চরিত্র মনুষ্য যে কেহ তাহার সহিত কথা কহি
তে পারে না।

[১৮] তাহাতে আবিগাইল ত্বরা করিয়া দুই
শত রুটি ও দুই কুপা মদিরা ও পাককরা পাঁচ
মেষ ও পাঁচ পরিমাণ ভাজা কলাই ও একশত
থকা দ্রাক্ষাফল ও দুই শত উডুম্বরচাক লইয়া
গাধার উপরে চড়াইল। [১৯] পরে সে আ
পন দাসেরদিগকে কহিল আমার অগ্রে২ চল
দেখ আমি তোমারদের পশ্চাৎ২ আসিতেছি
কিন্তু সে আপনার স্বামী নাবালকে কহিল না।
[২০] এবং এমত হইল সে গর্দ্দভারূঢ়া হইয়া
আসিতে২ পর্ব্বতে ঝোপড়াপথ হইয়া যাইতে
ছিল ইত্যবসরে দেখ দাউদ ও তাহার লোক তা
হার প্রতিকূলে আসিতেছে তাহাতে সে তাহার
দের সহিত মিলিল। [২১] তৎপূর্ব্বে দাউদ
কহিয়াছিল অরণ্যে ইহার যে কিছু আছে তদ
ধিকৃত সমস্তই আমি অনপচয়পূর্ব্বক নিশ্চয় বৃ
থা রক্ষা করিয়াছি তাহাতে সে উত্তমের পরিবর্ত্তে
আমার মন্দ করিয়াছে। [২২] ভিত্তিগাত্রে
প্রস্রাবকারী তদধিকৃত সকলের মধ্যে কোন কা
হাকেও আমি যদি অরুণোদয়পর্য্যন্ত রাখি তবে
ঈশ্বর তদ্রূপ এবং তদধিকও দাউদের শত্রুরদের
প্রতি করুন [২৩] অপর আবিগাইল যখন দাউ
দকে দেখিল তখন সে ত্বরা করিয়া গাধাহইতে
অবরূঢ়া হইয়া দাউদের সম্মুখে উবুড় হইয়া
পড়িয়া ভূস্পৃষ্টমুখ হইয়া প্রণাম করিল। [২৪]
পরে তাহার চরণে পড়িয়া কহিল হে আমার
প্রভো আমার আমারি উপরে এ অপরাধ হউক
এবং আমি আপনকার স্থানে মিনতি করি যে
আপনকার দাসীকে আপনকার শ্রবণে নিবেদ
নানুমতি দিউন এবং আপনকার দাসীর বাক্য
শুনুন। [২৫] আমি নিবেদন করি আমার প্র
ভু এ দুরাচার মানুষকে অর্থাৎ নাবালকে না
মানুন কেননা তাহার নাম যেমন সেও তেমন তা
হার নাম নাবাল এবং বাতুলতা তাহার সহব
র্ত্তিনী কিন্তু আপনকার দাসী আমি আপনকর্ত্তৃক
আমার প্রভুর প্রেষিত যুবপুরুষেরদিগকে দেখি
নাই। [২৬] অতএব এখন হে আমার প্রভো
যিহুহ জীবৎ হইলে এবং আপনকার প্রাণ জী
বৎ হইলে রক্তপাতকরণার্থ আইসুন এবং আ
পনার হস্তদ্বারা আপনার অপমানের প্রতীকার
করণবিষয়ে যিহুহ আপনকার বারণ করিয়া
ছেন এইহেতুক আপনকার শত্রুরা এবং আমার
প্রভুর মন্দ চেষ্টাকারিরা এখন নাবালের সদৃশ
হউক। [২৭] এবং এখন আপনকার দাসীকর্ত্তৃক
আমার প্রভুর স্থানে আনীত এ উপঢৌকন আ
মার প্রভুর অনুচর যুবপুরুষেরদিগকে দত্ত হ
উক। [২৮] আমি মিনতি করি আপনকার দা
সীর অপরাধ ক্ষমা করুন কেননা নিশ্চয়ে যিহুহ
আমার প্রভুর দৃঢ় বাটী করিবেন যেহেতুক আ
মার প্রভু যিহুহের যুদ্ধ করেন এবং আপনকার
তাবদায়ুতে আপনকার মধ্যে দোষ পাওয়া যায়
নাই। [২৯] তথাপি আপনকার তাড়ন করিতে
এবং আপনকার প্রাণের অন্বেষণে এক জন উঠি
য়াছে কিন্তু আমার প্রভুর প্রাণ যিহুহ আপন
কার ঈশ্বরের সহবর্ত্তী জীবন গুচ্ছেতে বাঁধা যাই
বে কিন্তু ঢিলঝুঁটির মধ্যহইতে যেমন তেমন তিনি
আপনকার শত্রুরদের প্রাণকে পাক দিয়া প্রক্ষে
প করিবেন। [৩০] অপর এমত হইবে আপন
কার বিষয়ে যিহুহ যে সমস্ত মঙ্গল কহিয়াছেন
তদনুসারে যখন তিনি আমার প্রভুর প্রতি করি
বেন এবং আপনাকে যিশ্রাএলোপরি কর্ত্তৃত্ব
পদে নিযুক্ত করিবেন। [৩১] তখন অকারণ
রক্তপাতকরণ বা আমার প্রভুর আপনার অপ
মানের প্রতীকারকরণই আপনকার শোকের কা
রণ বা আমার প্রভুর অন্তঃকরণে দুঃখের কারণ
হইবে না, কিন্তু যিহুহ যখন আমার প্রভুর মঙ্গল
করিবেন তখন আপনকার দাসীকে স্মরণ করুন।

[৩২] পরে দাউদ আবিগাইলকে কহিল অ
দ্য আমার সহিত দেখা করিতে তোমাকে প্রের
ণকারি যিহুহ যিশ্রাএলের ঈশ্বর ধন্য। [৩৩]
এবং তোমার পরামর্শ ধন্য এবং রক্তপাতকর
ণার্থে আগমনে এবং আমার আপনার হস্তদ্বা
রা আপনার অপমানের প্রতিফলদেওনে আ
মার নিবারণকারিণী তুমিও ধন্যা। [৩৪] কেন
না তোমাকে হিংসা করণে আমাকে নিবারণ
কারি যিহুহ যিশ্রাএলের ঈশ্বর জীবৎ হইলে
নিশ্চয়ে তুমি যদি ত্বরা করিয়া আমার সহিত মি
লিতে না আসিতা তবে নিতান্তই প্রভাতপর্য্যন্ত
ভিত্তিগাত্রে প্রস্রাবকারি এক জনও নাবালের

ঘরে অবিশিষ্ট রহিত না। [৩৫] অতএব তৎকর্ত্তৃক আনীত দ্রব্য দাউদ তাহার হস্তহইতে গ্রহণ করিয়া তাহাকে কহিল আপন বাটীতে কুশলে যাও দেখ আমি তোমার কথাতে অবধান করিয়াছি এবং তোমাকে গ্রহণ করিয়াছি।

[৩৬] পরে আবিগাইল নাবালের নিকটে আইল এবং দেখ সে আপনার ঘরে রাজভোজের ন্যায় ভোজ করিতেছে তাহাতে নাবালের অন্তঃকরণ তাহার মধ্যে হৃষ্ট হইল কেননা সে বড় মত্ত ছিল অতএব সে অরুণোদয়ের পূর্ব্বে অল্প বা অধিক কিছু তাহাকে কহিল না [৩৭] কিন্তু প্রাতঃকালে এমত হইল ঐ মদিরা নাবালের মধ্য হইতে ছুটিয়া গেলে এবং তাহার ভার্য্যা তাহাকে ঐ সমস্ত বিষয় জানাইলে তাহার অন্তঃকরণ তাহার মধ্যে মরিয়া গেল তাহাতে সে প্রস্তরবৎ হইল। [৩৮] অপর দিনদশেকের পরে এমত হইল য়িহুহ নাবালের আঘাত করিলেন তাহাতে সে মরিল।

[৩৯] পরে দাউদ যখন শুনিল যে নাবাল মরিয়াছে তখন সে কহিল নাবালের হস্তহইতে আমার অপমানের প্রতিবাদি এবং আপন দাসকে কুক্রিয়াহইতে রক্ষাকারি য়িহুহ ধন্য যেহেতুক য়িহুহ নাবালের দুষ্টতা তাহার নিজ মস্তকোপরি ফিরিয়া দিয়াছেন পরে আবিগাইলকে ভার্য্যার্থে গ্রহণের জন্যে দাউদ লোক পাঠাইয়া তাহার সহিত কথোপকথন করিল। [৪০] অপর দাউদের দাসেরা করমেলে আবিগাইলের নিকটে পঁহুছিলে তাহারা তাহাকে এ কথা কহিল যে দাউদ তোমাকে ভার্য্যার্থে গ্রহণের নিমিত্তে আমারদিগকে তোমার নিকটে পাঠাইয়াছেন। [৪১] তাহাতে সে উঠিয়া ভূস্পৃষ্টমুখ হইয়া প্রণাম করিয়া কহিল দেখ আপনকার দাসী আমার প্রভুর দাসেরদের পাদপ্রক্ষালিকা দাসী হউক। [৪২] পরে আবিগাইল ত্বরা করিয়া উঠিয়া গর্দ্দভারোহিণী হইয়া আপনার অনুচারিণী পঞ্চ কন্যার সহিত গেল এবং সে দাউদের দূতেরদের পশ্চাৎ গেল এবং তাহার ভার্য্যা হইল। [৪৩] দাউদ য়িজরীএলের আখীনোআমকেও গ্রহণ করিল এবং তাহারা দুই জনই তাহার ভার্য্যা হইল।

[৪৪] কিন্তু শাউল মীকাল নামে আপন কন্যা দাউদের ভার্য্যাকে গলীমবাসী লঈশের পুত্র ফল্তীকে দিল।

## ২৬ পর্ব্ব।

[১] অপর জীফীয়েরা শাউলের নিকটে গিবিআহে আসিয়া কহিল দাউদ কি য়িশীমোন সম্মুখস্থ খকীলাহ্‌পর্ব্বতে আপনাকে গোপন করে নাই। [২] তাহাতে শাউল উঠিয়া জীফারণ্যে দাউদের অন্বেষণে য়িশ্রাএলের তিন সহস্র মনোনীত লোককে সঙ্গে করিয়া জীফারণ্যে গেল। [৩] এবং শাউল পথপার্শ্বস্থ য়িশীমোন সম্মুখস্থিত খকীলাহ্‌পর্ব্বতে ছাউনি করিল কিন্তু দাউদ অরণ্যে রহিল এবং দেখিল যে শাউল তাহার পাছে২ অরণ্যে আসিতেছে। [৪] অতএব দাউদ দূত প্রেরণ করিয়া জানিল যে শাউল নিশ্চয় আসিয়াছে।

[৫] পরে দাউদ উঠিয়া শাউলের ছাউনিস্থানে আসিয়া শাউলের এবং তাহার সেনাপতি নেরের পুত্র আবনেরের শয়নস্থান নিরীক্ষণ করিয়া দেখিল তাহাতে শাউল পরিখার মধ্যে শুইয়া রহিয়াছে এবং লোকেরা তাহার চতুর্দ্দিগে ছাউনি করিয়া আছে। [৬] পরে দাউদ উত্তর করিয়া খিত্তীয় আখীমেলেককে ও সিরূয়াহার পুত্র য়োআবের ভ্রাতা আবীশঈকে কহিল ছাউনিতে আমার সহিত শাউলের নিকটে কে যাইবে তাহাতে আবীশঈ কহিল আমি তোমার সহিত যাইব। [৭] অতএব দাউদ ও আবীশঈ রাত্র্যবসানে লোকেরদের নিকটে আসিয়া উপস্থিত হইল এবং দেখ শাউল পরিখার মধ্যে নিদ্রাগত এবং তাহার বালিসের নিকটে তাহার শল্য মৃত্তিকাতে পোতা কিন্তু আবনের ও লোকসমস্ত তাহার চতুর্দ্দিগে পড়িয়া রহিয়াছিল। [৮] ঐ সময়ে আবীশঈ দাউদকে কহিল ঈশ্বর অদ্য আপনকার শত্রুকে আপনকার হস্তগত করিয়াছেন অতএব এখন আমি আপনাকে নিবেদন করি শল্যদ্বারা একেবারে তাহাকে ভূমির সহিত গাঁথিয়া ফেলনানুমতি আমাকে দিউন এবং আমি তাহাকে দ্বিতীয়বার আঘাত করিব না। [৯] তাহাতে দাউদ আবীশঈকে কহিল তাহাকে নষ্ট করিও না যেহেতুক য়িহুহের অভিষিক্তের প্রতিকূলে হস্তবিস্তার করিয়া কে নিরপরাধী হইতে পারে। [১০] দাউদ আরো কহিল যদি য়িহুহ জীবৎ হন তবে য়িহুহ তাহাকে মারিবেন বা তাহার মরণদিবস উপস্থিত হইবে বা সে সংগ্রামে প্রবিষ্ট হইয়া নষ্ট হইবে। [১১] য়িহুহকর্ত্তৃকাভিষিক্তের প্রতিকূলে আমি যে হস্তবিস্তার করি ইহা না হউক কিন্তু আমি মিনতি করি তাহার বালিসসমীপস্থিত শল্য এবং ঐ জলের পাত্র তুমি এখন তুলিয়া লও এবং চল আমরা যাই। [১২] তাহাতে দাউদ শাউলের বালিসহইতে সে শল্য ও জলের পাত্র গ্রহণ করিল পরে তাহারা চলিয়া গেল এবং কেহ তাহা দেখে নাই জানে নাই বা কেহ জাগিল না কেননা তাহারা সকলে নিদ্রাগত যেহেতুক য়িহু

হইতে আগত ঘোর নিদ্রা তাহারদের উপরে
পড়িয়াছিল।
[১৩] পরে দাউদ অন্য পারে যাইয়া অন্য এ
ক গিরির চূড়ায় বহুদূরে তাহারদের মধ্যে অনে
ক স্থান হইলে দাঁড়াইয়া রহিল। [১৪] পরে দা
উদ এই কথা কহিয়া লোকেরদিগকে ও নেরের
পুত্র আবনেরকে ডাকিয়া কহিল হে আবনের
তুমি কি উত্তর দেও না তাহাতে আবনের উত্তর
করিয়া কহিল রাজাকে ডাকিয়া কথনকারী তুমি
কে। [১৫] পরে দাউদ আবনেরকে কহিল তু
মি কি মানুস নহ এবং য়িশ্রাএলে তোমার স
দৃশ কে অতএব তুমি আপনার প্রভু মহারাজকে
কেন রক্ষা কর নাই যেহেতুক তোমার প্রভু মহা
রাজকে নষ্ট করিতে লোকেরদের এক জন আসি
য়াছিল। [১৬] তোমাকর্ত্তৃক কৃত কার্য্য ভাল
নয় য়িহুহ জীবৎ হইলে তোমরা মরণযোগ্য কে
ননা য়িহুহের অভিষিক্ত আপনারদের প্রভুকে
তোমরা রক্ষা কর নাই এবং এখন রাজার শল্য
ও তাহার বালিশের নিকটস্থিত জলপাত্র কোথায়
দেখ। [১৭] পরে শাউল দাউদের রব অবগত
হইয়া কহিল হে আমার পুত্র দাউদ এ কি তো
মার রব তাহাতে দাউদ কহিল হে আমার প্রভু
মহারাজ আমারি রব। [১৮] পরে সে কহিল
আমার প্রভু কেন আপন দাসের পাছে২ এমন
করিয়া তাড়াইয়া আইসেন যেহেতুক আমি কি
করিয়াছি বা আমার হস্তে কি দোষ। [১৯] অ
তএব এখন আমি আপনাকে মিনতি করি আ
মার প্রভু মহারাজ আপন দাসের বাক্য শুনুন
য়িহুহ যদি আপনাকে আমার প্রতিকূলে উত্থা
পন করিয়াছেন তবে তিনি এক নৈবেদ্য গ্রহণ
করুন কিন্তু যদি মনুষ্যের সন্তান তাহা করিয়াছি
তবে তাহারা য়িহুহের সম্মুখে অভিশপ্ত যেহে
তুক যাও অন্য দেবেরদের সেবা কর এ কথা ক
হিয়া তাহারা অদ্য আমাকে য়িহুহের অধিকা
রে বাস করণবিষয়ে তাড়াইয়া দূর করিয়া দিয়া
ছে [২০] অতএব এখন আমার রক্ত মৃত্তিকাতে
য়িহুহের সম্মুখে না পড়ুক যেহেতুক পর্ব্বতোপ
রি যেমন কেহ তিত্তির শিকার করে তেমন য়িশ্রা
এলের রাজা এক অক্ষীর অন্বেষণে আসিয়াছেন।
[২১] তাহাতে শাউল কহিল আমি পাপ ক
রিয়াছি হে আমার পুত্র দাউদ ফির যেহেতুক
আমি তোমাকে আর হিংসা করিব না কেননা
অদ্য আমার প্রাণ তোমার দৃষ্টিতে বহুমূল্য
ছিল দেখ আমি বাতুল ক্রিয়া করিয়াছি এবং
অতিশয় ভ্রান্ত হইয়াছি। [২২] পরে দাউদ উ
ত্তর করিয়া কহিল মহারাজের শল্য দেখ এবং
যুবারদের এক জন পার হইয়া আসিয়া তাহা
লইয়া যাউক। [২৩] প্রত্যেক জনকে য়িহুহ
তাহার ধর্ম্মানুসারে এবং বিশ্বস্ততানুযায়ি ফল
দিউন যেহেতুক য়িহুহ তোমাকে অদ্য আমার
হস্তগত করিয়াছিলেন কিন্তু য়িহুহের অভিষি
ক্তের প্রতিকূলে আমি হস্ত বিস্তার করিতে বাস
না করিলাম না। [২৪] এবং দেখ আপনকার
প্রাণ অদ্য আমার চক্ষুর্গোচরে যেমন বহুমূল্য
রূপ মান্য ছিল তেমন আমার প্রাণ য়িহুহের চ
ক্ষুর্গোচরে বহুমূল্যরূপ গণ্য হউক এবং তিনি
সমস্ত ক্লেশহইতে আমাকে মুক্ত করুন। [২৫]
পরে শাউল দাউদকে কহিল হে আমার পুত্র
দাউদ তুমি ধন্য তুমি মহাক্রিয়া করিবা এবং এখ
নও সফল হইবা তাহাতে দাউদ স্বপথে চলিয়া
গেল কিন্তু শাউল আপন স্থানে ফিরিয়া আইল।

## ২৭ পর্ব্ব।

[১] অপর দাউদ আপন অন্তঃকরণে কহিল
শাউলের হস্তদ্বারা আমি কোন এক দিবস নষ্ট
হইব পলশ্তীয়েরদের দেশে আমার শীঘ্র করি
য়া পলায়নাপেক্ষা আমার জন্যে কোন গতি
অধিক ভাল নয় তাহাতে য়িশ্রাএলের কোন
অঞ্চলে আমাকে আর অন্বেষণকরণে শাউল
আমার বিষয়ে নিরাশ হইবে এরূপে আমি তা
হার হস্তহইতে এড়াইয়া বাঁচিব। [২] অতএব
দাউদ উঠিয়া সে ও তাহার ছয়শত সমভিব্যাহা
রি লোক মাওকের পুত্র গাতের রাজা আকীশের
নিকটে গেল। [৩] এবং দাউদ গাতে আকী
শের সহিত বাস করিল বিশেষতঃ সে ও তাহার
লোক প্রত্যেক জন স্বপরিবারের সহিত এবং দা
উদ য়িজ্রীএলীয় আখীনোআম এবংনাবলের
ভার্য্যা করমেলীয় আবিগাইল নামে আপন
দুই ভার্য্যার সহিত। [৪] পরে শাউলের নিক
টে কথিত হইল যে দাউদ গাতে পলাইয়া গি
য়াছে তাহাতে সে পুনর্ব্বার তাহার আর অন্বে
ষণ করিল না।
[৫] পরে দাউদ আকীশকে কহিল এখন
আমি যদি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া
ছি তবে দেশস্থ কোন এক নগরে তাহারা আ
মার বাসার্থে আমাকে স্থান দিউক কেননা আ
পনকার দাস রাজধানীতে আপনকার সহিত
কেন বাস করিবে। [৬] তাহাতে সেই দিবসে
আকীশ তাহাকে সিকলগ দিল অতএব অদ্যপ
র্য্যন্ত সিকলগ য়িহুদাহের রাজবর্গেরদের অধি
কার। [৭] অপর পলশ্তীয়েরদের দেশে দা
উদের বাসকাল পূর্ণ এক বৎসর ও চারি মাস
ছিল।
[৮] অপর দাউদ ও তাহার লোক যাইয়া
গিশরীয়েরদের ও গিরজীয়েরদের ও অমালে

কীয়েরদের দেশে চড়াউ করিল যেহেতুক তাহা
রাই শূরের পথ হইয়া মিসরদেশপর্য্যন্ত ব্যাপি
দেশস্থ পূর্ব্বনিবাসি লোক। [৯] এবং দাউদ সে
দেশস্থেরদিগক মারিল এবং পুরুষ বা স্ত্রী কাহা
কে ও বাঁচাইয়া রাখিল না এবং মেষ গরু গাধা
উট বস্ত্রাদি হরণ করিয়া ফিরিয়া আকীশের নিক
টে আইল। [১০] পরে আকীশ কহিল অদ্য
তোমরা কোথায় পুথ করিয়াছ তাহাতে দাউদ
কহিল য়িহুদাহের দক্ষিণাঞ্চলের ও য়িরহ্মিএলী
য়েরদের দক্ষিণাঞ্চলের ও কেনীয়েরদের দক্ষিণা
ঞ্চলের প্রতিকূলে। [১১] এবং পাছে তাহারা
এ কথা কহিয়া আমারদের বিষয়ে কহিয়া দেয়
যে দাউদ এই২ প্রকার করিয়াছে এবং পলশ্‌তী
য়েরদের দেশে যত কাল বাস করে তত কাল তা
হার ব্যবহার সে প্রকারে হইবে এই কথা কহিয়া
দাউদ গাতে সমাচার আনিতে পুরুষ কিম্বা স্ত্রী
কাহাকেও জীবৎ রাখিল না। [১২] এবং আ
কীশ দাউদে প্রত্যয় করিয়া কহিল সে আপন য়ি
শ্রাএল লোকেরদিগকে নিঃশেষরূপে তাহাকে
ঘৃণা করাইয়াছে অতএব সে সদা আমার দাস
হইবে।

২৮ পর্ব্ব।

[১] অপর সে কালে এমত হইল রণনিমিত্তে
য়িশ্রাএলের সহিত যুদ্ধার্থে পলশ্‌তীয়েরা আ
পনারদের সৈন্য সমারোহ করিল এবং আকীশ
দাউদকে কহিল তুমি নিশ্চয় জান যে তুমি ও তো
মার লোক যুদ্ধার্থে আমার সহিত নির্গমন করি
বা। [২] তাহাতে দাউদ আকীশকে কহিল আ
পনকার দাস যাহা করিতে পারে তাহা আপনি
নিশ্চয় জানিবেন অতএব আকীশ দাউদকে ক
হিল তদ্ধেতুক আমি তোমাকে সদা আমার মস্ত
করক্ষক করিব।

[৩] ঐ সময়ে শিমূএল মৃত ছিল এবং তাবৎ
য়িশ্রাএল তাহার জন্যে শোক করিয়াছিল
এবং রামায় অর্থাৎ তাহার আপনার নগরে তা
হার কবর দিয়াছিল। এবং শাউল সঙ্কীতোদর
বাদি লোকেরদিগকে ও ডাইনেরদিগকে দেশ
হইতে বাহির করিয়া দিয়াছিল।

[৪] অপর পলশ্‌তীয়েরা আপনারদিগকে
একত্র করিয়া আসিয়া শূনেমে ছাউনি করিল
এবং শাউল তাবৎ য়িশ্রাএলকে সমারোহ ক
রিলে তাহারা গিল্‌বোআতে ছাউনি ফেলিল।
[৫] এবং শাউল পলশ্‌তীয়েরদের সৈন্য দে
খিয়া ভীত হইল এবং তাহার হৃদয় অতিশয়
কাঁপিল। [৬] পরে শাউল য়িহুহের উদ্দেশে জি
জ্ঞাসা করিলে য়িহুহ স্বপ্নের কিম্বা উরিমের কিম্বা
আচার্য্যেরদের দ্বারা তাহাকে উত্তর দিলেন না।

[৭] অপর শাউল আপন দাসেরদিগকে কহি
ল সঙ্কীতোদরবাদিনী এক স্ত্রী আমার জন্য অন্বে
ষণ কর যে আমি তাহার নিকটে যাই ও তাহার
স্থানে জিজ্ঞাসা করি তাহাতে তাহারা দাসেরা তা
হাকে কহিল দেখ এন্‌দোরে সঙ্কীতোদরবাদিনী
এক স্ত্রী আছে। [৮] পরে শাউল ছদ্মবেশধারণ
করিল এবং অন্য বস্ত্র পরিধান করিলে সে ও
তাহার সমভিব্যাহারি অন্য দুই জন গেল এবং
তাহারা রাত্রিযোগে সে স্ত্রীর নিকটে আইল পরে
সে কহিল আমি মিনতি করি তুমি সঙ্কীতোদরবা
দিরদ্বারা আমার জন্যে গণনা করিয়া আমি যা
হার নাম তোমাকে কহিব তাহাকে আমার জন্যে
উঠাইয়া আন। [৯] তাহাতে সে স্ত্রী তাহাকে
কহিল দেখ শাউল যাহা করিয়াছেন বিশেষতঃ
তিনি সঙ্কীতোদরবাদিরদিগকে ও ডাইনেরদিগকে
যেরূপ দেশমধ্যহইতে উচ্ছিন্ন করিয়াছেন ইহা
তুমি জ্ঞাত আছ অতএব আমাকে হত্যা করি
তে তুমি কেন আমার প্রাণের জন্যে ফাঁদ পাতি
তেছ। [১০] তাহাতে শাউল য়িহুহের নাম লই
য়া তাহার নিকটে দিব্য করিল য়িহুহ জীবৎ হই
লে এ বিষয়েতে তোমার কোন দণ্ড ঘটিবে না।
[১১] পরে সে স্ত্রী কহিল তোমার স্থানে আমি কা
হাকে উঠাইয়া আনিব তাহাতে সে কহিল শিমূ
এলকে আমার স্থানে উঠাইয়া আন। [১২]
অপর সে স্ত্রী যখন শিমূএলকে দেখিল তখন
সে উচ্চৈঃস্বরে চেঁচাইল এবং সে স্ত্রী শাউলকে
কহিল তুমি আমাকে কি জন্যে প্রতারণা করিয়াছ
যেহেতুক আপনি শাউল। [১৩] পরে রাজা
তাহাকে কহিল ভীতা হইও না কেননা তুমি কি
দেখিয়াছ তাহাতে সে স্ত্রী শাউলকে কহিল আমি
দেবতারদিগকে মৃত্তিকাহইতে উদ্গমন করিতে
দেখিলাম। [১৪] পরে সে তাহাকে কহিল তা
হার আকার কি তাহাতে সে কহিল এক বৃদ্ধ মা
নুষ উদ্গমন করিতেছে এবং সে চাদরেতে আ
চ্ছাদিত আছে তাহাতে শাউল জানিতে পাইল
যে সে শিমূএল এবং সে ভূস্পৃষ্ঠমুখ হইয়া প্রণাম
করিল।

[১৫] অপর শিমূএল শাউলকে কহিল আমা
কে উপরে আনয়নেতে তুমি কেন আমাকে উৎ
কণ্ঠিত করিয়াছ তাহাতে শাউল উত্তর করিল আ
মি অতিশয় ক্লিষ্ট আছি যেহেতুক পলশ্‌তীয়েরা
আমার প্রতিকূলে যুদ্ধ করে এবং ঈশ্বর আমাকে
ত্যাগ করিয়াছেন এবং আচার্য্যেরদের দ্বারা বা
স্বপ্নের দ্বারা আমাকে আর উত্তর দেন না অতএব
আপনি যে আমার কর্ত্তব্য আমাকে জানান এই
জন্যে আমি আপনাকে ডাকিয়াছি। [১৬] তা
হাতে শিমূএল কহিল য়িহুহ তোমাকে ত্যাগ ক

রিয়া যদি তোমার শত্রু হইয়াছেন তবে কেন আ
মার স্থানে জিজ্ঞাসা কর। [১৭] এবং য়িহুহ আ
মার দ্বারা যেমন কহিলেন তেমন তিনি তাহার
প্রতি করিয়াছেন যেহেতুক য়িহুহ তোমার হস্ত
হইতে রাজ্য কাড়িয়া লইয়াছেন এবং তোমার
প্রতিবাসিকে অর্থাৎ দাউদকে দিয়াছেন। [১৮]
কেননা তুমি য়িহুহের কথা মান নাই এবং অমা
লেকের উপরে তাঁহার প্রচণ্ড ক্রোধ নিষ্পান্ন কর
নাই সেহেতুক য়িহুহ অদ্য এ কার্য্য তোমার
প্রতি করিয়াছেন। [১৯] আরো য়িহুহ তোমা
সুদ্ধ য়িশ্রাএলকে পলশ্‌তীয়েরদের হস্তে অ
র্পণ করিবেন এবং কল্য তুমি ও তোমার পুত্রে
রা আমার সহিত হইবা এবং য়িহুহ য়িশ্রাএ
লের সৈন্যকে পলশ্‌তীয়েরদের হস্তে অর্পণ করি
বেন। [২০] তাহাতে শাউল তৎক্ষণে দণ্ডবৎ
হইয়া মৃত্তিকার উপরে পড়িল এবং শিমূএলের
বাক্যপ্রযুক্ত বড় ভীত হইল তাহাতে তাহার কিছু
শক্তি রহিল না কেননা সে ঐ সমস্ত দিবারাত্রি
কিছু খায় নাই।

[২১] অপর সে স্ত্রী শাউলের নিকটে আসি
য়া দেখিল যে সে অতিশয় ব্যাকুল আছে তাহা
তে তাহাকে কহিল দেখ আপনকার দাসী আ
পনকার বাক্য মানিয়াছে এবং আমি আপন
প্রাণ আপন হাতে রাখিয়া তোমাকর্ত্তৃক আমা
প্রতি কথিত বাক্যেতে অবধান করিয়াছি। [২২]
অতএব এখন আমি মিনতি করি আপনিও আ
পনকার দাসীর কথায় কর্ণ দিউন এবং আমা
কে আপনকার সম্মুখে কিঞ্চিৎ রুটি রাখিতে দি
উন এবং কিছু খাউন যে পথগমনসময়ে আপন
কার শক্তি হয়। [২৩] কিন্তু সে অসম্মত হইয়া
কহিল আমি খাইব না পরন্তু সে স্ত্রীসুদ্ধ তাহার
দাসেরা তাহাকে মানাইলে সে তাহারদের বা
ক্যে অবধান করিল তাহাতে সে ভূমিহইতে উঠি
য়া খট্টার উপরে বসিল। [২৪] এবং সে স্ত্রীর
ঘরে এক পুষ্ট বাছুর ছিল তাহাতে সে ত্বরা ক
রিয়া তাহা মারিল এবং সুজি লইয়া ছানিয়া ত
দ্দ্বারা বেখমির রুটি সেকিল। [২৫] পরে সে
শাউলের ও তাহার দাসেরদের সম্মুখে আনিলে
তাহারা ভোজন করিল পরে তাহারা উঠিয়া সে
রাত্রি চলিয়া গেল।

২৯ পর্ব্ব।

[১] ঐ সময়ে পলশ্‌তীয়েরা অফেকে আপ
নারদের সমস্ত সৈন্য সমানয়ন করিল এবং য়িশ
রাএলীয়েরা য়িজরএলস্থ এক উণইর নিকটে
ছাউনি ফেলিল। [২] পরে পলশ্‌তীয়েরদের
নৃপতিরা শতং এবং সহস্রং হইয়া গমন করিল
কিন্তু দাউদ ও তাহার লোকেরা আকীশের স
হিত সৈন্যের পশ্চাৎং আইল। [৩] অপর প
লশ্‌তীয়েরদের নৃপতিরা কহিল এ এবরীয়েরা
এস্থানে কি করে তাহাতে আকীশ পলশ্‌তীয়ের
দের নৃপতিরদিগকে কহিল আমার নিকটে এত
দিবস বা এত বৎসর বাসকারি য়িশ্রাএলের রা
জা শাউলের দাস দাউদ এই কি নয় এবং সে
যে দিবসাবধি করিয়া আমার পক্ষ হইয়াছে সে
দিবসাবধি অদ্যপর্য্যন্ত আমি তাহার কোন ত্রুটি
দেখি নাই। [৪] তাহাতে পলশ্‌তীয়েরদের নৃপ
তিরা তাহার বিষয়ে ক্রুদ্ধ হইল এবং পলশ্‌তীয়ের
দের নৃপতিরা তাহাকে কহিল তুমি এ বেটাকে
ফিরিয়া পাঠাইয়া দেও যে সে তোমাকর্ত্তৃক তজ্জ
ন্যে নিরূপিত আপনার ঐ স্থানে পুনর্ব্বার যায়
এবং আমারদের সহিত তাহাকে যুদ্ধে যাইতে
দিও না পাছে সংগ্রামে সে আমারদের শত্রু
হয় যেহেতুক সে আপন কর্ত্তার সহিত কিসের
দ্বারা আপনার ঐক্য করিবে তাহা এ মনুষ্যের
দের মস্তকদ্বারা নয়। [৫] তাহারা যাহার বি
ষয়ে পরস্পর নৃত্যেতে এ গীত গাইল যে শা
উল আপন সহস্রেরদিগকে ও দাউদ আপন
অযুতেরদিগকে হনন করিয়াছে এই কি সে দা
উদ নয়।

[৬] অপর আকীশ দাউদকে ডাকিয়া কহিল
য়িহুহ জীবৎ হইলে নিশ্চয়ে তুমি সারল্যপূ
র্ব্বক আচরণ করিয়াছ এবং সৈন্যে আমার সহি
ত তোমার বাহিরে গমন এবং অন্তরে আগমন
আমার দৃষ্টিতে উত্তম কেননা তোমার আইসন
দিবসাবধি করিয়া অদ্যপর্য্যন্ত আমি তোমার
মধ্যে দোষ পাই নাই তথাচ নৃপতিরা তোমাতে
তুষ্ট নন। [৭] অতএব এখন তুমি কুশলে ফিরি
য়া যাও যে পলশ্‌তীয়েরদের নৃপতিরদিগকে অ
তুষ্ট না কর।

[৮] পরে দাউদ আকীশকে কহিল কিন্তু আ
মি কি করিয়াছি এবং আমি যে অবধি করিয়া
তোমার সঙ্গে আছি অদ্যপর্য্যন্ত তুমি আপন
দাসেতে কি দোষ পাইয়াছ যে আমি আপন
প্রভু মহারাজের শত্রুরদের সহিত যুদ্ধ করিবার
জন্যে যাইতে পারি না। [৯] তাহাতে আকীশ
উত্তর করিয়া দাউদকে কহিল আমি জানি যে
তুমি ঈশ্বরের কোন এক দূতের ন্যায় আমার গো
চরে তুষ্টিকর আছ তথাচ পলশ্‌তীয়েরদের নৃপ
তিরা কহিয়াছে যে সে আমারদের সহিত সং
গ্রামে যাইবে না। [১০] অতএব এখন আপ
নকার সহিত আগমনকারি আপন কর্ত্তার দা
সেরদের সহিত প্রত্যূষে উঠ এবং প্রত্যূষে উঠিয়া
আলো হইলে প্রস্থান কর। [১১] তাহাতে
পলশ্‌তীয়েরদের দেশে ফিরিয়া যাইবার কারণ

প্রাতঃকালে প্রস্থান করণার্থে দাউদ ও তাহার
লোকেরা প্রত্যূষে উঠিল এবং পলশ্তীয়েরা য়ি
জ্রীএলে গেল।

৩০ পর্ব্ব।

[১] অপর এমত হইল তৃতীয় দিবসে দাউদ ও
তাহার লোক সিকলগে পঁহুছিলে অমালেকীয়ে
রা দক্ষিণাঞ্চলে এবং সিকলগে চড়াউ করিয়া
ছিল এবং সিকলগ মারিয়া তাহা অগ্নিতে দগ্ধ
করিয়াছিল। [২] এবং তন্মধ্যস্থ স্ত্রীরদিগকে
বন্দি করিয়া লইয়া গিয়াছিল তাহারা বৃদ্ধ ও বা
লক কাহাকে বধ করে নাই কিন্তু হরণ করিয়া চ
লিয়া গিয়াছিল।

[৩] অপর দাউদ ও তাহার লোক নগরে পঁহু
ছিল এবং দেখ তাহা অগ্নিতে দগ্ধ হইয়াছিল
এবং তাহারদের ভার্য্যা ও পুত্র ও কন্যা বন্দী
কৃত হইয়াছিল। [৪] তাহাতে ক্রন্দন করিতে
যাবৎ শক্তি রহিল তাবৎ দাউদ ও তাহার সঙ্গি
লোক উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল। [৫] এবং
য়িজরীএলীয় আখীনোআম ও কর্‌মেলীয় না
বালের ভার্য্যা আবিগাইল নামে দাউদের দুই
ভার্য্যাও বন্দী হইয়াছিল। [৬] এবং দাউদ
অতিদুঃখার্ত্ত ছিল যেহেতুক লোকেরা পাথর
দিয়া তাহাকে মারণবিষয়ে কথা কহিয়াছিল
কেননা তাবল্লোকেরদের মন প্রত্যেকে আপন২
পুত্রের ও আপন২ কন্যার জন্যে দুঃখান্বিত হইল
কিন্তু দাউদ আপন ঈশ্বর য়িহুহেতে আপনাকে
সাহসবান করিল। [৭] পরে দাউদ আখীমে
লেকের পুত্র আবিয়াতর যাজককে কহিল আমি
মিনতি করি এ স্থানে এফোদ আন তাহাতে আ
বিয়াতর সে স্থানে দাউদের নিকটে এফোদ আ
নিল। [৮] এবং দাউদ এ কথা কহিয়া য়িহু
হের স্থানে জিজ্ঞাসা করিল আমি কি ঐ সৈন্য
দলের পাছে২ তাড়াইয়া যাইব আমি কি তা
হারদের লাগাইল পাইব তাহাতে তিনি তাহা
কে উত্তর দিলেন যে পাছে২ তাড়াইয়া যাও কে
ননা তুমি অবশ্য লাগাইল পাইবা এবং নিঃস
ন্দেহে সমস্ত পাইবা।

[৯] অতএব দাউদ অর্থাৎ সে ও তাহার সহব
র্ত্তি ছয় শত লোক যাইয়া পশ্চাত্ত্যক্ত ব্যক্তিরদের
স্থিতিস্থান বিশোর নদীতে পঁহুছিল। [১০]
কিন্তু দাউদ পাছে২ তাড়াইয়া গেল অর্থাৎ সে ও
চারি শত লোক যেহেতুক বিশোর নদী পার হই
তে পারিল না এমত ক্লান্ত দুই শত লোক পশ্চাৎ
রহিল। [১১] অপর তাহারা মাঠে এক জন মিস্
রীয়কে পাইয়া তাহাকে দাউদের নিকটে আনিল
এবং তাহাকে রুটি দিল তাহাতে সে ভোজন
করিল এবং তাহারা তাহাকে জল পান করাইল।
[১২] এবং তাহারা উডুম্বর চাকের এক খণ্ড ও
দুই থলুয়া শুষ্ক দ্রাক্ষা তাহাকে দিল পরে সে খা
ইয়া পুনশ্চেতন পাইল যেহেতুক তিন দিবারাত্রি
সে অন্ন খায় নাই ও জলপান করে নাই। [১৩]
পরে দাউদ তাহাকে কহিল তুমি কাহার ও কো
থাহইতে আইলা তাহাতে সে কহিল আমি মিস্
রীয় এক যুবা পুরুষ এক অমালেকীয়ের দাস
এবং আমার পীড়া হওয়াপ্রযুক্ত তিন দিন গে
লে আমার কর্ত্তা আমাকে ফেলিয়া গিয়াছে।
[১৪] আমরা কিরেতীয়েরদের দক্ষিণাঞ্চলে এবং
য়িহুদাহাধিকারে এবং কালেবের অধিকারস্থ
দক্ষিণাঞ্চলে চড়াউ করিলাম এবং আমরা সিক
লগ অগ্নিতে জ্বালিয়া দিয়াছি। [১৫] পরে দাউদ
কহিল তুমি কি ঐ দলের নিকটে আমাকে পঁহু
ছাইতে পার তাহাতে সে কহিল আপনি আমা
কে বধ করিবেন না এবং আমার কর্ত্তার হস্তগত
করিবেন না য়িহুহের নামে এ শপথ আমার
স্থানে করিলে ঐ দলের নিকটে আমি তোমাকে
পঁহুছাইব।

[১৬] অপর সে তাহাকে নিকটে আনিলে
দেখ পলশ্তীয়েরদের দেশহইতে ও য়িহুদাহ্‌দে
শহইতে গৃহীত বহুলুঠপ্রযুক্ত তাহারা ভোজন
পান করত এবং নৃত্য করত ভূমির সর্ব্বত্র ছড়িয়া
রহিয়াছিল। [১৭] তাহাতে দাউদ অরুণোদয়া
বধি পরদিবস সন্ধ্যাকালপর্য্যন্ত তাহারদিগকে মা
রিল এবং উষ্ট্রারূঢ় হইয়া পলায়নকারি চারি শত
যুব পুরুষব্যতিরিক্ত তাহারদের এক জনও বাঁচিল
না। [১৮] এবং অমালেকীয়েরা যে সমস্ত লইয়া
গিয়াছিল সে সমস্ত দাউদ পুনর্ব্বার পাইল এবং
দাউদ আপন দুই ভার্য্যাকেও মুক্ত করিল। [১৯]
এবং তাহারদের ছোট বড় কিম্বা পুত্র কন্যা কি
ম্বা লুঠ বা তৎকর্ত্তৃক অপহৃত তাহারদের কোন
দ্রব্যের অভাব হইল না দাউদ সমস্তই ফিরিয়া
পাইল। [২০] এবং এ দাউদের লুঠদ্রব্য এ
কথা কহিয়া তাহারা অন্য পশুরদের অগ্রে যাহা
খেদাইয়া লইয়া গেল সে সমস্ত মেষ গরুর পাল
দাউদ পুনর্ব্বার পাইল।

[২১] অপর ক্লান্তিপ্রযুক্ত দাউদের পশ্চাদ্‌গ
মনে অক্ষম যে দুই শত লোকেরদিগকে তাহারা
বিশোর নদীসমীপে ফেলিয়া গিয়াছিল তাহার
দের নিকটে দাউদ পঁহুছিল তাহাতে তাহারা বা
হির হইয়া দাউদকে ও তাহার সমভিব্যাহারি
লোকেরদিগকে ভেটিতে গেল এবং দাউদ সে
লোকেরদের নিকটে উপস্থিত হইয়া তাহারদিগ
কে সম্ভাষা করিল। [২২] তাহাতে দাউদের সহ
গামি তাবৎ দুষ্ট এবং দুশ্চরিত্র লোকেরা উত্তর
করিয়া কহিল তাহারা আপন২ ভার্য্যা ও সন্তান

লইয়া প্রস্থান করে এতজ্জন্যে ঐ২ ভার্য্যা ও সন্তা
নেরদিগকে দিব তদ্ব্যতিরেকে আমারদের সহিত
না যাওনপ্রযুক্ত আমরা পুনঃপ্রাপ্ত লুঠহইতে তা
হারদিগকে কিছু দিব না। [২৩] তাহা শুনিয়া
দাউদ কহিল হে আমার ভ্রাতারা আমারদের
রক্ষাকারি এবং আমারদের প্রতিকূলগামি সৈ
ন্যকে আমারদের হস্তগতকারি য়িহুহ আমারদি
গকে যাহা দিয়াছেন তাহা লইয়া তোমরা এমত
করিতে পাইবা না। [২৪] যেহেতুক এ বিষয়ে
তোমারদের বাক্য কে শুনিবে কিন্তু যুদ্ধে যে যায়
তাহার অংশ যেমন সংস্থাননিকটস্থায়ি লো
কের অংশ তেমন তাহারা একই মত অংশ পাই
বে। [২৫] এবং সেই মত হইল অর্থাৎ সে দিব
সাবধি অদ্যপর্য্যন্ত সে য়িশ্রাএলের নিমিত্তে তা
হা বিধি ও ব্যবস্থা করিল।

[২৬] অপর দাউদ সিকলগে পঁহুছিলে সে লুঠ
দ্রব্যের যৎকিঞ্চিৎ য়িহুদাহের প্রাচীনেরদের অ
র্থাৎ আপন বন্ধুরদের নিকটে পাঠাইয়া কহিল
দেখ তোমারদের জন্যে য়িহুহের শত্রুরদের লুঠ
দ্রব্যের উপঢৌকন। [২৭] বিশেষতঃ বীৎএলস্থ
ও দক্ষিণ রামোতস্থ ও য়ত্তিরস্থ। [২৮] এবং
অরোএরস্থ ও শিফমোতস্থ ও এশ্তমোঅস্থ।
[২৯] এবং রাকালস্থ ও য়িরখ্মিএলীয়েরদের
নগরস্থ ও কেনীয়েরদের নগরস্থ। [৩০] এবং
খোরমাহস্থ ও কোরআশানস্থ ও অতাকস্থ। [৩১]
এবং খেবরোণস্থ ও যে২ স্থানে দাউদের ও তা
হার লোকেরদের গতায়াত ছিল সে সকলের নি
কটে।

### ৩১ পর্ব্ব।

[১] অপর পলশ্তীয়েরা য়িশ্রাএলের সহিত
যুদ্ধ করিল এবং য়িশ্রাএলের লোক পলশ্
তীয়েরদের সম্মুখহইতে পলাইয়া গিলবোআপ
র্ব্বতে মারা পড়িল। [২] এবং পলশ্তীয়েরা
শাউলের ও তাহার পুত্রেরদের পাছে২ বড় দৌ
ড়িল এবং পলশ্তীয়েরা শাউলের পুত্র য়োনা
তানকে ও আবিনাদাবকে ও মেলকিশূআকে মা
রিয়া ফেলিল। [৩] এবং শাউলের সহিত সং
গ্রাম অতিশয় ঘোরতর হইতে লাগিল এবং
ধনুর্দ্ধরেরা তাহাকে শরদ্বারা বিদীর্ণ করিল তা
হাতে সে ধনুর্দ্ধরকর্ত্তৃক অতিশয় ক্ষত হইল। [৪]
পরে শাউল আপন অস্ত্রবাহককে কহিল আপন
তলোআর নিষ্কোষ করিয়া তদ্দ্বারা আমাকে এ
পার ওপার বিন্ধিয়া ফেল পাছে এ অচ্ছিন্নত্বকে
রা আসিয়া আমাকে বিন্ধিয়া ফেলে এবং আ
মার অপমান করে কিন্তু তাহার অস্ত্রবাহক তাহা
করণে সম্মত ছিল না যেহেতুক সে অতিভীত
হইল অতএব শাউল এক তলোআর গ্রহণ করি
য়া তাহার উপরে আপনি পড়িল। [৫] অপর
শাউল মরিয়াছে ইহা দেখিয়া তাহার অস্ত্রবাহ
কও আপন তলোআরের উপরে পড়িয়া তাহার
সহিত মরিল। [৬] ঐ রীতিক্রমে শাউল ও তা
হার তিন পুত্র ও তাহার অস্ত্রবাহক ও তাহার
সমস্ত লোক সে দিনে একত্র মরিল।

[৭] অপর তলভূমির ওপারস্থ এবং য়রদনের
অন্যপারস্থ য়িশ্রাএলের লোক যখন দেখিল যে
য়িশ্রাএললোক পলায়ন করিতেছে এবং শা
উল ও তাহার পুত্রেরা মরিয়াছে তখন তাহারা
নগরত্যাগ করিয়া পলাইল এবং পলশ্তীয়ে
রা আসিয়া সে সকলের মধ্যে বাস করিল।

[৮] অপর পর দিবসে এমত হইল যখন পল
শ্তীয়েরা হত লোকেরদের বস্ত্রাদি খুলিয়া লই
তে আইল তখন তাহারা গিলবোআপর্ব্বতে
শাউলকে ও তাহার তিন পুত্রকে পতিত পাইল।
[৯] তাহাতে তাহারা তাহার শিরশ্ছেদন করিয়া
তাহার সাজ খুলিয়া লইল এবং তাহারদের দে
বতারদের ঘরে এবং সমস্ত লোকেরদের মধ্যে
তাহা ঘোষণাকরণার্থে চতুর্দ্দিগে পলশ্তীয়ের
দের দেশে লোক প্রেরণ করিল। [১০] এবং
তাহারা তাহার অস্ত্রশস্ত্র অশ্তারোতের মন্দিরে
রাখিল এবং তাহার ধড় বীৎশানের ভিত্তিতে
বদ্ধ করিল।

[১১] অপর শাউলের প্রতি পলশ্তীয়েরদের
কৃত কার্য্যবিষয়ে য়াবেশগিলিআদের লোকঅব
গত হইলে [১২] সমস্ত বীর্য্যবান মনুষ্যেরা উ
ঠিয়া তাবদ্রাত্রি গতি করিয়া শাউলের ও তাহার
পুত্রেরদের ধড় বীৎশানের ভিত্তিহইতে লইয়া
য়াবেশে আসিয়া সে সমস্ত সে স্থানে পোড়া
ইল। [১৩] পরে তাহারা তাহারদের অস্থি লই
য়া য়াবেশস্থ এক বৃক্ষের নীচে গাড়িয়া রাখিল
এবং সাত দিবস উপবাস করিল।

# শিমূএলের দ্বিতীয় পুস্তক বা রাজাবল্যাখ্য দ্বিতীয় গ্রন্থ।

## ১ প্রথম পর্ব্ব।

[১] অপর শাউলের মরণের পরে এমত হইল
দাউদ অমালেকীয়েরদের হননহইতে ফিরিয়া
আইলে এবং দাউদ সিক্লগে দুই দিবস থাকি
লে। [২] তৃতীয় দিবসে এমত হইল দেখ ছিন্নবস্ত্র
ও মস্তকে ধূলা দিয়া এক জন সৈন্যস্থলহইতে শা
উলের নিকটহইতে আসিয়া উপস্থিত হইল পরে
এমত হইল সে দাউদের নিকটে আসিয়া ভূমিতে
উবুড় হইয়া প্রণাম করিল। [৩] এবং দাউদ তাহা
কে কহিল তুমি কোথাহইতে আসিয়াছ তাহাতে
সে তাহাকে কহিল আমি য়িশ্রাএলের সৈন্যস্থল
হইতে পলাইয়া আসিয়াছি। [৪] পরে দাউদ
তাহাকে কহিল আমি তোমাকে মিনতি করি আ
মাকে কহ সে বিষয় কিরূপ হইয়াছে তাহাতে সে
উত্তর করিল যে লোকেরা সংগ্রামহইতে পলাই
য়াছে এবং লোকেরদের অনেকে পড়িয়াছে ও
মরিয়াছে এবং শাউল ও তাহার পুত্র য়োনাতা
নও মরিয়াছে। [৫] পরে সমাচারদায়ি ঐ যুব
পুরুষকে দাউদ কহিল তুমি কেমন করিয়া জান
যে শাউল ও তাহার পুত্র য়োনাতান মরিয়াছে।
[৬] তাহাতে ঐ সমাচারদায়ি যুবপুরুষ কহিল
আমি দৈবাৎ গিলবোআপর্ব্বতে ছিলাম তৎকা
লে দেখ শাউল আপন শল্যোপরি হেলান দিয়া
রহিয়াছিল এবং দেখ রথ ও অশ্বারূঢ়েরা তাহার
পাছে২ অতিশয় চাপিয়া পড়িতে লাগিল। [৭]
পরে সে ফিরিয়া দৃষ্টি করিয়া আমাকে দেখিতে
পাইয়া ডাকিল তাহাতে আমি উত্তর করিলাম
আমি এই স্থানে। [৮] পরে সে আমাকে ক
হিল তুমি কে তাহাতে আমি তাহাকে উত্তর দি
লাম আমি এক জন অমালেকীয়। [৯] পরে
সে আমাকে পুনর্ব্বার কহিল আমি তোমাকে
মিনতি করি আমার উপরে দাঁড়াইয়া আমাকে
মারিয়া ফেল যেহেতুক যন্ত্রণা আমার উপরে আ
সিয়া পড়িতেছে কেনন। আমার প্রাণ এখনও অ
ভগ্ন আমার মধ্যে আছে। [১০] তাহাতে আমি
তাহার উপরে দাঁড়াইয়া তাহাকে মারিয়া ফেলি
লাম কেননা আমি নিশ্চয় জানিলাম যে পড়নের
পরে সে বাঁচিতে পারিত না পরে আমি তাহার
মস্তকোপরিস্থ মুকুট ও তাহার হস্তস্থ বাজু লইয়া
আমার প্রভুর নিকটে এস্থানে আনিয়াছি। [১১]
তাহাতে দাউদ আপন বস্ত্র ধরিয়া ফাড়িল এবং
তাহার সমভিব্যাহারি সমস্ত লোকও তদ্রীতি
ক্রমে করিল। [১২] পরে তাহারা শাউলের ও
তাহার পুত্র য়োনাতানের ও য়িহুহের সমস্ত লো
কেরদের ও য়িশ্রাএলের বংশের জন্যে শোক
ও বিলাপ করিয়া সন্ধ্যাপর্য্যন্ত উপবাস করিল
যেহেতুক তাহারা তলোআরেতে পড়িয়াছিল।
[১৩] পরে সম্বাদ আনয়নকারি ঐ যুবপুরুষকে
দাউদ কহিল তুমি কোথাহইতে তাহাতে সে উত্তর
করিল আমি বিদেশীয় অমালেকীয়ের সন্তান।
[১৪] পরে দাউদ তাহাকে কহিল য়িহুহের অভি
ষিক্তকে নষ্টকরণার্থে আপন হস্ত বিস্তারকরণে
তুই কি ভীত ছিলি না। [১৫] অপর দাউদ যু
বারদের এক জনকে ডাকিয়া কহিল নিকটে যাই
য়া তার উপরে পড় তাহাতে সে তাহাকে এমন
মারিল যে সে মরিল। [১৬] এবং দাউদ তাহা
কে কহিল তোর রক্তপাতাপরাধ তোর মস্তকো
পরি থাকুক যেহেতুক আমি য়িহুহের অভিষি
ক্তকে মারিয়াছি তোর মুখ এ কথা কহিয়া তোর
বিপরীতে সাক্ষ্য দিয়াছে।
[১৭] অপর দাউদ এ বিলাপদ্বারা শাউলের
ও তাহার পুত্র য়োনাতানের বিষয়ে বিলাপ ক
রিল। [১৮] আরো সে য়িহুদাহের সন্তানেরদিগ
কে ধনুর্বিদ্যা শিক্ষা করাইল দেখ য়াশেরপুস্তকে
তাহা লিখিত আছে। [১৯] তোমার উচ্চস্থানে
য়িশ্রাএলের সৌন্দর্য্য হত হইয়াছে পরাক্রান্তে
রা কি প্রকার হত হইয়াছ। [২০] গাতে তাহা
কহিও না অস্কিলোনের মার্গেতে তাহা ঘোষণা
করিও না পাছে পলেশ্তীয়েরদের কন্যারা আ
নন্দ করে পাছে অচ্ছিন্নত্বকেরদের কন্যারা জয়
দর্প সূচক কথা কহে। [২১] হে গিলবোআ পর্ব্ব
তেরা তোমারদের উপরে শিশির কিম্বা বৃষ্টি কি
ম্বা নিবেদনীয় ক্ষেত্র না হউক যেহেতুক সেস্থানে

বলবানের ফলক কুৎসিতরূপে প্রক্ষিপ্ত হইয়াছে
শাউলের ফলক তৈলে অভিষিক্ত নয়। [২২] হ
তেরদের রক্তপাতহইতে বলবানেরদের চরবিহই
তে য়োনাতানের ধনুক পরাঙ্মুখ হইল না এবং
শাউলের তলোআরে শূন্য ফিরিয়া আইল না।
[২৩] শাউল এবং য়োনাতান জীবদবস্থাতে প্রিয়
এবং হর্ষদ ছিল এবং মরণকালেও তাহারা পৃ
থগ্‌ভূত ছিল না তাহারা উৎক্রোশ পক্ষ্যপেক্ষা
বেগবান ছিল তাহারা সিংহাপেক্ষা বলবান
ছিল। [২৪] হে য়িশ্রাএলের কন্যারা তোমার
দিগকে কৃমিজবর্ণেতে এবং রমণীয় দ্রব্যেতে ভূ
ষণকারি এবং তোমারদের বস্ত্রোপরি স্বর্ণালঙ্কার
পরিহিতকারি শাউলের বিষয়ে ক্রন্দন কর। [২৫]
হায় সংগ্রাম মধ্যে পরাক্রান্তেরা কিরূপে পড়ি
য়াছেন আপন উচ্চস্থানে হত য়োনাতান হায়।
[১৬] আমার ভ্রাতা য়োনাতান আমি তোমার
বিষয়ে দুঃখান্বিত হইয়াছি আমার প্রতি তুমি
অতিসুখদায়ক ছিলা আমার প্রতি তোমার প্রেম
আশ্চর্য্য এবং স্ত্রীলোকেরদের প্রেমাপেক্ষা অ
ধিক ছিল। [২৭] পরাক্রান্তেরা কেমনে পড়ি
য়াছেন এবং যুদ্ধাস্ত্র কি প্রকারে নষ্ট হইয়াছে।

২ পর্ব্ব।

[১] অপর তৎপরে এমত হইল দাউদ এ কথা
কহিয়া য়িহুহের উদ্দেশে জিজ্ঞাসা করিল আমি
কি য়িহুহের কোন নগরে যাইব তাহাতে য়িহুহ
তাহাকে কহিলেন যাও পরে দাউদ কহিল আমি
কোথায় যাইব তাহাতে তিনি কহিলেন খেবরো
ণে। [২] অতএব দাউদ সেস্থানে গেল এবং
তাহার দুই ভার্য্যাও অর্থাৎ য়িজরীএলীয়া অখি
নোআম এবং করমেলীয়া নাবালের ভার্য্যা অ
বিগাইল। [৩] এবং দাউদ আত্মসমভিব্যা
হারি লোকেরদিগকে অর্থাৎ প্রত্যেক জনকে আ
পন২ পরিজনসুদ্ধ আনিল তাহাতে তাহারা খে
বরোণনিকটস্থ নগরে বাস করিল। [৪] পরে
য়িহুদাহের লোকেরা আসিয়া সেস্থানে দাউদকে
য়িহুদাহ্‌বংশোপরি রাজ্যাভিষিক্ত করিল এবং
তাহারা দাউদকে কহিল যে য়াবেশগিলিআদের
লোক শাউলের কবর দিয়াছে।

[৫] তাহাতে দাউদ য়াবেশগিলিআদের লো
কেরদের নিকটে দূতপ্রেরণ করিয়া তাহারদিগকে
কহিল য়িহুহেতে তোমরা ধন্য কেননা তোমরা
আপনারদের প্রভু শাউলের প্রতি এ কৃপা প্রকাশ
করিয়া তাহার কবর দিয়াছ। [৬] অতএব এখন
য়িহুহ তোমারদিগকে কৃপা ও সত্যতা করুন
এবং তোমরা এ ক্রিয়া করিয়াছ তৎপ্রযুক্ত আমি
ও তোমারদের প্রত্যুপকার করিব। [৭] অতএব
এখন তোমারদের হস্ত সবল হউক এবং তোমরা
বলবান হও যেহেতুক তোমারদের প্রভু শাউল
মরিয়াছেন এবং য়িহুদাহের বংশ আপনারদের
উপরে আমাকে রাজ্যাভিষিক্ত করিয়াছে।

[৮] কিন্তু নেরের পুত্র আবনের শাউলের
সেনাপতি শাউলের পুত্র ইশ্‌বোশেতকে লইয়া
মখনায়ীমে আনিল। [৯] এবং গিলিআদের
ও আশূরীয়েরদের ও য়িজরীএলের ও এফ্রায়ি
মের ও বেন্যামিনের ও সমস্ত য়িশ্রাএলের উপ
রে তাহাকে রাজা করিল। [১০] শাউলের পুত্র
ইশবোশেত য়িশ্রাএলোপরি রাজ্য করিতে আ
রম্ভসময়ে চল্লিশ বৎসরবয়স্ক ছিল এবং দুই বৎ
সর রাজ্য করিল কিন্তু য়িহুদাহের বংশ দাউদের
অনুগামী ছিল। [১১] এবং খেবরোণে দাউ
দের য়িহুদাহ্ বংশোপরি রাজাহওনের কাল
সাত বৎসর ও ছয় মাস ছিল।

[১২] অপর নেরের পুত্র আবনের ও শাউলের
পুত্র ইশবোশেতের দাসেরা মখনায়ীমহইতে
বাহির হইয়া গিবিওনে গেল। [১৩] এবং সি
রুয়াহের পুত্র য়োআব ও দাউদের দাসেরা বা
হির হইয়া যাইয়া গিবিওনস্থ পুষ্করিণীসমীপে
সম্মিলিত হইল পরে তাহারদের এক দল পুষ্ক
রিণীর এপারেও অন্য দল পুষ্করিণীর ওপারে ব
সিল। [১৪] পরে আবনের য়োআবকে কহিল
যুবারা এখন উঠিয়া আমারদের সম্মুখে ক্রীড়া
করুক তাহাতে য়োআব কহিল তাহারা উঠুক।
[১৫] পরে সংখ্যাক্রমে শাউলের পুত্র ইশ্‌বো
শেতের পক্ষীয় বেন্যামিনীয় বার জন এবং দাউ
দের দাসেরদের বার জন উঠিয়া পারে গেল।
[১৬] পরে তাহারা প্রত্যেক জন আপন২ প্রতি
যোদ্ধার মস্তকাক্রমণ করিয়া আপন২ প্রতিযো
দ্ধার কোঁকে স্বীয়২ তলোআর চালাইয়া দিল তা
হাতে তাহারা একত্র পড়িল অতএব সেস্থান গি
বিওনস্থ খেলকাৎহসুরিম নামে প্রসিদ্ধ হইল।
[১৭] এবং সে দিবস অতিঘোরতর সংগ্রাম ছিল
তাহাতে আবনের ও য়িশ্রাএলের লোক দাউ
দের দাসেরদের সম্মুখে পরাস্ত হইল।

[১৮] অপর সেস্থানে সরুয়াহের তিন পুত্র
ছিল বিশেষতঃ য়োআব ও অবীশই ও অশাখে
ল এবং অশাখেল বনমৃগের ন্যায় পাদে দ্রুতগা
মী ছিল। [১৯] এবং অশাখেল আবনেরের
পাছে২ তাড়াইয়া গেল এবং গমনে আবনেরের
পশ্চাদ্গমনহইতে দক্ষিণে বা বামে ফিরিল না।
[২০] পরে আবনের পশ্চাদ্দৃষ্টি করিয়া কহিল
তুমি কি অশাখেল তাহাতে সে উত্তর দিল যে
আমি। [২১] পরে আবনের তাহাকে কহিল তুমি
দক্ষিণে বা বামে একপার্শ্বে ফিরিয়া এক জন যুবা
কে ধরিয়া তাহার সাজ গ্রহণ কর কিন্তু অশাখেল

তাহার পশ্চাদ্ধাবনহইতে ফিরণে সম্মত ছিল
না। [২২] পরে আবনের অশাখেলকে পুন
র্ব্বার কহিল আমার পশ্চাৎ আইসনহইতে ফির
কেন আমি তোমাকে ভূমিগতপর্য্যন্ত মারিব মা
রিলে তোমার ভ্রাতা য়োআবের সম্মুখে আমি
কিরূপে মুখ উঠাইতে পারি। [২৩] তথাপি সে
ফিরণে স্বীকৃত ছিল না অতএব আবনের শল্যের
পশ্চাদ্ভাগেতে তাহাকে পঞ্চম পর্শুকাধঃস্থানে
মারিল তাহাতে শল্য তাহার পৃষ্ঠদেশে বাহির
হইল তাহাতে সে সেস্থানেই পড়িয়া মরিল পরে
এমত হইল অশাখেলের পতিত হইয়া মরণ
স্থানে যত লোক উপস্থিত হইল তাহারা দাঁড়াই
য়া রহিল। [২৪] এবং য়োআব এবং অবীশই
আবনেরের পাছে২ তাড়াইয়া গেল এবং যখন
তাহারা গিবিওনারণ্যের পথনিকটবর্ত্তি গীখ্সম্মু
খস্থ অমাহ্পর্ব্বতে আইল তখন সূর্য্যাস্ত হইল।

[২৫] অপর বেন্যামিনের সন্তানেরা এক দল
রূপে আবনেরের পাছে একত্র হইয়া এক পর্ব্ব
তের চূড়াপরি দাঁড়াইল। [২৬] তাহাতে আব
নের য়োআবকে ডাকিয়া কহিল তলোআর কি
সর্ব্বদা সংহার করিবে তুমি কি অবগত নহ যে
শেষে তিক্ততা হইবে অতএব লোকেরদিগকে আ
পনারদের ভ্রাতারদের পশ্চাৎ২ তাড়াইয়া যাওন
হইতে তুমি যাবৎ না কহ সে কত কাল হইবে।
[২৭] তাহাতে য়োআব কহিল ঈশ্বর জীবৎ হ
ইলে তুমি যদি না কহিতা তবে প্রাতঃকালে লো
কেরা প্রত্যেক জন আপন২ ভ্রাতারদের পশ্চাদ্
গমনহইতে যাইত। [২৮] অতএব য়োআব
তুরী বাজাইল তাহাতে সমস্ত লোক স্থগিত হইল
এবং য়িশ্রাএলের পাছে২ আর তাড়াইয়া
গেল না তাহাতে আর যুদ্ধও করিল না। [২৯]
পরে আবনের ও তাহার লোক সে সমস্ত রাত্রি
মাঠস্থ পথ হইয়া য়রদন পার হইল পরে তাবৎ
বিতরোণ হইয়া মখনায়ীমে পঁহুছিল। [৩০]
অপর য়োআব আবনেরের পশ্চাদ্গমনহইতে
ফিরিয়া আইল এবং সমস্ত লোকেরদিগকে একত্র
করিলে দাউদের দাসেরদের মধ্যে ঊনিশ জনের
এবং অশাখেলের অভাব হইল। [৩১] কিন্তু দা
উদের দাসেরা বেন্যামিনের ও আবনেরের লো
কেরদিগকে এমত মারিল যে তিন শত ষাইট
লোক মরিল।

[৩২] অপর তাহারা অশাখেলকে উঠাইয়া ল
ইয়া বীৎলেখেমস্থ আপন পৈতৃক গোরে তাহার
কবর দিল এবং য়োআব ও তাহার লোক সমস্ত
রাত্রি গতি করিয়া প্রত্যূষে খেবরোণে পঁহুছিল।

৩ পৰ্ব্ব ।

[১] অপর শাউলের ও দাউদের বংশেরদের
মধ্যে বহুকাল যুদ্ধ ছিল কিন্তু দাউদ উত্তরোত্তর
বলবান হইল এবং শাউলের বংশ উত্তরোত্তর
ক্ষীণহইতে লাগিল।

[২] অপর খেবরোণে দাউদের পুত্র জন্মিল
বিশেষতঃ য়িজরীএলীয়া আখীনোআমের পুত্র
আমনোন তাঁহার প্রথম জাত ছিল। [৩] এবং
করমেলীয়া নাবালের ভার্য্যা অবিগাইলের গর্ভে
জাত কিলিআব তাহার দ্বিতীয় এবং গিশূরের
তলমইরাজের কন্যা মআকাহের পুত্র অবশা
লোম তাহার তৃতীয়। [৪] এবং চতুর্থ খগীতের
পুত্র অদোনিয়াহ্ এবং পঞ্চম অবীটালের পুত্র
শিফটিয়াহ্। [৫] এবং ষষ্ঠ দাউদের ভার্য্যা
এগলাহের পুত্র য়িৎরিআম ইহারা খেবরোণে
দাউদোৎপন্ন।

[৬] অপর এমত হইল যে সময়ে শাউলের ও
দাউদের বংশ্যেরদের মধ্যে যুদ্ধ ছিল সে সময়ে
আবনের শাউলের বংশপক্ষে আপনাকে বল
বান করিল। [৭] এবং অয়াহের কন্যা রিস্
পাহ্ নাম্নী শাউলের এক উপপত্নী ছিল এবং
ইশবোশেত আবনেরকে কহিল তুমি আমার
পিতার উপপত্নীতে কি জন্যে উপগত হইয়াছ।
[৮] তাহাতে ইশবোশেতের বাক্যে আবনের অ
তিশয় ক্রুদ্ধ হইয়া কহিল য়িহূদাহের বিপক্ষে
তোমার পিতা শাউলের বংশের প্রতি এবং তা
হার ভ্রাতারদের প্রতি এবং তাহার বন্ধুরদের
প্রতি অদ্য প্রীতিদর্শক এবং দাউদের হস্তে তো
মাকে অনর্পণকারি আমি কি কুক্কুরমস্তক যে
এ স্ত্রীর বিষয়ে তুমি আজি আমার দোষ দিতেছ।
[৯] য়িহুহ যেমন দাউদের প্রতি দিব্য করিয়া
ছেন তদনুসারে শাউলের বংশহইতে রাজ্যোৎথা
পনার্থে এবং দানাবধি বিএরশেবাপর্য্যন্ত স
মস্ত য়িশ্রাএলেরও য়িহূদাহের উপরে দাউদের
সিংহাসনস্থাপনার্থে [১০] আমি যদি অদ্য তা
হার প্রতি না করি তবে ঈশ্বর তদনুসারে এবং
ততোধিকও আবনেরকে করুন। [১১] তাহাতে
সে ফিরিয়া আবনেরকে এক কথা উত্তর করিতে
পারিল না কেননা সে তাহাকে ভয় করিল।

[১২] অপর আবনের আপনবিষয়ে দাউ
দের নিকটে দূতপ্রেরণ করিয়া কহিল এ দেশ
কাহার আরো আমার সহিত আপনি নিয়ম ক
রুন এবং দেখ তাবৎ য়িশ্রাএলকে তোমার
পক্ষে আনয়নার্থে আমার হস্ত আপনকার সহ
বর্ত্তী।

[১৩] তাহাতে সে কহিল উত্তম আমি তোমার
সহিত নিয়ম করিব কিন্তু তোমার স্থানে আমি
এক বিষয় যাচ্ঞা করি বিশেষতঃ তুমি যখন আ
মার মুখ দেখিতে আইস তখন শাউলের কন্যা

মীকালকে প্রথম আনয়নব্যতিরেকে তুমি আমার
মুখ দেখিতে পাইবা না। [১৪] পরে দাঊদ শা
উলের পুত্র ইশ্‌বোশেতের নিকটে দূতপ্রেরণ ক
রিয়া কহিল মীকালনাম্নী আমার যে ভার্য্যাকে
আমি পলেষ্টীয়েরদের এক শত মেঢ্রাগ্রত্বকেতে
বরিলাম তাহাকে অর্পণ কর। [১৫] তাহাতে
ইশ্‌বোশেত পাঠাইয়া তাহার স্বামিহইতে অ
র্থাৎ লায়িশের পুত্র ফলটীএলহইতে তাহাকে
লইল। [১৬] এবং তাহার স্বামী ক্রন্দন করি
তেং বাখুরিমপর্য্যন্ত তাহার পাছেং গেল পরে
আবনের তাহাকে কহিল যাও ফিরিয়া যাও তা
হাতে সে ফিরিয়া গেল।

[১৭] অপর আবনের এ কথা কহিয়া য়িশ্‌রা
এলের প্রাচীনেরদের সহিত কথোপকথন করিল
যে পূর্ব্বকালে তোমারদের রাজা হইবার নিমি
ত্তে তোমরা দাঊদের তত্ত্ব লইলা। [১৮] অতএব
এখন তাহা কর যেহেতুক য়িহুহ দাঊদের বিষয়ে
কহিয়াছেন যে আমার দাস দাঊদের হস্তদ্বারা
আমি আপন য়িশ্‌রাএল লোকেরদিগকে পলেশ
তীয়েরদের এবং তাহারদের সমস্ত শত্রুরদের হস্ত
হইতে মুক্ত করিব। [১৯] পরে আবনের বেন্যা
মিনের কর্ণগোচরে এ কথা কহিল অপর য়িশ্‌রা
এল যাহা ভাল বাসিল এবং বেন্যামিনের তাব
দ্বংশ যাহা ভাল বাসিল সে সমস্তও আবনের
খেবরোণে দাঊদের কর্ণগোচরে কহিতে গেল।
[২০] তৎক্রমে আবনের বিংশতি লোক সঙ্গে ক
রিয়া খেবোরণে দাঊদের নিকটে আইল তাহা
তে দাঊদ আবনেরের ও তাহার সমভিব্যাহারি
লোকেরদের নিমিত্তে ভোজ প্রস্তুত করিল। [২১]
পরে আবনের দাঊদকে কহিল আমি যাইয়া
তাবৎ য়িশ্‌রাএলকে আমার প্রভু মহারাজের
নিকটে একত্র করিয়া আনিব যে সমস্ত য়িশ্‌রা
এল আপনকার সহিত সন্ধি করে ও আপনকার
অন্তঃকরণ যে সমস্ত বাঞ্ছা করে তৎসর্ব্বোপরি
আপনি রাজ্য করেন পরে দাঊদ আবনেরকে বি
দায় করিল তাহাতে সে কুশলে চলিয়া গেল।

[২২] অপর দেখ দাঊদের দাসেরা এবং য়ো
আব এক সৈন্যদলের পশ্চাৎ তাড়াইয়া যাওনহ
ইতে ফিরিয়া আইল এবং তাহারা বহু লুঠ সঙ্গে
করিয়া আনিল কিন্তু আবনের দাঊদের সহিত
খেবরোণে ছিল না কেননা সে তাহাকে বিদায়
করিলে সে কুশলে চলিয়া গিয়াছিল। [২৩]
অপর য়োআব ও তাহার সমভিব্যাহারি সমস্ত
সৈন্য আইলে লোকেরা য়োআবকে কহিয়া জা
নাইল যে নেরের পুত্র আবনের রাজার নিকটে
আসিয়াছিল এবং সে তাহাকে বিদায় করিলে
সে কুশলে গিয়াছে। [২৪] পরে য়োআব রা
জার নিকটে আসিয়া কহিল তুমি কি কার্য্য করি
য়াছ দেখ আবনের তোমার নিকটে আসিয়াছিল
তুমি কেন তাহাকে বিদায় করিয়াছ তাহাতে সে
একান্ত গিয়াছে। [২৫] তুমি জান যে নেরের
পুত্র আবনের তোমাকে প্রবঞ্চনা করিতে এবং
তোমার বাহিরে ভিতরে গমনাগমন ও তোমার
সমস্ত কার্য্য জানিবার কারণ আইল। [২৬] পরে
য়োআব দাঊদের গোচরহইতে বাহিরে আসিয়া
আবনেরের পশ্চাৎ দূতপ্রেরণ করিল এবং তা
হারা সিরাহ্ কূপের নিকটহইতে তাহাকে ফিরা
ইয়া আনিল কিন্তু দাঊদ অবগত ছিল না। [২৭]
পরে আবনের খেবরোণে ফিরিয়া আইলে য়ো
আব নিভৃতেতে তাহার সহিত কথা কহিবার কা
রণ একপার্শ্বে দ্বারে তাহাকে লইয়া গেল এবং
আপন ভ্রাতা অশাহেলের বধপ্রযুক্ত তাহাকে
পঞ্চম পঞ্জরার অধোদেশে মারিল তাহাতে সে
মরিল।

[২৮] তাহার পরে দাঊদ শুনিলে সে কহিল
নেরের পুত্র আবনেরের বধবিষয়ে আমি ও আ
মার রাজ্য য়িহুহের সম্মুখে নিত্য নিরপরাধী।
[২৯] তাহা য়োআবের এবং তাহার তাবৎ পিতৃ
বংশের মস্তকোপরি অবস্থিতি করুক এবং প্রমে
হী কিম্বা কুষ্ঠী কিম্বা দণ্ডোপরি ভরদায়ী কিম্বা
তলোআরোপরি পতনকারী কিম্বা ভক্ষ্যহীন লো
কের অভাব য়োআবের বংশে না হউক। [৩০]
ঐ ক্রমে য়োআব ও তাহার ভ্রাতা অবীশই আব
নেরকে বধ করিল যেহেতুক সে গিবিওনের যুদ্ধে
তাহারদের ভ্রাতা অশাহেলকে বধ করিয়াছিল।

[৩১] পরে দাঊদ য়োআবকে ও তাহার সমভি
ব্যাহারি সমস্ত লোককে কহিল তোমরা আপনা
রদের বস্ত্র ফাড় এবং চট পরিধান কর এবং আ
বনেরের অগ্রেং শোক কর এবং দাঊদরাজ খা
টের পাছেং চলিল। [৩২] এবং তাহারা খেব
রোণে আবনেরকে কবর দিল এবং রাজা আব
নেরের কবরসমীপে উচ্চৈঃস্বরে ক্রন্দন করিল এ
বং সমস্ত লোক ক্রন্দন করিল। [৩৩] এবং
রাজা আবনেরের বিষয়ে বিলাপ করিয়া কহিল
হায় আবনের কি বাতুলের মত মরিয়াছে। [৩৪]
তোমার হস্ত বদ্ধ ছিল না বা তোমার পা বেড়িতে
বদ্ধ হয় নাই দুষ্ট লোকেরদের অগ্রে যেমন কেহ
পড়ে তেমন তুমি পড়িলা তাহাতে সমস্ত লোক
আরবার তাহার বিষয়ে ক্রন্দন করিল। [৩৫]
অপর তাবল্লোকেরা বেলা থাকিতে দাঊদকে
ভোজন করাইতে যখন আইল তখন দাঊদ এ
কথা কহিয়া শপথ করিল যে সূর্য্য অস্তগত না
হইলে আমি যদি রুটি কিম্বা অন্য কোন দ্রব্য
আস্বাদ করি তবে ঈশ্বর এমত এবং এতদপেক্ষা

অধিকও আমার প্রতি করুন । [৩৬] তাহাতে
সমস্ত লোক তাহার প্রতি চাহিয়া রহিল এবং তা
হাতে তুষ্ট হইল যেহেতুক রাজা যাহা করিল
তাহাতে তাবল্লোকেরদের সন্তোষ ছিল । [৩৭]
কেননা সমস্ত লোক এবং তাবৎ য়িশ্রাএল তদ্দি
বসে অবগত হইল যে নেরের পুত্র আবনে
রের বধ রাজাহইতে হয় নাই । [৩৮] পরে রাজা
আপন দাসেরদিগকে কহিল তোমরা কি জান না
যে এক জন অধ্যক্ষ এবং মহাপুরুষ অদ্য
য়িশ্রাএলে পড়িয়াছে । [৩৯] এবং আমি রা
জ্যাভিষিক্ত হইলেও অদ্য দুর্ব্বল আছি এবং সি
রুয়াহের সন্তান এ মানুষেরা আমার শক্ত্যপেক্ষা
অধিক কঠিন আছে য়িহুহ কুক্রিয়াকর্ত্তাকে তা
হার কুক্রিয়ানুসারে ফল দিবেন ।

৪ পর্ব্ব ।

[১] অপর আবনের খেবরোণে মরিয়াছে ই
হা শাউলের পুত্র শুনিলে তাহার হস্ত দুর্ব্বল হ
ইল এবং সমস্ত য়িশ্রাএলীয়েরা উদ্বিগ্ন হইল ।
[২] এবং শাউলের পুত্রের দুই জন সেনাপতি
ছিল এক জনের নাম বআনাহ্ এবং অন্যের নাম
রেকাব তাহারা বেন্যামিনের সন্তানজাত বিএরো
তীয় রিমোণের পুত্র যেহেতুক বিএরোতও বে
ন্যামিনের অধিকারের সামিলে গণিত হইল ।
[৩] এবং বিএরোতীয়েরা গিতাইমে পলাইয়া
গেল এবং অদ্যপর্য্যন্ত সেস্থানে প্রবাস করে ।
[৪] অপর পায়েতে খোঁড়া শাউলের পুত্র য়োনা
তানের এক পুত্র ছিল শাউলের ও য়োনাতানের
সমাচার যখন য়িজরীএলহইতে আইল তখন সে
পাঁচবৎসরবয়স্ক ছিল এবং তাহার ধাই তাহা
কে তুলিয়া লইয়া পলাইল এবং এমত হইল সে
পলায়নে ত্বরা করিতেছিল ইতোমধ্যে সে পড়ি
য়া খোঁড়া হইল তাহার নাম মিফীবোশেত । [৫]
অপর বিএরোতীয় রিমোণের পুত্র রেকাব ও ব
আনাহ্ যাইয়া দিনের গ্রীষ্মসময়ে ইশ্বোশে
তের ঘরে উপস্থিত হইল সে মধ্যাহ্নকালে এক
খট্টোপরি শয়ন করিয়াছিল । [৬] এবং তাহা
রা সেস্থানে গোম আনিবার ছলে ঘরের মধ্যে
প্রবেশ করিয়া পঞ্চম পর্শুকাধোদেশে তাহাকে
মারিল পরে রেকাব এবং তাহার ভ্রাতা বআনাহ্
পলায়ন করিল । [৭] যেহেতুক তাহারা ঘরে
যখন প্রবেশ করিল তখন সে আপন শয়নাগা
রে আপন খট্টোপরি শুইয়া রহিয়াছিল পরে
তাহারা তাহাকে মারিয়া বধ করিয়া তাহার শি
রশ্ছেদনানন্তর তাহার মস্তক লইয়া সমস্ত রাত্রি
মাঠ হইয়া চলিয়া গেল । [৮] অপর তাহারা
ইশ্বোশেতের মস্তক খেবরোণে দাউদের নিক
টে আনিয়া রাজাকে কহিল আপনকার প্রাণ চে
ষ্টাকারি আপনকার শত্রু শাউলের পুত্র ইশ্বো
শেতের মস্তক দেখ এবং য়িহুহ অদ্য আমার
দের প্রভু মহারাজের বিষয়ে শাউলের ও তা
হার বংশের প্রতীকার করিয়াছেন ।

[৯] পরে দাউদ বিএরোতীয় রিমোণের পুত্র
রেকাব ও তাহার ভ্রাতা বআনাহ্কে উত্তর করি
য়া তাহারদিগকে কহিল সর্ব্ব বিপত্তিহইতে আ
মার প্রাণ মুক্তকারি য়িহুহ জীবৎ হইলে [১০]
এক জন ভাল সমাচার আনিয়াছে ইহা মনে করি
য়া যখন আমাকে কহিল যে দেখ শাউল মরি
য়াছে তখন তাহার সমাচারপ্রযুক্ত আমি তাহা
কে পুরস্কার দিব এতদপেক্ষাকারি সে মানুষকে
যদি আমি ধরিয়া সিক্লগে তাহাকে মারিলাম ।
[১১] তবে দুষ্ট লোকেরা ধার্ম্মিক এক লোক
কে আপন নিজ ঘরে ও আপন খট্টোপরি মারি
লে কি পুন মারিব অতএব আমি কি এখন তা
হার রক্ত তোমারদের হস্তহইতে চাহিয়া কি তো
মারদিগকে পৃথিবীহইতে খণ্ডাইব না । [১২]
পরে দাউদ আপন যুবা পুরুষেরদিগকে আজ্ঞা
দিলে তাহারা তাহারদিগকে বধ করিল এবং
তাহারদের হাত ও পা কাটিয়া খেবরোণস্থ পু
ষ্করিণ্যুপরি লটকাইয়া দিল কিন্তু তাহারা ইশ্
বোশেতের মস্তক লইয়া খেবরোণস্থ আবনে
রের কবরে গাড়িল ।

৫ পর্ব্ব ।

[১] তদনন্তর য়িশ্রাএলের সমস্ত গোষ্ঠী খে
বরোণে দাউদের নিকটে আসিয়া কহিল দেখ
আমরা তোমার অস্থি ও তোমার মাংস । [২]
আরো পূর্ব্বকালে যখন শাউল আমারদের
রাজা ছিলেন তখন তুমি য়িশ্রাএলের বাহিরে
ভিতরে আমারদিগকে গমনাগমন করাইলা এ
বং য়িহুহ তোমাকে কহিলেন যে তুমি আমার
য়িশ্রাএল লোকেরদিগকে চরাইবা এবং তুমি
য়িশ্রাএলোপরি অগ্রণী হইবা । [৩] অতএব
য়িশ্রাএলের সমস্ত প্রাচীনেরা খেবরোণে রা
জার নিকটে আইল তাহাতে দাউদরাজ খেব
রোণে য়িহুহের সম্মুখে তাহারদের সহিত সন্ধি
করিল এবং তাহারা য়িশ্রাএলোপরি দাউদকে
রাজ্যেতে অভিষেক করিল ।

[৪] দাউদ যখন রাজ্য করিতে আরম্ভ করিল
তখন সে ত্রিংশদ্বর্ষবয়স্ক ছিল এবং চল্লিশ বৎ
সর রাজ্য করিল । [৫] খেবরোণে সে য়িহুদা
হের উপরে সাত বৎসর ছয় মাস রাজ্য করিল
এবং য়িরূশালমে সমস্ত য়িশ্রাএলের ও য়িহুদা
হের উপরে ত্রিংশদ্বর্ষ রাজ্য করিল ।

[৬] অপর দাউদ এস্থানে প্রবেশ করিতে পা
রিবে না ইহা মনে করিয়া অন্ধেরদিগকে ও খোঁ

দ্বারদিগকে দূর না করিলে তুমি এস্থানে প্রবেশ
করিতে পারিবা না দাউদকে এতদ্বাক্যবাদি সে
শনিবাসি য়িবূসীয়েরদের নিকটে দাউদ ও তা
হার লোক য়িরূশালমে গেল। [৭] তথাচ দা
উদ সীওনের দৃঢ় গড় আক্রমণ করিল তাহাই দা
উদের নগর। [৮] এবং দাউদ সে দিবসে কহিল
যে জন নরদমায় উঠিয়া য়িবূসীয়েরদিগকে এবং
দাউদের অন্তঃকরণে ঘৃণার্হ খোঁড়ারদিগকে ও
অন্ধেরদিগকে মারে সে সেনাপতি হইবে যেহে
তুক অন্ধেরা ও খোঁড়ারা কহিল যে ঘরে সে
প্রবেশ করিতে পাইবে না। [৯] অতএব দাউদ
গড়ে বাস করিল এবং তাহার নাম দাউদের ন
গর রাখিল পরে দাউদ মিল্লো এবং অন্তরাবধি
করিয়া চতুর্দ্দিগে গৃহাদি গাঁথাইল। [১০] অপর
দাউদ অগ্রসর হইয়া অতিশয় বাড়িল এবং সৈ
ন্যের ঈশ্বর য়িহুহ তাহার সহবর্ত্তী ছিলেন।

[১১] অপর সূরের রাজা খীরাম দাউদের
নিকটে দূত ও আরেজবৃক্ষ ও সূত্রধার ও রাজ
প্রেরণ করিল এবং তাহারা দাউদের জন্যে এক
ঘর গাঁথিল। [১২] এবং দাউদ অবগত হইল
যে য়িহুহ য়িশ্রাএলোপরি আমাকে রাজপদে
স্থাপন করিয়াছেন এবং আপন য়িশ্রাএল
লোকেরদের নিমিত্তে রাজ্য মহৎ করিয়াছেন।

[১৩] অপর দাউদ খেবরোণহইতে আইস
নের পরে য়িরূশালমহইতে অন্য ভার্য্যা এবং
উপপত্নী গ্রহণ করিল তাহাতে দাউদের আর
পুত্রকন্যা জন্মিল। [১৪] এবং য়িরূশালমে
তাহার যে অপত্য জন্মিল তাহারদের নাম এই২
শম্মূঅ ও শোবাব ও নাতান ও শলোমন। [১৫]
এবং য়িবখার ও এলীশূঅ ও নেফেগ ও য়া
ফীঅ। [১৬] এবং এলীশমঅ ও এলিযাদঅ
ও এলীফালেট।

[১৭] কিন্তু যখন পলশ্তীয়েরা শুনিল যে তা
হারা তাবৎ য়িশ্রাএলোপরি দাউদকে রাজ্যা
ভিষিক্ত করিয়াছে তখন সমস্ত পলশতীয়েরা
দাউদের অন্বেষণে আইল এবং দাউদ তাহা
শুনিয়া দুর্গে গেল। [১৮] পলশ্তীয়েরাও আ
সিয়া রিফাইম তলভূমিতে আপনারদিগকে
ছড়াইল। [১৯] পরে দাউদ য়িহুহের উদ্দে
শে জিজ্ঞাসা করিল আমি কি পলশ্তীয়েরদের
নিকটে যাইব তুমি কি তাহারদিগকে আমার
হস্তে অর্পণ করিবা তাহাতে য়িহুহ দাউদকে
কহিলেন যাও কেননা আমি পলশতীয়েরদিগ
কে নিঃসন্দেহে তোমার হস্তে অর্পণ করিব।
[২০] পরে দাউদ বআলপিরাসিমে আইল
এবং দাউদ সেস্থানে তাহারদিগকে মারিয়া ক
হিল পুলজলভঞ্জনের ন্যায় য়িহুহ আমার সম্মু
খে আমার শত্রুরদের উপরে ভাঙ্গিয়া বাহির
হইয়াছেন অতএব সেস্থানের নাম সে বআল
পিরাসিম রাখিল। [২১] এবং সে স্থানে তাহা
রা আপনারদের প্রতিমারদিগকে ছাড়িয়া গেল
এবং দাউদ ও তাহার লোক আসিয়া সে সমস্ত
জ্বালাইয়া দিল।

[২২] অপর পলশ্তীয়েরা আরবার আসি
য়া রিফাইম তলভূমিতে আপনারদিগকে ছড়া
ইল। [২৩] পরে যখন দাউদ য়িহুহের উদ্দেশে
জিজ্ঞাসা করিল তখন তিনি কহিলেন তুমি যা
ইবা না কিন্তু তাহারদের পশ্চাৎ ঘুরিয়া আ
সিয়া তুতবৃক্ষের সম্মুখে তাহারদের উপরে প
ড়। [২৪] এবং এমত হউক তুমি যখন তুতবৃ
ক্ষের মস্তকে গমনের শব্দ শুনিবা তখন তুমি উ
দ্যোগ করিবা কেননা তখন পলশ্তীয়েরদের
সৈন্য মারিবার জন্যে য়িহুহ তোমার সম্মুখে
অগ্রগ হইবেন। [২৫] তাহাতে য়িহুহ দাউদকে
যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন সে করিয়া
গেবঅহইতে গাজের পঁহুছনস্থানপর্য্যন্ত পলশ্
তীয়েরদিগকে মারিল।

## ৬ পর্ব্ব।

[১] অপর দাউদ য়িশ্রাএলের সমস্ত মনো
নীত লোকেরদিগকে অর্থাৎ ত্রিশ সহস্র জনকে
একত্র করিল। [২] পরে দাউদ উঠিল এবং আ
পন সমভিব্যাহারি সমস্ত লোকেরদিগকে সঙ্গে
করিয়া কিরূবেরদের মধ্যবাসি সৈন্যের য়িহুহ না
মধেয় ঈশ্বরের সিন্দুক য়িহুদাহস্থ বআলেহই
তে আনিবার কারণ সে স্থানে গেল। [৩] পরে
তাহারা ঈশ্বরের সিন্দুক এক নূতন শকটে তুলিয়া
দিয়া গিবিআহস্থ আবীনাদাবের ঘরহইতে বা
হির করিয়া আনিল এবং আবীনাদাবের পুত্র
উজ্জা ও অখীঅ সে নূতন শকট চালাইল। [৪]
এবং তাহারা ঈশ্বরের সিন্দুকের সঙ্গী হইয়া তা
হা আবীনাদাবের গিবিআহস্থ ঘরহইতে আ
নিল এবং আখীঅ শকটের অগ্রে২ চলিল।
[৫] এবং দাউদ ও য়িশ্রাএলের তাবদ্বংশ য়ি
হুহের সম্মুখে আরেজকাষ্ঠনির্ম্মিত বীণা ও ন
বল ও তবল ও জয়শৃঙ্গ ও মন্দিরাইত্যাদি সমস্ত
প্রকার বাদ্য বাজাইল।

[৬] অপর তাহারা নাকোনের খামারে পঁহু
ছিলে উজ্জা ঈশ্বরের সিন্দুকের প্রতি হাত বিস্তার
করিয়া তাহা ধরিল যেহেতুক বলদ তাহা হিলা
ইল। [৭] তাহাতে য়িহুহের ক্রোধ উজ্জার প্র
তিকূলে প্রজ্বলিত হইল এবং ঈশ্বর তাহার ভ্রম
প্রযুক্ত তাহাকে সে স্থানে মারিলেন এবং সেস্থা
নে সে ঈশ্বরের সিন্দুকসমীপে মরিল। [৮] পরে
দাউদ অসন্তুষ্ট হইল যেহেতুক য়িহুহ উজ্জার বি

ঘয়ে ফাঁক করিয়াছিলেন এবং অদ্যপর্য্যন্ত সে
ঐ স্থানের নাম পেরেস উজ্জা রাখিল। [৯] এবং
দাউদ সে দিবস য়িহুহপ্রযুক্ত ভীত হইয়া কহিল
য়িহুহের সিন্দুক আমার নিকটে কি প্রকারে আ
সিবে। [১০] অতএব দাউদ আপন নিকটে দা
উদনগরেই য়িহুহের সিন্দুক আনিল না কিন্তু দা
উদ তাহা এক পার্শ্বে লইয়া গিত্তীয় ওবেদ এদো
মের বাটীতে যাইয়া রাখিল। [১১] এবং য়ি
হুহের সিন্দুক গিত্তীয় ওবেদ এদোমের ঘরে তিন
মাস রহিল এবং য়িহুহ ওবেদ এদোমের ও তা
হার সমস্ত পরিজনের মঙ্গল করিলেন।

[১২] পরে দাউদরাজের নিকটে কথিত হইল
যে ঈশ্বরের সিন্দুকপ্রযুক্ত য়িহুহওবেদ এদোমের
ঘরে ও তাহার সর্ব্বস্বে আশীর্ব্বাদ দিয়াছেন তা
হাতে দাউদ যাইয়া ঈশ্বরের সিন্দুক ওবেদ এদো
মের বাটীহইতে দাউদের নগরে আহ্লাদপূর্ব্বক
আনিল। [১৩] অপর এমত হইল য়িহুহের সি
ন্দুকবাহকেরা ছয় পদ গেলে সে গরু ও পুষ্ট
পশু হোম করিল। [১৪] এবং দাউদ য়িহুহের
সম্মুখে যথাশক্তি নৃত্য করিল এবং দাউদ তিসি
নির্ম্মিত এফোদ পরিধান করিয়াছিল। [১৫]
ঐ ক্রমে দাউদ ও য়িশ্রাএলের সমস্ত বংশ হর্ষ
নাদেতে ও তূরীধ্বনিসহকারে য়িহুহের সিন্দুক
আনিল। [১৬] এবং দাউদের নগরে য়িহু
হের সিন্দুকের প্রবেশসময়ে শাউলের কন্যা মী
কাল এক ঝরকা দিয়া নিরীক্ষণ করিয়া দাউদকে
য়িহুহের সাক্ষাৎ লম্ফ দিতে ও নৃত্য করিতে দে
খিল তাহাতে সে আপন মনে তাহাকে তুচ্ছ ক
রিল।

[১৭] পরে তাহারা য়িহুহের সিন্দুক অন্তরে
আনিয়া আপন স্থানে অর্থাৎ দাউদ তাহার কা
রণ যে আবাস খাড়া করিয়াছিল তাহার মধ্যে
স্থাপন করিল এবং দাউদ য়িহুহের সাক্ষাৎ
হোম ও স্বস্ত্যয়ননৈবেদ্য নিবেদন করিল। [১৮]
পরে দাউদ হোম ও স্বস্ত্যয়ননৈবেদ্য নিবেদনক
রণ সাঙ্গ করিবামাত্রে সৈন্যের য়িহুহের নামে
সে লোকেরদিগকে আশীর্ব্বাদ করিল। [১৯]
এবং সমস্ত লোকেরদের মধ্যে অর্থাৎ য়িশ্রাএ
লের তাবজ্জনতার মধ্যে স্ত্রীকে যেমন পুরুষ
কে তেমন প্রত্যেক জনকেই এক২ পিষ্টক ও
এক২ বৃহন্মাংসখণ্ড ও এক২ পাত্র দ্রাক্ষারস বাঁ
টিয়া দিল পরে সমস্ত লোক প্রত্যেক আপন২
ঘরে প্রস্থান করিল।

[২০] অপর দাউদ আপন পরিজনেরদিগকে
আশীর্ব্বাদ দেওনার্থে ফিরিয়া আইল এবং শা
উলের কন্যা মীকাল দাউদের সহিত মিলিতে বা
হির হইয়া আসিয়া কহিল কাপুরুষ কোন কেহ
যেমন নির্লজ্জরূপে আপনাকে বিবস্ত্র করে তে
মন আপন দাসেরদের দাসীরদের দৃষ্টিতে আ
পনাকে অদ্য বিবস্ত্র করিলেন যে য়িশ্রাএলের
রাজা তিনি অদ্য কেমন মহিমাবান ছিলেন।
[২১] পরে দাউদ মীকালকে কহিল য়িহুহের
লোকের অর্থাৎ য়িশ্রাএলের কর্তৃরূপ নিযুক্ত
করিবার কারণ তোমার পিতাহইতে এবং তা
হার সমস্ত বংশ্যহইতে আমাকে মনোনীতকারি
য়িহুহের সাক্ষাৎ তাহা ছিল অতএব আমি য়িহু
হের সাক্ষাৎ ক্রীড়া করিব। [২২] এবং আমি
এতদপেক্ষাও অধিক নীচ হইব এবং আপন
দৃষ্টিতেও নীচ হইব এবং যেদাসীরদের বিষয়ে
তুমি কহিয়াছ তাহারদিগকর্ত্তৃক আমি আদৃত হ
ইব। [২৩] অতএব শাউলের কন্যা মীকালের
মরণকালপর্য্যন্ত তাহার সন্তান হইল না।

৭ পর্ব্ব ।

[১] অপর এমত হইল রাজা আপন ঘরে যখ
ন বসিয়াছিল এবং য়িহুহ তাহার চতুর্দ্দিক্স্থ
সমস্ত শত্রুরদের বিপক্ষতাহইতে তাহাকে বিশ্রাম
দিয়াছিলেন। [২] তখন রাজা নাতান আচার্য্য
কে কহিল এমন দেখ আমি আরেজ কাষ্ঠ নি
র্ম্মিত গৃহে বাস করি কিন্তু য়িহুহের সিন্দুক পর
দার মধ্যে বাস করে। [৩] তাহাতে নাতান
রাজাকে কহিল যাইয়া তোমার অন্তঃকরণে যে
মন লয় তত্তাবদনুসারে কর কেননা য়িহুহ তো
মার সহিত।

[৪] অপর সেই রাত্রিতে এই মত হইল এ কথা
কহত য়িহুহের বাক্য নাতানের নিকটে আইল
[৫] যাইয়া আমার দাস দাউদকে কহ য়িহুহ এ
কথা কহেন আমার বাসার্থে তুমি কি আমার
জন্যে এক ঘর গাঁথিবা। [৬] যেহেতুক য়িশ্রাএ
লের সন্তানেরদিগকে মিস্রহইতে বাহির করি
য়া আনয়ন দিবসাবধি অদ্যপর্য্যন্ত আমি গৃহে
বাস করি নাই কিন্তু তাম্বুতে ও আবাসেতে গতি
করিয়াছি। [৭] য়িশ্রাএলের সমস্ত সন্তানের
সহিত আমি যে২ স্থানে গতি করিয়াছি সে২
স্থানে তোমরা আমার জন্যে আরেজ কাষ্ঠনি
র্ম্মিত এক ঘর কেন গাঁথ না এ কথা কহিয়া আ
মার য়িশ্রাএল লোকেরদিগকে চরাণার্থে আ
মাকর্ত্তৃক আজ্ঞপ্ত য়িশ্রাএলের কোন গোষ্ঠী
কে আমি কি এক কথা কহিয়াছি। [৮] অতএব
এখন তুমি আমার দাস দাউদকে এ কথা কহি
বা সৈন্যের য়িহুহ এ কথা কহেন আমার লো
কোপরি অর্থাৎ য়িশ্রাএলোপরি কর্ত্তাহওনা
র্থে আমি মেষবাথানহইতে অর্থাৎ মেষের প
শ্চাৎ২ গমনহইতে তোমাকে গ্রহণ করিয়াছি।
[৯] এবং তুমি যে২ স্থানে গিয়াছ সে২ স্থানে



২ ছ ২

আমি তোমার সহবর্ত্তী হইয়া তোমার দৃষ্টিগো
চরহইতে তোমার সমস্ত শত্রুরদিগকে উচ্ছিন্ন ক
রিয়াছি এবং পৃথিবীস্থ মহালোকেরদের নামে
র ন্যায় তোমার মহানাম করিয়াছি। [১০] আ
রো আমি আপন য়িশরাএললোকেরদের জন্যে
এক স্থান নিরূপণ করিব এবং তাহারা আপনার
দের এক নিজস্থানে বাস করে এবং আর চালিত
না হয় এই জন্যে তাহারদিগকে রুপিব। [১১]
এবং পূর্ব্বকালে যেমন এবং য়িশরাএললো
কোপরি আমি যদবধি বিচারকর্ত্তারদিগকে আ
জ্ঞা করিয়াছিলাম এবং তোমাকে তোমার সমস্ত
শত্রুতাহইতে বিশ্রাম দিয়াছি তদবধি যেমন
ছিল তেমন দুষ্টতার সন্তানেরা তাহারদিগকে
আর দুঃখ দিবে না আরও য়িহুহ তোমাকে ক
হেন যে তিনি তোমার নিমিত্তে এক ঘর নির্ম্মাণ
করিবেন।

[১২] অপর তোমার আয়ু সম্পূর্ণ হইলে এ
বং তুমি আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা
গেলে আমি তোমার পরে তোমার ঔরসজাত
বংশকে স্থাপিত করিব এবং আমি তাহার রাজ্য
স্থির করিব। [১৩] সে আমার নামের নিমিত্তে
এক ঘর গ্রস্থন করিবে এবং আমি তাহার রা
জ্যের সিংহাসন সদা স্থির করিব। [১৪] আমি
তাহার পিতা হইব এবং সে আমার পুত্র হইবে
সে যদি অধর্ম্ম করে তবে আমি মনুষ্যের দণ্ডে
তে ও মনুষ্যের সন্তানেরদের প্রহারেতে তাহার
দণ্ড করিব। [১৫] কিন্তু তোমার সাক্ষাৎ আমা
কর্ত্তৃক দূরীকৃত শাউলহইতে আমি যেমন আ
পন কৃপা লইয়াছিলাম তেমন তাহা তাহাকে
ত্যাগ করিবে না। [১৬] এবং তোমার বংশ ও
তোমার রাজ্য তোমার সম্মুখে সদা স্থির হইবে
তোমার সিংহাসন নিত্যই স্থির হইবে। [১৭]
ঐ সমস্ত বাক্যানুসারে এবং ঐ সমস্ত দর্শনানুসা
রে নাতান দাউদকে কহিল।

[১৮] পরে দাউদরাজ অন্তরে যাইয়া য়িহু
হের সম্মুখে বসিয়া কহিল হে য়িহুহ পরমেশ্বর
আমি কে ও আমার বংশ কি যে তুমি এপর্য্যন্ত
আমাকে আনিয়াছ। [১৯] তথাপি হে য়িহুহ
পরমেশ্বর ইহা তোমার দৃষ্টিতে ক্ষুদ্র বিষয়
ছিল কিন্তু তুমি ভাবি অনেক কালের জন্যে আ
পন দাসের বংশের বিষয়েও কহিয়াছ এবং
হে য়িহুহ পরমেশ্বর এ কি মনুষ্যের মত। [২০]
এবং ইহা ছাড়া দাউদ তোমাকে আর কি কহি
তে পারে কেননা হে য়িহুহ পরমেশ্বর তুমি
আপন দাসকে অবগত আছ। [২১] তুমি
আপন দাসকে জ্ঞাপনার্থে আপন বাক্যহে
তুক এবং আপন অন্তঃকরণানুসারে এ সমস্ত
মহাকার্য্য করিয়াছ। [২২] অতএব হে য়িহুহ
পরমেশ্বর তুমি মহান্ যেহেতুক তোমার তুল্য
কেহ নাই এবং আমরা আপন কর্ণেতে যাহা
শুনিয়াছি তদনুরূপ তোমাব্যতিরেকে অন্য
ঈশ্বরও নাই। [২৩] এবং তোমার নাম করণা
র্থে এবং তোমার যে লোকেরদিগকে তুমি মি
সরহইতে অর্থাৎ অন্য দেশীয়েরদের ও তাহার
দের দেবেরদেরহইতে মুক্ত করিয়াছ তাহারদের
সম্মুখে তাহারদের নিমিত্তে ও তোমার দেশের
নিমিত্তে মহতী ও ভয়ঙ্কর ক্রিয়া করিবার জন্যে
যাহারদিগকে ঈশ্বর মুক্ত করিতে চেষ্টা করিলেন
এমন যে তোমার লোক অর্থাৎ য়িশরাএল তা
হার তুল্য পৃথিবীতে অন্য কোন জাতি আছে।
[২৪] যেহেতুক তোমার য়িশরাএল লোক সদা
হইবার নিমিত্তে তুমি আপনার জন্যে তাহারদি
গকে স্থির করিয়াছ এবং হে য়িহুহ তুমিই তা
হারদের ঈশ্বর হইয়াছ। [২৫] এবং এখন হে
য়িহুহ পরমেশ্বর তুমি আপনার দাসের বিষ
য়ে এবং তাহার বংশের বিষয়ে যে বাক্য কহি
য়াছ তাহা সতত স্থির কর এবং তুমি যেমন কহি
য়াছ সেমত কর। [২৬] এবং সৈন্যের য়িহু
হই য়িশরাএলোপরি ঈশ্বর এই কথা কহাতে
তোমার নাম নিত্য বর্দ্ধিত হউক এবং তোমার
দাস দাউদের বংশ তোমার সাক্ষাৎ স্থির হউক।
[২৭] যেহেতুক হে সৈন্যের য়িহুহ য়িশরাএলের
ঈশ্বর আমি তোমার ঘর করিব এ কথা কহিয়া
তুমি আপন দাসের নিকটে প্রকাশ করিয়াছ
অতএব তোমার দাস তোমার স্থানে এ প্রার্থনা
করণে মনে বাসনা করিয়াছে। [২৮] এবং
এখন হে য়িহুহ পরমেশ্বর তুমিই সেই ঈশ্বর
এবং তোমার বাক্য সত্য হউক এবং তুমি আ
পন দাসের প্রতি এ ভদ্রতা প্রতিজ্ঞা করিয়াছ।
[২৯] অতএব এখন তোমার দাসের বংশ তো
মার সম্মুখে নিত্যস্থায়ী হইবার জন্যে তো
মার দাসের বংশকে আশীর্ব্বাদ করিতে অনু
গ্রহ কর কেননা হে য়িহুহ পরমেশ্বর তুমি কহি
য়াছ এবং আশীর্ব্বাদদ্বারা তোমার দাসের
বংশ নিত্য আশীঃপ্রাপ্ত হউক।

## ৮ পর্ব্ব।

[১] তৎপরে এমত হইল দাউদ পলশতীয়ের
দিগকে মারিয়া পরাজয় করিল এবং দাউদ
পলশতীয়েরদের হস্তহইতে মেতেগ অমাহ আ
ক্রমণ করিয়া লইল। [২] পরে সে মোআব
কে মারিল এবং তাহারদিগকে ভূমিতে ফেলি
য়া রজ্জুতে মাপিল অর্থাৎ বধ করিবার নিমি
ত্তে দুই রজ্জুতে এবং বাঁচাইয়া রাখিবার
নিমিত্তে সম্পূর্ণ এক রজ্জুতে সে মাপিল এবং

মোআবীয়েরা দাউদের দাস হইয়া উপঢৌকন আনিল।
[৩] সোবাহের রাজা রিখোবের পুত্র হদদএজেরও ফরাৎ নদীর নিকটস্থ আপন অধিকার ফিরিয়া হস্তগতকরণার্থে গমনকালে দাউদ তাহাকে মারিল। [৪] এবং দাউদ তাহাহইতে এক সহস্র রথ ও সাত শত অশ্বারূঢ় ও বিংশতি সহস্র পদাতিক আক্রমণ করিয়া লইল এবং দাউদ সে সমস্ত রথের অশ্বেরদের পাদশিরাচ্ছেদন করিল কিন্তু সে সকলের মধ্যে একশত রথার্থে রাখিল। [৫] অপর যখন দমাশেকের অরামীয়েরা সোবাহের হদদএজেররাজার সাহায্য করিতে আইল তখন দাউদ অরামীয়েরদের বাইশ হাজার লোক মারিল। [৬] পরে দাউদ দমাশেকস্থ আরমদেশে থানা বসাইল তাহাতে অরামীয়েরা দাউদের দাস হইয়া উপঢৌকন আনিল এবং দাউদ যে কোন স্থানে গেল সে২ স্থানে য়িহুহ তাহাকে রক্ষা করিলেন। [৭] এবং হদদএজেরের দাসেরদের গাত্রস্থ স্বর্ণঢাল দাউদ লইয়া য়িরূশালমে আনিল। [৮] এবং হদদএজেরাধিকারস্থ বেটখ্ এবং বেরোতই নগরহইতে দাউদরাজ অতিবিস্তর পিত্তল লইল।
[৯] অপর খামাতের রাজা তঈ যখন শুনিল যে দাউদ হদদএজেরের সমস্ত সৈন্য মারিয়াছে। [১০] তখন তঈ দাউদরাজকে নমস্কার করিতে ও তাহাকে আশীর্ব্বাদ করিতে আপন পুত্র য়োরামকে তাহার নিকটে প্রেরণ করিল কেননা সে হদদএজেরের সহিত যুদ্ধ করিয়া তাহাকে মারিয়াছিল যেহেতুক হদদএজের তঈর সহিত যুদ্ধ করিত এবং য়োরাম রূপার ও স্বর্ণের ও পিত্তলের পাত্র সঙ্গে করিয়া আনিল। [১১] সে সকলও দাউদরাজ যে সমস্ত জাতীয়ের দিগকে জয় করিয়াছিল [১২] বিশেষতঃ অরামের ও মোআবের ও অম্মোনের সন্তানেরদের ও পলশতীয়েরদের ও অমালেকের ও সোবাহের রেখোবরাজের পুত্র হদদএজেরের লুঠের রূপা ও স্বর্ণসুদ্ধ সে য়িহুহের উদ্দেশে নিবেদন করিল। [১৩] এবং দাউদ অষ্টাদশ সহস্র অমোরীয়ের দিগকে লবণাখ্য তলভূমিতে মারিয়া আইসনকালে সে বড় নামলব্ধ হইল।
[১৪] অপর সে এদোমে থানা বসাইল অর্থাৎ এদোমের সর্ব্বত্র সে থানা বসাইল এবং এদোমের তাবল্লোক দাউদের দাস হইল এবং দাউদ যে২ স্থানে গেল সে২ স্থানে য়িহুহ তাহাকে রক্ষা করিলেন। [১৫] এবং দাউদ তাবৎ য়িশ্রায়েলোপরি রাজ্য করিল এবং আপন সমস্ত লোকের প্রতি দাউদ দণ্ড ও নীতি ব্যবহার করিল। [১৬] এবং সিরুয়াহের পুত্র য়োআব সৈন্যাধ্যক্ষ এবং আখীলুদের পুত্র য়িহোশাফাট স্মারক ছিল। [১৭] এবং আখীটূবের পুত্র সাদোক ও আবিআতারের পুত্র আখীমেলেক যাজক ছিল এবং শিরায়াহ্ লেখক ছিল। [১৮] এবং য়িহোয়াদার পুত্র বিনায়াহ্ কিরেতীয়েরদের ও পিলেতীয়েরদের উপরে নিযুক্ত ছিল এবং দাউদের পুত্রেরা প্রধানাধ্যক্ষ ছিল।

৯ পর্ব্ব।

[১] অপর দাউদ কহিল শাউলের বংশের এমত কেহ এখনও অবশিষ্ট আছে যে য়োনাতানহেতুক আমি তাহার প্রতি প্রীতি দর্শাইতে পারি। [২] এবং সীবা নামে শাউলের পরিজনের এক দাস ছিল এবং তাহারা তাহাকে দাউদের নিকটে ডাকিয়া আনিলে রাজা তাহাকে কহিল তুমি কি সীবা তাহাতে সে কহিল আপনকার দাস। [৩] পরে রাজা কহিল শাউলের বংশের এখনও কেহ কি বর্ত্তমান নাহি যে আমি ঈশ্বরের কৃপা তাহাকে জানাই তাহাতে সীবা রাজাকে কহিল য়োনাতানের এখনও পায়ে খোঁড়া একটী পুত্র আছে। [৪] পরে রাজা তাহাকে কহিল সে কোথায় তাহাতে সীবা রাজাকে কহিল দেখ সে লোদিবারে অমীএলের পুত্র মাখীরের বাটীতে আছে।
[৫] অপর দাউদরাজ লোক প্রেরণ করিয়া তাহাকে লোদিবারহইতে অমীএলের পুত্র মাখীরের ঘরহইতেই আনাইল। [৬] পরে শাউলের পুত্র য়োনাতানের পুত্র মিফীবোশেত দাউদের নিকটে যখন আইল তখন সে উবুড় হইয়া পড়িয়া নমস্কার করিল এবং দাউদ কহিল হে মিফীবোশেত তাহাতে সে কহিল আপনকার দাসের প্রতি দৃষ্টি করুন।
[৭] অপর দাউদ তাহাকে কহিল ভীত হইও না তোমার পিতা য়োনাতানপ্রযুক্ত আমি নিতান্তই তোমাকে প্রীতি দর্শাইব এবং তোমার পিতা শাউলের তাবদ্ভূমি তোমাকে ফিরিয়া দিব এবং তুমি নিত্য আমার ভোজমঞ্চে ভোজন করিবা। [৮] তাহাতে সে দণ্ডবৎ করিয়া কহিল আপনকার দাস কে যে আপনি আমার ন্যায় মৃত কুক্কুরোপরি দৃষ্টিপাত করিবেন।
[৯] পরে রাজা শাউলের দাস সীবাকে ডাকাইয়া তাহাকে কহিল শাউলের ও তাহার বংশের তাবদধিকার আমি তোমার কর্ত্তার পুত্রকে দিয়াছি। [১০] অতএব তুমি ও তোমার সন্তানেরা ও তোমার দাসেরা তাহার জন্যে ভূমির কৃষি করিয়া তোমার কর্ত্তার পুত্র খাদ্য দ্রব্য পাইবার জন্যে তদুৎপন্ন আনিয়া দিবা কিন্তু তোমার

কর্ত্তার পুত্র মিফীবোশেত আমার ভোজমঞ্চে নি
ত্য ভোজন করিবে ঐ সীবার পঞ্চদশ পুত্র ও
বিংশতি দাস ছিল। [১১] অপর সীবা রাজা
কে কহিল আমার প্রভু আপন দাসকে যে স
মস্ত আজ্ঞা করিয়াছেন তত্তাবদনুসারে আপন
কার দাস করিবে কিন্তু মিফীবোশেতের বিষয়ে
এই সে কোন এক রাজপুত্রসদৃশ আমার ভো
জমঞ্চে ভোজন করিবে। [১২] এবং মীকানা
যে ঐ মিফীবোশেতের এক যুবা পুত্র ছিল এবং
সীবার গৃহে বাসকারি সমস্ত লোক মিফীবোশে
তের দাস ছিল। [১৩] ঐ ক্রমে মিফীবোশেত
য়িরূশালমে বাস করিল যেহেতুক রাজার ভোজ
মঞ্চে সে নিত্য ভোজন করিত এবং দুই পায়ে
খোঁড়া ছিল।

১০ পর্ব্ব।

[১] তৎপরে এমত হইল অমোনের সন্তানের
দের রাজা মরিল এবং তাহার পুত্র খানুন তা
হার স্থানে রাজ্য করিল। [২] তাহাতে দাউদ
কহিল খানুনের পিতা নাখাশ আমাকে যেরূপ
কৃপা দর্শাইল সেমত আমিও খানুনকে কৃপা
দর্শাইব তাহাতে আপন পিতৃবিষয়ে তাহাকে
সান্ত্বনাকরণার্থে দাউদ আপন দাসেরদের দ্বা
রা প্রেরণ করিল এবং দাউদের দাসেরা অমো
নের সন্তানেরদের দেশে আইল। [৩] পরে
অমোনের সন্তানেরদের অধ্যক্ষেরা আপন প্রভু
খানুনকে কহিল তুমি কি বোধ কর যে দাউদ
তোমার পিতাকে সম্মান করে যে সে তোমার
নিকটে সান্ত্বনাকারিরদিগকে পাঠাইয়া দিয়া
ছে নগরের উদ্দেশ লইতে ও তাহার অনুসন্ধানা
র্থে এবং তাহা নষ্ট করিতে দাউদ কি তাহারদি
গকে বরং পাঠান নাই। [৪] অতএব খানুন
দাউদের দাসেরদিগকে ধরিয়া তাহারদের অর্দ্ধ
দাড়ি ক্ষৌরী করিল এবং তাহারদের বস্ত্র মধ্য
স্থানে অর্থাৎ নিতম্বদেশপর্য্যন্ত কাটিয়া ফেলি
য়া তাহারদিগকে বিদায় করিল। [৫] পরে তা
হারা তাহা দাউদকে অবগত করাইলে সে তাহা
রদের সহিত মিলনার্থে লোক প্রেরণ করিল কে
ননা সে লোক অতিশয় লজ্জা পাইয়াছিল এ
বং রাজা কহিল তোমারদের দাড়ি যাবৎ না বা
ড়ে তাবৎ য়িরিখোতে থাক পরে ফিরিয়া আ
ইস।

[৬] অপর অমোনের সন্তানেরা যখন দেখিল
যে আপনারা দাউদের সম্মুখে দুর্গন্ধ করে তখন
অমোনের সন্তানেরা লোক প্রেরণ করিয়া বীৎরি
খোবস্থ ও সোবাহস্থ অরামীয় বিংশতি সহস্র
পদাতিককে ও মঅকাহের রাজার এক সহস্র জ
নকে এবং ইশটোবস্থ বার সহস্র লোককে বে
তন দিয়া গ্রহণ করিল। [৭] পরে দাউদ তাহা
শুনিয়া য়োআবকে এবং বলবান লোকেরদের
তাবৎ সৈন্যকে প্রেরণ করিল। [৮] পরে অমো
নের সন্তানেরা বাহিরে আসিয়া দ্বার প্রবেশস্থা
নে সংগ্রামার্থে প্রস্তুত করিল এবং সোবাহের
এবং রিখোবের ও ইশটোবের ও মঅকাহের
অরামীয়েরা মাঠে স্বতন্ত্র রহিল। [৯] পরে য়ো
আব যখন দেখিল যে বিপক্ষ সৈন্যের অগ্রভাগ
অগ্রে এবং পশ্চাৎ তাহার প্রতিকূলে হইল তখন
সে য়িশ্রাএলের তাবৎ মনোনীত লোকহইতে
বাচিয়া লইয়া অরামীয়েরদের প্রতিকূলে ব্যূহস্থ
করিল। [১০] এবং অবশিষ্ট লোকেরদিগকে
সে আপন ভ্রাতা আবীশইর হস্তে অর্পণ করিল
যে সে অমোনের সন্তানেরদের প্রতিকূলে ব্যূহস্থ
করে। [১১] পরে সে কহিল যদি অরামীয়েরা
আমাপেক্ষা বলবান হয় তবে তুমি আসিয়া
আমার উপকার করিবা কিন্তু অমোনের সন্তানে
রা যদি তোমাপেক্ষা বলবান হয় তবে আমি আ
সিয়া তোমার উপকার করিব। [১২] অতিসাহস
বান হও এবং আমরা আপনারদের লোকের
দের জন্যে ও আপনারদের ঈশ্বরের নগরেরদের
কারণ পুরুষত্ব প্রকাশ করি এবং য়িহুহের দৃষ্টি
তে যাহা উত্তম বোধ হয় তাহা তিনি করুন।
[১৩] পরে য়োআব ও তাহার সমভিব্যাহারি
লোক অরামীয়েরদের সহিত যুদ্ধেতে ভিড়িতে
লাগিল তাহাতে তাহারা তাহার অগ্রে২ পলা
ইল। [১৪] এবং অরামীয়েরা পলাইতেছে
অমোনের সন্তানেরা ইহা দেখিয়া আবীশইর
অগ্রে২ও পলাইয়া নগরে প্রবেশ করিল তাহা
তে য়োআব অমোনের সন্তানেরদের নিকটহই
তে বাহুড়িয়া য়িরূশালমে আইল।

[১৫] অপর অরামীয়েরা যখন দেখিল যে
আমরা য়িশ্রাএলের সন্তানেরদের সম্মুখে মারা
পড়িতেছি তখন তাহারা একত্র হইল। [১৬]
এবং হদদএজের প্রেরণ করিয়া নদীর ওপারস্থ
অরামীয়েরদিগকে বাহির করিয়া আনিল তাহা
তে তাহারা খেলামে আইল এবং হদদএজে
রের সৈন্যের সেনাপতি শোবক তাহারদের অগ্র
গামী। [১৭] অপর যখন এবিষয় দাউদকে
কহা গেল তখন সে তাবৎ য়িশ্রাএলকে একত্র
করিয়া যরদন পার হইয়া খেলামে আইল তা
হাতে অরামীয়েরা দাউদের প্রতিকূলে ব্যূহ
করিয়া তাহার সহিত যুদ্ধ করিল। [১৮] এবং
অরামীয়েরা য়িশ্রাএলের অগ্রে পলাইল এবং
দাউদ অরামীয়েরদের সাত শত রথ ও চল্লিশ
সহস্র অশ্বারূঢ়েরদিগকে মারিল এবং তাহার
দের সেনাপতি শোবককেও মারিল তাহাতে

সে সে স্থানে মরিল। [১৯] পরে হদদএজে
রের অধীন সমস্ত রাজারা যখন দেখিল যে আ
মরা য়িশ্রাএলের সম্মুখে মারা যাইতেছি তখন
তাহারা য়িশ্রাএলের সহিত মেল করিয়া তা
হারদের সেবা করিল তাহাতে অরামীয়েরা অ
মোনের সন্তানেরদের আর উপকারকরণে ভীত
হইল।

১১ পর্ব্ব।

[১] অপর ঐ বৎসর গত হইলে এমত হইল
রাজবর্গেরদের নির্গমনসময়ে দাউদ য়োআবকে
ও তাহার সহিত আপন দাসেরদিগকে ও সমস্ত
য়িশ্রাএলকে প্রেরণ করিল তাহাতে তাহারা
অমোনের সন্তানেরদিগকে নষ্ট করিয়া রব্বাহ্
অবরোধ করিল কিন্তু দাউদ সে সময়ে য়িরূশাল
মে রহিল।

[২] অপর এমত হইল এক দিবস সন্ধ্যাকালে
দাউদ আপন শয্যাহইতে উঠিয়া রাজবাটীর ছা
তের উপরে বেড়াইতেছিল ইতোমধ্যে স্নানকা
রিণী এক স্ত্রীকে সে ছাতহইতে দেখিল সে স্ত্রী অ
তিপ্রিয়দর্শনা। [৩] পরে দাউদ সে স্ত্রীর বিষ
য়ে জিজ্ঞাসা করিতে লোক পাঠাইয়া দিল তা
হাতে কেহ কহিল যে এ কি এলীঅমের কন্যা
খিত্তীয় ঊরীয়াহের ভার্য্যা বাৎশেবা নয়। [৪]
পরে দাউদ দূত প্রেরণ করিয়া তাহাকে গ্রহণ
করিল তাহাতে সে স্ত্রী তাহার নিকটে আইল এ
বং সে তাহাতে উপগত হইল যেহেতুক সে স্ত্রী
অশৌচবিষয়ে শুদ্ধা ছিল পরে সে স্ত্রী আপন
বাটীতে ফিরিয়া গেল। [৫] অপর ঐ স্ত্রী গর্ভ
ধারণ করিয়া লোকপ্রেরণ করিয়া দাউদকে ক
হিল আমি গর্ভবতী হইয়াছি।

[৬] পরে দাউদ য়োআবের নিকটে পাঠাই
য়া এ কথা কহিল যে খিত্তীয় ঊরীয়াহ্কে আ
মার নিকটে পাঠাইয়া দেও তাহাতে য়োআব
ঊরীয়াহ্কে দাউদের নিকটে পাঠাইয়া দিল।
[৭] পরে ঊরীয়াহ্ তাহার নিকটে উপস্থিত হই
লে দাউদ জিজ্ঞাসা করিল যে য়োআব কেমন
আছে ও লোকেরা কেমন আছে এবং যুদ্ধের
মঙ্গল কেমন। [৮] পরে দাউদ ঊরীয়াহ্কে
কহিল তুমি আপন বাটীতে যাও এবং আপন
পা ধোও তাহাতে ঊরীয়াহ্ রাজবাটীহইতে
প্রস্থান করিল এবং রাজার নিকটহইতে কতক
গুলিন খাদ্য দ্রব্য তাহার পাছে গেল। [৯]
কিন্তু ঊরীয়াহ্ আপন প্রভুর অন্য সমস্ত দাসের
দের সহিত রাজবাটীর দ্বারে শুইয়া রহিল এবং
আপন ঘরে গেল না। [১০] পরে ঊরী
য়াহ্ আপন ঘরে যায় নাই এ বিষয় লোকে
রা দাউদকে অবগত করাইলে দাউদ ঊরীয়াহ্কে
কহিল তুমি কি যাত্রাহইতে আইস নাই তবে
কি জন্য তুমি আপন বাটীতে না যাও। [১১]
তাহাতে ঊরীয়াহ্ দাউদকে কহিল সিন্দুক ও
য়িশ্রাএল ও য়িহূদাহ্ তাম্বুতে বাস করে এবং
আমার প্রভু য়োআব ও আমার প্রভুর দাসেরা
মাঠে ছাউনি করিয়া আছে তবে কি আমি ভো
জনপানকরণার্থে ও আপন ভার্য্যার সহিত শয়
নার্থ আপন ঘরে যাইব আপনি জীবৎ হইলে
এবং আপনকার প্রাণ জীবৎ হইলে আমি এ
কার্য্য করিব না। [১২] পরে দাউদ ঊরীয়াহ্কে
কহিল অদ্যও তুমি এস্থানে তিষ্ঠ এবং কল্য
আমি তোমাকে বিদায় করিব তাহাতে ঊরী
য়াহ্ সে দিবস ও তাহার পরদিবস য়িরূশালমে
থাকিল। [১৩] পরে দাউদ তাহাকে ডাকিলে
সে তাহার সাক্ষাৎ ভোজনপান করিল এবং সে
তাহাকে মত্ত করিল এবং সন্ধ্যাকালে সে আপ
ন প্রভুর দাসেরদের সহিত আপন শয্যায় শয়ন
করিতে বাহিরে গেল কিন্তু আপন ঘরে গেল
না।

[১৪] পরে প্রাতঃকালে এমত হইল দাউদ য়ো
আবের নিকটে এক পত্র লিখিয়া ঊরীয়াহের
হস্তদ্বারা পাঠাইয়া দিল। [১৫] এবং ঐ পত্রে
তে সে এই বাক্য লিখিল যে ঊরীয়াহ্কে সর্ব্বা
পেক্ষা ঘোরতর যুদ্ধের সম্মুখে দাঁড় করাও পরে
তোমরা তাহার নিকটহইতে সরিয়া যাও যে সে
হত হইয়া মরে। [১৬] অপর এমত হইল য়ো
আব নগর পর্য্যালোকন করিয়া যে স্থানে সে
জানিল যে বীর্য্যবান লোক আছে সেস্থানে ঊরী
য়াহ্কে নিযুক্ত করিল। [১৭] পরে নগরস্থ লোক
নির্গত হইয়া য়োআবের সহিত যুদ্ধ করিল তাহা
তে দাউদের দাসের কতক লোক পড়িল এবং
খিত্তীয় ঊরীয়াহ্ও মরিল।

[১৮] পরে য়োআব প্রেরণ করিয়া যুদ্ধের তা
বদ্বিষয় দাউদকে অবগত করাইল। [১৯] এ
বং ঐ দূতকে আজ্ঞা করিয়া কহিল তুমি যুদ্ধের
বিবরণ রাজার নিকটে নিবেদন করণে সমাপ্তি
করিলে [২০] রাজার ক্রোধ যদি প্রজ্বলিত হয়
এবং তিনি তোমাকে কহেন যে যুদ্ধসময়ে তো
মরা কেন নগরের এত নিকটে গিয়াছিলা তো
মরা কি জান নাই যে তাহারা প্রাচীরহইতে বাণ
ক্ষেপ করিবে। [২১] য়িরুব্বেশেতের পুত্র অা
বীমেলেককে কে মারিল এক স্ত্রী কি দেওয়াল
হইতে তাহার উপরে জাঁতার এক খণ্ড ফেলিয়া
মারিল না তাহাতে সে তেবেসে মরিল তোমরা
কেন প্রাচীরের নিকটে গিয়াছিলা তখন কহ যে
আপনকার দাস খিত্তীয় ঊরীয়াহ্ও মরিয়াছে।

[২২] তাহাতে সে দূত প্রস্থান করিয়া আসিয়া

য়োআব যে সকলের নিমিত্তে তাহাকে পাঠাই
য়া দিয়াছিল সে সমস্ত দাউদকে জানাইল।
[২৩] পরে সে দূত দাউদকে কহিল ঐ লোকেরা
নিশ্চয়ে আমারদের উপরে জয়ী হইয়া মাঠে
আমারদের নিকটে বাহির হইয়া আইল তা
হাতে দ্বারপ্রবেশস্থানপর্য্যন্ত আমরা তাহারদের
সহিত যুদ্ধ করিতেছিলাম। [২৪] এবং ধনুর্দ্ধ
রেরা প্রাচীরহইতে আপনকার দাসেরদের উপ
রে শরক্ষেপ করিল তাহাতে মহারাজের কতকগু
লিন দাস মরিয়াছে এবং আপনকার দাস খি
ত্তীয় উরীয়াহ্ও মরিয়াছে। [২৫] অপর দা
উদ সে দূতকে কহিল তুমি য়োআবকে এ কথা
কহিবা এ বিষয়ে তোমার অসন্তোষ না হউক
যেহেতুক তলোআর এককে যেমন তেমন অন্য
কেও নষ্ট করে নগরের প্রতিকূলে তুমি আপ
নার সংগ্রাম আর দৃঢ় করিয়া তাহা পরাস্ত কর
এবং তুমি তাহাকে আশ্বাস দেও।
[২৬] অপর উরীয়াহের স্ত্রী যখন শুনিল যে
আপনার স্বামী উরীয়াহ্ মরিয়াছে তখন সে আ
পন স্বামির বিষয়ে শোক করিল। [২৭] এবং
শোকদিবস অতীত হইলে দাউদ পাঠাইয়া তা
হাকে আপন বাটীতে আনাইল এবং সে তা
হার ভার্য্যা হইয়া তাহার এক পুত্র প্রসবিল কিন্তু
দাউদকর্ত্তৃক কৃত কার্য্যেতে য়িহুহের অসন্তোষ
ছিল।

১২ পর্ব্ব।

[১] অপর য়িহুহ নাতানকে দাউদের নিক
টে প্রেরণ করিলেন তাহাতে সে তাহার নিকটে
আসিয়া তাহাকে কহিল এক নগরে দুই লোক
ছিল এক জন ধনবান এবং অন্য জন দরিদ্র।
[২] ঐ ধনবানের অতিশয় গোমেষাদি পাল
অনেক ছিল। [৩] কিন্তু দরিদ্র যে এক মেষী
বৎস ক্রয় করিয়া প্রতিপালন করিয়াছিল তাহা
ব্যতিরেকে তাহার আর কিছু ছিল না এবং সে
বাচ্চা তাহার ও তাহার বালকেরদের নিকটে
থাকিয়া বাড়িল সে তাহার নিজ ভক্ষ্য দ্রব্য আ
হার করিত এবং তাহার নিজ পাত্রেতে পান ক
রিত এবং তাহার বক্ষঃস্থলে শয়ন করিত এবং
তাহার কন্যার সদৃশী ছিল। [৪] পরে এক জন
পথিক ঐ ধনি মানুষের ঘরে আইল তাহাতে
আপন নিকটে আগত সে পথিকের জন্যে পাক
করণার্থে সে আপন মেষ কিম্বা গরু পালের
কিছু লইতে ক্ষমা দিল কিন্তু তাহার নিকটে আ
গত মানুষের কারণ সে ঐ দরিদ্রের মেষবাচ্চা ল
ইয়া পাক করিল। [৫] তাহাতে দাউদের ক্রোধ
সে মানুষের প্রতিকূলে অতিশয় প্রজ্বলিত হইল
পরে সে নাতানকে কহিল য়িহুহ জীবৎ হইলে
এতৎকার্য্যকারি লোক নিতান্ত মরিবে। [৬]
এবং এ কার্য্য করিয়াছে ও কিছু দয়া করে
নাই এপ্রযুক্ত সে মেষবাচ্চার চারিগুণ ফিরিয়া
দিবে।

[৭] পরে নাতান দাউদকে কহিল তুমিই সে
মানুষ য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ এ কথা কহেন
আমি তোমাকে য়িশ্রাএলোপরি রাজ্যাভি
ষিক্ত করিলাম এবং আমি তোমাকে শাউলের
হস্তহইতে নিস্তার করিলাম। [৮] এবং আমি
তোমার প্রভুর বাটী এবং তাহার ভার্য্যারদিগ
কে তোমার বক্ষঃস্থলে অর্পণ করিয়া তোমাকে
দিলাম এবং য়িশ্রাএলের ও য়িহুদাহের বংশ
তোমাকে দিলাম এবং তাহা যদি অল্প হইত
তবে আমি আরো তোমাকে অমুক২ বস্তু দি
তাম। [৯] অতএব তুমি য়িহুহের দৃষ্টিতে কুক্রি
য়াকরণার্থে কেন তাঁহার আজ্ঞাবজ্ঞা করিয়াছ
তুমি তলোআরেতে খিত্তীয় উরীয়াহ্কে বধ
করিয়াছ এবং আপন ভার্য্যাহওনার্থে তাহার
ভার্য্যা গ্রহণ করিয়াছ এবং তাহাকে অম্মোনের
সন্তানেরদের তলোআরেতে বধ করিয়াছ।
[১০] অতএব এখন তলোআর তোমার ঘর
কখন ত্যাগ করিবে না যেহেতুক তুমি আমা
কে তুচ্ছ করিয়াছ এবং আপন ভার্য্যাহওনার্থে
খিত্তীয় উরীয়াহের ভার্য্যাকে গ্রহণ করিয়াছ।
[১১] য়িহুহ এ কথা কহেন দেখ আমি তোমার
আপন ঘরের মধ্যহইতে তোমার প্রতিকূলে অম
ঙ্গল উৎপন্ন করিব এবং আমি তোমার চক্ষুর্গো
চরে তোমার ভার্য্যারদিগকে লইয়া তোমার নি
কটস্থকে দিব এবং সে এ সূর্য্যের দৃষ্টিতে তো
মার ভার্য্যাতে উপগত হইবে। [১২] যেহেতুক
তুমি গুপ্তরূপে তাহা করিয়াছিলা কিন্তু আমি
তাবৎ য়িশ্রাএলের ও সূর্য্যের গোচরে এ কার্য্য
করিব।

[১৩] পরে দাউদ নাতানকে কহিল আমি য়ি
হুহের প্রতিকূলে পাপ করিয়াছি তাহাতে না
তান দাউদকে কহিল য়িহুহ তোমার পাপ অ
ন্তর করিয়াছেন তুমি মরিবা না। [১৪] তথাচ
এ ক্রিয়াদ্বারা তুমি য়িহুহের শত্রুরদিগকে ঈশ্বর
নিন্দাকরণের বহুকারণদেওয়াপ্রযুক্ত তোমাতে
জাত এই বালক নিশ্চয় মরিবে।

[১৫] পরে নাতান আপন ঘরে প্রস্থান করিল
এবং য়িহুহ উরীয়াহের ভার্য্যাতে জাত দাউদের
বালককে আঘাত করাতে সে অতিশয় পীড়িত
হইল। [১৬] অতএব দাউদ সে বালকের জ
ন্যে য়িহুহের উদ্দেশে প্রার্থনা করিল এবং দা
উদ উপবাস করিল এবং অন্তরে প্রবেশ করিয়া
সমস্ত রাত্রি মৃত্তিকাতে পড়িয়া রহিল। [১৭]

এবং তাহার ঘরের প্রাচীনেরা উঠিয়া তাহাকে
মৃত্তিকাহইতে উঠাইবার কারণ তাহার নিকটে
গেল কিন্তু সে উঠিল না এবং তাহারদের সহিত
আহার করিল না। [১৮] অপর সপ্তম দিবসে
এমত হইল বালক মরিল এবং বালক মরিয়া
ছে ইহা দাউদকে কহিতে তাহার দাসেরা ভীত
হইল কেননা তাহারা কহিল দেখ বালক জীবৎ
থাকিল আমরা তাহাকে কহিলাম কিন্তু সে আ
মারদের কথা মানিল না এখন বালক মরিয়া
ছে ইহা যদি আমরা তাহাকে কহি তবে সে আ
পনাকে কত ব্যস্ত করিবে। [১৯] কিন্তু যখন
দাউদ দেখিল যে দাসেরা ফুস২ করিয়া কথা ক
হিতেছে তখন দাউদ জানিল যে বালক মরিয়া
ছে অতএব দাউদ আপনার দাসেরদিগকে ক
হিল বালক কি মরিয়াছে তাহাতে তাহারা কহি
ল সে মরিয়াছে। [২০] পরে দাউদ ভূমিহই
তে উঠিয়া স্নান করিল এবং গাত্রমার্জ্জন করিয়া
বস্ত্র বদলাইয়া যিহুহের মন্দিরে আসিয়া ভজনা
করিল পরে সে আপন ঘরে আইল এবং আ
জ্ঞা করিলে তাহারা তাহার সম্মুখে খাদ্য দ্রব্য
রাখিল তাহাতে সে আহার করিল। [২১] তা
হাতে তাহার দাসেরা তাহাকে কহিল আপনক
র্ত্তৃক কৃত এ কার্য্য কি বালক জীবৎ থাকিতে আ
পনি তাহার জন্যে উপবাস ও শোক করিলেন
কিন্তু বালক মরিলে আপনি উঠিয়া অন্নগ্রহণ ক
রিলেন। [২২] তাহাতে সে কহিল বালক জীবৎ
থাকিলে আমি উপবাস ও ক্রন্দন করিলাম যে
হেতুক আমি কহিলাম কে কহিতে পারে যে
ঈশ্বর আমার প্রতি প্রসন্ন হইবেন যে তাহাতে
বালক বাঁচে। [২৩] কিন্তু এখন সে মরিয়াছে
অতএব আমি কি জন্যে উপবাস করিব আমি
কি তাহাকে ফিরিয়া আনিতে পারি আমি তা
হার নিকটে যাইব কিন্তু সে আমার স্থানে আ
সিবে না।

[২৪] পরে দাউদ আপন ভার্য্যা বাৎশি
বাকে সান্ত্বনা করিয়া তাহার নিকটে যাইয়া
তাহাতে উপগত হইল তাহাতে সে এক পুত্র
প্রসবিল এবং সে তাহার নাম শলমন রাখিল
এবং যিহুহ তাহাকে প্রেম করিলেন। [২৫]
পরে তিনি নাতান আচার্য্যের দ্বারা আজ্ঞা প্রেরণ
করিয়া যিহুহপ্রযুক্ত তাহার নাম যিদীদিয়াহ্ রা
খিলেন।

[২৬] অপর য়োআব অমোনের সন্তানেরদের
রব্বাহের প্রতিকূলে যুদ্ধ করিয়া তদ্রাজধানী আ
ক্রমণ করিল। [২৭] পরে য়োআব দাউদের নি
কটে দূতপ্রেরণ করিয়া কহিল আমি রব্বাহের
সহিত যুদ্ধ করিয়া জল নগর আক্রমণ করিয়া
ছি। [২৮] অতএব এখন অবশিষ্ট লোকের
দিগকে একত্র করিয়া নগরের নিকটে ছাউনি
কর এবং তাহা আক্রমণ কর পাছে আমি
নগর আক্রমণ করি তাহাতে তাহা আমার নামে
তে খ্যাত হয়। [২৯] পরে দাউদ সমস্ত লো
কেরদিগকে একত্র করিয়া রব্বাহে গেল এবং
তাহার প্রতিকূলে যুদ্ধ করিয়া তাহা আক্রমণ ক
রিল। [৩০] এবং সে তাহার রাজার মুকুট তা
হার মস্তকহইতে লইল রত্নসুদ্ধ তাহা এক কি
করপরিমাণ স্বর্ণ পরে তাহা দাউদের মস্তকোপ
রি দেওয়া গেল এবং সে ঐ নগরের লুঠ অতি
বাহুল্যরূপে বাহির করিয়া আনিল। [৩১]
পরে সে তন্মধ্যবর্ত্তি লোকেরদিগকে বাহির করি
য়া আনিয়া করাতের ও লোহার বিদার ও কুড়া
লির নীচে দিল এবং ইটের পাঁজার মধ্য দিয়া
তাহারদিগকে গতি করাইল ঐ রীতিক্রমে সে
অমোনের সন্তানেরদের সমস্ত নগরের প্রতি ক
রিল পরে দাউদ ও তাবল্লোক যিরূশালমে ফিরি
য়া আইল।

## ১৩ পর্ব্ব।

[১] তাহার পরে এমত হইল দাউদের পুত্র অব
শালোমের তামারনামে এক সুন্দরী ভগিনী ছি
ল এবং দাউদের পুত্র অমনোন তাহাতে অনু
রক্ত ছিল। [২] এবং অমনোন আপন ভ
গিনী তামারের বিষয়ে এমত ব্যস্ত ছিল যে সে
তজ্জন্যে পীড়িত হইল কেননা সে অনূঢ়া এবং
তাহার প্রতি সে যে কিছু করে এবিষয় অমনোন
অত্যাচার জ্ঞান করিল [৩] কিন্তু দাউদের ভ্রাতা
শিমিআহের পুত্র য়োনাদাবনামে অমনোনের
এক বন্ধু ছিল এবং য়োনাদাব অতিচতুর মনুষ্য
[৪] পরে সে তাহাকে কহিল রাজপুত্র হইয়া
তুমি কেন দিন২ কৃশ হও তুমি কি আমাকে কহি
বা না তাহাতে অমনোন তাহাকে কহিল আ
মি আপন ভ্রাতা অবশালোমের ভগিনী তামা
রেতে অনুরক্ত আছি। [৫] পরে য়োনাদাব তা
হাকে কহিল তুমি আপন খট্টার উপরে শয়ন ক
রিয়া পীড়িত হইবার ছল কর এবং তোমার পি
তা যখন তোমাকে দেখিতে আইসেন তখন তা
হাকে কহ আমি তোমাকে মিনতি করি যে আ
মার ভগিনী তামারকে আমার নিকটে আসিতে
এবং আমাকে অন্ন দিতে এবং আমি যে দেখি
ও তাহার হস্তেতে খাই এই জন্যে আমার সা
ক্ষাৎ অন্ন পাক করিতে দিউন।

[৬] অতএব অমনোন শয়ন করিয়া পীড়িত
হওয়ার ছল করিল এবং রাজা তাহাকে দেখিতে
আইলে অমনোন রাজাকে কহিল আমি মিনতি
করি আমার ভগিনী তামার আসিয়া আমার সা

ক্ষাৎ দুইটা পিষ্টক পাক করুক যে আমি তাহার
হস্তহইতে খাই। [৭] তাহাতে দাউদ তামারের
ঘরে পাঠাইয়া কহিল এইক্ষণে আপন ভ্রাতা
অমনোনের ঘরে যাইয়া তাহার কিছু অন্ন পাক
কর। [৮] অতএব তামার আপন ভ্রাতা অম
নোনের বাটীতে গেল এবং সে শুইয়া রহিয়া
ছিল পরে তামার সুজি লইয়া ছানিয়া তাহার
সাক্ষাৎ রুটি গড়িয়া সেকিল। [৯] পরে সে
এক পাত্র লইয়া তাহার সাক্ষাৎ ঢালিয়া ফে
লিল কিন্তু সে খাওনে অসম্মত ছিল পরে অম
নোন কহিল আমার নিকটহইতে সমস্ত লোক
বাহির করিয়া দেও তাহাতে প্রত্যেক লোক তা
হার নিকটহইতে বাহিরে গেল। [১০] পরে
অমনোন তামারকে কহিল আমি তোমার হস্তহ
ইতে যে খাই এই নিমিত্তে খাদ্য সামগ্রী কুঠরী
তে আন তাহাতে তামার আপনাতে কৃত পিষ্টক
লইয়া আপন ভ্রাতা অমনোনের নিকটে কুঠ
রীতে আনিল। [১১] পরে সে তাহার খাই
বার জন্যে তাহার নিকটে আনিলে সে তাহাকে
ধরিয়া কহিল হে আমার ভগিনী আইস আ
মার সহিত শয়ন কর। [১২] তাহাতে সে তাহা
কে উত্তর করিল যে হে আমার ভ্রাতা না না আ
মাকে বলাৎকার করিও না যেহেতুক য়িশ্রাএ
লের মধ্যে এমত কার্য্য কর্ত্তব্য নয় তুমি এ বাতু
লতা করিও না। [১৩] এবং আমি আপন ল
জ্জা কোথায় রাখিব এবং তুমি য়িশ্রাএলস্থ
কোন এক বাতুলের প্রায় হইবা অতএব এখন
আমি মিনতি করি তুমি রাজাকে কহ যেহেতুক
তিনি আমাকে তোমারে দিতে অসম্মত হইবেন
না। [১৪] কিন্তু সে তাহার কথায় অবধান ক
রিল না এবং তদপেক্ষা বলবান হওয়াতে বলাৎ
কার করিয়া তাহার সহিত সংসর্গ করিল।

[১৫] পরে অমনোন তাহাকে অতিশয় ঘৃণা
করিল তাহাতে সে যে প্রেমেতে তাহাকে প্রেম
করিয়াছিল তদপেক্ষা সে যে ঘৃণাদ্বারা তাহাকে
ঘৃণা করিল তাহা অধিক ছিল পরে অমনোন
তাহাকে কহিল উঠিয়া যাও। [১৬] পরে সে
তাহাকে কহিল ইহার কোন কারণ নাই আমা
কে বাহির করিয়া দেওনেতে তুমি যে দোষ করি
তেছ তাহা আমার প্রতি যে অন্য দোষ করিয়া
ছিলা তদপেক্ষা বড় কিন্তু সে তাহার কথা মানি
ল না। [১৭] পরে সে আপন সেবাকারি দাস
কে ডাকিয়া কহিল এইক্ষণে ইহাকে আমার নি
কটহইতে বাহির করিয়া দেও এবং তাহার পা
ছে দ্বারে গলান দেও। [১৮] এবং তাহার গা
ত্রে নানাবর্ণবিশিষ্ট এক বস্ত্র ছিল কেননা ঐ
প্রকার বস্ত্রেতে অনূঢ়া রাজকন্যারা বস্ত্রান্বিতা
হইত তাহাতে তাহার দাস তাহাকে বাহির
করিয়া তাহার পশ্চাৎ দ্বারে হুড়কা দিল।
[১৯] পরে তামার আপন মস্তকে ভস্ম দিয়া
আপন গাত্রস্থ নানাবর্ণবিশিষ্ট বস্ত্র ফাড়িল
এবং আপন মস্তকে হাত দিয়া ক্রন্দন করি
তেং চলিল। [২০] পরে তাহার ভ্রাতা অব
শালোম তাহাকে কহিল তোমার ভ্রাতা অম
নোন কি তোমার নিকটে গিয়াছিল কিন্তু হে আ
মার ভগিনী তুমি এইক্ষণে তূষ্ণীভূতা হও কেন
না সে তোমার ভ্রাতা এ বিষয় মানিও না তাহা
তে তামার আপন ভ্রাতা অবশালোমের ঘরে
অনাথ হইয়া রহিল।

[২১] পরে দাউদরাজ এ সমস্ত বিষয় শুনিয়া
অতিশয় ক্রুদ্ধ হইল। [২২] এবং অবশালোম
আপন ভ্রাতা অমনোনকে ভাল মন্দ কিছুই ক
হিল না যেহেতুক অবশালোমের ভগিনী তা
মারকে বলাৎকার করাতে সে অমনোনকে ঘৃণা
করিল।

[২৩] অপর এমত হইল সম্পূর্ণ দুই বৎসরের
পরে এফরায়িমের নিকটস্থ বআলখাজোরে
অবশালোমের মেষলোমচ্ছেদকেরা ছিল এবং
অবশালোম সমস্ত রাজপুত্রকে নিমন্ত্রণ করিল।
[২৪] পরে রাজার নিকটে অবশালোম আসি
য়া কহিল যে এখন দেখুন আপনার দাসের
মেষলোমচ্ছেদকেরা আছে অতএব আমি মিন
তি করি যে রাজা এবং আপনকার দাসেরা আপ
নকার দাসের সহিত চলুন। [২৫] পরে রাজা অব
শালোমকে কহিল হে আমার পুত্র তাহা নয়
আমরা এইক্ষণে সকলে না যাই পাছে আম
রা তোমার ভারি খরচ করাই পরে সে তাহাকে
অতিশয় প্রার্থনা করিল তথাচ সে গেল না কিন্তু
তাহাকে আশীর্ব্বাদ করিল। [২৬] পরে অব
শালোম কহিল তাহা যদি না হয় তবে আমার
ভ্রাতা অমনোনকে আমারদের সহিত যাইতে দি
উন তাহাতে রাজা তাহাকে কহিল সে কেন তো
মার সহিত যাইবে। [২৭] কিন্তু অবশালোম
এমত অতিশয় প্রার্থনা করিল যে সে অমনোন
কে ও সমস্ত রাজপুত্রেরদিগকে তাহার সহিত
যাইতে দিল।

[২৮] অপর অবশালোম আপন দাসেরদি
গকে আজ্ঞা দিয়া রাখিয়াছিল যে অমনোনের
চিত্ত দ্রাক্ষারসেতে হৃষ্ট হইলে লক্ষ করিয়া রাখ
এবং আমি যখন তোমারদিগকে কহিব যে
অমনোনকে মার তখন তাহাকে মার ভীত হইও
না আমি কি তোমারদিগকে আজ্ঞা দি নাই সা
হসিক ও বীর্য্যবান হও। [২৯] পরে অবশা
লোম যেমত আজ্ঞা করিয়াছিল সেমত অবশা

লোমের দাসেরা অমনোনের প্রতি করিল পরে
রাজপুত্রেরা সমস্ত উঠিয়া আপন২ খচরের উ
পরে আরোহণ করিয়া পলাইল ।

[৩০] অপর এমত হইল তাহারা পথে ছিল
ইত্যবসরে দাউদের নিকটে সমাচার পঁহুছিল
যে রাজার সমস্ত পুত্রেরদিগকে অবশালোম মা
রিয়া ফেলিয়াছে তাহারদের এক জনও অব
শিষ্ট নাই । [৩১] তাহাতে রাজা উঠিয়া আ
পন বস্ত্র ফাড়িয়া ভূম্যুপরি পড়িয়া রহিল এবং
তাহার সমস্ত দাস ছিন্নবস্ত্র হইয়া তাহার নিক
টে দাঁড়াইয়া রহিল । [৩২] এবং দাউদের
ভ্রাতা শিমিআহের পুত্র য়োনাদাব উত্তর করিল
তাহারা যে সমস্ত যুবপুরুষেরদিগকে অর্থাৎ
রাজপুত্রেরদিগকে বধ করিয়াছে আমার প্রভু
ইহা মনে না ভাবুন কেননা কেবল অমনোন
মরিয়াছে যেহেতুক অবশালোমের ভগিনীকে
বলাৎকারকরণদিবসাবধি করিয়া অবশালো
মের নিরূপণেতে ইহা স্থিরীকৃত হইয়াছে ।
[৩৩] অতএব এখন সমস্ত রাজপুত্র যে মৃত
ইহা মনে করিয়া আমার প্রভু মহারাজ এ বিষয়
অন্তঃকরণে না রাখুন যেহেতুক কেবল অমনোন
মরিয়াছে । [৩৪] কিন্তু অবশালোম পলাইল
পরে প্রহরি যুবপুরুষ আপন চক্ষু উঠাইয়া নি
রীক্ষণ করিল তাহাতে দেখ তাহার পশ্চাৎ প
র্ব্বতপার্শ্বস্থ পথ হইয়া অনেক লোক আসিতে
ছে । [৩৫] পরে য়োনাদাব রাজাকে কহিল
দেখ রাজপুত্রেরা আসিতেছেন আপনকার
দাস যেমন কহিয়াছে তেমনি হইয়াছে । [৩৬]
পরে এমত হইল সে কথা কহা সমাপ্ত করিবামা
ত্রে দেখ রাজপুত্রেরা আসিয়া পঁহুছিয়া উচ্চৈঃ
স্বরে ক্রন্দন করিল এবং রাজা ও তাহার সমস্ত
দাস অতিশয় ক্রন্দন করিল ।

[৩৭] কিন্তু অবশালোম পলাইয়া গিশূরের
রাজা অমীহুদের পুত্র তলমইর নিকটে গেল
এবং দাউদ আপন পুত্রের নিমিত্তে প্রতিদিবস
শোক করিল । [৩৮] ঐ ক্রমে অবশালোম পলা
ইয়া গিশূরে যাইয়া তিন বৎসর সে স্থানে থাকি
ল । [৩৯] এবং দাউদরাজের মন অবশালো
মের স্থানে যাওনার্থে বহুবাঞ্ছা করিল কেননা
অমনোনকে মৃত জানিয়া সে তাহার বিষয়ে
শান্ত হইল ।

## ১৪ পর্ব্ব ।

[১] অপর রাজার মন যে অবশালোমের দি
গে আকৃষ্ট ইহা সিরুয়াহের পুত্র য়োআব দে
খিল । [২] তাহাতে য়োআব তিকোআহে
পাঠাইয়া সে স্থানহইতে জ্ঞানবতী এক স্ত্রীকে
আনাইয়া তাহাকে কহিল আমি তোমাকে মি
নতি করি তুমি শোকান্বিতার ছল কর এবং এ
খন শোকসূচক বস্ত্র পরিধান কর এবং আপন
গাত্র তৈলেতে মর্দ্দন করিও না কিন্তু মৃতের জন্যে
বহুকাল শোককারি এক স্ত্রীর ন্যায় হও । [৩]
পরে রাজার নিকটে আসিয়া তাহাকে এই রী
তিক্রমে কহ তাহাতে য়োআব তাহার মুখে সে
বাক্য দিল ।

[৪] অপর তিকোআহের ঐ স্ত্রী যখন রাজা
কে কহিল তখন সে উবুড় হইয়া ভূমিতে পড়ি
য়া প্রণাম করিয়া কহিল হে মহারাজ উপকার
করুন । [৫] তাহাতে রাজা তাহাকে কহিল
তোমার কি ঘটিয়াছে পরে সে উত্তর করিল আ
মি নিতান্ত এক বিধবা স্ত্রী এবং আমার স্বামী
মরিয়াছেন । [৬] এবং আপনকার দাসীর
দুই পুত্র ছিল এবং তাহারা ক্ষেত্রে বলাবলি
করিল এবং তাহারদিগকে পৃথক্ করিতে কেহ
ছিল না কিন্তু এক জন অন্যকে আঘাত করাতে
সে মরিয়াছে । [৭] এবং দেখ তাবৎ পরিবার
আপনকার দাসীর বিপরীতে উঠিয়া কহিতেছে
আপন ভ্রাতৃঘাতক ব্যক্তিকে অর্পণ কর যে তা
হার হস্তদ্বারা হত তাহার ভ্রাতার প্রাণের জন্যে
আমরা তাহাকে বধ করি এবং আমরা উত্তরাধি
কারিকেও নষ্ট করিব এ প্রকারে তাঁহারা আমার
অবশিষ্ট অঙ্গার নির্ব্বাণ করিবে এবং পৃথিবী
তে আমার স্বামির নাম কিম্বা অবশেষ কিছু রা
খিবে না । [৮] পরে রাজা সে স্ত্রীকে কহিল তুমি
আপন বাটীতে যাও এবং আমি তোমার বিষ
য়ে আজ্ঞা দিব । [৯] অপর তিকোআহের ঐ স্ত্রী
রাজাকে কহিল হে আমার প্রভু মহারাজ সে
দোষ আমার ও আমার পিতৃবংশের উপরে হ
উক এবং মহারাজ ও তাঁহার সিংহাসন নিরপ
রাধী হউন । [১০] পরে রাজা কহিল যে কেহ
তোমাকে কিছু কহে তাহাকে আমার নিকটে
আন এবং সে তোমাকে আর স্পর্শ করিবে না ।
[১১] পরে সে কহিল আমি নিবেদন করি মহা
রাজ আপন ঈশ্বর য়িহুহকে আপনি স্মরণ করুন
যে আপনি বধের প্রতিফলদাতারদিগকে আর
নষ্ট করিতে না দিউন পাছে তাহারা আমার পু
ত্রকে নষ্ট করে তাহাতে সে কহিল য়িহুহ জীবৎ
হইলে তোমার পুত্রের এক কেশও মৃত্তিকাতে
পড়িবে না । [১২] পরে সে স্ত্রী কহিল আমি
মিনতি করি আপনকার দাসীকে মহারাজের নি
কটে এক কথা কহিতে দিউন তাহাতে সে কহি
ল কহ । [১৩] পরে ঐ স্ত্রী কহিল তবে ঈশ্ব
রের লোকেরদের প্রতিকূলে আপনি কেন এমন
চিন্তা করিয়াছেন যেহেতুক মহারাজ আপন দে
শবহির্ভূত ব্যক্তিকে ফিরাইয়া না আনাতে মহা

রাজ কোন এক দোষি লোকের মত কথা কহি
তেছেন। [১৪] যেহেতুক আমারদের নিশ্চয়
মরণের প্রয়োজন আছে এবং পুনর্ব্বার একত্র
সংগৃহীত না হয় মৃত্তিকাতে ঢালা এমত জল
বৎ আমরাই এবং ঈশ্বর কাহারো পক্ষপাত ক
রেন না তথাপি তিনি উপায় করেন যে তাঁ
হার ভ্রষ্ট তাহার নিকটহইতে বহিষ্কৃত না হয়।
[১৫] অতএব আমি যে এ বিষয় এখন আমার
প্রভু মহারাজের নিকটে কহিতে আসিয়াছি তা
হার কারণ এই লোকেরা আমাকে ভীতা করি
য়াছে তাহাতে আপনকার দাসী কহিল আমি
এখন মহারাজকে কহিব হইতে পারে যে মহা
রাজ আপনকার দাসীর নিবেদনানুসারে করি
বেন। [১৬] যেহেতুক আমার পুত্রসুদ্ধ আ
মাকে ঈশ্বরের অধিকারহইতে নষ্ট করিতে বা
ঞ্ছাকারি লোকের হস্তহইতে আপনকার দাসী
কে উদ্ধার করিবার নিমিত্তে মহারাজ শুনিবেন।
[১৭] তাহাতে আপনকার দাসী কহিল আমার
প্রভু মহারাজের বাক্য এখন সান্ত্বনাকারি হই
বে কেননা ভালমন্দ বিবেচনাবিষয়ে ঈশ্বরের
কোন এক দূত যেমন তেমন আমার প্রভু মহা
রাজ অতএব আপনকার ঈশ্বর য়িহুহ আপন
কার সহিত হইবেন। [১৮] পরে রাজা উত্তর
করিয়া সে স্ত্রীকে কহিল আমি তোমাকে মিন
তি করি আমি যে বিষয় তোমাকে জিজ্ঞাসা
করি তাহা আমাহইতে গোপন করিও না পরে
সে স্ত্রী কহিল আমার প্রভু মহারাজ এখন ক
হুন। [১৯] তাহাতে রাজা কহিল এ সকলেতে
য়োআবের হস্ত কি তোমার সহিত নয় তাহাতে
সে স্ত্রী উত্তর করিয়া কহিল হে আমার প্রভু মহা
রাজ আপনকার প্রাণ জীবৎ হইলে আমার
প্রভু মহারাজ যাহা কহিয়াছেন তাহার কোন
বাক্যহইতে কেহ দক্ষিণে বা বামে ফিরিতে পা
রে না যেহেতুক আপনকার দাস য়োআব আ
মাকে আজ্ঞা করিয়াছে এবং সে আপনকার
দাসীর মুখে এ সমস্ত বাক্য দিয়াছে। [২০]
এ প্রকার বাক্য রটাইবার নিমিত্তে আপনকার
দাস য়োআব এই কার্য্য করিয়াছে এবং পৃথি
বীতে যে কিছু আছে সে সমস্ত জানিবার নি
মিত্তে ঈশ্বরের কোন এক দূতের জ্ঞানের মত আ
মার প্রভু মহারাজ জ্ঞানবান।

[২১] পরে রাজা য়োআবকে কহিল দেখ এ
খন আমি এই কার্য্য করিয়াছি অতএব যাইয়া
সে যুবা পুরুষ অর্থাৎ অবশালোমকে পুনর্ব্বার
আন। [২২] তাহাতে য়োআব উবুড় হইয়া
ভূমিতে পড়িয়া প্রণাম করিয়া রাজার ধন্যবাদ
করিল এবং য়োআব কহিল হে আমার প্রভু
মহারাজ আপনি আপনকার দাসের নিবেদন
সম্পূর্ণ করাতে আপনকার দাস অদ্য অবগত
হইয়াছে যে আমি আপনকার দৃষ্টিতে অনুগ্রহ
পাইয়াছি। [২৩] অতএব য়োআব উঠিয়া
গিশূরে যাইয়া অবশালোমকে য়িরূশালমে আ
নিল। [২৪] পরে রাজা কহিল সে আপন বা
টীতে যাউক এবং সে আমার মুখ না দেখুক
তাহাতে অবশালোম আপন ঘরে ফিরিয়া
গেল এবং রাজার মুখ দেখিল না।

[২৫] কিন্তু সৌন্দর্য্যেতে য়িশ্রাএলের সর্ব্বত্র
অবশালোমের ন্যায় প্রশংসনীয় কেহ ছিল না
তাহার পাদতলাবধি মূর্দ্ধপর্য্যন্ত তাহার মধ্যে
কোন খুঁত ছিল না। [২৬] এবং সে যখন আ
পন মস্তকের কেশ ছেদন করিত কেননা কেশ
তাহার উপরে ভারি হওয়াপ্রযুক্ত সে প্রতিবৎ
রের অন্তে তাহা ছেদন করিত তখন সে আ
পন মস্তকের কেশ তৌল করিত তাহাতে রাজ
তৌলানুসারে তাহা দুই শত শেকেল হইত।
[২৭] এবং অবশালোমের তিন পুত্র এবং তা
মার নাম্নী এক কন্যা ছিল সে অতিসুন্দরবদনা
স্ত্রী।

[২৮] ঐ রীতিক্রমে অবশালোম সম্পূর্ণ দুই
বৎসর য়িরূশালমে বাস করিল এবং রাজার মুখ
দেখিল না। [২৯] তৎপ্রযুক্ত রাজার নিকটে
পাঠাইবার কারণ অবশালোম য়োআবকে আ
নিতে পাঠাইল কিন্তু সে তাহার নিকটে আইল
না পরে দ্বিতীয়বার যখন ডাকাইয়া পাঠাইল
তখনও সে আইল না। [৩০] তাহাতে সে আ
পন দাসেরদিগকে কহিল দেখ য়োআবের
ক্ষেত্র আমার ক্ষেত্রসমীপে আছে এবং তাহাতে
তাহার যব আছে যাইয়া তাহাতে অগ্নি লাগাও
তাহাতে অবশালোমের দাসেরা ক্ষেত্রে অগ্নি
লাগাইল। [৩১] পরে য়োআব উঠিয়া অবশা
লোমের নিকটে ঘরে আসিয়া তাহাকে কহিল
তোমার দাসেরা আমার ক্ষেত্রে অগ্নি লাগাইয়া
ছে কি জন্যে। [৩২] তাহাতে অবশালোম য়ো
আবকে উত্তর করিল যে গিশূরহইতে আমি
কি জন্যে আসিয়াছি এপর্য্যন্ত আমার সে স্থা
নে থাকা ভাল ছিল এই কথা কহিতে আমি তো
মাকে রাজার নিকটে পাঠাইবার আশয়ে এই
স্থানে আইস এই কথা কহিয়া তোমার নিকটে
পাঠাইলাম অতএব এখন আমাকে রাজার মুখ
দেখিতে দেও এবং যদি আমাতে অপরাধ থা
কে তবে তিনি আমাকে বধ করুন। [৩৩] তা
হাতে য়োআব রাজার নিকটে আসিয়া তাহাকে
কহিল পরে সে অবশালোমকে আসিতে আজ্ঞা
করিলে সে রাজার নিকটে আসিয়া রাজার সা

ক্ষাৎ ভূম্পৃষ্ঠমুখ হইয়া প্রণাম করিল তাহাতে রাজা অবশালোমকে চুম্বন করিল।

১৫ পর্ব্ব।

[১] অতঃপরে এমত হইল অবশালোম আপনার জন্যে রথ ও অশ্ব ও আপন অগ্রে২ ধাবনার্থে পঞ্চাশ লোক প্রস্তুত করিল। [২] এবং অবশালোম প্রত্যূষে উঠিয়া নগরদ্বারের পথপার্শ্বে দাঁড়াইত তাহাতে এমত হইল কোন মনুষ্যের বিবাদ হইলে সে যখন বিচারার্থে রাজার নিকটে আসিত তখন অবশালোম তাহাকে ডাকাইয়া কহিত তুমি কোন নগরহইতে আইল তাহাতে সে কহিত আপনকার দাস য়িশ্রাএলের অমুক এক গোষ্ঠীহইতে। [৩] পরে অবশালোম তাহাকে কহিত দেখ তোমার বিবাদবিষয় ভাল এবং ন্যায্য কিন্তু তোমার কথা শ্রবণার্থে রাজকীয় কোন লোক নাই। [৪] অবশালোম আরও কহিত হায় কোন নিবেদন বা ব্যবহারকারি প্রত্যেক লোক আমার নিকটে আসিতে পারিবার কারণ যদি আমি দেশে বিচারকর্ত্তৃপদে নিযুক্ত হইতাম তবে আমি তাহার প্রতি ন্যায় করিতাম। [৫] অপর এমত হইল যখন কেহ তাহাকে নমস্কার করিবার নিমিত্তে নিকটে আসিত তখন সে আপন হস্ত বিস্তার করিয়া তাহাকে গ্রহণ করিয়া চুম্বন করিত। [৬] এবং য়িশ্রাএলের যে সমস্ত লোক ন্যায়প্রাপণার্থে রাজার নিকটে আসিত তাহারদের প্রতি অবশালোম তদ্রীতিক্রমে করিত ঐ প্রকারে অবশালোম য়িশ্রাএলের লোকেরদের অন্তঃকরণ হরণ করিল।

[৭] অপর চল্লিশ বৎসর অতীত হইলে এমত হইল অবশালোম রাজাকে কহিল আমি আপনাকে মিনতি করি খেবরোণে আমি যে মানত য়িহুহের উদ্দেশে করিয়াছি আমার সে মানত শোধ করিবার কারণ আমাকে যাইতে দিউন। [৮] যেহেতুক আপনকার দাস যে সময়ে অরামস্থ গিশূরে বাস করিল সে সময়ে আমি এই কথা কহিয়া মানত করিলাম যে য়িহুহ যদি নিশ্চয় আমাকে য়িরূশালমে ফিরিয়া আনেন তবে আমি য়িহুহের সেবা করিব। [৯] তাহাতে রাজা তাহাকে কহিল কুশলে যাও অতএব সে উঠিয়া খেবরোণে গেল।

[১০] কিন্তু অবশালোম ইহা কহিয়া য়িশ্রাএলের তাবৎ গোষ্ঠীর সর্ব্বত্র দূতপ্রেরণ করিল যে তূরীর শব্দ শুনিবামাত্র তোমরা কহিবা অবশালোম খেবরোণে রাজ্য করেন। [১১] তাহাতে অবশালোমের সহিত য়িরূশালমহইতে দুই শত আহূত লোক গেল তাহারা অন্তঃকরণের সরলতাতে গেল এবং কোন কিছু অবগত ছিল না। [১২] পরে অবশালোম বলিদানকালে প্রেরণ করিয়া দাউদের মন্ত্রী গীলোনীয় অখীতোফেলকে গীলোহ্নগরহইতে ডাকাইল এবং সে দৃঢ় দ্রোহার্থে এক বাক্যতা হইল যেহেতুক অবশালোমের পক্ষীয় লোক নিত্য বাড়িতে লাগিল।

[১৩] পরে এক জন দূত দাউদের নিকটে আসিয়া কহিল য়িশ্রাএলস্থ লোকেরদের অন্তঃকরণ অবশালোমের পক্ষে হইয়াছে। [১৪] তাহাতে দাউদ য়িরূশালমস্থ আপন সমস্ত নিকটবর্ত্তি দাসেরদিগকে কহিল উঠ আমরা পলাই যেহেতুক আমরা অবশালোমহইতে এড়াইতে পারিব না প্রস্থান করিতে ত্বরা কর পাছে সে আমারদের নিকটে অকস্মাৎ আসিয়া পঁহুছে এবং আমারদের উপরে বিপদ ঘটায় এবং তলোআরের ধারেতে নগর আঘাত করে। [১৫] তাহাতে রাজার দাসেরা রাজাকে কহিল আমারদের প্রভু মহারাজ যে কিছু আজ্ঞা করেন সে কার্য্য করিতে দেখ আপনকার দাসেরা উদ্যত আছে। [১৬] পরে রাজা সপরিবারে বাহিরে গেল এবং বাটী রক্ষা করিবার কারণ রাজা দশ উপপত্নী স্ত্রীকে রাখিয়া গেল। [১৭] এবং রাজা নির্গত হইল এবং তাবল্লোক তাহার পশ্চাদ্বর্ত্তী হইয়া দূরস্থ এক স্থানে প্রবাস করিল। [১৮] এবং সমস্ত দাস তাহার আশপাশে অগ্রসর হইল এবং সমস্ত কিরেতীয়েরা এবং সমস্ত পিলেতীয়েরা এবং সমস্ত গিতীয়েরা অর্থাৎ গাতহইতে দাউদের সহিত আগত ছয় শত লোক রাজার অগ্রগামী হইয়া চলিল।

[১৯] পরে রাজা গিতীয় ইতইকে কহিল তুমি কেন আমারদের সহিত যাও আপন স্থানে ফিরিয়া যাইয়া রাজার সহিত থাক যেহেতুক তুমি বিদেশীয় এবং স্বদেশভ্রষ্ট। [২০] তুমি কল্যমাত্র আসিয়াছ তৎপ্রযুক্ত আমি কি অদ্য তোমাকে আমারদের সহিত ইতস্ততঃ ভ্রমণ করাইব কেননা যেস্থানে পারি সে স্থানে আমি যাইতেছি তুমি ফিরিয়া যাও এবং আপন ভ্রাতারদিগকে ফিরিয়া লইয়া যাও কৃপা ও সত্যতা তোমার সহবর্ত্তী হউক। [২১] তাহাতে ইতই রাজাকে উত্তর করিয়া কহিল য়িহুহ জীবৎ হইলে এবং আমার প্রভু মহারাজ জীবৎ হইলে জীবনে বা মৃত্যুতে আমার প্রভু মহারাজ যে স্থানে থাকেন সেস্থানে আপনকার দাসও নিশ্চয় থাকিবে। [২২] পরে দাউদ ইতইকে কহিল তুমি যাইয়া পার হও তাহাতে গিতীয় ইতই ও তাহার সমস্ত লোক এবং তাহার সহবর্ত্তি সমস্ত বালক পার

হইয়া গেল। [২৩] এবং তাবদ্দেশস্থেরা উচ্চৈঃ
স্বরে রোদন করিল এবং সমস্ত লোক পার হইল
রাজাও আপনি কিদ্রোণনদী পার হইয়া গেল
এবং সমস্ত লোক অরণ্যের পথাভিমুখ হইয়া
পার হইয়া গেল।
[২৪] এবং দেখ সাদোক এবং তাহার সহিত
ঈশ্বরের নিয়মসিন্দুক বহত সমস্ত লৈবেরা সেখা
নে ছিল এবং তাহারা ঈশ্বরের সিন্দুক রাখিল
এবং সমস্ত লোক নগরহইতে বাহিরে না যাওয়া
পর্য্যন্ত এবিয়াতার উঠিয়া গেল। [২৫] পরে রাজা
সাদোককে কহিল ঈশ্বরের সিন্দুক নগরে ফিরি
য়া লইয়া যাও আমি যদি ঈশ্বরের দৃষ্টিতে অনু
গ্রহপ্রাপ্ত হই তবে তিনি আমাকে ফিরিয়া আ
নিবেন এবং তাহা এবং তাঁহার নিবাসও দেখা
ইবেন। [২৬] কিন্তু যদি তিনি কহেন যে তোমা
তে আমার কিছু তুষ্টি নাই তবে দেখ এই আ
মি তাঁহার যেমন ভাল লাগে তেমন তিনি আ
মার প্রতি করুন। [২৭] পরে রাজা সাদোক যা
জককে কহিল তুমি কি প্রদর্শক নও তুমি আপ
নার দুই পুত্রের সহিত কুশলে নগরে ফিরিয়া
যাও অর্থাৎ তোমার পুত্র অখীমঅস্ ও এবি
য়াতারের পুত্র য়োনাতান। [২৮] দেখ আমা
কে নিশ্চিত করিবার কারণ তোমার নিকটহই
তে যেপর্য্যন্ত সমাচার না আইসে সেপর্য্যন্ত
আমি অরণ্যের মাঠে থাকিব। [২৯] তাহাতে
সাদোক ও এবিয়াতার ঈশ্বরের সিন্দুক য়িরূশা
লমে ফিরিয়া লইয়া যাইয়া সে স্থানে রহিল।
[৩০] অপর দাউদ জিতবৃক্ষপর্ব্বতারোহণ
পথে উঠিয়া গেল এবং ঊর্দ্ধগমনসময়ে ক্রন্দন
করিতে২ চলিল এবং তাহার মস্তক আচ্ছাদিত
ছিল এবং সে শূন্য পায়ে গেল এবং তাহার সহ
গামি সকলে প্রত্যেক জন আপন২ মস্তক ঢাকিল
এবং ঊর্দ্ধগমনকালে রোদন করিতে২ উঠিল।
[৩১] পরে এক জন দাউদকে জানাইল যে অ
খীতোফেল অবশালোমের পক্ষে একপরামর্শি
রদের মধ্যে আছে তাহাতে দাউদ কহিল হে য়ি
হুহ আমি তোমাকে মিনতি করি অখীতোফে
লের পরামর্শকে বাতুলতাস্বরূপ কর।
[৩২] অপর এমত হইল দাউদ যে স্থানে ঈশ্ব
রের সেবা করিত সেস্থানে পর্ব্বতচূড়ায় পঁহুছি
লে দেখ ছিন্নবস্ত্র ও মস্তকে মৃত্তিকা দিয়া অরকী
য় খূশই তাহার সহিত মিলিতে আইল। [৩৩]
তাহাকে দাউদ কহিল তুমি যদি আমার সহিত
অগ্রসর হও তবে তুমি আমার ভারদায়ী হই
বা। [৩৪] কিন্তু তুমি ফিরিয়া যদি নগরে যাই
য়া অবশালোমকে কহ হে মহারাজ আমি আ
পনকার দাস হইব এপর্য্যন্ত আমি যেমন আ
পনকার পিতার দাস হইয়াছিলাম তেমন এখন
আপনকার দাসও হইব তবে তুমি আমার কা
রণ অখীতোফেলের যুক্তি নিরর্থক করিতে পা
রিবা। [৩৫] এবং সেস্থানে সাদোক এবং এ
বিয়াতার যাজক কি তোমার সহিত নাই অত
এব এই মত হইবে রাজবাটীহইতে তুমি যে
কোন বিষয় শুনিবা তাহা সাদোক এবং এবি
য়াতারযাজককে কহিবা। [৩৬] দেখ তাহার
দের সহিত সেস্থানে তাহারদের দুই পুত্র আছে
অর্থাৎ সাদোকের পুত্র অখীমঅস্ এবং এবি
য়াতারের পুত্র য়োনাতান এবং তোমরা যে প্র
ত্যেক বিষয় শুনিতে পাও সে সমস্ত তাহারদের
দ্বারা আমার নিকটে পাঠাইতে পার। [৩৭]
তাহাতে দাউদের বন্ধু খূশই নগরে আইল এ
বং অবশালোম য়িরূশালমে প্রবেশ করিল।

## ১৬ পর্ব্ব।

[১] অপর দাউদ পর্ব্বতের শৃঙ্গ পশ্চাৎ করিবা
মাত্র দেখ মিফীবোশেতের দাস সীবা জীনবান্ধা
দুই গাধা এবং তাহারদের উপরে দুই শত রুটি
ও এক শত থলুয়া শুষ্ক দ্রাক্ষা ও এক শত থলু
য়া গ্রীষ্মকালীন ফল ও এক কুপা দ্রাক্ষারস সঙ্গে
করিয়া তাহার সহিত মিলিল। [২] পরে রাজা সী
বাকে কহিল এই সকলেতে তোমার কি আশয়
তাহাতে সীবা কহিল গাধারা রাজার পরিজনের
দের আরোহণের নিমিত্তে এবং রুটি ও গ্রীষ্ম
কালীন ফল যুবপুরুষেরদের খাইবার কারণ
এবং দ্রাক্ষারস অরণ্যে ক্লান্ত লোকেরদের পান
নিমিত্তে। [৩] পরে রাজা কহিল তোমার ক
র্ত্তার পুত্র কোথায় তাহাতে সীবা রাজাকে কহি
ল দেখ তিনি য়িরূশালমে বাস করেন যেহে
তুক তিনি কহিলেন য়িশ্রাএলের বংশ অদ্য
আমার পৈতৃক রাজ্য আমাকে ফিরিয়া দিবে।
[৪] তাহাতে রাজা সীবাকে কহিল দেখ মিফী
বোশেতের তাবদধিকারই তোমার তাহাতে সী
বা কহিল হে আমার প্রভু মহারাজ নম্রতাপূর্ব্বক
মিনতি করি যে আমি আপনকার দৃষ্টিতে অনু
গ্রহ পাই।
[৫] পরে দাউদ বখূরীমে পঁহুছিলে দেখ শা
উলের বংশের পরিজনস্থ গেবার পুত্র শিমিয়ী
নামে এক জন বাহিরে আইল সে নির্গত হইয়া
আসিতে২ শাপ দিল। [৬] এবং সে দাউদের
ও দাউদরাজের সমস্ত দাসেরদের প্রতি পাথর
ফেলিয়া মারিল এবং লোক ও সমস্ত বলবান
লোক তাহার দক্ষিণে ও বামে ছিল। [৭]
এবং শিমিয়ী শাপ দিতে২ কহিল হে রক্তপাতি
মানুষ হে দুরাচার লোক তুই বাহির হ বা
হির হ। [৮] তুই যাহার পদে রাজ্য করিয়াছিস

সে শাউলের বংশের তাবদ্রক্ত য়িহুহ তোর ম
স্তকোপরি ফিরিয়া দিয়াছেন এবং য়িহুহ তোর
পুত্র অবশালোমের হস্তে রাজ্য অর্পণ করিয়া
ছেন এবং দেখ তুই আপন পাপাচারে ধরা প
ড়িয়াছিস কেননা তুই রক্তপাতি মানুষ।
[৯] তাহাতে সিরূয়াহের পুত্র অবীশই রা
জাকে কহিল এই মৃত কুক্কুর কেন আমার প্রভু
মহারাজকে শাপ দিবে আমি মিনতি করি যে
আমি পার হইয়া যাইয়া তাহার মস্তক কাটিয়া
লই। [১০] তাহাতে রাজা কহিল হে সিরূয়াহের
পুত্রেরা তোমারদের সহিত আমার কি কার্য্য
য়িহুহ তাহাকে কহিয়াছেন যে দাউদকে শাপ
দেও অতএব সে শাপ দিউক তাহাতে কে কহি
বে যে তুমি এমন কেন করিয়াছ। [১১] পরে দা
উদ অবীশইকে ও আপনার সমস্ত দাসেরদিগ
কে কহিল দেখ আমার আপন অন্ত্রহইতে নির্গত
আমার পুত্র আমার প্রাণান্বেষণ করে এখন কি
পুন এ বেন্যামিনীয় তাহাকে যাইতে দেও সে
শাপ দিউক যেহেতুক য়িহুহ তাহাকে শাপ দি
তে কহিয়াছেন। [১২] হইতে পারে যে য়িহুহ
আমার দুঃখোপরি দৃষ্টি করিবেন এবং য়িহুহ
তাহার আজিকার শাপদেওনপরিবর্ত্তে আমার
মঙ্গল করিবেন। [১৩] অপর দাউদ ও তাহার
লোক পথ হইয়া যাইতেছিল ইতোমধ্যে শি
মিঈ তাহার অভিমুখ পর্ব্বতের পার্শ্ব হইয়া
চলিল এবং যাইতে২ তাহাকে শাপ দিল ও
পাথর ও ধূলা ফেলিয়া মারিল। [১৪] পরে
রাজা ও তাহার সঙ্গি লোক শ্রান্ত হইয়া সেস্থানে
বিশ্রাম করিল।
[১৫] অপর অবশালোম ও সমস্ত লোক
অর্থাৎ য়িশ্রাএললোক এবং আখীতোফেল
তাহার সহিত য়িরূশালমে আইল। [১৬] পরে
এমত হইল যখন দাউদের বন্ধু আরকীয় খূশই
অবশালোমের নিকটে আসিয়াছিল তখন খূ
শই অবশালোমকে কহিল ঈশ্বর মহারাজকে
রক্ষা করুন। [১৭] তাহাতে অবশালোম খূশ
ইকে কহিল আপন বন্ধুর প্রতি তোমার প্রীতি কি
এই তুমি কেন আপন বন্ধুর সহিত যাও নাই।
[১৮] পরে খূশই অবশালোমকে কহিল তাহা
নয় কিন্তু য়িহুহ এবং এ লোক এবং য়িশ্রাএ
লের সমস্ত লোক যাহাকে মনোনীত করে আমি
তাঁহার হইব এবং তাঁহার সহিত থাকিব। [১৯]
আরো আমাতে কাহার সেবা কর্ত্তব্য তাঁহার পু
ত্রের সাক্ষাৎ কি নয় আমি যেমন আপনকার
পিতার গোচরে সেবা করিয়াছি তেমন আপন
কার গোচরে করিব।
[২০] অপর অবশালোম আখীতোফেলকে
কহিল আমারদের যাহা কর্ত্তব্য এ বিষয়ে আপ
নারদের পরামর্শ দেও। [২১] পরে আখীতো
ফেল অবশালোমকে কহিল তোমার পিতার
বাটী রক্ষার্থে তোমার পিতা যে উপপত্নীরদিগ
কে রাখিয়া গিয়াছে তাহারদিগেতে উপগত হও
এবং আপনি যে আপনকার পিতাতে ঘৃণিত
হইয়াছ ইহা সমস্ত য়িশ্রাএল শুনিবে তাহাতে
তোমার সঙ্গি তাবল্লোকের হস্ত সবল হইবে।
[২২] অতএব তাহারা ঘরের ছাতের উপরে অ
বশালোমের কারণ এক তাম্বু খাড়া করিল এবং
অবশালোম সমস্ত য়িশ্রাএলের গোচরে আপন
পিতার উপপত্নীতে উপগত হইল। [২৩]
সে কালে আখীতোফেল যে যুক্তি দিল সে যু
ক্তি কোন কেহ ঈশ্বরের বাক্যেতে যুক্তি জিজ্ঞাসা
করিলে যেমন হইত তেমন ছিল ঐ রূপে দাউ
দের প্রতি এবং অবশালোমের প্রতি আখীতো
ফেলের তাবদ্যুক্তি ছিল।

## ১৭ পর্ব্ব।

[১] আরো আখীতোফেল অবশালোমকে
কহিল এখন আমাকে বার সহস্র লোক বাছিয়া
লইতে দিউন এবং আমি অদ্য রাত্রিতে উঠিয়া
দাউদের পশ্চাৎ তাড়াইয়া যাইব। [২] এবং
তাহার পরিশ্রান্ত ও দুর্ব্বলহস্তসময়ে আমি তা
হার উপরে পড়িয়া তাহাকে ভয়ান্বিত করিব তা
হাতে তাহার সঙ্গি সমস্ত লোক পলাইবে এবং
আমি কেবল রাজাকে মারিব। [৩] এবং তো
মার নিকটে আমি সমস্ত লোকেরদিগকে ফিরা
ইয়া আনিব যে জনকে তুমি অন্বেষণ করিতেছ
সে তাবল্লোকেরদের ফিরিয়া আইসনের তুল্য
পরে সমস্ত লোক শান্ত হইবে। [৪] এবং সে
বাক্য অবশালোমের ও য়িশ্রাএলের সমস্ত প্রা
চীন লোকেরদের প্রতি অতিতুষ্টিকর হইল।
[৫] অপর অবশালোম কহিল আরকীয় খূশ
ইকেও ডাক এবং সে যাহা কহে তাহা আমরা
শুনি। [৬] পরে খূশই অবশালোমের নিকটে
আইল তাহাতে অবশালোম তাহাকে কহিল
আখীতোফেল এই২ প্রকার কহিয়াছে আমরা
কি তাহার কথানুসারে করিব যদি বা না তবে
তুমি কহ। [৭] তাহাতে খূশই অবশালোমকে
কহিল আখীতোফেল যে যুক্তি দিয়াছে তাহা
এ সময়ে ভাল নয়। [৮] কেননা খূশই কহিল
তুমি আপন পিতাকে ও তাহার লোকেরদিগকে
জান যে তাহারা পরাক্রান্ত লোক এবং ক্ষেত্রে
হৃত বৎস ভল্লূকের ন্যায় মনেতে ক্ষুব্ধ এবং তো
মার পিতা যোদ্ধা মনুষ্য সে লোকেরদের সহিত
প্রবাস করিবে না। [৯] দেখ সে এখন কোন
এক গর্ত্তে কিম্বা অন্য কোন স্থানে লুক্কায়িত

আছে এবং এমত হইবে প্রথমে তাহারদের
কেহ২ মারা পড়িলে তচ্ছ্রোতারা কহিবে যে অব
শালোমের পশ্চাৎগামি লোকেরদের মধ্যে
হনন হইতেছে। [১০] তাহাতে সিংহের হৃদ
য়ের ন্যায় যাহার হৃদয় এমত বলবান ব্যক্তি
একান্ত গলিয়া যাইবে যেহেতুক সকল য়িশ্রা
এল অবগত আছে যে তোমার পিতাই বল
বান মানুষ এবং তাহার সঙ্গি লোকেরা বলবান
[১১] অতএব আমি পরামর্শ দি যে দানাবধি
বিএরশেবাপর্য্যন্ত সমুদ্রতীরস্থ বালির সংখ্যানু
যায়ি তাবৎ য়িশ্রাএল তোমার নিকটে সাধারণ
রূপে একত্র করা যায় এবং তুমি স্বয়ং যুদ্ধ করিতে
যাও [১২] এইক্রমে সে যে স্থানে পাওয়া যায়
এমত কোন স্থানে আমরা তাহার নিকটে উপ
স্থিত হইব এবং শিশির যেমন ভূমিতে পড়ে
তেমন আমরা তাহার উপরে পড়িব তাহাতে
তাহার ও তাহার সহবর্ত্তি সমস্ত লোকেরদের
মধ্যে এক জনও অবশিষ্ট রহিবে না। [১৩] আ
রও সে যদি কোন নগরে প্রবেশ করিয়া থাকে
তবে সমস্ত য়িশ্রাএল সে নগরের নিকটে রসি
আনিবে এবং যেপর্য্যন্ত এক ক্ষুদ্র প্রস্তরও সে স্থা
নে পাওয়া না যায় সেপর্য্যন্ত আমরা তাহা নদী
তে টানিয়া ফেলিব। [১৪] পরে অবশালোম
ও য়িশ্রাএলের সমস্ত লোক কহিল আরকীয়
খুশইর যুক্তি আখীতোফেলের যুক্ত্যপেক্ষা উ
ত্তম কেননা য়িহুহ অবশালোমের উপরে অম
ঙ্গল আনেন এই জন্য য়িহুহ আখীতোফেলের
সুপরামর্শ নিরর্থক করিতে নিরূপণ করিয়াছি
লেন।

[১৫] অপর খুশই স্নাদোক ও এবিয়াতার যা
জকেরদিগকে কহিল আখীতোফেল অবশালো
মকে ও য়িশ্রাএলের প্রাচীনেরদিগকে এমন২
যুক্তি দিয়াছে এবং আমি এমন২ যুক্তি দিয়া
ছি। [১৬] অতএব তোমরা এখন শীঘ্র করি
য়া লোক প্রেরণ করিয়া দাউদকে কহ অদ্য রাত্রি
অরণ্যস্থ মাঠে প্রবাস করিও না কিন্তু শীঘ্র পার
হইয়া যাও পাছে মহারাজ ও তাঁহার অনুষঙ্গি
সমস্ত লোক গ্রস্ত হয়। [১৭] ঐ সময়ে য়োনা
তান ও আখীমস্অস্ এনরোগেলের সমীপের
ছিল কেননা নগরে তাহারদের প্রবেশ দেখা যা
ওয়া কর্ত্তব্য নয় তাহাতে এক বালিকা যাইয়া
তাহারদিগকে কহিয়া দিল এবং তাহারা যাই
য়া দাউদরাজকে কহিল। [১৮] তথাচ এক
বালক তাহারদিগকে দেখিয়া অবশালোমকে
কহিয়া দিল কিন্তু তাহারা দুই জন শীঘ্র প্রস্থান
করিয়া বখুরীমে উঠানস্থ কূপবিশিষ্ট এক জনের
ঘরে পঁহুছিয়া তাহাতে নামিয়া গেল। [১৯]
পরে সে ঘরের স্ত্রী ঐ কূপের মুখোপরি এক আ
চ্ছাদন বিস্তীর্ণ করিয়া তদুপরি পেষা শস্য বি
ছাইল তাহাতে সে বিষয় জানা গেল না।
[২০] পরে অবশালোমের দাস সে ঘরে সে স্ত্রীর
নিকটে পঁহুছিয়া কহিল অখীমস্অস ও য়োনা
তান কোথায় তাহাতে সে স্ত্রী তাহারদিগকে
কহিল তাহারা জল নদী পার হইয়া গিয়াছে
পরে তাহারা অন্বেষণ করিয়া তাহারদের উ
দ্দেশ না পাইয়া য়িরূশালমে ফিরিয়া আইল।
[২১] অপর এইমত হইল তাহারা গেলে পর
তাহারা কূপহইতে উঠিয়া আসিয়া দাউদরাজ
কে জানাইল এবং দাউদকে কহিল উঠুন শীঘ্র
জল পার হউন যেহেতুক আখীতোফেল আপ
নকার বিপরীতে এমত যুক্তি করিয়াছে। [২২]
তাহাতে দাউদ ও তাহার অনুষঙ্গি সমস্ত লোক
উঠিয়া য়রদন পার হইল প্রভাতে তাহারদের
মধ্যে যে য়রদন পার হয় নাই এমন এক জনও
ছিল না।

[২৩] অপর আখীতোফেল যখন দেখিল যে
তাহার যুক্তি গ্রাহ্য নয় তখন সে আপন গাধা
তে জীন বাঁধিল এবং উঠিয়া আপন নগরে আ
পন ঘরে আপন নিবাসে গেল পরে আপন গৃ
হস্থ সর্ব্বস্ব নিয়ম করিয়া আপনার গলে ফাঁসি
দিয়া মরিল এবং আপন পৈতৃক কবরে গাড়া
গেল। [২৪] পরে দাউদ মখনায়িমে পঁহুছিল
এবং অবশালোম ও য়িশ্রাএলের সমস্ত লোক
তাহার সহিত য়রদন পার হইল।

[২৫] অপর অবশালোম য়োআবের স্থানে
অমাশাকে সৈন্যের সেনাপতি করিল ঐ অমাশা
য়োআবের মাতা সিরূয়াহের ভগিনী নাখাশের
কন্যা অবিগইলতে উপগত য়িৎরানামে এক জন
য়িশ্রাএলীয়ের পুত্র ছিল। [২৬] তৎক্রমে
য়িশ্রাএল ও অবশালোম গিলিআদদেশে ছা
উনি করিল।

[২৭] অপর এমত হইল দাউদ মখনায়িমে
পঁহুছিলে অম্মোনের সন্তানেরদের রব্বাহস্থ
নাখাশের পুত্র শোবি এবং লোদিবারস্থ অমি
এলের পুত্র মাকীর [২৮] এবং রোগিলীমস্থ গি
লিআদীয় বরজিল্লই দাউদের ও তাহার অনুষ
ঙ্গি লোকেরদের খাইবার জন্যে বিছানা ও কুণ্ড
ও মৃৎপাত্র ও গোম ও যব ও সুজি ও ভাজা
শস্য ও মসূর ও ভাজা কলাই। [২৯] ও মধু
ও শিম ও মাখন ও মেষের ও গরুর পনীর আ
নিল যেহেতুক তাহারা কহিল লোকেরা অরণ্যে
ক্ষুধিত ও শ্রান্ত ও পিপাসিত আছে।

১৮ পর্ব্ব।

[১] পরে দাউদ আপন অনুষঙ্গি লোকেরদি

গকে গণনা করিয়া তাহারদের উপরে সহস্রপতি
ও শতপতি নিযুক্ত করিল। [২] এবং দাউদ
লোকেরদের তৃতীয়াংশ য়োআবের হস্তাধীন
এবং তৃতীয়াংশ য়োআবের ভ্রাতা সিরূয়ার
পুত্র অবিশইর হস্তাধীন এবং তৃতীয়াংশ গি
তীয় ইত্তইর হস্তাধীন প্রেরণ করিল পরে রাজা
লোকেরদিগকে কহিল আমি আপনিও তোমার
দের সহিত নিশ্চয়ে বাহির হইয়া যাইব। [৩]
কিন্তু লোকেরা উত্তর করিয়া কহিল তুমি বাহির
হইয়া যাইবা না যেহেতুক আমরা যদি পলাই
তবে তাহারা আমারদের বিষয়ে চিন্তা করিবে
না এবং আমারদের অর্দ্ধ লোক মরিলেও তাহা
রা আমারদের বিষয়ে চিন্তা করিবে না কিন্তু
এখন তুমি আমারদের দশ সহস্রের সদৃশ অত
এব এখন তোমার নগরে থাকিয়া আমারদের
উপকার করা বরং ভাল। [৪] তাহাতে রা
জা তাহারদিগকে কহিল তোমরা যাহা উত্তম অ
নুমান কর তাহা আমি করিব পরে রাজা দ্বারপা
র্শ্বে দাঁড়াইল এবং সমস্ত লোক শত২ ও সহস্র২
হইয়া বাহিরে আইল। [৫] পরে রাজা য়োআ
বকে ও অবিশইকে ও ইত্তইকে কহিল আমার
নিমিত্তে সে যুবপুরুষের অর্থাৎ অবশালোমের
প্রতি কোমলরূপে আচরণ কর এবং যে সময়ে
রাজা অবশালোমের বিষয়ে সমস্ত সেনাপতির
দিগকে আজ্ঞা দিল সে সময়ে সকল লোক তাহা
শুনিল।

[৬] অপর লোকেরা রণস্থলে য়িশ্রাএলের
প্রতিকূলে বাহির হইয়া গেল এবং সংগ্রাম এফ
রায়িমারণ্যে হইল। [৭] সেস্থানে য়িশ্রাএলের
লোক দাউদের দাসেরদের সম্মুখে মারা পড়িল
এবং সে দিবসে এমত মহাহনন হইল যে সেস্থা
নে বিংশতি সহস্র লোকের মৃত্যু হইল। [৮]
যেহেতুক সেস্থানে সে তাবদ্দেশের সর্ব্বত্র সং
গ্রাম ব্যাপ্ত হইল এবং তলোয়ার যত লোক
নষ্ট করিল তদপেক্ষা অধিক লোককে অরণ্য
তদ্দিবস নষ্ট করিল।

[৯] অপর অবশালোমের ও দাউদের দাসে
রদের সমাগম হইল এবং অবশালোম এক
খচরারূঢ় ছিল এবং ঐ খচর এক বড় আলোন
বৃক্ষের বৃহচ্ছাখার নীচ হইয়া গেল এবং তাহার
মস্তক সে আলোন বৃক্ষে আটকাইল তাহাতে
সে আকাশ ও পৃথিবীর মধ্যে উদ্বদ্ধ হইল এবং
তন্নীচস্থ খচর চলিয়া গেল। [১০] পরে এক
লোক তাহা দেখিয়া য়োআবকে কহিল দেখ
আমি অবশালোমকে এক আলোন বৃক্ষে উদ্বদ্ধ
দেখিলাম। [১১] তাহাতে য়োআব স্বজ্ঞাপক
লোককে কহিল দেখ তুমি দেখিয়াছিলা এবং
কেন সেস্থানে তুমি তাহাকে মৃত্তিকার সহিত গাঁথ
নাই তাহা করিলে আমি তোমাকে দশ শেকেল
রূপা ও এক দামন দিতাম। [১২] পরে সে
মানুষ য়োআবকে কহিল আমি যদি সহস্র শে
কেল রূপা হাতে পাইতাম তবেও রাজ পুত্রের
প্রতিকূলে আমি আপন হস্ত বিস্তার করিতাম
না কেননা আমারদের শ্রবণে রাজা তোমাকে
ও অবিশইকে ও ইত্তইকে এ কথা কহিয়া আজ্ঞা
করিলেন যে সাবধান যুবপুরুষ অবশালোম
কে কেহ স্পর্শ না করে। [১৩] তদন্যথা করি
লে আমি আপন প্রাণের বিপরীতে মিথ্যা করি
তাম যেহেতুক রাজাহইতে কোন বিষয় গুপ্ত
থাকে না তুমি আপনিও আমার প্রতিকূলে হই
তা। [১৪] তাহাতে য়োআব কহিল তোর সহি
ত এমত থাকা আমার উচিত নয় পরে সে তিন
বাণ হস্তে গ্রহণ করিয়া অবশালোম আলোন
বৃক্ষের মধ্যে জীবৎ থাকাতে তাহার হৃদয় এ
পার ওপার বিদীর্ণ করিল। [১৫] এবং য়োআ
বের অস্ত্রবাহক দশ যুবপুরুষ অবশালোমকে
বেষ্টন করিয়া তাহাকে আঘাত করিয়া বধ করি
ল। [১৬] পরে য়োআব তূরী বাজাইল তাহা
তে লোকেরা য়িশ্রাএলের পশ্চাৎ২ তাড়াইয়া
যাওনহইতে ফিরিয়া আইল যেহেতুক য়োআব
লোকেরদিগকে আটক করিয়া রাখিয়াছিল।
[১৭] পরে তাহারা অবশালোমকে লইয়া অর
ণ্যস্থ এক বৃহৎ খাতে তাহাকে ফেলিল এবং
তাহার উপরে প্রস্তরের এক মহারাশি চাপাইল।
এবং সমস্ত য়িশ্রাএল প্রত্যেকে আপন২ তাম্বু
তে পলাইয়া গেল।

[১৮] অপর অবশালোম আপন জীবৎ সম
য়ে আপনার জন্যে এক স্তম্ভ লইয়া খাড়া করি
য়াছিল তাহা রাজার তলভূমিতে আছে যেহে
তুক সে কহিল আমার নাম স্মরণে রাখিবার নি
মিত্তে আমার পুত্র নাই তাহাতে আপন নামানু
যায়ি সে ঐ স্তম্ভের নাম রাখিল তাহাতে তাহা অ
দ্যপর্য্যন্ত অবশালোমস্থান নামে খ্যাত আছে।

[১৯] অপর সাদোকের পুত্র অখীমঅস ক
হিল এখন দৌড়িয়া য়িহুহ যে প্রকার রাজার
শত্রুরদের প্রতীকার করিয়াছেন এ সমাচার তাহা
কে দি। [২০] তাহাতে য়োআব তাহাকে ক
হিল অদ্য তুমি সমাচার দিবা না কিন্তু অন্য দি
বস সমাচার দিবা কেননা রাজপুত্র মরিয়াছে
এতৎপ্রযুক্ত তুমি অদ্য কোন সমাচার দিবা না।
[২১] পরে য়োআব কুশীকে কহিল তুমি যাহা
দেখিয়াছ তাহা যাইয়া রাজাকে কহ তাহাতে
কুশী য়োআবকে প্রণাম করিয়া দৌড়িল। [২২]
পরে সাদোকের পুত্র অখীমঅস আরবার য়ো

আবকে কহিল কিন্তু আমি তোমাকে মিনতি
করি যে যাহা হউক আমাকে কুশীর পাছে২ দৌ
ড়িতে দেও তাহাতে য়োআব কহিল হে আমার
বৎস তোমার দাতব্য কোন সমাচার নাই অত
এব তুমি কেন দৌড়িবা। [২৩] কিন্তু যাহা
হউক আমাকে দৌড়িতে দেও তাহাতে সে তাহা
কে কহিল দৌড় তাহাতে অখীমঅস্ মাঠের
পথ হইয়া দৌড়িয়া কুশীঅপেক্ষা দ্রুত দৌড়িল।
[২৪] এবং দাউদ দুই দ্বারের মধ্যে বসিয়া রহি
য়াছিল তৎকালে প্রহরী দ্বারোপরিস্থ ছাতের উ
পরে চড়িয়া ভিত্তির নিকটে যাইয়া চক্ষু উঠাইয়া
চাহিয়া দেখিল এবং দেখ এক জন একা দৌড়ি
য়া আসিতেছে। [২৫] পরে প্রহরী ডাকিয়া রা
জাকে কহিল তাহাতে রাজা কহিল সে যদি একা
তবে তাহার মুখে সমাচার আছে এবং সে বে
গে আসিয়া নিকটবর্ত্তী হইতে লাগিল। [২৬]
পরে প্রহরী আর এক জনকে দৌড়িতে দেখিল
তাহাতে প্রহরী দ্বারপালকে ডাকিয়া বলিল যে
দেখ আর এক জন একা দৌড়িতেছে তাহাতে
রাজা কহিল সেও সমাচার আনিতেছে। [২৭]
পরে প্রহরী কহিল আমি অনুমান করি যে অগ্র
তর ব্যক্তির দৌড়ন সাদোকের পুত্র অখীমঅ্
সের দৌড়নের মত আছে তাহাতে রাজা কহিল
সে উত্তম লোক এবং মঙ্গলসমাচার লইয়া আসি
তেছে। [২৮] পরে অখীমঅস্ ডাকিয়া রাজাকে
কহিল যে সকলে মঙ্গল আছে পরে সে মুখেতে
ভূমিগত হইয়া রাজার সাক্ষাৎ পড়িয়া কহিল
আমার প্রভু মহারাজের প্রতিকূলে আপনারদের
হস্ত উচ্চকারিরদিগকে অর্পণকারি য়িহুহ আপ
নকার ঈশ্বর ধন্য। [২৯] পরে রাজা কহিল যুব
পুরুষ অবশালোম কি নিরাপদে আছে তাহা
তে অখীমঅস্ উত্তর করিল য়োআব যখন মহা
রাজের দাসকে ও আপনার দাসকে পাঠাইল ত
খন আমি বড় কলহ দেখিলাম কিন্তু তাহা কি ই
হা আমি জানিলাম না। [৩০] পরে রাজা কহিল
এক পার্শ্ব হইয়া এস্থানে দাঁড়াও তাহাতে সে
পার্শ্ব হইয়া দাঁড়াইয়া রহিল। [৩১] পরে দেখ
কুশী আইল এবং কুশী কহিল হে আমার প্রভু
মহারাজ সমাচার যেহেতুক আপনার প্রতিকূলে
উত্থিত সকলের বিষয়ে য়িহুহ তোমাহেতুক প্র
তীকার করিয়াছেন। [৩২] পরে রাজা কুশীকে
কহিল যুবপুরুষ অবশালোম কি নিরাপদে আ
ছে তাহাতে কুশী উত্তর দিল আমার প্রভু মহা
রাজের শত্রুরা এবং আপনকার হিংসা করিবার
নিমিত্তে যে সকলে আপনকার প্রতিকূলে উঠে
সে সকল সে যুবপুরুষের মত হউক।
[৩৩] তাহাতে রাজা অতিব্যাকুল হইয়া দ্বা
রোপরিস্থ কুঠরিতে যাইয়া ক্রন্দন করিল এবং
গমনকালে সে এ প্রকারে কহিল হায় আমার
পুত্র অবশালোম আমার পুত্র হায় আমার
পুত্র অবশালোম হায় অবশালোম আমার
পুত্র আমার পুত্র হায় আমি তোমার পরিবর্ত্তে
যদি মরিতাম।

## ১৯ পর্ব্ব।

[১] তদনন্তর য়োআবকে কহা গেল যে দেখ
রাজা অবশালোমের কারণ বিলাপ ও শোক
করে। [২] এবং সে দিবসের জয় তাবল্লোকের
প্রতি শোকেতে পরাবৃত্ত হইল যেহেতুক লোকে
রা সে দিবস শুনিতে পাইল যে রাজা আপন পু
ত্রের বিষয়ে শোকান্বিত হইল। [৩] এবং
লোক যুদ্ধস্থানহইতে পলায়নসময়ে যেমন ল
জ্জিত হইয়া পলায় তেমন লোকেরা সে দিবস
চোরের মত নগরে সান্ধাইল। [৪] কিন্তু রাজা আ
পন মুখ ঢাকিল এবং রাজা উচ্চৈঃস্বরে কহিল
হায় আমার পুত্র অবশালোম আমার পুত্র আ
মার পুত্র। [৫] পরে য়োআব বাটীতে রাজার
নিকটে আসিয়া কহিল তুমি আপন শত্রুরদিগ
কে প্রেম করাতে এবং আপন পক্ষীয় লোকের
দিগকে ঘৃণা করাতে তোমার প্রাণ ও তোমার
পুত্র কন্যারদের প্রাণ ও তোমার ভার্য্যারদের
প্রাণ ও তোমার উপপত্নীরদের প্রাণ রক্ষাকারি
আপন সমস্ত দাসেরদের মুখ অদ্য লজ্জান্বিত
করিয়াছ। [৬] যেহেতুক তুমি অদ্য জানাই
য়াছ যে তুমি অধ্যক্ষেরদিগকে কিম্বা দাসের
দিগকে মান না কেননা অদ্য আমি দেখি সে
অবশালোম বাঁচিলে এবং আমরা সকলে অদ্য
মরিলে তোমার বড় তুষ্টি হইত। [৭] অতএব
এখন উঠ বাহিরে যাও এবং আপন দাসের
দের সহিত সান্ত্বনাপূর্ব্বক বাক্য কহ যেহেতুক
য়িহুহের নাম লইয়া আমি দিব্য করি যে তুমি
যদি বাহিরে না যাও তবে এ রাত্রিতে এক জনও
তোমার সহিত থাকিবে না এবং তোমার যৌব
নাবস্থাবধি এখনপর্য্যন্ত যে সমস্ত অমঙ্গল তো
মাতে ঘটিয়াছে তাহা সে সমস্তহইতে তোমার
প্রতি অধিক মন্দ হইবে। [৮] তাহাতে রাজা উ
ঠিয়া দ্বারে বসিল পরে তাহারা সমস্ত লোককে
কহিল যে দেখ রাজা দ্বারে বসিয়া আছেন তা
হাতে তাবল্লোক রাজার সম্মুখে আইল যেহে
তুক য়িশ্রাএল প্রত্যেকে আপন২ তাম্বুতে পলা
ইয়া গিয়াছিল।
[৯] এবং য়িশ্রাএলের তাবৎগোষ্ঠীর সর্ব্বত্র
লোকেরা ইহা কহিয়া কচকচি করিল যে রাজা
আমারদের শত্রুরদের হস্তহইতে আমারদিগকে
নিস্তার করিলেন এবং পলশ্তীয়েরদের হস্ত

হইতে আমারদিগকে উদ্ধার করিলেন এবং এখন
তিনি অবশালোমপ্রযুক্ত দেশহইতে পলাইয়া
ছেন। [১০] এবং আমরা আপনারদের উপ
রে যে অবশালোমকে অভিষিক্ত করিলাম সে
যুদ্ধে মরিয়াছে অতএব এখন রাজাকে ফিরিয়া
আনয়নবিষয়ে তোমরা কেন এক কথা কহ না।
[১১] পরে দাউদরাজ সাদোক ও এবিয়াতার
যাজকেরদের নিকটে পাঠাইয়া এ কথা কহিল
য়িহুদাহের প্রাচীনেরদিগকে কহ যে তাবৎ য়ি
শরাএলের বাক্য রাজার নিকটে তাঁহার ঘরেই
পঁহুছিয়াছে অতএব রাজাকে আপন ঘরে ফিরি
য়া আনয়নবিষয়ে তোমরা কেন সকলের প
শ্চাৎ। [১২] তোমরা আমার ভ্রাতা তোমরা আ
মার অস্থি ও আমার মাংস অতএব রাজাকে ফি
রিয়া আনিতে তোমরা কেন সকলের পশ্চাৎ।
[১৩] এবং তোমরা অমাশাকে কহ তুমি কি আ
মার অস্থি এবং মাংস নও তুমি যদি নিত্য আমা
র সাক্ষাৎ য়োআবের স্থানে সৈন্যের সেনাপতি
না হও তবে ঈশ্বর আমার প্রতি তদ্রূপ ও ততোধি
ক ও করুন। [১৪] এবং সে য়িহুদাহের সমস্ত
লোকের হৃদয় এক জনের হৃদয়সদৃশ নোয়াইল
তাহাতে তাহারা রাজার নিকটে প্রেরণ করিল যে
আপনি ও আপনকার সমস্ত দাস ফিরিয়া আই
সুন [১৫] অতএব রাজা ফিরিয়া য়রদনে আইল
এবং রাজাকে য়রদন পার করিবার নিমিত্তে রা
জাকে ভেটিবার কারণ য়িহুদাহ্ গিলগালে আ
ইল।
[১৬] এবং বখূরীমের গেরার পুত্র শিমিঈ
এক জন বেন্যামিনীয় ত্বরা করিয়া য়িহুদাহের
লোকেরদের সহিত দাউদরাজকে ভেটিবার নি
মিত্তে আইল। [১৭] এবং বেন্যামিনের এক
সহস্র লোক তাহার সহিত এবং শাউলের বং
শের দাস সীবা ও তাহার পঞ্চদশ পুত্র ও বিং
শতি দাস তাহার সহিত ছিল এবং তাহারা রা
জার অগ্রে২ য়রদন পার হইল। [১৮] এবং
রাজার পরিজন পার করিতে এবং তাহার ইচ্ছা
নুসারে করিতে এক খেয়ার নৌকা পার হইয়া
গেল পরে রাজা য়রদন পার হইলে গিরার পুত্র
শিমিঈ রাজার সম্মুখে পড়িল। [১৯] এবং রা
জাকে কহিল আমার প্রভু আমার দোষ গণনা
না করুন এবং আমার প্রভু য়িরূশালমহইতে
বাহির হইয়া যাওনদিবসে আপনকার দাস
দুর্ম্মতিতে যাহা কহিয়াছিল মহারাজ সে ক্রিয়া
স্মরণ না করুন যে রাজা তাহা মনে রাখেন।
[২০] কেননা আপনকার দাস জানে যে আমি
পাপ করিয়াছি অতএব আমার প্রভু মহা
রাজকে ভেটিবার কারণ দেখ আমি অদ্য যুস
ফের সমস্ত বংশের মধ্যে প্রথমে আসিয়াছি।
[২১] কিন্তু সিরুয়াহের পুত্র অবিশই উত্তর করি
য়া কহিল শিমিঈ য়িহুহের অভিষিক্তকে শাপ
দিয়াছে সে কি ইহার জন্যে মারা যাইবে না।
[২২] তাহাতে দাউদ কহিল হে সিরুয়াহের
পুত্রেরা তোমারদের সহিত আমার কি কার্য্য যে
তোমরা অদ্য আমার বৈরী হও য়িশরাএলে কি
কোন মনুষ্য অদ্য মারা যাইবে কেননা আমি
কি জানি না যে অদ্য আমি য়িশরাএলোপরি
রাজা। [২৩] অতএব রাজা শিমিঈকে কহিল
তুমি মারা যাইবা না এবং রাজা তাহার প্রতি
শপথ করিল।
[২৪] অপর শাউলের পুত্র মিফিবোশেত
রাজাকে ভেটিবার কারণ আইল এবং রাজার
প্রস্থানদিবসাবধি কুশলে প্রত্যাগমন দিবস
পর্য্যন্ত সে আপন পায়ে মাখে নাই ও আ
পন দাড়ি ক্ষৌর করে নাই ও আপন বস্ত্র ধৌত
করে নাই। [২৫] পরে এমত হইল রাজাকে
ভেটিবার কারণ সে যখন য়িরূশালমে আইল
তখন রাজা তাহাকে কহিল হে মিফিবোশেত
তুমি কেন আমার সহিত যাও নাই। [২৬] তা
হাতে সে প্রত্যুত্তর করিয়া কহিল হে আমার
প্রভু মহারাজ আমার দাস আমাকে প্রবঞ্চনা
করিল যেহেতুক আপনকার দাস কহিল আমি
গাধায় জীন বাঁধিব যে আমি তদুপরি আ
রোহণ করিয়া মহারাজের নিকটে যাই যেহে
তুক আপনকার দাস খোঁড়া। [২৭] এবং সে
আমার প্রভু মহারাজের নিকটে আমার অপবাদ
করিয়াছে কিন্তু আমার প্রভু মহারাজ ঈশ্বরের
কোন দূতের মত অতএব আপনকার দৃষ্টিতে
যাহা ভাল তাহা করুন। [২৮] যেহেতুক আ
মার প্রভু মহারাজের সাক্ষাৎ আমার পিতৃবংশ
সমস্ত মৃত মনুষ্যমাত্র ছিল তথাচ আপনকার
ভোজমঞ্চেতে ভোক্তারদের মধ্যে তুমি আপন
কার দাসকে স্থান দিয়াছ অতএব মহারা
জের নিকটে আমার আর আদ্দাশ করার অধি
কার কি। [২৯] তাহাতে রাজা তাহাকে কহিল
তুমি আপনার বিষয়ে আমার নিকটে আর আ
দ্দাশ কর কেন আমি কহিয়াছি তুমি ও সীবা
ভূমি অংশ করিয়া লও। [৩০] পরে মিফিবো
শেত রাজাকে কহিল হা সে সকলি লউক কেননা
আমার প্রভু মহারাজ কুশলপূর্ব্বক আপন ঘরে
ফিরিয়া আসিয়াছেন।
[৩১] অপর গিলিয়াদীয় বরজিলই রোগি
লীমহইতে আইল এবং রাজাকে য়রদন পার
করিবার নিমিত্তে রাজার সহিত য়রদনের পা
রে গেল। [৩২] ঐ সময়ে বরজিলই অতিবৃদ্ধ

মনুষ্য অর্থাৎ আশী বৎসরবয়স্ক ছিল এবং রাজা
যাবৎ মখনায়িমে রহিল তত্তাবৎকাল সে তাহার
ভক্ষ্য দ্রব্য যোগাইল কেননা সে অতিসমৃদ্ধ মা
নুষ। [৩৩] পরে রাজা বরজিলইকে কহিল তুমি
আমার সহিত পার হইয়া আইস এবং আমি
আপনার সহিত য়িরূশালমে তোমার প্রতিপাল
ন করিব। [৩৪] তাহাতে বরজিল্লই রাজাকে
কহিল আমার আর কত আয়ু আছে যে আমি
রাজার সহিত য়িরূশালমে যাইব। [৩৫] আমি
আজি আশী বৎসরবয়স্ক আমি কি ভাল মন্দের
বিশেষ দেখিতে পারি আমি যাহা খাই কিম্বা
পান করি আপনকার দাস কি ইহার আস্বাদ
জানিতে পারে আমি গায়কেরদের ও গায়িকার
দের শব্দ কি আর শ্রবণ করিতে পারি অতএব
আপনকার দাস কেন আমার প্রভু মহারাজের
উপরে আর ভার হয়। [৩৬] আপনকার দাস
য়রদন পার হইয়া মহারাজের সহিত অল্পপথ
যাইবে কিন্তু মহারাজ কেন তাহার এত প্রত্যুপ
কার করিবেন। [৩৭] আমি মিনতি করি আপ
নার দাসকে ফিরিয়া যাইতে দিউন যে আমি আ
পন নগরে আপন মাতা পিতার কবরের নিকটে
মরি কিন্তু আপনকার দাস কিম্হামের প্রতি দৃষ্টি
করুন সে আমার প্রভু মহারাজের সহিত পার
হইয়া যাউক এবং আপনকার প্রতি যাহা ভাল
লাগে তাহা তাহার প্রতি করুন। [৩৮] তাহাতে
রাজা উত্তর করিল কিম্হাম পার হইয়া আমার
সহিত যাইবে এবং তোমাকে যাহা ভাল লাগে
তাহা আমি তাহার প্রতি করিব এবং তুমি যাহা
আমার নিকটে যাচ্ঞা করিবা তাহা আমি তো
মার নিমিত্তে করিব। [৩৯] পরে সমস্ত লোক
য়রদন পার হইল এবং রাজা যখন পার হইল
তখন রাজা বরজিল্লইকে চুম্বন করিয়া তাহাকে
আশীর্ব্বাদ করিল তাহাতে সে আপন স্থানে ফি
রিয়া গেল। [৪০] পরে রাজা গিলগালে অগ্র
সর হইল এবং কিমহাম তাহার সহিত চলিল
এবং য়িহুদাহের সমস্ত লোক ও য়িশ্রাএলের
অর্দ্ধ লোক রাজাকে আগে বাড়াইয়া লইয়া
গেল।

[৪১] পরে দেখ য়িশ্রাএলের সমস্ত লোক
রাজার নিকটে আসিয়া রাজাকে কহিল আমার
দের ভ্রাতা য়িহুদাহের লোক কেন আপনাকে
চুরি করিয়া লইয়াছে এবং মহারাজাকে ও তাঁ
হার সমস্ত পরিজনকে এবং তাঁহার সহিত দাউ
দের সমস্ত লোককে য়রদন পার করিয়া আনি
য়াছে। [৪২] তাহাতে য়িহুদাহের সমস্ত লোক
য়িশ্রাএলের লোকেরদিগকে উত্তর দিল রাজা
আমারদের নিকটকুটুম্ব এইপ্রযুক্ত অতএব তো
মরা এ বিষয়ে কেন বিরক্ত হও আমরা কি রাজার
কিছু খাইয়াছি বা তিনি আমারদিগকে কি কি
ছু দান করিয়াছেন। [৪৩] পরে য়িশ্রাএলের
লোক য়িহুদাহের লোকেরদিগকে উত্তর করিয়া
কহিল রাজার মধ্যে আমারদের দশাংশ অধি
কার আছে এবং দাউদের মধ্যে তোমারদের যে
অধিকার তদপেক্ষা আমারদের অধিক আছে
অতএব তোমরা কেন আমারদিগকে তুচ্ছ করিলা
যে আমারদের রাজাকে ফিরিয়া আনয়নবিষয়ে
আমারদের পরামর্শ প্রথমে গৃহীত হইল না
এবং য়িশ্রাএলের লোকেরদের বাক্য য়িহুদা
হের লোকেরদের বাক্যাপেক্ষা অধিক সবল
হইল।

## ২০ পর্ব্ব।

[১] অপর দৈবাৎ সেস্থানে বেন্যামিনীয় বি
ক্রীর পুত্র শিবা নামে দূরাচার এক লোক ছিল
এবং সে তূরী বাজাইয়া কহিল যে দাউদে আমা
রদের কোন অংশ নাই এবং য়িশির পুত্রে
আমারদের অধিকার নাই হে য়িশ্রাএলের
প্রত্যেকে আপন২ তাম্বুতে যাও। [২] তা
হাতে য়িশ্রাএলের প্রত্যেক জন দাউদের প
শ্চাদ্গমনহইতে যাইয়া বিক্রীর পুত্র শিবার
পশ্চাৎ২ গেল কিন্তু য়রদনাবধি য়িরূশালম
পর্য্যন্ত য়িহুদাহের লোক আপনারদের রাজার
পক্ষে লাগিয়া রহিল। [৩] পরে দাউদ য়িরূ
শালমে আপন ঘরে আইল পরে রাজা আপ
নার উপপত্নী যে দশ স্ত্রীকে ঘর রক্ষা করিবার
নিমিত্তে রাখিয়া গিয়াছিল তাহারদিগকে লইয়া
কয়েদ করিয়া পালন করিল কিন্তু তাহারদের
নিকটে গেল না অতএব তাহারা মরণদিবস
পর্য্যন্ত রুদ্ধ হইয়া বৈধব্যভাবে ছিল।

[৪] অপর রাজা অমাশাকে কহিল তিন দিব
সের মধ্যে য়িহুদাহের লোকেরদিগকে আমার
নিমিত্তে একত্র কর এবং তুমিও এস্থানে বর্ত্তমান
থাক। [৫] তাহাতে অমাশা য়িহুদাহ্কে একত্র
করিতে গেল কিন্তু নিরূপিত কাল অতিক্রম
করিয়া গৌণ করিল। [৬] পরে দাউদ অবি
শইকে কহিল এখন বিক্রীর পুত্র শিবা অব
শালোমাপেক্ষা আমারদের অধিক ক্ষতি করিবে
অতএব পাছে সে প্রাচীরবেষ্টিত নগরপ্রাপ্ত হই
য়া আমারদিগহইতে এড়ায় তুমি আপন প্রভুর
দাসেরদিগকে লইয়া তাহার পশ্চাৎ২ তাড়াইয়া
যাও। [৭] তাহাতে য়োআবের লোক ও কি
রেতীয়েরা ও পিলেতীয়েরা এবং সমস্ত বলবান
লোক তাহার পাছে বাহির হইয়া গেল এবং
তাহারা বিক্রীর পুত্র শিবার পশ্চাৎ২ তাড়া
ইয়া যাইবার নিমিত্তে য়িরূশালমহইতে প্রস্থান

করিল। [৮] পরে তাহারা গিবিওনস্থ মহাপ্রস্তরের
নিকটে পঁহুছিলে অমাশা তাহারদের অগ্রে২
চলিল এবং য়োআবের যে বস্ত্র সে পরিয়াছিল
তাহা তাহার গাত্রে বদ্ধ ছিল এবং তদুপরি খা
পেতে তাহার কোমরে এক তলোয়ার বদ্ধ ছিল
এবং যাইতে২ তাহা খসিয়া পড়িল। [৯] পরে
য়োআব অমাশাকে কহিল হে আমার ভ্রাতঃ
তুমি কি আরাম আছ পরে তাহাকে চুম্বন করি
বার নিমিত্তে য়োআব দক্ষিণ হস্ত দিয়া অমা
শার দাড়ি ধরিল। [১০] কিন্তু অমাশা য়ো
আবের হস্তস্থ তলোয়ারেতে মনোযোগ দি
ল না তাহাতে সে তদ্দ্বারা পঞ্চম পর্শ্বকাধোদে
শে এমত মারিল যে তাহার নাড়ীভুঁড়ী বাহির
হইয়া ভূমিতে পড়িল এবং সে তাহাকে পুন
র্ব্বার মারিল না তাহাতে সে মরিল পরে য়ো
আব ও তাহার ভ্রাতা অবীশই বিক্রীর পুত্র
শিবার পশ্চাৎ২ তাড়াইয়া গেল। [১১] পরে
য়োআবের এক জন তাহার নিকটে দাঁড়াইয়া
কহিল যে য়োআবকে ভাল বাসে এবং দাউদের
পক্ষ যে সে য়োআবের পশ্চাৎ২ যাউক। [১২]
এবং রাজমার্গমধ্যে অমাশা আপন রক্তে গড়া
গড়ি দিল এবং সে মানুষ যখন দেখিল যে সমস্ত
লোক দাঁড়িয়া রহিল তখন সে অমাশাকে পথ
হইতে ক্ষেত্রে লইয়া যাইয়া তাহার উপরে এক
কাপড় ফেলিয়া দিল কেননা সে দেখিল যে তা
হার নিকট হইয়া যে প্রত্যেকে গমন করিল তা
হারা দাঁড়িয়া রহিল। [১৩] পরে সে রাজমার্গ
হইতে নীত হইলে সমস্ত লোক বিক্রীর পুত্র
শিবার পাছে২ তাড়াইয়া যাইবার নিমিত্তে য়ো
আবের পশ্চাৎ গেল।

[১৪] পরে সে আবেল ও বীৎমআকাহ্ ও
সমস্ত বেরীয়েরদের বাসপর্য্যন্ত য়িশ্রাএলের স
মস্ত গোষ্ঠীর সর্ব্বত্র গেল তাহাতে তাহারা একত্র
হইয়া তাহার পশ্চাৎ গেল। [১৫] পরে তাহারা
আসিয়া বীৎমআকাহের আবেলে তাহাকে
রোধ করিল এবং তাহারা নগরের নিকটে পগার
তুলিল এবং গড়খাইর মধ্যে রহিল এবং য়ো
আবের অনুষঙ্গি সমস্ত লোক প্রাচীর ভাঙ্গিয়া
ফেলিবার নিমিত্তে তাহা টলাইল।

[১৬] অপর নগরের মধ্যহইতে এক বুদ্ধিমতী
স্ত্রী ডাকিয়া কহিল শুন২ আমি মিনতি করি য়ো
আবকে কহ যে আমি আপনকার সহিত কথা
কহি এই জন্যে এ স্থানে আইসুন। [১৭] পরে
সে তাহার নিকটে আইলে সে স্ত্রী কহিল তুমি
কি য়োআব তাহাতে সে উত্তর করিয়া কহিল
আমি বটি তাহাতে সে তাহাকে কহিল আপন
কার দাসীর কথা শুনুন তাহাতে সে উত্তর করিল
আমি শুনি। [১৮] পরে সে স্ত্রী এ কথা কহি
য়া বলিল পূর্ব্বকালে লোকেরা কহিত যে তাহা
রা নিশ্চয়ে আবেলে পরামর্শ জিজ্ঞাসা করিবে
তাহাতে বিষয়ের শেষ হইল। [১৯] য়িশ্রা
এলের মধ্যে আমি শান্তিকারিণী ও বিশ্বস্তা আ
পনি য়িশ্রাএলের এক নগর ও এক মাতৃরূপ
স্থান নষ্ট করিতে চেষ্টা করিতেছেন য়িহুহের অ
ধিকার আপনি কেন গ্রাস করিবেন। [২০] তা
হাতে য়োআব প্রত্যুত্তর করিয়া কহিল আমি যে
গ্রাস করি বা নষ্ট করি তাহা আমাহইতে অন্তর
হউক। [২১] বিষয় সেমত নয় কিন্তু বিক্রীর
পুত্র শিবানামে এফরায়িম পর্ব্বতের এক লোক
আপন হাত রাজার প্রতিকূলে অর্থাৎ দাউদের
প্রতিকূলে উঠাইয়াছে কেবল তাহাকে অর্পণ
কর তাহাতে আমি নগরহইতে প্রস্থান করিব
এবং সে স্ত্রী য়োআবকে কহিল দেখ প্রাচীরের
উপর দিয়া তাহার মস্তক তোমার নিকটে ফেলি
য়া দেওয়া যাইবে। [২২] পরে সে স্ত্রী আপন
জ্ঞানেতে সমস্ত লোকেরদের নিকটে গেল তাহা
তে তাহারা বিক্রীর পুত্র শিবার শিরশ্ছেদন
করিয়া য়োআবের নিকটে বাহিরে ফেলিয়া
দিল পরে সে তূরী বাজাইল তাহাতে তাহারা প্র
ত্যেক জন নগরহইতে আপন২ তাম্বুতে চলিয়া
গেল এবং য়োআব রাজার নিকটে য়িরূশাল
মে ফিরিয়া আইল।

[২৩] ঐ কালে য়োআব সমস্ত য়িশ্রাএলের
সেনাপতি ছিল এবং য়িহোয়াদার পুত্র বিনা
য়াহ্ কিরেতীয়েরদের ও পিলেতীয়েরদের কর্ত্তা
ছিল। [২৪] এবং অদোরাম করাধ্যক্ষ ছিল
এবং অখীলুদের পুত্র য়িহোশাফাট রাজলে
খক ছিল। [২৫] এবং শীবা লেখক এবং সা
দোক ও এবিয়াতার যাজক ছিল। [২৬] এবং
য়ায়িরীয় ঈরা দাউদের নিকটস্থ এক প্রধান কর্ত্তা
ছিল।

## ২১ পর্ব্ব।

[১] অপর দাউদের কালে বৎসর২ তিনবৎ
সর ব্যাপিয়া দুর্ভিক্ষ হইল তাহাতে দাউদ য়ি
হুহের উদ্দেশে জিজ্ঞাসা করিল। পরে য়িহুহ
উত্তর করিলেন শাউলের গিবিওনীয়েরদিগকে
মারণহেতুক ইহা তাহাপ্রযুক্ত এবং তাহার খুনী
বংশপ্রযুক্ত হইয়াছে। [২] পরে রাজা গি
বিওনীয়েরদিগকে ডাকাইয়া কহিল গিবিওনী
য়েরা য়িশ্রাএলের সন্তানেরদের মধ্যে নয়
কিন্তু আমোরিয়েরদের অবশিষ্টাংশের মধ্যে
এবং য়িশ্রাএলের সন্তানেরা তাহারদের নি
কটে দিব্য করিয়াছিল এবং য়িশ্রাএলের ও
য়িহুদাহের সন্তানেরদের নিমিত্তে রাগেতে শা

উল তাহারদিগকে হত্যাকরণে চেষ্টা করিল [৩]
অতএব দাউদ গিবিওনীয়েরদিগকে কহিল আ
মি তোমারদের জন্যে কি করিব এবং তোমরা
যে য়িহুহের অধিকারের আশিষকারী হও এই
জন্যে আমি কিসের দ্বারা তোমারদের নিমিত্তে
প্রায়শ্চিত্ত করিব। [৪] পরে গিবিওনীয়েরা
তাহাকে কহিল আমরা শাউলের কিম্বা তাহার
বংশের স্থানে কিছু রূপা কিম্বা স্বর্ণ গ্রহণ করিব
না এবং আমারদের জন্যেও তুমি য়িশ্রাএলের
কোন মানুষ হনন করিবা না পরে সে কহিল তো
মরা যাহা বল তাহা আমি তোমারদের জন্যে
করিব। [৫] তাহাতে তাহারা রাজাকে উত্তর
করিল যে মানুষ আমারদিগকে ক্ষয় করিল এবং
য়িশ্রাএলের কোন প্রদেশে আমারদের না থা
কিবার জন্যে আমারদিগকে নষ্ট করিতে মন্ত্রণা
করিল [৬] তাহার সাত সন্তান আমারদের স্থানে
অর্পিত হউক এবং আমরা য়িহুহের মনোনীত
শাউলের গিবেআতে য়িহুহের উদ্দেশে তাহার
দিগকে উদ্বন্ধ করিব তাহাতে রাজা কহিল আমি
দিব। [৭] কিন্তু তাহারদের অর্থাৎ দাউদের
এবং শাউলের পুত্র য়োনাতানের মধ্যে য়িহু
হের যে শপথ ছিল তৎপ্রযুক্ত দাউদ য়োনাতা
নের পুত্র মিফীবোশেতকে বাঁচাইয়া রাখিল।
[৮] কিন্তু অয়াহের কন্যা রিস্পাহ্ শাউলের
ঔরসে যে দুই পুত্র জন্মাইয়াছিল অর্থাৎ অ
র্ম্মোণীকে ও মিফীবোশেতকে এবং শাউলের
কন্যা মীকাল মিখোলাতীয় বরজিলইর পুত্র অ
দ্রীএলের কারণ যে পাঁচ পুত্র প্রতিপালন করি
য়াছিল তাহারদিগকে রাজা লইল। [৯] এবং
গিবিওনীয়েরদের হস্তে তাহারদিগকে অর্পণ ক
রিল এবং তাহারা য়িহুহের সম্মুখে গিরিতে
তাহারদিগকে উদ্বন্ধ করিল এবং সে সাত জন
এক কালে পড়িল এবং ফসলকালে হত হইয়া
ছিল অর্থাৎ যবকাটার প্রথম দিবসে।
[১০] পরে অয়াহের কন্যা রিস্পাহ্ চট গ্রহণ
করিয়া শস্য ছেদনের আরম্ভাবধি যেপর্য্যন্ত জল
আকাশহইতে তাহারদের উপরে না পড়িল সেপ
র্য্যন্ত তাহা শৈলের উপরে আপনার জন্যে বিস্তীর্ণ
করিল এবং দিবসে শূন্যের পক্ষিরদিগকে কিম্বা
রাত্রিতে মাঠের পশুরদিগকে তাহারদের উপরে
অবতীর্ণ হইতে দিল না। [১১] এবং অয়াহের
কন্যা রিস্পাহ্ শাউলের উপপত্নী যে কার্য্য ক
রিয়াছিল তাহা দাউদের নিকটে কহা গেল।
[১২] অপর পলশ্তীয়েরা গিলবোআ পর্ব্বতে
শাউলকে যখন মারিয়াছিল তখন পলশ্তীয়ে
রা শাউলের অস্থি ও তাহার পুত্র য়িহোনাতানের
অস্থি যে স্থানে লট্কাইয়া রাখিয়াছিল এমত
যে বীৎশন তন্মার্গহইতে তদস্থিহরণকারি য়াবেশ
গিলিআদের লোকেরদের নিকটহইতে দাউদ সে
অস্থি গ্রহণ করিল। [১৩] এবং সে সেস্থান হ
ইতে শাউলের অস্থি এবং তাহার পুত্র য়িহো
নাতানের অস্থি উঠাইয়া আনিল এবং যাহারা
উদ্বদ্ধ হইয়াছিল তাহারদের অস্থিও সংগ্রহ ক
রিল। [১৪] পরে শাউলের ও তাহার পুত্র
য়োনাতানের অস্থি তাহারা বেন্যামিনদেশের
সেলাতে তাহার পিতা কীশের কবরে গাড়িয়া
রাখিল এবং তাহারা রাজার তাবদাজ্ঞানুসারে
করিল তাহার পরে ঈশ্বর দেশের নিমিত্তে সাধিত
হইলেন।
[১৫] তদনন্তর য়িশ্রাএলের সহিত পলশ্তী
য়েরদের আরো যুদ্ধ হইল তাহাতে দাউদ আপন
দাসেরদের সহিত গেল এবং পলশ্তীয়েরদের
সহিত যুদ্ধ করিল এবং দাউদ ক্লান্ত হইল। [১৬]
তাহাতে তিন শত শেকেল পরিমাণ পিত্তলেতে
নির্ম্মিত শল্যধারি বৃহৎকায় মানুষজাত য়িশ্বি
বিনোব নূতন খড়্গেতে পরিণদ্ধ হইয়া দাউদকে
মারিতে মনস্থ করিয়াছিল। [১৭] কিন্তু সিরুয়া
হের পুত্র অবীশই তাহার উপকার করিয়া সে
পলশ্তীয়কে আঘাত করিয়া বধ করিল তাহাতে
দাউদের লোকেরা তাহার নিকটে দিব্য করিয়া
কহিল যে তুমি আমারদের সহিত যুদ্ধেতে আর
বাহির হইয়া যাইবা না পাছে তুমি য়িশ্রাএ
লের আলো নির্ব্বাণ কর। [১৮] অপর তাহার
পরে এই মত হইল পলশ্তীয়েরদের সহিত গো
বে আর এক সংগ্রাম হইয়াছিল সে সময়ে খূশা
তীয় সিবিকই সে বৃহৎকায়জনের সন্তান সফকে
বধ করিল। [১৯] পুনশ্চ পলশ্তীয়েরদের
সহিত গোবে আর এক যুদ্ধ হইয়াছিল সে স্থা
নে য়অরীওরিগীমের পুত্র বীৎলেখেমীয় এল
খানান তাঁতের নরাজের ন্যায় শল্যধর গাত্তীয়
গোলিয়াতের ভ্রাতাকে বধ করিল। [২০] এবং
গাতে আর এক রণ হইয়াছিল সে স্থানে অতিদী
র্ঘকায় ও প্রতিহস্তে ও প্রতিপাদে ছয় অঙ্গুলি অ
র্থাৎ সমুদয়ে চব্বিশাঙ্গুলিবিশিষ্ট এক জন ছিল
সেও সে বৃহৎকায়ের সন্তান। [২১] এবং সে
যখন য়িশ্রাএলকে আস্পর্দ্ধা করিল তখন দাউ
দের ভ্রাতা শিমিআর পুত্র য়োনাতান তাহাকে
মারিয়া ফেলিল। [২২] এই চারি জন গাতে বৃহৎ
কায় লোকেরদের জাত সন্তান এবং দাউদের ও
তাহার দাসেরদের হস্তে মারা পড়িল।

২২ পর্ব্ব।

[১] অপর য়িহুহ দাউদকে যে দিবসে তাহার
সমস্ত শত্রুরদের ও শাউলের হস্তহইতে উদ্ধার
করিয়াছিলেন সে দিবসে সে এ গীতের বাক্য য়ি

হুহকে কহিল। [২] অপর সে কহিল য়িহুহ
আমার শৈল এবং আমার গড় এবং আমার
উদ্ধারকর্ত্তা। [৩] আমার শৈলরূপ ঈশ্বর তাঁহা
রে আমি বিশ্বাস করিব তিনি আমার ঢাল এবং
আমার ত্রাণরূপ শৃঙ্গ আমার উচ্চ গড় এবং আ
শ্রয় আমার ত্রাণকর্ত্তা তুমিই আমাকে দৌরাত্ম্য
হইতে নিস্তার করিয়াছ। [৪] স্তবযোগ্য য়িহু
হের উদ্দেশে আমি প্রার্থনা করিব তাহাতে আ
মি আপন শত্রুরদিগহইতে ত্রাণ পাইব। [৫]
মৃত্যুর তরঙ্গ আমাকে বেষ্টন করিলে দুষ্ট লোক
রূপ বন্যা আমাকে ভীত করাইলে। [৬] নর
কের শোক আমাকে পরিবেষ্টন করিলে মৃত্যুর
ফাঁদ আমার অগ্রবর্ত্তী হইলে। [৭] আমার
দুঃখে আমি য়িহুহের উদ্দেশে প্রার্থনা করি
লাম এবং আপন ঈশ্বর য়িহুহের স্থানে চেঁচা
ইলাম তাহাতে তিনি আপন মন্দিরে থাকিয়া
আমার রব শুনিলেন এবং আমার প্রার্থনা
স্বর তাঁহার কর্ণে প্রবিষ্ট হইল। [৮] ঐ সময়ে
পৃথিবী হেলিল এবং কাঁপিল তিনি ক্রুদ্ধ হই
লে স্বর্গের মুল চালিত হইল এবং লড়িল। [৯]
তাঁহার নাসিকার ছিদ্রহইতে ধূম উদ্যত হইল
এবং তাঁহার মুখহইতে নির্গতাগ্নি নাশ করিল
তাহাতে অঙ্গার প্রজ্বলিত হইল। [১০] তিনি
স্বর্গেরদিগকে নোয়াইয়া অবরোহণ করিলেন
এবং অন্ধকার তাঁহার পায়ের নীচে ছিল।
[১১] এবং তিনি কিরুবারোহণ করিয়া উড়ি
লেন এবং বায়ুর ডেনার উপরে দৃষ্ট ছিলেন
[১২] এবং অন্ধকারকে অর্থাৎ তিমরময় জল
কে এবং গগণের ঘন২ মেঘকে তিনি আপন চতু
র্দ্দিগে তাম্বু করিলেন। [১৩] তাঁহার অগ্রগ উ
জ্জ্বলতাতে অঙ্গার প্রজ্বলিত হইল। [১৪] য়িহুহ
স্বর্গে থাকিয়া মেঘনাদ করিলেন এবং সর্ব্বোপ
রিস্থ আপন ধ্বনি উক্তি করিলেন। [১৫] এবং
তিনি বাণ প্রেরণ করিয়া তাহারদিগকে ছড়াই
লেন এবং বিদ্যুৎ ও তাহারদিগকে উৎকণ্ঠিত ক
রিলেন। [১৬] এবং য়িহুহের অনুযোগেতে
তাঁহার নাসিকার নিশ্বাসের বেগেতে সমুদ্রের দাঁ
ড়া দেখা গেল জগতের মূল প্রকাশ পাইল। [১৭]
তিনি উপরহইতে প্রেরণ করিয়া আমাকে গ্রহণ
করিলেন তিনি অনেক জলহইতে আমাকে টা
নিয়া উঠাইলেন। [১৮] তিনি আমার বলবান
শত্রুহইতে ও যাহারা আমাকে ঘৃণা করে তাহার
দেরহইতে আমাকে উদ্ধার করিলেন কেননা তা
হারা আমাহইতে বলবান ছিল। [১৯] আ
মার দুর্দশা দিবসে তাহারা আমাকে আটক করি
ল কিন্তু য়িহুহ আমার ধ্বজ ছিলেন। [২০] তি
নি আমাকে বাহির করিয়া বড় স্থানে আনিলেন
তিনি আমাতে সন্তুষ্ট ছিলেন তৎপ্রযুক্ত তিনি আ
মাকে উদ্ধার করিলেন। [২১] আমার ধর্ম্মা
নুসারে য়িহুহ আমাকে ফল দিয়াছেন আমার
হস্তের নির্ম্মলতানুসারে তিনি আমাকে ফল দি
য়াছেন। [২২] যেহেতুক আমি য়িহুহের পথ
পালন করিয়াছি এবং দুষ্টতাপূর্ব্বক আপন ঈশ্ব
রকে ত্যাগ করি নাই। [২৩] কেননা তাঁহার সমস্ত
নীতি আমার সম্মুখে এবং তাঁহার বিধিহইতে
আমি প্রস্থান করি নাই। [২৪] আমি তাঁহার
সম্মুখে সরল ছিলাম এবং আপন অধর্ম্মহই
তে আপনাকে রক্ষা করিয়াছি। [২৫] অতএব
য়িহুহ আমার ধর্ম্মানুসারে ও তাঁহার চক্ষুর্গোচ
রে আমার নির্ম্মলতানুসারে আমাকে ফল দি
য়াছেন। [২৬] দয়ালুর প্রতি তুমি আপনাকে
দয়ালু জানাইবা এবং সরলের প্রতি তুমি আপ
নাকে সরল জানাইবা। [২৭] নির্ম্মলের প্রতি
তুমি আপনাকে নির্ম্মল জানাইবা এবং বিপথ
গামিরদের প্রতি তুমি আপনাকে বিপরীত জানা
ইবা। [২৮] এবং দুঃখিত লোকেরদিগকে তুমি
ত্রাণ করিবা কিন্তু গর্ব্বিরদিগকে নম্র করিবার নি
মিত্তে আপনকার চক্ষু তাহারদের প্রতি আছে।
[২৯] কেননা হে য়িহুহ তুমি আমার প্রদীপ
এবং য়িহুহ আমার অন্ধকারকে দীপ্তি করি
বেন। [৩০] যেহেতুক তোমাকরণক আমি সৈ
ন্যদল ভাঙ্গিয়া গিয়াছি আপন ঈশ্বরকরণক
আমি প্রাচীর ডিঙ্গিয়াছি। [৩১] ঈশ্বরের পথ
সম্পূর্ণ য়িহুহের বাক্য পরীক্ষিত তিনি বিশ্বাসকা
রি সকলের প্রতি ঢালস্বরূপ। [৩২] যেহেতুক
য়িহুহব্যতিরেকে ঈশ্বর কে এবং আমারদের
ঈশ্বরব্যতিরেকে শৈল কে। [৩৩] ঈশ্বরই আমার
বল ও প্রভাব এবং তিনি আমার পথ সম্পূর্ণ
করেন। [৩৪] তিনি আমার পাদ মৃগপাদের
ন্যায় করেন এবং আমার উচ্চস্থানোপরি আ
মাকে স্থাপিত করেন। [৩৫] তিনি আমার হস্ত
কে এমন যুদ্ধ করিতে শিক্ষা করান যে ইস্পাতের
ধনুক আমার বাহুদ্বারা ভগ্ন হয়। [৩৬] তুমি
আপন ত্রাণরূপ ঢাল আমাকে দিয়াছ এবং তো
মার কোমলতা আমাকে বড় করিয়াছে। [৩৭]
আমার নীচে তুমি আমার পাদবিক্ষেপ এমত
বাড়াইয়াছ যে আমার পা পিচ্ছলিয়া পড়ে
নাই। [৩৮] আমি আপন শত্রুরদিগকে তাড়াই
য়া লইয়া যাইয়া নষ্ট করিয়াছি এবং যেপর্য্যন্ত
আমি তাহারদিগকে সংহার না করিলাম সেপ
র্য্যন্ত পুনর্ব্বার ফিরি নাই। [৩৯] আমি তাহার
দিগকে ক্ষয় করিয়াছি এবং এমত ক্ষত করিয়া
ছি যে তাহারা উঠিতে পারিল না হাঁ তাহারা আ
মার পায়ের নীচে পড়িয়াছে। [৪০] যেহেতুক

তুমি যুদ্ধের নিমিত্তে আমাকে পরিশক্ত করিয়াছ আমার প্রতিকূলোত্থিতেরদিগকে তুমি আমার অধীন করিয়া পরাজয় করিয়াছ [৪১] তুমি আমার শত্রুরদের গল আমাকে দিয়াছ যে আমি আপনার ঘৃণাকারিরদিগকে বিনাশ করি। [৪২] তাহারা চাহিয়া দেখিল কিন্তু ত্রাণকর্ত্তা কেহ নাই অর্থাৎ য়িহুহের প্রতি কিন্তু তিনি তাহারদিগকে উত্তর দিলেন না [৪৩] তাহাতে আমি তাহারদিগকে পৃথিবীর ধূলির ন্যায় চূর্ণ করিলাম পথের চহলার ন্যায় আমি তাহারদিগকে দলিয়াছি ও তাহারদিগকে ছড়িয়া ফেলিয়াছি। [৪৪] লোকেরদের হঙ্গামহইতে তুমি আমার মুক্তি করিয়াছ অন্যদেশীয়েরদের প্রধানস্বরূপ তুমি আমাকে রক্ষা করিয়াছ যে লোকেরদিগকে আমি জানি নাই তাহারা আমার সেবা করিবে। [৪৫] বিদেশিরা আপনারদিগকে আমার বশীভূত করিবে শুনিবামাত্রে তাহারা আমার আজ্ঞানুবর্ত্তী হইবে। [৪৬] বিদেশিরা ম্লান হইবে এবং আপনারদের গুপ্ত স্থানে ভীত হইবে। [৪৭] য়িহুহ জীবৎ আছেন আমার শৈল ধন্য এবং আমার ত্রাণকারি শৈলরূপ ঈশ্বর প্রশংসিত হউন। [৪৮] ঈশ্বরই আমার শত্রুপক্ষের প্রতীকারকর্ত্তা আমার অধীনে লোকেরদিগকে আনয়নকর্ত্তা। [৪৯] এবং আমার শত্রুরদের মধ্যহইতে আমাকে বাহির করিয়া আনয়নকর্ত্তা আমার বিপরীতে উত্থিতেরদের উর্দ্ধে তুমি আমাকে উচ্চ করিয়াছ তুমি দুরাত্ম মনুষ্যহইতে আমাকে উদ্ধার করিয়াছ। [৫০] অতএব হে য়িহুহ আমি অন্যদেশীয়েরদের মধ্যে তোমার উদ্দেশে ধন্যবাদ করিব আমি তোমার নামের উদ্দেশে স্তবগান করিব। [৫১] তিনিই স্বকৃত রাজার নিমিত্তে পরিত্রাণরূপ গড় এবং তিনি আপন অভিষিক্তের প্রতি অর্থাৎ দাউদের প্রতি এবং তাহার বংশের প্রতি নিত্য দয়া প্রকাশ করেন।

## ২৩ পর্ব্ব।

[১] অপর দাউদের শেষ বাক্য এই। য়িশির পুত্র দাউদ কহিয়াছে এবং উর্দ্ধে উত্থিত লোক অর্থাৎ য়অাকুবের ঈশ্বরের অভিষিক্ত এবং য়িশ্রাএলের মধুর গানকর্ত্তা কহিয়াছেন। [২] য়িহুহের আত্মা আমার দ্বারা কথা কহিল এবং তাঁহার বাক্য আমার জিহ্বায় ছিল। [৩] য়িশ্রাএলের ঈশ্বর কহিলেন য়িশ্রাএলের শৈল আমাকে কহিলেন মনুষ্যোপরি রাজ্যকারির ধার্ম্মিকহওয়ার এবং য়িহুহের ভয়েতে শাসন করার প্রয়োজন আছে। [৪] সূর্য্যের উদয়কালে মেঘরহিত প্রাতঃকালের আলোবৎ এবং বৃষ্টির পরে নির্ম্মল রশ্মিদ্বারা ভূমিতে উৎপন্ন কোমল ঘাসবৎ হইবারও প্রয়োজন। [৫] আমার বংশ ঈশ্বরের তেমন অনুবর্ত্তী না হইলেও তিনি সর্ব্ববিষয়ে নিয়মিত এবং নিশ্চিত এক নিত্য নিয়ম আমার সহিত করিয়াছেন তিনি তাহা সফল না করিলেও ইহাতে আমার তাবত্ত্রাণ এবং আমার তাবদ্বাঞ্ছা। [৬] কিন্তু যে কণ্টক হাতে ধরা যাইতে না পারণহেতুক ঠেলিয়া দেওয়া যায় এবং যে জন তাহা স্পর্শ করে তাহার লোহেতে ও শল্যদণ্ডেতে সজ্জিতহওয়ার আবশ্যক আছে [৭] এবং সেই স্থানে নিঃশেষরূপে পোড়ান যাইবে এমন কাঁটার ন্যায় সমস্ত দুশ্চরিত্র।

[৮] দাউদের বলবান লোকেরদের নাম এই২. সেনাপতিরদের মধ্যে প্রধান হইয়া আসনে উপবেষ্টা তথ্মোনীয় অর্থাৎ এস্নীয় অদীনো সে আট শত জনের প্রতিকূলে শল্য তুলিয়া তাহারদিগকে এককালে মারিল। [৯] তাহার পরে অখোখীয় দোদোর পুত্র এলিএজের য়িশ্রাএলের লোক স্থানান্তর সময়ে যুদ্ধার্থে একত্রীভূত পলশ্তীয়েরদের আস্পর্দ্ধাকারি দাউদের সহবর্ত্তি বলবান লোকত্রয়ের মধ্যের এক জন [১০] সে উঠিয়া যাবৎ তাহার হস্ত পরিশ্রান্ত হওয়াপ্রযুক্ত তলোয়ার তাহার হস্তের সহিত সংলগ্ন না হইল তাবৎ পলশ্তীয়েরদিগকে মারিল এবং সে দিবসে য়িহুহ মহাজয় নিষ্পান্ন করিলেন এবং লোকেরা তাহার পশ্চাৎ লুট করিবার নিমিত্তে মাত্র গেল। [১১] তাহার পরে হারারীয় আগির পুত্র শমাহ্ এবং মসূর ক্ষেত্রে পলশ্তীয়েরা দলরূপ সমারোহী হইয়াছিল এবং লোকেরা পলশ্তীয়েরদিগহইতে পলায়ন করিল। [১২] কিন্তু সে ঐ ভূমির মধ্যে দাঁড়াইয়া তাহা রক্ষা করিল এবং পলশ্তীয়েরদিগকে মারিল এবং য়িহুহ মহাজয় নিষ্পান্ন করিলেন। [১৩] এবং শ্রেষ্ঠ ত্রিশ জনের মধ্যে তিন জন যাইয়া ফসলের সময়ে অদুলাম গুহাতে দাউদের নিকটে আইল এবং পলশ্তীয়েরদের সৈন্যদল রিফায়িম তলভূমিতে ছাউনি করিল। [১৪] সে সময়ে দাউদ এক গড়ে ছিল এবং পলশ্তীয়েরদের থানা তৎকালে বীৎলেখেমে ছিল। [১৫] এবং দাউদ অতিশয় বাঞ্ছা করিয়া কহিল হায় বীৎলেখেমের দ্বারনিকটস্থ কূপের জল আমাকে যদি কেহ পান করিতে দেয়। [১৬] তাহাতে সে তিন বলবান লোক পলশ্তীয়েরদের সৈন্য মধ্য দিয়া ভাঙ্গিয়া দ্বারনিকটস্থ বীৎলেখেমের কূপহইতে জল তুলিয়া লইয়া দাউদের নিকট আনিল তথাচ সে তাহা পান করিল না কিন্তু

য়িহুহের উদ্দেশে ঢালিয়া ফেলিল। [১৭] এবং
সে কহিল হে য়িহুহ এ কার্য্য করা আমাহইতে
অন্তর হউক আপন প্রাণপণ করিয়া গমন কারি
রদের রক্ত ইহা কি নয় অতএব সে তাহা পান
করিল না এইং কার্য্য ঐ তিন বলবান লোক
করিল। [১৮] আর সিরুয়াহের পুত্র য়োআ
বের ভ্রাতা অবিশই তিনের মধ্যে প্রধান ছিল
সে তিন শতজনের প্রতিকূলে আপন শল্য উঠা
ইয়া তাহারদিগকে মারিল এবং তিনের মধ্যে
নামলব্ধ ছিল। [১৯] সে কি তিনের মধ্যে
সর্ব্বাপেক্ষা সম্মানযোগ্য নয় অতএব সে তা
হারদের সেনাপতি হইল তথাচ সে প্রথম
তিনের তুল্য নয়। [২০] এবং অনেক কার্য্য
সাধক কাব্‌সিএলের এক বলবান লোকের
পুত্র য়িহোয়াদার পুত্র বিনায়াহ্ সিংহতুল্য
মোআবীয় দুই জনকে মারিল তদ্ভিন্ন সে বরফের
সময়ে যাইয়া গর্ত্তের মধ্যে এক সিংহকে মারিল।
[২১] এবং সে বিলক্ষণ এক জন মিস্‌রীয়কে
মারিল এবং মিস্‌রীয়ের হস্তে এক শল্য ছিল
কিন্তু সে হস্তে দণ্ড লইয়া তাহার নিকটে যা
ইয়া সে মিস্‌রীয়ের হস্তহইতে শল্য কাড়িয়া
লইয়া তাহার নিজ শল্যেতে তাহাকে মারিল।
[২২] এইং কার্য্য য়িহোয়াদার পুত্র বিনায়াহ্
করিল এবং তিন পরাক্রান্ত লোকের মধ্যে
নামলব্ধ হইল। [২৩] সে ঐ ত্রিশ জনহইতে
অতিসম্মানিত ছিল কিন্তু প্রথম তিনের তুল্য
তাপ্রাপ্ত হয় নাই এবং দাউদ তাহাকে আত্ম
রক্ষার্থক সৈন্যের সেনাপতি করিল। [২৪] য়ো
আবের ভ্রাতা অশাহ্‌এল ত্রিশের মধ্যে এক জন
বীৎলেখেমস্থ দোদোর পুত্র এলখানান। ২৫]
খারোদীয় শমাহ্ খারোদীয় এলীকা। [২৬]
পলটীয় খেলেস্ তিকোঈয় ইক্কেশের পুত্র
ঈরা। [২৭] অনতোতীয় অবিএজের খুসাতীয়
মেবুনঈ। [২৮] অখোখীয় শলমোন নেটো
ফাতীয় মহরই। [২৯] নেটোফাতীয় বঅনাহের
পুত্র খেলেব বেন্যামিনের সন্তানেরদের গিবিঅ
হের রীবঈর পুত্র ইত্তঈ। [৩০] পিরআতোনীয়
বিনায়াহ্ গাঅশস্থ নদীর নিকটবাসি হিদ্দঈ।
[৩১] অরবাতীয় অবিঅলবোন বরখুমীয় অজ
মাবেত। [৩২] শঅলবোনীয় এলিয়খবা য়া
শেনের পুত্রেরদের য়িহোনাতান। [৩৩] হরা
রীয় শমাহ্ হরারীয় শারারের পুত্র আখীআম।
[৩৪] মআকাতীয়ের পুত্র অখস্‌বঈর পুত্র এলী
ফেলেট গিলোনীয় অখীতোফেলের পুত্র এলী
আম। [৩৫] করমেলীয় খেস্‌রাঈ অরবীয় প
অরী। [৩৬] সোবাহ্‌বাসি নাতানের পুত্র য়িগ
আল গাদীয় বানী। [৩৭] অমোনীয় সেলেক
বীএরোতীয় নখরই সে সিরুয়াহের পুত্র য়োআ
বের অস্ত্রবাহক। [৩৮] য়িত্রীয় ঈরা য়িত্রীয়
গারেব। [৩৯] খিত্তীয় ঊরীয়াহ্ সর্ব্বসুদ্ধ সাঁই
ত্রিশ জন।

## ২৪ পর্ব্ব।

[১] অপর য়িহুহের ক্রোধ য়িশ্‌রাএলের
প্রতিকূলে প্রজ্বলিত হইল তাহাতে যাও য়িশ্‌রা
এলকে ও য়িহূদাহ্‌কে গণনা কর এ কথা কহনা
র্থে তাহারদের প্রতিকূলে সে দাউদের প্রবৃত্তি
জন্মাইল। [২] যেহেতুক রাজা আপন নিকট
বর্ত্তি সৈন্যের সেনাপতি য়োআবকে কহিল এখ
ন দানহইতে বিএরশেবাপর্য্যন্ত য়িশ্‌রাএলের
তাবৎ গোষ্ঠীর সর্ব্বত্র যাইয়া তোমরা লোকের
দিগকে গণনা কর যে আমি লোকেরদের সংখ্যা
জানি। [৩] পরে য়োআব রাজাকে কহিল এখ
ন লোকেরা যত আছে তোমার ঈশ্বর য়িহুহ
তাহার একশতগুণ তাহারদিগকে বাড়াউন এবং
আমার প্রভু মহারাজের চক্ষু তাহা দেখুক কিন্তু
আমার প্রভু মহারাজ এ বিষয়াভিলাষী কেন।
[৪] তথাপি রাজার বাক্য য়োআবের ও সেনা
পতিরদের বাক্যাপেক্ষা প্রবল হইল তাহাতে
য়োআব ও সেনাপতিরা য়িশ্‌রাএলের লোকের
দিগকে গণনাকরণার্থে রাজার নিকটহইতে প্রস্থা
ন করিল। [৫] পরে তাহারা য়রদননদী পার
হইয়া অরোএরে অর্থাৎ য়অজেরের দিক্‌স্থ
গাদমধ্যস্থিত নগরের দক্ষিণে ছাউনি করিল।
[৬] পরে তাহারা গিলিআদে এবং তখ্‌তীম
খাদশীদেশে আইল পরে দান য়অনে আসিয়া
ঘুরিয়া সীদোনে পঁহুছিল। [৭] পরে তাহারা
সুরের দৃঢ় গড়ে এবং খিব্বীয়েরদের ও কনআনী
য়েরদের সমস্ত নগরে আইল তার পর তাহারা
বাহির হইয়া য়িহুদাহের দক্ষিণ পার্শ্ব অর্থাৎ
বিএরশেবাপর্য্যন্ত গেল। [৮] ঐ রীতিক্রমে দে
শের সর্ব্বত্র ভ্রমণানন্তর তাহারা নব মাস ও বিং
শতি দিবসের অন্তে য়িরূশালমে আইল। [৯]
পরে য়োআব লোকেরদের সংখ্যা রাজাকে
দিল এবং য়িশ্‌রাএলে তলোআরধারী আট
লক্ষ বলবান লোক এবং য়িহুদাহের পাঁচ লক্ষ
লোক ছিল।

[১০] অপর লোকেরদের গণনা করণানন্তর
দাউদের হৃদয় তাহাকে আঘাত করিল তাহাতে
দাউদ য়িহুহকে কহিল আমি যে কার্য্য করি
য়াছি তাহাতে আমি মহাপাপ করিয়াছি এবং
এখন হে য়িহুহ আমি তোমাকে মিনতি করি
তুমি আপন দাসের পাপ খণ্ডাও কেননা
আমি অতিশয় অজ্ঞানতঃ করিয়াছি। [১১]
যেহেতুক দাউদ প্রাতঃকালে উঠিলে য়িহুহের এ

বাক্য দাউদের দর্শক গাদ আচার্য্যের নিকটে আইল। [১২] যাও দাউদকে কহ যে যিহুহ এই কথা কহেন আমি তিন বিষয় তোমাকে দিতে উদ্যত ইহার মধ্যে একটা মনোনীত কর যে আমি তোমার প্রতি তাহা করি। [১৩] অতএব গাদ দাউদের নিকটে আসিয়া তাহাকে জানাইয়া কহিল তোমার দেশে তোমার স্থানে কি সাত বৎসর ব্যাপিয়া দুর্ভিক্ষ আসিবে কিম্বা তোমার শত্রুরা তোমার পাছে২ দৌড়িয়া যাওনসময়ে তুমি কি তাহারদের অগ্র২ তিন মাস পলাইবা কিম্বা তোমার দেশে তিন দিবস ব্যাপিয়া মড়ক হইবে এইক্ষণে যুক্তি কর এবং যিনি আমাকে পাঠাইলেন তাঁহার স্থানে আমি যে উত্তর ফিরিয়া দিব তাহা স্থির কর। [১৪] তাহাতে দাউদগাদকে কহিল আমি বড় দায়ে পড়িয়াছি আমরা এখন যিহুহের হস্তে পড়ি কেননা তাঁহার কৃপা মহতী এবং আমি মানুষের হাতে না পড়ি। [১৫] অতএব প্রাতঃকালাবধি নিরূপিত সময়পর্য্যন্ত যিহুহ যিশ্রাএলোপরি মড়ক পাঠাইলেন তাহাতে দানাবধি বিএরশেবাপর্য্যন্ত সত্তরি হাজার লোক মরিল। [১৬] এবং যখন যিরূশালমের নাশ করিবার নিমিত্তে দূত আপন হস্ত তদুপরি বিস্তীর্ণ করিল তখন যিহুহ সে অমঙ্গল বিষয়ে পরামনন করিয়া লোকবিনাশকারি দূতকে কহিলেন যে এই যথেষ্ট এইক্ষণে তোমার হাত নিবৃত্ত কর এবং যিহুহের দূত যিবুসীয় আরাউণাহের খামারের নিকটে থাকিল।

[১৭] অপর দাউদ লোকহননকারি দূতকে দেখিয়া যিহুহকে কহিলেন দেখ আমি পাপ করিয়াছি এবং দুষ্টরূপে আচরণ করিয়াছি কিন্তু এই মেষেরা কি করিয়াছে আমি তোমাকে মিনতি করি যে তোমার হস্ত আমার ও আমার পিতৃবংশের প্রতিকূলে হউক। [১৮] পরে গাদ সে দিবসে দাউদের নিকটে আসিয়া তাহাকে কহিল যাও যিবূশীয় আরাউণাহের খামারে এক যজ্ঞবেদি গ্রন্থন কর। [১৯] তাহাতে যিহুহ যেমন আজ্ঞা করিয়াছিলেন তেমন দাউদ গাদের বাক্যানুসারে গেল। [২০] এবং আরাউণাহ্ দৃষ্টি করিল এবং আপন প্রতি আগামি রাজাকে ও তাহার দাসেরদিগকে দেখিল তাহাতে আরাউণাহ্ বাহিরে যাইয়া ভূমপৃষ্ঠমুখ হইয়া রাজাকে প্রণাম করিল। [২১] পরে আরাউণাহ্ কহিল আমার প্রভু মহারাজ আপন দাসের নিকটে কি কারণ আসিয়াছেন তাহাতে দাউদ কহিল লোকেরদের মধ্যে আঘাত নিবৃত্ত হইবার জন্যে যিহুহের উদ্দেশে যজ্ঞবেদি গাঁথিবার নিমিত্তে তোমার স্থানে খামার ক্রয় করিতে আসিয়াছি। [২২] তাহাতে আরাউণাহ্ দাউদকে কহিল আমার প্রভু মহারাজের প্রতি যাহা ভাল বোধ হয় তাহা তিনি লইয়া নৈবেদ্য করুন দেখ হোমের নিমিত্তে দামড়া এবং কাঠের কারণ শস্যমর্দ্দনের অস্ত্র এবং গরুরদের সাজ আছে। [২৩] আরাউণাহ্ রাজার ন্যায় এই সমস্ত রাজাকে দিল এবং আরাউণাহ্ রাজাকে কহিল যিহুহ তোমার ঈশ্বর তোমাকে গ্রহণ করুন। [২৪] পরে রাজা আরাউণাহ্কে কহিল তাহা নয় কিন্তু আমি মূল্যদ্বারা নিশ্চয়ে তাহা তোমার স্থানে ক্রয় করিব এবং যাহাতে আমার কিছু ব্যয় নাই তাহা আমি আপন ঈশ্বর যিহুহের উদ্দেশে হব্য রূপ নিবেদন করিব না অতএব দাউদ পঞ্চাশ শেকেল রূপাতে সে খামার ও গরু ক্রয় করিয়া লইল। [২৫] পরে দাউদ সে স্থানে যিহুহের উদ্দেশে এক যজ্ঞবেদি গাঁথিয়া হোম ও স্বস্ত্যয়ন নিবেদন করিল তাহাতে যিহুহ দেশবিষয়ে সাধিত হইলেন এবং সে আঘাত যিশ্রাএলহইতে নিবৃত্ত হইল।

---

# রাজাবলির প্রথম পুস্তক বা রাজাবল্যাখ্য তৃতীয় গ্রন্থ।

## ১ প্রথম পর্ব্ব।

[১] ঐ সময়ে দাউদরাজ বৃদ্ধ ও সম্পূর্ণায়ুঃ ছিল এবং তাহারা তাহাকে বস্ত্রেতে ঢাকিল কিন্তু সে কিছু উষ্ণতা পাইল না। [২] অতএব তাহার দাসেরা তাঁহাকে কহিল আমার প্রভু মহারাজের কারণ এক যুবতী কন্যা অন্বেষণ করা যাউক এবং সে মহারাজের সম্মুখে দাঁড়াউক ও তাঁহাকে আপ্যায়িত করুক এবং আমার প্রভু মহারাজ যে উষ্ণতা পান এই জন্যে সে আপনকার

বক্ষঃস্থলে শয়ন করুক। [৩] অতএব তাহারা
য়িশরাএলের সীমার সর্ব্বত্র এক সুন্দরী কন্যা অ
ন্বেষণ করিয়া শুনমীয়া আবীশগকে পাইয়া রা
জার নিকটে আনিল। [৪] এবং সে যুবতী অ
তিসুন্দরী ও রাজাকে আপ্যায়িত করিল এবং
তাঁহার সেবা করিল কিন্তু রাজা তাহাতে উপগত
হন নাই।

[৫] ঐ কালে খগীতের পুত্র অদোনীয়াহ্ আ
পনাকে বড় করিয়া কহিল যে আমি রাজা হইব
এবং সে রথ ও অশ্বারূঢ়েরদিগকে ও আপন
অগ্রে২ দৌড়িবার কারণ পঞ্চাশ জন প্রস্তুত ক
রিল। [৬] এবং তুমি কেন এমত করিয়াছ এই
বাক্য কহিয়া তাহার পিতা তাহাকে কোন কালে
অতুষ্ট করে নাই এবং সে অতিসুন্দর পুরুষ
এবং অবশালোমের অনুজ। [৭] এবং সে সি
রুয়াহের পুত্র য়োআবের ও এবীয়াতার যাজ
কের সহিত পরামর্শ করিল এবং তাহারা অদো
নীয়াহের অনুগত হইয়া তাহার উপকার করি
ল। [৮] কিন্তু সাদোক যাজক ও য়িহোয়াদার
পুত্র বিনায়াহ্ ও নাতান আচার্য্য ও শিমই ও
রেই ও দাউদের নিকটস্থ বলবান লোকেরা অ
দোনীয়াহের অনুষঙ্গী হইল না। [৯] এবং
অদোনীয়াহ এনরোগলের নিকটস্থ জোখেলেত
প্রস্তরের সন্নিধানে মেষেরদিগকে ও বলদেরদি
গকে ও পুষ্ট পশুরদিগকে হনন করিল ও আ
পন সমস্ত ভ্রাতৃরাজপুত্রেরদিগকে ও য়িহুদীয়
রাজভৃত্যেরদিগকে নিমন্ত্রণ করিল। [১০] কিন্তু
নাতান আচার্য্যকে ও বিনায়াহ্কে ও বলবান
লোকেরদিগকে ও আপন ভ্রাতা শলমনকে সে
নিমন্ত্রণ করিল না।

[১১] অতএব নাতান শলমনের মাতা বাৎ
শেবাকে কহিল তুমি কি শুন নাই যে আমার
দের প্রভু দাউদ রাজের অজ্ঞাতে খগীতের পুত্র
অদোনীয়াহ্ রাজ্য করিতেছে। [১২] অতএব
এখন আমি তোমাকে পরামর্শ দি যে তুমি আ
পন প্রাণ ও আপন পুত্র শলমনের প্রাণ রক্ষা
কর। [১৩] তুমি প্রস্থান করিয়া দাউদরাজের
নিকটে যাইয়া তাহাকে কহ হে আমার প্রভু ম
হারাজ আপনি কি এ কথা কহিয়া আপন দা
সীর নিকট শপথ করেন নাই যে আমার পরে
তোমার পুত্র শলমন নিঃসন্দেহ রাজ্য করিবে
ও আমার সিংহাসনোপবিষ্ট হইবে তবে অদো
নীয়াহ্ কেন রাজ্য করে। [১৪] এবং দেখ রা
জার সাক্ষাৎ তোমার এ কথাকথনকালে আমি
প্রবেশ করিয়া তোমার কথা স্থির করিব।

[১৫] অতএব বাৎশেবা কুঠরীর মধ্যে রা
জার সাক্ষাৎ গেল এবং রাজা অতিবৃদ্ধ ছিল ও
শুনমীয়া আবিশগ রাজার সেবা করিল। [১৬]
এবং বাৎশেবা দণ্ডবৎ হইয়া রাজাকে প্রণাম ক
রিলে পরে রাজা কহিল তুমি কি প্রার্থনা কর
[১৭] তাহাতে সে তাহাকে কহিল হে আমার
প্রভু আপনি আপন ঈশ্বর য়িহুহের নাম লইয়া
আপন দাসীর নিকটে দিব্য করিয়াছিলেন যে
আমার পরে তোমার পুত্র শলমন অবশ্য রাজ্য
করিবে ও সে আমার সিংহাসনোপবিষ্ট হইবে।
[১৮] এবং এক্ষণে দেখ অদোনীয়াহ্ রাজ্য করি
তেছে এবং হে আমার প্রভু মহারাজ আপনি
তাহা জ্ঞাত নহেন। [১৯] এবং সে অনেক
বলদ ও পুষ্ট পশু হনন করিয়াছে ও সমস্ত রা
জপুত্রকে ও এবীয়াতার যাজককে ও য়োআব
সেনাপতিকে নিমন্ত্রণ করিয়াছে কিন্তু আপন
কার দাস শলমনকে আহ্বান করে নাই। [২০]
এখন হে আমার প্রভু মহারাজ আমার প্রভু ম
হারাজের সিংহাসনে আপনকার পদে কে অ
ভিষিক্ত হইবে আপনকার ইহা কথনাপেক্ষায়
সমস্ত য়িশরাএলের দৃষ্টি আপনার প্রতি আছে।
[২১] তাহা না হইলে এমত হইবে আমার প্রভু
মহারাজ আপন পিতৃলোকেরদের সহিত নিদ্রা
গেলে আমি ও আমার পুত্র শলমন সাপরাধ
রূপে জ্ঞাত হইব।

[২২] এবং রাজার সহিত তাহার কথোপক
থন হইতেছে ইতিমধ্যে দেখ নাতান আচার্য্যও
প্রবেশ করিল। [২৩] পরে তাহারা এ কথা ক
হিয়া রাজাকে অবগত করিল যে এই দেখ না
তান আচার্য্য এবং সে রাজার সম্মুখে আসিয়া
ভূস্পৃষ্টমুখ হইয়া প্রণাম রাজাকে করিল। [২৪]
এবং নাতান কহিল হে আমার প্রভু মহারাজ
আপনি কি কহিয়াছেন যে আমার পরে অদো
নীয়াহ্ রাজ্য করিবে ও সে আমার সিংহাসনো
পবিষ্ট হইবে। [২৫] যেহেতুক সে অদ্যই গি
য়াছে এবং গবাদিকে ও পুষ্ট পশুরদিগকে ও
মেষেরদিগকে হনন করিয়া সকল রাজপুত্রকে
ও সেনাপতিকে ও এবীয়াতার যাজককে নি
মন্ত্রণ করিয়াছে ও দেখ তাহারা তাহার সাক্ষাৎ
ভোজনপান করে ও কহে ঈশ্বর অদোনীয়াহ্রা
জকে রক্ষা করুন। [২৬] কিন্তু আপনকার দাস
যে আমি আমাকে ও সাদোক যাজককে ও য়ি
হোয়াদার পুত্র বিনায়াহ্কে ও আপনকার দাস
শলমনকে সে নিমন্ত্রণ করে নাই। [২৭] এ কার্য্য
কি আমার প্রভু মহারাজকর্ত্তৃক কৃত হইয়াছে
এবং আমার প্রভু মহারাজের পরে কে আপন
কার সিংহাসনোপবিষ্ট হইবে ইহা কি আপনি
আপন দাসকে জ্ঞাত করান নাই।

[২৮] তৎকালে রাজা উত্তর করিয়া কহিল বাৎ

শেবাকে আমার নিকটে ডাকিয়া আন তাহা
তে সে রাজার সাক্ষাৎ আসিয়া রাজার সম্মুখে
দণ্ডায়মানা হইয়া রহিল। [২৯] পরে রাজা
দিব্য করিয়া কহিল সর্ব্বপ্রকারক্লেশহইতে আ
মার প্রাণোদ্ধারকারি য়িহুহ জীবৎ হইলে [৩০]
আমি যেমন তোমার নিকটে এ কথা কহিয়া
য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহের নাম লইয়া দিব্য
করিলাম যে আমার পরে তোমার পুত্র শলমন
অবশ্য রাজ্য করিবে ও সে আমার পরে আমার
সিংহাসনোপবিষ্ট হইবে সেমত আমি তাহা
অদ্যই করিব। [৩১] তখন বাৎশেবা দণ্ডবৎ
হইয়া প্রণাম করিল ও রাজাকে পূজা করিয়া ক
হিল আমার প্রভু দাউদরাজ চিরজীবী হউন।

[৩২] অপর দাউদরাজ কহিল সাদোক যাজ
ককে ও নাতান আচার্য্যকে ও য়িহোয়াদার
পুত্র বিনায়াহ্‌কে আমার এস্থানে ডাকিয়া
আন তাহাতে তাহারা রাজার সাক্ষাৎ আইল।
[৩৩] এবং রাজা তাহারদিগকে কহিল তোমরা
আপন প্রভুর দাসেরদিগকে সঙ্গে লইয়া যাও
এবং আমার পুত্র শলমনকে আমার অশ্বতরা
রোহণ করাইয়া তাহাকে গীখোনে লইয়া যাও
[৩৪] এবং সেখানে সাদোক যাজক ও নাতান
আচার্য্য তাহাকে য়িশ্রাএলোপরি রাজ্যাভি
ষেক করুক এবং তোমরা তূরী বাজাইয়া কহ ঈ
শ্বর শলমনরাজকে রক্ষা করুন। [৩৫] তখন
তোমরা তাহার পশ্চাৎ আসিবা যে সে আমার
সিংহাসনোপবিষ্ট হয় যেহেতুক সে আমার
পদে রাজ্য করিবে এবং আমি তাহাকে য়িশ্রা
এলোপরি ও য়িহুদাহোপরি কর্ত্তৃস্বরূপে নিযুক্ত
করিয়াছি। [৩৬] এবং য়িহোয়াদার পুত্র
বিনায়াহ্‌ রাজাকে প্রত্যুত্তর করিয়া কহিল আ
মিন আমার প্রভু মহারাজের ঈশ্বর য়িহুহও তা
হাই করুন। [৩৭] য়িহুহ যেমন আমার প্রভু
মহারাজের সহবর্ত্তী ছিলেন তদ্রূপে শলমনেরও
সহবর্ত্তী হউন এবং আমার প্রভু দাউদরাজের
সিংহাসনহইতে তাহার সিংহাসনের বাহুল্য
করুন। [৩৮] অতএব সাদোক যাজক ও না
তান আচার্য্য ও য়িহোয়াদার পুত্র বিনায়াহ্‌
ও কিরেতীয়েরা ও পিলেতীয়েরা যাইয়া দাউ
দরাজের অশ্বতরোপরি শলমনকে আরোহণ
করাইয়া তাহাকে গীখোনে আনিল। [৩৯]
অপর সাদোক যাজক পবিত্রাবাসের মধ্যহই
তে শৃঙ্গনির্ম্মিত তৈলপূর্ণ এক পাত্র লইয়া শল
মনের অভিষেক করিল পরে তাহারা তূরী বাজা
ইলে তাবৎ লোকেরা কহিল যে ঈশ্বর শলমনরা
জকে রক্ষা করুন। [৪০] তাহাতে সমস্ত লোক
তাহার পশ্চাৎ আইল এবং লোকেরা বংশী
ধ্বনি করিল ও এমত মহানন্দেতে উল্লাস করিল
যে তাহারদের শব্দেতে পৃথিবী ফাটিল।

[৪১] অপর অদোনীয়াহ্‌ ও তাহার সহিত
তাবন্নিমন্ত্রিতেরা ভোজন সাঙ্গ করিবা মাত্রে শব্দ
শুনিল এবং য়োআব যখন তূরীধ্বনি শুনিল
তখন সে কহিল যে নগরে এত হুড়াহুড়ির শব্দ
কেন। [৪২] এবং সে এ কথা কহিতেছে ইতি
মধ্যে দেখ এবীয়াতার যাজকের পুত্র য়িহো
নাতান আইল তাহাতে অদোনীয়াহ্‌ তাহাকে
কহিল অন্তরে আইস যেহেতুক তুমি পরাক্রান্ত
মনুষ্য ও সুসম্বাদ আনিয়াছ। [৪৩] পরে য়ি
হোনাতান অদোনীয়াহ্‌কে প্রত্যুত্তর করিয়া ক
হিল সত্য আমারদের প্রভু দাউদরাজ শলমন
কে রাজা করিয়া নিযুক্ত করিয়াছেন। [৪৪]
এবং রাজা তাহার সহিত সাদোক যাজককে
ও নাতান আচার্য্যকে ও য়িহোয়াদার পুত্র বি
নায়াহ্‌কে ও কিরেতীয়েরদিগকে ও পিলেতী
য়েরদিগকে প্রেরণ করিয়াছেন এবং তাহারা তা
হাকে রাজাশ্বতরোপরি আরোহণ করাইয়াছে।
[৪৫] এবং সাদোক যাজক ও নাতান আচার্য্য
তাহাকে গীখোনে রাজ্যাভিষেক করিয়াছে এবং
তাহারা সেখানহইতে এমন আনন্দ করিতে২ আ
সিয়াছে যে তাহাতে সকল নগর তোলপাড় হই
য়াছে তোমরা এখন যে শব্দ শুনিতেছ সেই তাহা।
[৪৬] এবং শলমনরাজ সিংহাসনোপবিষ্ট হই
তেছে। [৪৭] আরো রাজভৃত্যেরা এ কথা কহি
য়া আমারদের প্রভু দাউদরাজকে আশীর্ব্বাদ ক
রিতে আইল যে ঈশ্বর তোমার নামহইতে শলম
নের সুনাম করুন ও তোমার সিংহাসনহইতে তা
হার সিংহাসন বড় করুন তাহাতে রাজা শয্যা
তে আপনাকে প্রণত করিল। [৪৮] রাজা এ
কথাও কহেন আমার চক্ষুর্গোচরে আমার সিং
হাসনোপবিষ্ট হওনার্থে অন্য এক জনকে দিয়া
ছেন যে য়িশ্রাএলের ঈশ্বর য়িহুহ তিনি ধন্য।
[৪৯] এবং অদোনীয়াহের সহিত নিমন্ত্রিত লো
কেরা ভীত হইয়া উঠিল ও প্রত্যেক জন স্বস্বপথে
প্রস্থান করিল।

[৫০] এবং অদোনীয়াহ্‌ শলমনের বিষয়ে
ভীত হইয়া উঠিয়া প্রস্থান করিল ও যজ্ঞবেদির
শৃঙ্গ ধরিল। [৫১] অপর শলমনের নিকটে এ
কথা কথিত হইল যে দেখ অদোনীয়াহ্‌ শলমন
রাজকে ভয় করে যেহেতুক সে ইহা কহত যজ্ঞ
বেদির শৃঙ্গ ধরিয়াছে যে শলমনরাজ অদ্য
আমার নিকটে শপথ করুন যে তিনি আপন
দাসকে তলোআরেতে বধ করিবেন না। [৫২]
পরে শলমন কহিল সে যদি আপনাকে যোগ্য
লোকরূপে দেখায় তবে তাহার এক কেশও

মৃত্তিকাতে পড়িবে না কিন্তু যদি তাহার মধ্যে
দুষ্টতা পাওয়া যায় তবে বধ করা যাইবে।
[৫৩] অতএব শলমনরাজ লোক প্রেরণ করিলে
তাহারা তাহাকে বেদিহইতে নামাইয়া আনিল
তাহাতে সে আসিয়া শলমনরাজকে প্রণাম
করিল পরে শলমন কহিল আপন নিবাসে
প্রস্থান কর।

২ পর্ব্ব।

[১] দাউদের মৃত্যুকাল আসন্ন হইলে সে এ
কথা কহিয়া আপন পুত্র শলমনকে আজ্ঞা করি
ল। [২] আমি পৃথিবীস্থ সকল লোকের সাধা
রণ পথে যাত্রা করি তুমি সবল হইয়া আপনা
কে মনুষ্যরূপে দেখাও। [৩] অতএব তুমি যে
সকল ক্রিয়া কর সে সকল ক্রিয়াতে এবং তুমি
যে কোন স্থানে আপনার মুখ ফিরাও সে সক
লেতে ভাগ্যবানহওনের নিমিত্তে মোশহের শা
স্ত্রের লিখনানুসারে তাঁহার পথে চলিবার নি
মিত্তে এবং তাঁহার বিধি ও তাঁহার বিচার ও
তাঁহার দণ্ডনীতি ও তাহার সাক্ষ্য পালন কর
ণার্থে আপন ঈশ্বর য়িহুহের পালনীয় আজ্ঞা
পালন কর [৪] যে য়িহুহ আমার বিষয়ে যা
হা কহিলেন যদি তোমার সন্তানেরা আপনার
দের সর্ব্বান্তঃকরণের ও সমস্ত মনের সহিত আ
মার সম্মুখে আচরণার্থে আপনারদের পথে
সাবধান হয় তবে য়িশরাএলের সিংহাসনে
তোমার বংশজাত মানুষের অভাব কখন হইবে
না। [৫] এবং সিরুয়াহের পুত্র য়োআব যা
হা আমার প্রতি করিয়াছে ও য়িশরাএলের দুই
সেনাপতিকে অর্থাৎ নেরের পুত্র আবনেরকে
ও য়েতেরের পুত্র অমাশাকে সে যাহা করিল
ইহা তুমি জ্ঞাত আছ যে সে তাহারদিগকে
যুদ্ধের সময়ে বধ করিল ও যুদ্ধের রক্তপাত ক
রিয়া আপন কোমরবেষ্টনকারি কোমোরবন্দে
তে ও আপন পাদুকাতে দিল। [৬] অতএব
তুমি আপন জ্ঞানানুসারে কর এবং তাহার পা
কা চুল শান্তিপূর্ব্বক কবরে যাইতে দিও না। [৭]
কিন্তু বারজিলই গিলিআদীয়ের পুত্রেরদিগকে
প্রীতি দর্শাও ও যাহারা তোমার মঞ্চেতে ভোজন
করে তাহারা তাহারদের মধ্যে হউক যেহেতুক
তোমার ভাই অবশালোমপ্রযুক্ত আমার পলায়
নকালে তাহারা আমার নিকটে আসিয়াছিল।
[৮] এবং দেখ তোমার নিকটে বহুরীমস্থ
এক বেন্যামিনীয় গেরার পুত্র শিমিই আছে
মখনায়ীমে আমার গমনদিবসে সে আমাকে
অতিকটু শাপ দিল কিন্তু আমার সহিত সাক্ষাৎ
করিবার কারণ সে য়রদনে আইল পরে আমি
ইহা কহত য়িহুহের নাম লইয়া দিব্য করিলাম
যে আমি তোমাকে তলোআরেতে বধ করিব না
[৯] অতএব এখন তাহাকে নিরপরাধী জ্ঞান করি
ও না যেহেতুক তুমি জ্ঞানি মানুষ এবং তাহার
প্রতি তোমার যে কর্ত্তব্য তাহাও তুমি জ্ঞাত আছ
কিন্তু তাহার পাকা চুল রক্তের সহিত কবরে আন
[১০] পরে দাউদ আপন পিতৃলোকেরদের সহি
ত শয়ন করিল ও দাউদের নগরে কবরপ্রাপ্ত
হইল। [১১] এবং দাউদ য়িশরাএলোপরি
চল্লিশ বৎসর ব্যাপিয়া রাজ্য করিল সে খেবরো
ণে সাত বৎসর ও য়িরূশালমে তেত্রিশ বৎসর
রাজ্য করিল।

[১২] পরে শলমন আপন পিতা দাউদের
সিংহাসনোপবিষ্ট হইল ও তাহার রাজ্য অতি
সুস্থির হইল।

[১৩] তখন খগীতের পুত্র অদোনীয়াহ্ শল
মনের মাতা বাৎশেবার নিকটে আইলে সে
কহিল তুমি কি সশান্তি আসিয়াছ। [১৪] তা
হাতে সে কহিল সশান্তি বটে আরও সে কহিল
তোমার নিকটে আমার কিছু বক্তব্য আছে তা
হাতে সে কহিল যে কহ। [১৫] পরে সে বলি
ল তুমি জ্ঞাত আছ যে রাজ্য আমার ছিল এবং
সকল য়িশরাএল আপন২ মুখ আমার প্রতি রা
খিল যে আমি রাজত্ব করি কিন্তু রাজ্য ফিরিয়া
আমার ভ্রাতার হইয়াছে যেহেতুক তাহা য়িহুহ
হইতে তাহার হইল। [১৬] এখন আমি তো
মার নিকটে এক নিবেদন করি আমার প্রতি বি
মুখ হইও না তাহাতে সে তাহাকে কহিল কহ।
[১৭] পরে সে কহিল আমি নিবেদন করি তুমি
শলমনরাজকে কহ যে তিনি শুনমীয়া অবীশ
গের সহিত আমার বিবাহ দেন কেননা তিনি
তোমার প্রতি বিমুখ হইবেন না। [১৮] তাহাতে
বাৎশেবা কহিল ভাল আমি তোমার নিমি
ত্তে রাজাকে কহিব।

[১৯] অতএব অদোনীয়াহের কারণ রাজাকে
কথনার্থে বাৎশেবা শলমনরাজের নিকটে
গেল এবং রাজা তাহার সহিত সাক্ষাৎ করিতে
উঠিয়া তাঁহাকে প্রণাম করণানন্তর আপন সিং
হাসনোপবিষ্ট হইল পরে রাজমাতার কারণ
আসন দিতে আজ্ঞা হইল তাহাতে সে তাহার
দক্ষিণ দিগে উপবিষ্টা হইল। [২০] তখন সে
কহিল আমি তোমার নিকটে এক ক্ষুদ্র নিবেদন
করি আমার প্রতি বিমুখ হইও না তাহাতে রাজা
তাহাকে কহিল হে আমার মাতা কহ কেননা আ
মি তোমার প্রতি বিমুখ হইব না। [২১] পরে সে
কহিল শুনমীয়া অবীশগের সহিত তোমার ভ্রা
তা অদোনীয়াহের বিবাহ দেওয়া যাউক। [২২]
তাহাতে শলমনরাজ প্রত্যুত্তর করিয়া আপন